

অচিন্ত্যকুমার সেনগ্রুত



পরমপ্রজনীয়া শ্রীযর্ক্তা মাতাঠাকুরাণী শ্রীচরণকমলেষ্

সেবক অচিন্ত্য তৃতীয় সংস্করণ অগ্রহায়ণ ১০৬২ প্রকাশক দিলীপকুমার গ্রুণ্ড সিগনেট প্রেস ১০। ২ এলগিন রোড কলকাতা ২০ ফটোগ্রাফ পাঁচখানা গণেন্দ্রনাথের মূল সংকলন থেকে সংগ্হীত প্রচ্ছদপট সত্যজিৎ রায় ম_দ্ৰক প্রভাতচন্দ্র রায় শ্রীগোরাজ্য প্রেস লিঃ ৫ চিন্তামণি দাস লেন প্রচ্ছদপট ও আর্ট'লেট গসেন এণ্ড কোম্পানি ৭।১ গ্রাণ্ট লেন কাগজ সরবরাহক রঘুনাথ দত্ত এন্ড সনস লিঃ ৩৪এ রেবোর্ন রোড বক র পমন্তা লিমিটেড ৪ নিউ বহুবাজার লেন বাধিয়েছেন বাসনতী বাইণ্ডিং ওয়ার্কস ৬১।১ মিজাপরে স্থীট সর্বস্বত্ব সংর্বাক্ষত

ভগবানের কাছে আমরা কী চাই? চাই অহেতুকী কৃপা। আর, ভগবান আমাদের কাছে কী চান? চান অমলা অনিমিন্তা ভক্তি। অকারণের ভালোবাসা।

যেমন ভালোবাসা প্রহ্মাদের। ধ্ব যে তপস্যা করেছিল, বিমাতার দ্বর্ণাক্যে বিন্ধ হয়ে, মনে অভিমান নিয়ে, রাজ্যলাভের আকাৎক্ষায়। কাঁচ কুড়োতে এসে মণি পেয়ে গেল। ত ডুল যা পেল তা সতুষ ত ডুল, কামনার দাগ-ধরা। কিল্তু প্রহ্মাদ যে কেন ঈশ্বরকে ভালোবাসে তা সে নিজেও জানে না। হাতির পায়ের নিচে ফেলছে তখনও হরি, পাহাড়ের চ্ড়ো থেকে ফেলছে তখনও হরি। তারপর যখন হিরণ্যকশিপ্ব নিহত ইল ভগবান প্রহ্মাদকে বর দিতে চাইলেন। প্রহ্মাদ বললে, আমি কি বাণক, আমি কি ব্যবসা করতে বসেছি? আমি তোমাকে ভালোবেসেছি বিনিময়ে কিছ্বলাভ করবার জন্যে?

সংসারে এমনিধারা কিছ্ম না চেয়ে অপ্রয়োজনে ভালোবাসি আমরা কাকে? একমার মাকে। সন্তান যখন মাকে ভালোবাসে, জিগগেসও করে না, মা, তুমি কি র্পসী, না, বিদ্মী, বা, তোমার ক্যাশবাক্সে কত টাকা আছে, বা, তোমার সোয়ামী কী চাকরি করে! তার মা আছে এই তার ঐশ্বর্য। চীরবাসা ভিখারিনী যে মা, তার কোল ছেড়ে তার শিশ্ম যায় না কোনো হাত-বাডানো রাজেন্দ্রাণীর কোলে।

ভগবানকে যাতে আমরা অহেতুক ভালোবাসতে পারি তারই জন্যে শ্রীরামকৃষ্ণ 'মা'-মন্দ্র রচনা করেছেন। আর, তিনি শর্ধ্ব মন্দ্রই দেননি, সংগে-সংগ দিয়েছেন তার বিগ্রহ। 'মা'-মন্দ্রের ঘনীভূত ম্তিই হচ্ছেন সারদার্মণ। শ্রীরামকৃষ্ণের সমস্ত বাক্যের ব্যাখ্যা, সমস্ত কর্মের ম্লেমর্ম।

সংসারে সঙও আছে সারও আছে। মারাও আছে বস্তুও আছে। সার যদি কিছ্ব থেকে থাকে তবে তা মাতৃত্ব ছাড়া আর কি। আর, এই সার যিনি দেন তিনিই সারদা। গ্রীরামকৃষ্ণের সমস্ত সাধনার সারভূতা প্রতিমা।

মা যখন সন্তানকে মারেন সন্তান তখনও মাকেই জড়িয়ে ধরে, তখনও মা-মা বলেই কাঁদে। কেননা সে জানে যে নয়ন তিনি অশ্র দিয়ে ভরেছেন সেই নয়নই তিনি আবার স্নেহচুম্বনে ভরে দেবেন॥



১০০৫ সাল

পরমাপ্রকৃতি শ্রীশ্রীসারদার্মাণ



'হ্যাঁ রে, বিয়ে করবি ?'

দ_{ন্}ই বছরের মেরে, মা'র কোলে বসে গান শ্নেছে। শিওড়ে মা'র বাপের বাড়ি, সেই গাঁরে। এদিকে বসেছে মেরেরা, ওদিকে জারগা ছেলেদের। সব কাছাকাছি, এক **খে**রের মধ্যে।

় 'কি রে, বিয়ে করবি ?' মা'র সখী না আত্মীয়া, কে জিগগেস করল বংকে পড়ে। স্নেহপ্রসন্ন পরিহাসের ভিগতে।

করব। দ্ব বছরের মেয়ে দিব্যি ঘাড় কাৎ করল। হাসল গাল ভরে। 'সে কি রে? কাকে বিয়ে কর্মব?'

আঙ্কে তুলে স্পণ্ট দেখিয়ে দিল। ওই যে, ওই ছেলে। ওই আমার বর। আমার প্রেষ।

সবাই দেখল অবাক হয়ে।

যাকে দেখাল সে কে? চেন না ব্রবি: মেরের চেরে আঠারো বছরের বড়। নাম গদাধর। কামারপর্কুরের ক্ষ্রিদরাম চাট্রন্জের তৃতীয় ছেলে।

আর যে দেখাল? তার নামটি সারদা। বাপের নাম রাম মুখুন্তেজ। বাড়ি জয়রামবাটি।

'আমার জন্যে কোথায় মেয়ে খ'লে বেড়াচছ?' তিন বছর বাদে মা ১(৭৯) চন্দ্রমণিকে জিগগেস করলে গদাধর। বললে, 'আমার বিয়ের পাত্রী জয়রাম-বাটি রাম মুখুজের বাড়িতে কুটোবাঁধা হয়ে আছে।'

চিহ্নিত হয়ে আছে। খেতে যখন শশা ফলে প্রথম ফলটিতে চাষা কুটো বে'ধে রাখে। যাতে ভূলে সেটি বিক্লি হয়ে না যায়। যাতে সেটি ঠিক দেবতার ভোগে সমপিতি হয়।

তেমনি রাম মুখ্রেজ্জর মেয়ে আমার জন্যে নির্বাচিত। নির্বারিত। নির্বেদিত।

কিন্তু ষাই বলো, সারদাই আগে দেখিয়ে দিয়েছে, বেছে নিয়েছে গদাধরকে। শক্তিই আগে ন্থির করেছে তার শিব।

সারদার যখন চৌদ্দ বছর বয়েস, স্বামীর সঙ্গে মিলতে প্রথম দ্বদ্র-বাড়ি এসেছে। সমবেত মেয়েদের নানা উপদেশ শোনাচ্ছে গদাধর। নানা নির্মাল কথা। শ্বনতে-শ্বনতে সারদা কখন ঘ্রিময়ে পড়েছে। ভাবখানা বোধহয় এই, ওসব আমার জানা। নতুন করে শোনার কোনো দরকার নেই।

অন্য মেয়েরা গা ঠেলছে সারদার। বলছে, 'এমন কথাগনুলো শনুনলিনি, বুমিয়ে পড়লি?'

'না গো, ওকে তুলোনি।' বাধা দিল গদাধর : 'ও কি সাধে ঘ্রমিরেছে? ও এসব শুনলে এখানে আর থাকবেনি, চোঁচা দৌড় মারবে।'

ভাবখানা বোধহয় এই, আচ্ছাদন করে এসেছে। ল্বিকয়ে রেখেছে স্বর্পটিকে। ওকে ঘাঁটিয়ো না। যদি একবার প্রকৃতিটিকে চিনতে পারে চলে যাবে সমাধিভূমিতে, আর তাকে পাব না জীবসীমায়। গ্রুতর্পে আপতলীলা করতে এসেছে, তাই ঘুমুতে দে।

শব্ধ কি আমারই দার? তোমারও দার।' শ্রীশ্রীমাকে বললেন একদিন ঠাকুর। 'আমি কী করেছি, তোমাকে এর চাইতে অনেক বেশি করতে হবে। দেখছ না লোকগ্নলো অন্ধকারে পোকার মতন কিলবিল করছে। ভূমি ছাড়া কে দেখবে এদের?'

একদিন বকে ফেলেছিলেন ঠাকুর। ফল-মিণ্টি অটেল হাতে বিলিয়ে দিচ্ছেন শ্রীমা, ঠাকুর বিরম্ভ হয়ে বলে উঠলেন, 'অত খরচ করলে কি করে চলবে?' মা'র মুখখানি অভিমানে ভার হয়ে উঠল। ঠিক চোখে পড়ল ঠাকুরের। একটি কালো মেঘের আভাসে যেন প্রলয়ের স্টুনা। গ্রুত-ব্যুত্ত হয়ে ডাকিয়ে আনলেন রামলালকে। বললেন, 'ওরে তোর খ্রিড়কে গিয়ে ১০

শাল্ত কর। ও যদি একবার রাগে আমার সব নস্যাৎ হয়ে যাবে।'

'আমাকে বেশি জনালাবে না।' ঠাকুর অপ্রকট হবার পর সাংসারিক অশান্তিতে একদিন বলে ফেললেন শ্রীমা, 'আমি যদি চটে-মটে কাউকে কিছু বলে ফেলি তো কারু সাধ্যি নেই আর রক্ষে করে।'

'তুমি কি আমাকে সংসার পথে টেনে নিয়ে যেতে এসেছ?' পাংশলে কন্টে জিগগেস করল রামকৃষ্ণ।

তুমি যদি টানো, সাধ্য নেই নিজেকে বে'ধে রাখতে পারি। তোমার স্লোতে ভেসে যাবে ঐরাবত। তাই কৃপা চাই তোমার কাছে। তুমি যদি একট্ন সন্বত হও। স্তম্ভিত হও।

রামকৃষ্ণকে নিশ্চিন্ত করল সারদা। বলল, 'না, তোমাকে ইন্টপথেই সাহায্য করতে এসেছি।'

আমি বিদ্যুন্মালিনী বহিং, কিন্তু তোমার সাধনার মন্দিরে আমি ন্নেহ-শান্ত দীপশিখা।

তারপর কালীর কাছে সেই প্রার্থনা রামকৃষ্ণের : মা ওকে ভালো রাখো, ঠান্ডা রাখো। ও যদি মুহ্নুর্তের জন্যেও আত্মহারা হয় আমি তলিয়ে যাব। রুখতে পারব না নিজেকে।

ওর সংশ্ব কি আমি পারি? ও জগংসংসারের কর্নী—কাপড়ে হল্পের দাগ-লাগানো কর্মব্যস্ত গিন্নি, আর আমি আলবোলায় তামাক-খাওয়া হ‡-হাঁ-বলা কর্তা। ও ষেমন বলবে তেমনি চলবে এই প্থিবী, তেমনি জন্পবে ওই স্থ-চন্দ্র।

ও করী কার্রায়রী করণগ্রনম্মী কর্মহেতুস্বরূপা।

সাধকচক্রবর্তী রামকৃষ্ণ ষোড়শী-প্রজা করল সারদাকে। পরমত্ম প্রণিপাতটি রাখল তার পদম্লে। আর, আশ্চর্ষ, প্রণামটি ফিরিয়ে দেবার কথা মনেও এল না সারদার। প্রজা-অন্তে রামকৃষ্ণ যখন বললে, তুমি এবার যেতে পারো, মুক্ত হরিণীর মত পালিয়ে গেল পলকে।

সারদা অজিতা, অমিতা, আরাধিতা।

গোলোকে রাধা, বৈকুপ্ঠে লক্ষ্মী। ব্রহ্মলোকে সাবিত্রী ভারতী। কৈলাসে পার্বতী। মিথিলায় সীতা। দ্বারকার র্নৃশ্বণী। দক্ষিণেশ্বরে সারদা।

এক দিকে সর্বশিক্তবশশ্করী কালী, অন্য দিকে সর্বাভয়দায়িনী অমপূর্ণা। ঠাকুর বলেন, ছাইচাপা বেড়াল। বিবেকানন্দ বলে, জ্যান্ত দুর্গা।

চিঠি লিখছে শিবানন্দকে : 'জ্যান্ত দুর্গার প্রজা দেখাব, তবে আমার নাম। দাদা, মায়ের কথা মনে পড়লে সময়-সময় বলি, কো রামঃ? রামকৃষ্ণ পরমহংস ঈশ্বর ছিলেন কি মান্ত্র ছিলেন যা হয় বলো দাদা, কিন্তু যার মায়ের উপর ভক্তি নেই, তাকে ধিক্কার দিও।'

... দ্বই ...

त्रम् अर्म् त्रम् अर्म् -त्राभात मन वाजरह भारा-भारा।

শিওড়ে এল্লা পর্কুরের পাড়ে কুমোরদের পোয়ান। অদ্রের বেলগাছ। বেলতলায় ঘাটে গেছেন শ্যামাস্বন্দরী, একটি ছোট্ট মেয়ে এসে তাঁর গলা জড়িয়ে ধরল। কোখেকে এল এই মেয়ে? কুমোরদের পোয়ানের ধার ঘে'যে, না, বেলগাছ থেকে?

त्रम् य्म त्रम् य्म य्म - भागाम् निती ज्ञान रास भएलन।

রাম মুখ্ছেজ ঘ্মুছেন দুপর্রবেলা, স্বাসন দেখলেন কে একটি ছোট্ট মেয়ে তাঁর পিঠের উপর পড়ে গলা জড়িয়ে ধরল। কি তার র্পে, কি বা তার অলম্কার! কে গো মা তুমি? কেন এসেছ? এই এমনি এল্ম তোমার কাছে। মিলিয়ে গেল স্বাসন।

वारतारमा यांचे সारलत आहे. दे रशिय जन्म निल मात्रमा।

বিনি সার দেন তিনিই সারদা। কী সার এই সংসারে? সংসারে সার বিদি কিছ্ম থাকে, সারাংসার বিদি কিছ্ম থাকে, তবে তা মা। জ্ঞানস্তন্য-দায়িনী স্নেহময়ী মা। সমস্ত ব্রহ্মাণ্ডই মাতৃ-অঙ্ক। মা'র কোলে মাথা রেখে শুরে আছি। নির্ভায়, নিজ্কলঙ্ক।

আমি যে ঘ্রমিয়ে আছি এ নিদ্রাট্রকুও মা। তিনি শ্বধ্ব প্রত্যয়র্পিণী নন তিনি আমার স্ব্বৃণিতর্পিণী। নিদ্রা হয়ে প্রাণ্ডিত হয়ে বিক্ষ্যতি হয়ে আমার সমস্ত বিক্ষেপ সমস্ত চাঞ্চল্য জর্ড়িয়ে দিচ্ছেন। ভূলিয়ে দিচ্ছেন সমস্ত জরালা-যশ্রণা। রোজ যে ঘ্রমুই রোজই তো মাকে পাই, ডুবে ষাই মাতৃস্পর্শে। রোজ যে জাগি রোজই তো মাকে দেখি, ভেসে যাই তার লীলানালা।

'কেমন ঘরে মেরের বিরে দিল্ম গা,' শ্যামাস্ক্রী দ্বংখ করছেন: 'সংসার করতে পেল না। ছেলেপ্রলে হল না একটিও—'

ভাগ্যিস হয়নি। হলে কি আর আমাদের মা হতেন? বিমাতা হয়ে যেতেন। হতেন বা পাতানো মা। কে'দে উঠলে তক্ষ্নি-তক্ষ্নি শ্নতেন না, দেরি করে ফেলতেন। পক্ষপাতী হতেন। নিজের পেটের ছেলেকে শাঁস দিয়ে আমাদের দিতেন খোসাভূষি। টাটকা দ্বট্নুকু তাকে দিয়ে আমাদের দিতেন জল-মেশানো দ্বধ।

'ঈশ্বর কি তোর পাতানো মা যে চাইতে কুণ্ঠিত হবি?' বললেন ঠাকুর, 'আঁচল টেনে গায়ের জোরে আদায় করে নিবি তোর হকের পয়সা, তোর সম্পত্তির অংশ।'

পেটে যদি একটা ছেলে ধরত, ষোলো আনা হিস্সা তাকেই দিয়ে দিত। মুখ ম্লান করে এক পাশে দাঁড়িয়ে থাকতুম। আজ ম্বভাব-সাহসে একেবারে কোলে চেপে বসেছি। বলছি তুই যখন আমারও মা, আমার ক্ষুধার অম জুনিরে দে।

'একটি-দ্বটি ছেলে নিয়ে কী করবে আপনার মেয়ে?' শাশ্বড়িকে বলে-ছিল রামকৃষ্ণ: 'তার এত সন্তান হবে যে মা-ডাকের জন্মলায় তিন্ঠোতে পারবে না।'

সারদা জীবজগতের মা। দীর্ঘ ঘোররাত্রির শিয়রে বিতন্দ্রা জননী। চিরপ্রহরের প্রহরিণী। অভয়দাত্রী অন্নপর্না। যাকে পেলে সন্তানের আর কিছ্ব পাবার ইচ্ছে থাকে না, একমাত্র যাকে পেলেই তার সকল ভোগের অবসান, সেই মা। নিত্যানন্দময়ী কল্যাণবৃদ্টি।

যদি একবার ঈশ্বরকে মা বলে ভাবা যায় তা হলে আর ভাবনা থাকে না। যেহেতু কিছুই আর চাইতে হয় না তাঁর কাছে। কুপা? মা'র কুপা তো স্বাভাবিকী। অশ্নির কাছে কেউ কি আর দীশ্তি কামনা করে? জলের কাছে শীতলতা?

'আমি কি শৃংধ্ সতের মা?' বললেন শ্রীমা। আমি সত্যের মা। তাই, 'আমি শৃংধ্ সতের মা নই, আমি অসতেরও মা।'

ষে ছেলে ধ্বলো-বালি মেখে আসে তাকে কি মা ধরেন না? তাকে আরো বেশি করে ধরেন।

গুৰুবাহত পুত্ৰে অধিকদয়া।

শিরোমণিপ্ররের আমজাদ। ডাকাতি করে জেলে গিয়েছিল। জেল

থেকে ফিরে এসে বড় কন্টে পড়েছে। একে মুসলমান তায় ডাকাত, কেউ মজর্রি খাটাতেও চায় না। মা-ই প্রথম কাজ দিলেন তাকে। শর্ধ্ব কাজ নর থেতে দিলেন।

বারান্দার বসেছে আমজাদ, মা'র ভাইঝি নলিনী পরিবেশন করছে। দেবার কি ছিরি, দ্ব থেকে ছইড়ে-ছইড়ে মারছে। পাছে ছোঁয়া লেগে জাত যায়। গায়ের হাওয়া লেগে অশ্রচি হয়।

মা রেগে উঠলেন। 'এ কি দেবার ছিরি! এমনি করে ছইড়ে-ছইড়ে দিলে কেউ তৃশ্তি করে খেতে পারে? দে আমাকে দে।'

থালা কেড়ে নিয়ে মা নিজে পরিবেশন করতে লাগলেন ঝ্রুকে পড়ে। বললেন, পেট ভরে থেয়ো আমজাদ। লম্জা কোরো না।

পেট কি শুখু ব্যঞ্জনে ভরে? পেট ভরে আতিথেয়তার ব্যঞ্জনায়।

খাওয়ার পর আমজাদের এ'টো ধ্বলেন মা। নলিনী চে'চিয়ে উঠল, 'ও কি. পিসি. তোমার জাত যাবে যে।'

'চুপ কর। সম্তানের এ'টো নিলে মা'র জাত যায়! খ্ব ব্বেছিস তুই। যেমন শরং আমার ছেলে তেমনি আমজাদও আমার ছেলে।'

এই মা সারদা। সর্বান্ধবর্ণিণী জগন্মাতা। শশির্চিকোমলা, কার্ণ্পেশ্রেকণা।

তুলোর চাষ করে রাম মৃখুন্জে। থেতে গিরে তুলো তোলে শ্যামা-স্কুদরী। তুলোর খেতের মধ্যে শৃইরে রাখে সারদাকে।

ছোট্রটি থেকেই কাজ করে সারদা। পর্কুরে নেমে গলা-জলে দাঁড়িয়ে গরর্ব জন্যে ঘাস কাটে। চেয়ে দেখে তারই মত আরেকটি মেয়ে গলা ডুবিরে দাঁড়িয়েছে জলের মধ্যে। সমবয়সী, কৃষ্ণাণ্গী। তাকে দল টেনে-টেনে দিছে। এগিয়ে দিছে হাতের কাছে। তাকে কি চেনে সারদা? কে জানে। কোনো কথা কইছে না পরস্পরে। শর্ধ্ব এ-ওর দিকে তাকিয়ে নীরবে কাজ করে যাছে।

এই কালো মেরেটির সংশ্যে, আরো পরে, আরেকবার দেখা হরেছিল সারদার। যেবার সে প্রথম দক্ষিণেশ্বরে যাচ্ছে। পায়ে হে*টে, তপত রোদে মাঠ ভেঙে-ভেঙে।

এমন অদৃষ্ট, হু-হু- করে জনুর এসে গেল। সঞ্চো বাবা ছিলেন, মেরে নিয়ে উঠলেন পাশের চটিতে। এত দিনের এত আশা, সব ভেল্তে গেল বোধহর। শুখ্র গা প্রভৃছে না মনও প্রভৃছে। কে জানে এত পথ হে'টে এসে ফিরে যেতে না হয়! মিলনের পার্টোট না বিচ্ছেদে ভরে ওঠে!

এমন সময়, চেয়ে দেখল, কে একটি মেয়ে তার পাশে এসে বসেছে। কি আশ্চর্য, সেই কালো মেয়েটি। সারদা যেমন বড় হয়েছে সেও বড় হয়েছে। তেমনি টানা-টানা ভাসা-ভাসা চোখ। দেখেই কেমন আপন বলে মনে হয়, চোখের দৃষ্টিটি এত সকর্ণ। জনুরো গায়ে হাত রেখেছে যেন মর্মান্ল পর্যন্ত জনুড়িয়ে যাছে।

'কে তুমি গা?' জিগগেস করল সারদা।

'তোমার বোন।' বলল সেই কালো মেয়ে।

'বোন!' তৃশ্তিতে যেন শীতল হল সারদা। বললে, 'কোখেকে আসছ বলো তো?'

'দক্ষিণেশ্বর থেকে আসছি।'

'বলো কি! আমি তো দক্ষিণেশ্বরেই যাচ্ছিল্ম। কিন্তু আমার মনো-বাস্থা আর পূর্ণ হল না।'

'না, না, হবে বৈ কি।' কালো মেয়ে মমতায় আরো ঘন হয়ে এল। 'তারই জন্যে তো এসেছি আগ বাড়িয়ে। তোমাকে নিয়ে যেতে। তোমার জন্যে ঠাকুর পথ চেয়ে বসে আছেন।'

'আমার জন্যে?'

'তুমি ছাড়া তাঁর সাধনা যে পূর্ণ হবার নয়। তিনি আঁন্ন তুমি তার দাহিকা। তিনি জল তুমি তার শীতশক্তি। তোমাকে ছাড়া তিনি অজ্গহনীন। তুমিই তাঁর পরিপ্রেক। তুমি ঘ্যোও চুপটি করে, কাল তোমার জন্ব ছেড়ে যাবে। তোমার জন্যে পাঠিয়ে দেব পালকি।'

শুবা পাকুরের দল-ঘাস কাটা নয়, খেতে মজারদের জন্যে খাবার নিয়ে ধায় সারদা। সেবার পোকায় ধান নদ্ট করেছে, বহু ধান শিষ থেকে ঝরে পড়ে রয়েছে মাটিতে। আঙালে করে খাটে-খাটে কুড়োচ্ছে তাই সারদা। খেলাখালোয় মন নেই মন শাখা গেরহুতালিতে। পাড়ার মেয়েদের সংগ্রেদি কখনো খেলেও, গিলিবালির পাট নেয়। পাতৃলও ঢের আছে এদিক-ওদিক, কিন্তু লক্ষ্মী আর কালীর পাতৃলই তার বেশি পছন্দ। একদিন তো ফাল আর বেলপাতা নিয়ে সেই পাতৃলই সে পাজা করলে।

কে একজন বললে এ প্রতুলের নাম জগন্ধান্তী। বা, বেশ নামটি তো! কি হল সারদার, সেই দেবীর কথা ভাবতে বসল। মনে হল ভাবতে-ভাবতে সেই যেন সে দেবী হয়ে গিয়েছে। কাছ দিয়ে যাচ্ছিল হলদিপ্রকুরের রাম-হ্দয় ঘোষাল। সারদাকে দেখে ভয়ে সে শিউরে উঠল। আনন্দর্লাতকা বালিকার মাঝে এ কী ভয়ঙ্করের আবেশ!

একবার কি দ্বভিক্ষই লাগল দেশ জবুড়ে। সারদাদের আগের বছরের ধান মরাই-বাঁধা ছিল, তাই লোক আসতে লাগল দলে-দলে। ভাতের দ্বাণে। চালে-ভালে খিচুড়ি রামা হতে লাগল—খিচুড়ির দ্বাণে। হাঁড়ি-হাঁড়ি খিচুড়ি। যে আসবে সে খাবে। বাড়ির লোকেরও এই ব্যবস্থা। 'শব্ধব্ আমার সারদার জন্যে দ্বিট ভালো চালের ভাত করবে।' বললেন রাম মুখুন্জে। 'সে এসব থেতে পারবেনি।'

কন্যার জন্যে অবার্য মমতা।

তৈরি খিচুড়িতে কুলোয় না একেক দিন। এত লোক চলে আসে। তথন আবার নতুন করে হাঁড়ি চাপাও। হাঁড়ি যদি নামে, গরম খিচুড়ি জনুড়োতে দেয় না। সবাই একেবারে পড়ে হ্মাড় খেয়ে। গরম গরমই সই, মন্থ পোড়ে তো পন্তন্ক, পোড়া পেটের মত পোড়ামন্থ আর কী আছে।

কোম্থেকে একটি পাখা নিয়ে এসেছে সারদা। তাল-পাতার হাত-পাখা। তার ডাঁটটা দ্বাতে আঁকড়ে ধরে সারদা হাওয়া করতে লাগল। হাওয়া করতে লাগল ঢালা খিচুড়ির উপর। যাতে শিগগির করে জ্বড়োয়, ক্ষ্বধাতর্বা বড়-বড় থাবা দিয়ে গিলতে পারে গোগ্রাসে।

ट्यात् िश्वी लक्क्यी। धानामा धनमात्रिनी।

সেদিন একটি মেয়েলোক এসেছে, রাক্ষ চুল, পাগলের মত চেহারা। গরার ডাবায় কু'ড়ো ভেজানো ছিল, দিশেহারার মত তাই খেতে শার্র করলে।

'আহা, একট্ম রোসো গো রোসো।' সারদা ব্যস্ত হয়ে উঠল : 'বাড়ির ভেতর খিচুড়ি আছে এনে দিচ্ছি—'

কে শোনে কার কথা। সব কিছ্ ধৈর্য মানে, ক্ষ্বধার ধৈর্য নেই। থিদের জনালা কি কম! দেহ ধরলেই থিদে-তেন্টা। ক্ষ্বধা বিশ্বগ্রাসিনী বহিবন্যা।

'অসনুখের সময় মাঝরাতে এমনি একদিন আমার খিদে পেল।' বলছেন শ্রীমা : 'সরলা-টরলা সব ঘ্রিময়েছে। আহা, ওরা এই খেটে-খ্রটে শ্রেছে, ওদের আবার ডাকব! নিজেই শ্রে-শ্রেয় চার দিকে হাতড়াতে লাগল্ম। দেখি একটা বাটিতে চারটি খ্র-ভাজা রয়েছে। বালিশের পাশে দ্ঝানা ১৬ বিস্কুট। তখন ভারি খ্রিশ। খিদের জনালায় যে খ্রেদ-ভাজা খাচ্ছি তার খেয়াল নেই—'

যা দেবী সর্বভূতেষ্ ক্ষ্বধার্পেণ সংস্থিতা—

আমার তো শ্বা অক্ষের ক্ষ্বা নয়, আমার জ্ঞানের ক্ষ্বা প্রেমের ক্ষ্বা আনন্দের ক্ষ্বা। আমার পেট ভরলেই তো ব্রুক ভরে না। ঘর ভরলেই তো ভরে না আমার অল্ডর। মা তুমি আমার সেই চিরল্ডনী ক্ষ্বাম্তি। আমার পঞ্চকোষের পঞ্চক্বার সংহতি-ম্তি। কিল্ডু তুমি যেমন ক্ষ্বা তেমনি আবার তুলি। তুমি যেমন ক্ষ্বার প্রকাশিকা তেমনি আবার ভবক্র্বানিবারিণী। আমি ক্ষ্বিত প্র আর তুমি অমানারী বস্ক্রা।

... তিন ...

সারদার পাঁচ বছর বয়েস আর গদাধরের তেইশ—দ্বজনের বিয়ে হল।
শক্তি মিলল শিবের সংগে।

তিনশো টাকা পণ পেল রাম মৃখ্যুক্জে। কন্যা-পণ। কিন্তু বউকে গয়না দিচ্ছ কী?

চন্দ্রমণি গয়না পাবে কোথায়? তাদের বড় দৈনা। নগদ টাকা দিতেই প্রাণানত। গদাধরের পাগলামি সার্ক, সংসারে মন পড়্ক তারি জন্যে তার বিয়ে দেওয়া!

কিন্তু গয়না কিছ্ম না দিলে তো নয়! লোকে বলবে কি! লাহাদের বাড়ি থেকে ধার করল গয়না। বউকে সাজাবার জন্যে পাঠিয়ে দিল চন্দমণি।

স্বরজ্বর বাপের কোলে চড়ে বউ এসেছে কামারপ্রকুর। বৈশাথের শেষার্শেষি। খেজ্বর পাকবার সময়। পাকা খেজ্বর কুড়োবার জন্যে কোল থেকে নেমে পড়ল সারদা।

ধর্মদাস লাহা জিগগেস করলে, 'এই ব্রন্ধি নতুন বউ?' সুরজুর বাপ আবার কোলে তুলে নিল।

বউ পেয়ে চন্দ্রমণির খ্বশি আর ধরে না। কিন্তু ষতই আনন্দ করো, গায়ের গয়না ফিরিয়ে দিতে হবে এবার। ষতই সে কথা ভাবেন চোখ ছাপিয়ে জল আসে। এমন সোনার প্রতিমাকে কি করে নিরাভরণ করবে! গদাধর বললে, ভয় নেই, আমি খুলে নেব।

সরল শান্তিতে ঘ্রিমের পড়েছে সারদা। একটি-একটি করে গদাধর সব গারনা খ্লে নিল গা থেকে। কিল্তু ঘ্রম থেকে উঠেই টের পেল সারদা। জিগগেস করতে লাগল জনে-জনে, কে আমার গায়না নিলে? কোথায় গোল? বা, এই যে পরে শ্লেম রাত্তির বেলা—

সহ্য হল না চন্দ্রমণির। দ্ব হাতে সারদাকে কোলের উপর চেপে: ধরলেন। বললেন, 'ও গেছে গেছে। গদাই তোমাকে আরো ভালো-ভালো গয়না দেবে।'

সে সবই তো আসল অলঞ্চার। সেবা আর ব্রত, নিষ্ঠা আর সংষম, কর্ণা আর ভালোবাসা, নির্রাভিমানিতা আর সারল্য। ক্ষমা আর সহিষ্ণৃতা, ত্যাগ আর তিতিক্ষা, স্বথে-দৃঃথে উদাসীন্য আর কর্মোদ্যাপনে অক্লান্তি।

'ওরে হ্দে, দ্যাখ তো তোর সিন্দ্রকে কত টাকা আছে।' হেকে বললেন একদিন ঠাকুর।

সাত টাকা করে পান মন্দির থেকে। যদিও নিজে ছোঁন না, ছইতে পারেন না, জমে গিয়ে সিন্দুকে।

হ্দয় গ্লে বললে, 'তিনশো।'

'ওকে ভালো করে দ্ব ছড়া তাবিজ গড়িয়ে দে। আর ডায়মন-কাটা বালা দে একজোড়া। ওরে, ওর নাম সারদা, ও সরস্বতী। তাই সাজতে ভালোবাসে।'

তারই জন্যে তো কামা সারদার, পাঁচ বছরের সারদার—আমার গায়ের গয়না কে খালে ।

সন্ধো, সে বাড়িতে, ছিল তার এক খ্রেড়ো, ব্যাপার দেখে ভীষণ চটে উঠল। এ কি ছলনা! এ কি কারচুপি! সারদাকে কোলে তুলে নিয়ে ফিরে চলল। সোজা জয়রামবাটি।

চন্দ্রমণি চিন্তিত হলেন। গদাধরের চিন্তা নেই। উদাসীনের মত বললে, যাবে কোথায়? বিয়ে হয়ে গিয়েছে না? বাঁধন কি আর আলগা হয়?

গা থেকে গয়না খৢলে নিয়েছে, তব্ গদাধরের উপর রাগ নেই সারদার। সারদা তথন সাতে পড়েছে, শ্বশ্রবাড়ি এসেছে গদাধর। কেউ বলে দেয়নি, নিজের থেকে সারদা জল নিয়ে এল ঘটি করে। গদাধরের পা ধৢয়ে দিলে। নৢয়ের পড়ে চুল বৢলিয়ে দিলে পায়ে। উঠে দাঁড়িয়ে পাখার হাওয়া করতে লাগল।

সবাই বলছে, পাগলা জামাই!

বলবেই বা না কেন শর্নি? বেশ আছে, হঠাৎ একসময় লাফ মেরে চে'চিয়ে উঠল গদাধর : 'এবার আমি কাউকে ছাড়ছি না, যবন হোক, চন্ডাল হোক, যেই হোক না কেন—'

সবাই বলে উঠল : 'এই দেখ! দেখেছ? পাগল আর কাকে বলে!'
যে যাই বলকে, সারদার বেশ ভালো লাগে লোকটিকে। তাকিয়ে থাকতে
চোখে তৃশ্তি লাগে। মনে হয়় আনন্দের একটি প্র্রিট যেন ব্রকের মধ্যে
বসানো!

জোড়ে ফিরল দ্বজনে। গদাধর বললে, 'যদি কেউ জিগগেস করে, কবে তোমার বিয়ে হরেছিল, সাত বছর বয়সে বোলো না যেন, বোলো পাঁচ বছর বয়সে। ছেলেমানুষ, বছর গুর্লিয়ে ফেলো না যেন—'

ভাশেন হৃদয় কোখেকে কতগন্ত্রো পদ্মফ্রল নিয়ে এসেছে। সারদাকে প্রজো করবে। সারদা তো পালাতে পারলে বাঁচে। কিন্তু হৃদয়ের সংগ পেরে ওঠা অসাধ্য।

এক ভক্ত এসে শ্রীমাকে বললে, 'মা, তোমার পরজো করব। তোমার কোন ফ্রন্স পছন্দ ?'

'না, না, আমাকে পর্জো কেন? ঠাকুরের পর্জো করো। ঠাকুর শাদা ফুল ভালোবাসতেন।'

ভন্তের মুখখানি ম্লান হয়ে গেল। মমতাময়ীর চোখ এড়াল না। বললেন, 'আচ্ছা কিছু হলদে ফ্লেও এনো।'

ভক্ত ফলে নিয়ে এল। মা বললেন, শাদা ফলে ঠাকুরকে দাও। আর হলদে ফলে আমাকে।

বগলাপ্জায় পীতপ্তেপ বিহিত। কে একজন জিগগেস করলে মাকে, মা আপনি কি বগলা?

কি যে বলো তার ঠিক নেই।' কথাটা চাপা দিলেন। অবগ্রনিঠতা হয়ে রইলেন। রইলেন আত্মবিল্যনিততে।

আমি কে তা জেনে তোমার লাভ কি। দেখ তোমার অন্তরে একটি বেদনা প্রশ্বীভূত হয়ে উঠল কিনা। তাতে ধরল কিনা অন্বাগের রঙ! লাগল কিনা শরণাগতির সৌরভ। তা যদি হয়ে থাকে তবে তোমার সেই চিত্তকমলটিই প্রভার প্রশে। বীণাবাদিনীর পা রাথবার জায়গা।

বড়টি হয়ে প্রথম যখন কামারপ্রকুরে এল সারদা, তার বয়স তখন

তেরো কি চৌন্দ। গদাধর দক্ষিণেশ্বরে। কালীর জন্যে আকুল। সেই আকুলতাটি যেন ছ;ুরে আছে সারদাকে। তাই দ,ুরে থেকেও দ,ুর মনে হয় না। অদর্শনই সনুদর্শন।

হালদারপ্রকুরে নাইতে যাবে সারদা। একে নতুন বউ তায় ছেলেমান্য। লম্জার জড়সড়, কি করে পাঁচজনের সম্থ দিয়ে যাবে-আসবে! খিড়াকর ছোট দরজাটির পাশে দাঁড়িয়ে গড়িমিস করছে। অমনি, কোথা থেকে কে জানে, আট-আটটি সমবয়সী মেয়ে এসে হাজির। কিগো, নাইতে যাবে? বেশ তো, চলো আমাদের সঞ্চো। আমরা তোমায় ঘিয়ে নিয়ে যাব, কেউ দেখতে পাবে না। তোমরা কে গা? জিগগেস করল সারদা। আমরা? আমরা এই পাড়ারই মেয়ে, তোমার কন্ধ্। চারজন আগে চারজন পিছনে, এমনি করে নিয়ে চলল সারদাকে। নাওয়া হয়ে গেলে আবার ফের পেণছে দিয়ে গেল। এমনি রোজ। যতদিন ছিল সে কামারপ্রকর।

'মাগো, ওরা কি তোমার অল্ট সখী?' একদিন জিগগেস করল এক ভক্ত।

'কে জানে বাপু! তোমার খালি ঐ সব কথা।'

পশুবটীতে বসে লাট্-মহারাজ ধ্যান করছে। ওদিকে যেতে-যেতে ঠাকুর দেখতে পেলেন। বললেন, 'কার ধ্যান করছিস রে লেটো ?'

नाएँ, তড়াক করে লাফিয়ে উঠল।

'ওই নবত ঘরে যা। সেখানে সাক্ষাৎ ভগবতী আছেন। রুটি বেলছেন বসে-বসে। যা তাঁর রুটি বেলে দে গে যা।'

দ্কপাত না করে লাট্র ছুটল নবতে। সেবার চেয়ে আর বড় প্জা কি আছে!

শাকে মানা কি সহজ কথা রে?' বলছেন লাট্-মহারাজ। 'ঠাকুরের প্রজা গ্রহণ করেছেন—ব্রো বোপার। মা-ঠাউন যে কি তা শ্ব্যু তিনি ব্রেছিলেন, আর কণ্ডিং স্বামীজী ব্রেছিল। তিনি যে স্বয়ং লক্ষ্মী। তাঁর দয়া ব্রুতে গেলে বহুং তপস্যা দরকার।'

বলরাম বোসের বাড়ি থেকে মা জয়রামবাটি ফিরে যাচ্ছেন। একে-একে সবাই মাকে প্রণাম করল, কিন্তু লাট্র দেখা নেই। ঘরে পাইচারি করছে আর বলছে, 'সন্ন্যাসীকো কো পিতা, কো মাতা, সন্ন্যাসী নির্মায়া।'

মা শনেতে পেলেন সেই কথা। দোরগোড়ার দাঁড়িরে বললেন, 'বাবা নাট্ন, তোমার আমাকে মেনে কান্ধ নেই।' তড়াক করে লাফ মেরে মা'র পায়ে পড়ল লাট্। প্রণাম করবে না কাদবে ফ'র্নপিয়ে ফ'র্নপিয়ে ঠিক করতে পেল না।

মা'র চোখ দর্টিও ভিজে উঠল। গায়ের চাদর দিয়ে মা'র চোখ মর্ছিয়ে দিল লাট্। বললে, 'বাপ-ঘরে যাছ মা? কাঁদতে নেই। শরোট আবার শিগগির তোমাকে নিয়ে আসবে। কে'দো না মা, যাবার সময় ফেলতে নেই চোখের জল।'

ঠাকুরের ভাই-ঝি লক্ষ্মী। বছর সাতেকের ছোট সারদার চেয়ে। কোখেকে একখানা বর্ণ-পরিচয় যোগাড় করে এনেছে। দ্বজনে মিলে তাই পড়ছে লব্বকিয়ে-লব্বকিয়ে।

হ্দয়ের চোখ এড়ানো গেল না। হাতের থেকে বই কেড়ে নিলে জার করে। বললে, 'মেয়েছেলের লেখাপড়া শিখতে নেই। শেষে কি নাটক-নভেল পড়বে?'

সরাদা ছেড়ে দিল। কিল্কু লক্ষ্মী ঝিয়ারী-মান্ব, সে হারল না। নিজে গিয়ে পাঠশালায় পড়ে আসতে লাগল। পড়ে এসে লন্কিয়ে-লন্কিয়ে শেখাতে লাগল সারদাকে।

সারদা তখন দক্ষিণেশ্বরে, বাগানের পীতাম্বর ভাশ্ডারীর এগারো বছরের ছেলেকে ঠাকুর বললেন লক্ষ্মী আর তার খ্রিড়কে প্রথম ভাগ ম্বিতীয় ভাগ পড়িয়ে দিতে।

ভালো করে শেখা হয় আরো পরে, ঠাকুর যখন অসন্থ হয়ে শ্যামপন্কুরে আছেন একা-একা। ভব মন্থাজেদের একটি মেয়ে নাইতে আসে গণ্গায়। অনেকক্ষণ ধরে থাকে মা'র সংগে-সংগে। পড়িয়ে যায়, পড়া নেয় রোজ-রোজ। শাক-পাতা যা জোটে মা'র, তাই দেন তাকে গ্রন্দিক্ষণা।

দিব্যি রংত হয়ে উঠলেন কদিনে। একটানা পড়তে পারেন রামায়ণ-মহাভারত। কঠিন-কঠিন শব্দেরও মানে শিখে নিলেন আন্তে-আন্তে। 'মাসানাং মার্গশীর্ষোহহং। মার্গশীর্ষ মানে কি?'

'মার্গশীর্ষ মানে অগ্রহায়ণ মাস।' দিব্যি বলে ফেললেন।

লেখাপড়া দিয়ে কী হবে? ভগবানে মতি হওয়াই আসল। সরল না হলে মতি আসবে কি করে? আর, পদবী থেকে মৃত্ত হতে না পারলে আসবে কি করে সারলা?

'ঠাকুর তো লেখাপড়া কিছ্ই জানতেন না।' বলছেন শ্রীমা, 'নাই জান্ত্রন, তব্ব এবার তিনি এসেছেন ধনী-নির্ধান পশ্ডিত-মূর্খা সবাইকে উম্পার করতে। মলরের হাওয়া খুব বইছে চারদিকে। যে একট্ব পাল তুলে দেবে, শরণাগত হবে, সেই ধন্য হয়ে যাবে। যার মধ্যে এতট্বকু সার আছে, বাঁশ আর ঘাস ছাড়া সব চন্দন হয়ে যাবে। তোমাদের ভাবনা কি, তোমরা তো আমার আপন লোক—তবে কি জানো?' থামলেন একট্ব শ্রীমা: 'বিম্বান সাধ্ব যেন হাতির দাঁত সোনা দিয়ে বাঁধানো।'

ভব্তি হাতির দাঁত, জ্ঞান হচ্ছে সোনার বন্ধনী।

এদিকে ঠাকুর বলছেন, 'নরেন আমাকে যত মুখখু বলে আমি তত মুখখু নই। আমি অক্ষর জানি।'

বর্ণনিপি জানি আর সমস্ত বর্ণে ও লিপিতে যিনি অবর্ণনীয় জানি সেই রহাকে।

... চার ...

কিন্তু পাড়া-পড়শীদের অন্কম্পা সইতে পারে না সারদা। সইতে পারে না পতিনিন্দা। 'আহা, শ্যামার মেরের কি-একটা পাগলের সাথে বিশ্লে হল।' সইতে পারে না এ লোকগঞ্জনা।

হরেছে তো হরেছে! তোমরা কী ব্রুবে সেই পাগলের মহিমা! আমিই তো নিজের থেকে সেই পাগলকে নির্বাচন করেছি। আমিও তো উন্মাদিনী।

পার্ব তীর বিয়ের দিনটি মনে করো। বাপ হিমালয় কত বড় সভা সাজিয়েছেন। হাঁসের পিঠে চড়ে প্রথমে এলেন ব্রহ্মা, কত শোভা-সম্পদের ছড়াছড়ি। গর্ভের পিঠে চড়ে এলেন তারপর বিষদ্ধ, তারই বা কত আড়ম্বর। তারপর এল প্রজাপতিরা, দিকপালেরা—হৈ-হৈ পড়ে গেল। ঐশ্বর্ষে বিলাসে ঝলসে গেল দশদিক। শেষকালে বর এল—ওমা, এই বর, এই তার চেহারা! বাষের ছাল পরে ষাঁড়ে চড়ে এসেছে। সাপ ঝ্লছে ঘাড়ে-ব্বেন। নেশার ঝোঁকে চোখ ঢ্ল্ব্-ঢ্ল্ করছে। তাও দ্বচোখ নয়, তিন চোখ! সঙ্গে আবার দুটো ভূত-প্রেত, নন্দী-ভূডগী।

বংসে, বণিতাসি—আত্মীয়েরা আক্ষেপ করে উঠল। রাজার মেয়ে তুমি, তোমার এ কী মন্দ ভাগ্য। রহ্মা-বিষ্ণু ছেড়ে দিই, আর যে-কোনো বরষাত্রী এ বরের চেয়ে বরণীয়। এ কুকথায় পঞ্চমুখ, কণ্ঠে ভরা বিষ! কিন্তু গোরী নিবিচন। যাতে মন একবার স্থির করেছি তার থেকে প্রুট হব না। নিন্দামুখী জলকে কে প্রতিরোধ করবে? যতই নিন্দা করো, ওই আমার সাধনার ধন, আমার তপস্যার নিধি।

সারদারও সেই অবস্থা। যতই নিন্দা করো আমার আনন্দের ঘটটি কানায়-কানায় পরিপূর্ণ।

পাড়ার কার্ব্ব বাড়িতে যায় না বেড়াতে। মাঝে-মাঝে ভক্তিমতী ভান্-পিসির কাছে আসে। তার দাওরায় আঁচল বিছিয়ে চুপ করে শ্রেয় থাকে। নিষ্কম্পশিখা সহিষ্কৃতা।

'সহ্যগর্ণ বড় গর্ণ।' বলছেন শ্রীমা, 'এর চেয়ে আর গ্র্ণ নেই।' তপস্যার আর কোনো আমার অস্ত্র নেই এই ধৈয'ই আমার আয়স-কুষ্কট।

'তাঁর অনন্ত ধৈষ'।' বললেন আবার শ্রীমা : 'এই যে তাঁর মাথায় ঘটি-ঘটি জল ঢালছ দিন-রাত, তাতেই বা তাঁর কি! আর শ্রকনো কাপড় দিয়ে ঢেকে প্রজাে কর তাতেই বা তাঁর কি! তাঁর অসীম ধৈর্য।'

পেটের অসুখ করে কামারপাকুরে এসেছে গদাধর। সঙ্গে হ্দয় আর বাম্ন-ঠাকর্ন। ভৈরবী যোগেশ্বরী। সারদা তখন বাপের বাড়ি। খবর গেল, দেখবে এস আমাদের। পাখির মত উড়ে এল সারদা।

কোথায় পাগল! এ যে রুপের ধবলগিরি! সব-ভোলানো ভোলানাথ! রাত থাকতে উঠে সারদাকে উদ্দেশ করে হাঁক দেয় : 'ওগো এই-এই সব রামা কোরো গো—' বলে ফিরিস্তি ঝাড়ে।

কোথাও কিছন গ্রন্টি হলে চলবে না। ছেলেমান্য বউ, সব নিখাত করে রাখে।

একদিন হয়েছে কি, পাঁচফোড়ন নেই। বড় জা, লক্ষ্মীর মা বললে, 'তা অমনিই হোক। না থাকলে আর কি হবে!'

ঠিক কানে গিয়েছে গদাধরের। ফোড়ন দিয়ে বলছে, 'এক পয়সার আনিয়ে নাও না। যাতে যা লাগে তাতে তা বাদ দিলে চলবে কেন?'

প্রীশ্রীমা'রও সেই কথা : 'যেখানে যেমন সেখানে তেমন, যখন যেমন তখন তেমন।'

এক মেমসাহেব এসেছে মা'র সঙ্গে দেখা করতে। মাকে প্রণাম করতেই মা তার হাত ধরল। অনেকটা হ্যাণ্ড-সেক করার মত। যেখানে যেমন সেখানে তেমন।

বামনে ঠাকরনে আবার ঝাল বেশি খান। মেজাজটিও ঝ্নো সরষে। গদাধর মা বলে, তাই সারদাও তাকে শাশনুড়ির মত ভয় করে।

নিজে রাল্লা করেন। ঝালে-পোড়া। সারদা চোখ মোছে আর খায়। 'কেমন হয়েছে?' জিগগেস করে যোগেশ্বরী। সারদা ভয়ে-ভয়ে বলে, 'বেশ হয়েছে।' লক্ষ্মীর মা না বলে পারে না, 'ঝাল হয়েছে।'

তাই শ্বেন চটে ষায় যোগেশ্বরী। বলে, 'তোমার বাপবু কিছবুতে ভালো হয় না। ছোট বোমা তো বললে ভালো হয়েছে। যাও, তোমাকে আর দেব না বেলবুন।'

নম্বতায় নতশাখা সারদা। লম্জার নবমঞ্জরী।

ফ্রল-মালা দিয়ে ঠাকুরকে একদিন সাজালো যোগেশ্বরী। ভাবার্ড় হলেন ঠাকুর। ঠিক যেন গোরাণেগর মত। ব্রাহ্মণী সারদাকে ডেকে নিয়ে এল সামনে। জিগগেস করলে, কেমন হয়েছে?

ঘোমটার ফাঁক দিয়ে দেখল একট্র সারদা। ভাবাবেশে রয়েছেন ঠাকুর, দেখে কেমন ভয় করতে লাগল। অস্ফর্টস্বরে বললে, 'বেশ হয়েছে।' বলে কোনো রকমে একটা প্রণাম সেরে তাড়াতাড়ি পালিয়ে গেল সারদা।

দেখল আনন্দের পূর্ণঘটাট টইট্মুব্র হয়ে আছে। এক কণা জলও চলকে পড়েনি।

কিন্তু ঠাকুর যখন মাকে ষোড়শী-প্রজা করলেন, সমস্ত সাধনাকে একটি প্রগাঢ় প্রণামে পর্যবিসত করে নিবেদন করে দিলেন মা'র পারে, মা ফিরিয়ে দিলেন না সেই প্রণাম। ভূলে গেলেন, না, আর-কিছ্ন? গ্রীরাম-কৃষ্ণ কি তখন স্বামী, না সাধকচক্রবতী? সারদা কি তখন স্বামী, না, রহ্মান্ডভান্ডোদরী কালিকা?

রাত তিন প্রহর, প্রজা-অন্তে ঠাকুর বললেন, এবার তুমি যেতে পারো।

খাঁচা খ্লে দিলে পাখি যেমন উড়ে পালায় তেমনি বেরিয়ে গেল সারদা। বাইরে এসে মনে হল, এ কি করলাম! ঠাকুরের প্রণামটি ফিরিয়ে দিলাম না?

মনে-মনে প্রণাম করল সারদা। হে মনোবাসী, হে মনোনীত, আমার প্রণামটি গ্রহণ করো।

মনই প্রথম গ্রের। বললেন শ্রীমা, 'শেষ গ্রের্ও ওই মন।' ২৪



বৈশাখ ১৩১২ সাল

প্রমাপ্রকৃতি শ্রীশ্রীসারদার্মাণ

বার্ইদের মেয়ে স্শীলা। সে-রাত্রে রাঁধ্নি আসেনি। র্টি যা হোক করা গেল, এখন তরকারি কে রাহাা করে? স্শীলা মাকে গিয়ে বললে, 'মা, আমি যদি রাহাা করি, খাবে?'

'তোমরা আমার মেয়ে, তোমাদের রামা খাব না তো কার রামা খাব ?' স্শীলার আনন্দ আর ধরে না।

চলে যাচ্ছে, কেদারের মা মুখিয়ে এল। ঝাঁজিয়ে উঠল মা'র উপর: 'তুমি বাম্বনের মেয়ে হয়ে এদের হাতের রালা কেন খাবে? ঠাকুর না হয় সল্লেসী ছিলেন তুমি তো আর সল্লেসী হওনি।'

সন্শীলাকে ফেরালেন মা। মন্থখানিতে মলিন একটি ছায়া পড়েছে, হয়তো বা মমতার ছায়া। বললেন অন্তপত গলায়, 'এদের জনালায় কিছন্ হবে না। শন্নলে তো, এইরকম সব বলে। তা তুমি মনে কিছন্ কণ্ট কোরোনি। ঠাকুর যদি সন্যোগ দেন তো হবে।'

মনে কিছুই করেনি স্শীলা। মা যে খেতে চেয়েছেন তার হাতে, এই তার অনন্ত তৃশ্তি।

भनरे भया। भनरे भाषा।

লোকাচার মানতে হয়, কিন্তু মনের টানে ছি'ড়ে যায় বিধি-নিষেধের জঞ্জাল।

খাওয়া হয়ে গিয়েছে, শালপাতা কুড়িয়ে জায়গা নিকোবে ভক্তের দল, মা বলে উঠলেন, 'থাক, লোক আছে।'

লোক আর কে! লোক স্বয়ং মা। কত জাতের ভক্ত, কিন্তু মার এক ধর্ম এক জাত। নিজের হাতে সবাইর এ'টো সাফ করতে লাগলেন।

'তুমি বামন্নের মেয়ে, এদের গ্রন্থ, এরা তোমার শিষ্য, তুমি এদের এ'টো নাও কেন?' নালিশ করে সহবাসিনীরা : 'এতে যে ওদের অমঙ্গল হবে।'

বলে কী অলক্ষ্যনে কথা! আমি যে এদের মা গো! ছেলেরটা মা করবে না তো আর কে করবে!

ঈশ্বর দয়াময়—এ আবার কেমন ব্রুলি! বললেন ঠাকুর। ঈশ্বর বাপ-মা। ছেলেকে বাপ-মা দেখবে না তো দেখবে কি ভিন-পাড়ার লোক? দয়া আবার কি! যোগের টান, নাড়ীর টান। না দেখে যাবে কোথায়! একশো বার দেখবে।

সেই যে কামারপত্ত্ব থেকে চলে গেল গদাধর আর তার দেখা নেই। ২(৭৯)

খবর যা আসে তা শ্বনতে মোটেই ভালো নয়। সত্যি-সত্যি নাকি পাগল হয়ে গিয়েছে। কেবল মা-মা করে কাঁদে, মাটিতে মুখ ঘষে। প্রজার জন্যে রয়েছে মন্দিরে, প্রজোতেও আর মন নেই। লাঠি কাঁথে করে মন্দিরের চার পাশে ঘ্রের বেড়ায়। গায়ে জামা-কাপড় রাখে না, চুলও ঝাঁকড়-মাকড়।

মন বড় উতলা হয়, চোথের কোণে জল জমে। একবার নিজের চোথে দেখে এলে হয় না? তিনি কি সত্যি বদলে যেতে পারেন? কতদিন আগে সেই যে দেখেছিল তাঁকে, পুন্য-পবিত্র সদানন্দ পুরুষ, সে কি পাগল হয়ে যেতে পারে? যদি কাছে গিয়ে বসে চিনবে না কি সারদাকে, নেবে না কি তার স্নিশ্ব হাতের শুনুষা? কে জানে! কে বললে, চোখ দুটো নাকি সব সময়ে লাল! দয়ায় ভরা সেই যে দুটি প্রসন্ন চোখ সে কি বিমুখ হয়ে থাকবে? কণ্ঠন্সবরে সেই যে ভালোবাসা সে কি ক্ষয় হয়ে যাবার মত?

মন কিছ্মতেই সায় দেয় না। তিনি ডাকবেন সেই আশায় এত দিন প্রতীক্ষা করে আছি। আমি শাশ্বতী প্রতীক্ষা। শাশ্বতী সহিষ্কৃতা। কিন্তৃ কই, ডাকছেন কই?

না, এসেছে ডাক। ফাল্গনে পর্নিমা গোরাল্গের জন্মতিথ। সে উপলক্ষে আত্মীরারা কেউ-কেউ যাচ্ছে কলকাতায়, গণগাস্নান করতে। তাদের সংগ্য গেলে হয়! গিয়ে দেখে আসতে পারি! তাঁকে দেখাই আমার গণগাস্নান! তাঁকে দেখাই আমার ফাল্গনে প্রিমা।

বাবাকে বলব? কি না-জানি মনে করবেন! হয়তো ব্বঝে নেবেন অন্তরের কথাটি। লম্জায় মরে গেল সারদা।

স্নানাথি নীদের কেউ কথাটা তুলল সারদার বাপের কানে। তিনি এক কথায় রাজী। শ্বধ্ব রাজী নন, তিনি নিজে যাবেন মেয়েকে সঙ্গে নিয়ে।

পায়ে-হাঁটা পথ, ট্রেন-শ্চিমারের নাম-গন্ধ নেই। এক পালকি, তায়
অত খরচ করবার মত অবস্থা নয় রাম ম্খ্রেজর। স্তরাং মাঠ ভেঙেভেঙে চলো—মাঠের পর মাঠ, মাঠের সম্দ্র। ম্ভ হাওয়ার মতই খ্রিশ-খ্রিশ
মন, মাটির ঢেলা মাড়িয়ে-মাড়িয়ে চলেছে সারদা। ক্ষীণাঙ্গী, শামলা মেয়ে।
আঠারো বছর বয়স। কোনোদিন পথে নামেনি, খোঁজেনি দিগল্ডের ঠিকানা।
ধ্ব-ধ্ব করছে মাঠ, ঝাঁ-ঝাঁ করছে রোদ, কোথায় একট্ব গাছের ছায়া,
কোথায় একট্ব প্রকুরের জল! শ্র্ধ্ব পথ আর পথ, পথচিহুহীন প্রান্তরের
উদাসীন্য! এ কি দ্রক্ত অভিসার! তব্ব ক্লান্ত দেহে পা টেনে-টেনে

हिल्ला मात्रमा। पर्नामन काठेन आत वर्नीय काटि ना। श्रवन क्रवत अस्म रशन मात्रमात।

অফ্রেল্ড মাঠের দিকে চেয়ে রইল সে শ্ন্য চোখে। এত দ্রে টেনে এনে এইখানে শেষে ঠেলে ফেলবে!

সামনের চটিতে নিয়ে গিয়ে তুললেন রাম মুখুল্জে। উপায় কি! ষত দিন জবর না ছাড়ে, দেহ না সমুস্থ হয়, যাত্রা স্থাগত রইল। কে জানে বিধি বাম হলে ফিরে যেতে না হয় জয়রামবাটি।

সেই জনুরের ঘোরে, চটিতে, সেই কালো মেরেটির সংশ্যে দেখা। সেই কালাম্রশ্যামলাংগী কল্যাণী। তার প্রেমতরল দর্নিট চোখ। স্নেহ্বারিভরিত স্পর্শ।

এক পা ধ্বলো নিয়ে বিছানার পাশে বসে পড়ল। মাথায় হাত ব্বলিয়ে দিতে লাগল। জবুরে-পোড়া গা ঠান্ডা হয়ে গেল মুহুতে।

'কেউ তোমাকে পা ধতে জল দেয়নি?' জিগগেস করল সারদা।

'না, বোন, আমি এখননি চলে যাব। তোমাকে দেখতে এসেছি। ভব্ন নেই, ভালো হয়ে যাবে।'

কোয়ালপাড়ায় মা'র জনুর হয়েছে। জনুরে একেবারে বেহ;স। কোথায় পাই এমন ভক্ত যার স্পর্শে জনুরের জনালা ঠান্ডা হবে!

মোটাসোটা কাঞ্জিলাল। ডাক্কার। ভক্ত। মা'র চিকিৎসা করে। তারই ঠান্ডা মোটা পেটটিতে হাত দিয়ে শুরে থাকেন শ্রীমা।

সেই কাঞ্জিলালের দ্বিতীয় পক্ষের স্থা। একদিন এসে মাকে বললে প্রণাম করে, 'মা, আশীর্বাদ কর্মন আপনার ছেলের যেন উপায় হয়!'

মা তার মুখের দিকে তাকিয়ে রইলেন। বললেন, 'বৌমা এমন আশীর্বাদ করব যাতে সকলের অসুখ হোক, সকলে কণ্ট পাক? এমনটি পারব না বলতে। বরং এই আমার আশীর্বাদ, সকলে ভালো থাক, সকলের মঞ্চল হোক।'

ঠাকুরের প্রবল অস্থের সময় বলছেন তিনি নাগমশাইকে : 'ওগো এগিয়ে এস, এগিয়ে এস, আমার গা খে'ষে বোস। তোমার ঠাণ্ডা শরীর ছইয়ে আমার দশ্য শরীর শীতল হোক।' বলে তাকে জড়িয়ে ধরলেন ঠাকুর।

দার্ণ গরম পড়েছে। মা তখন কোয়ালপাড়ায়। বলছেন আকাশের দিকে চেয়ে, 'আঃ, একটা বৃদ্ধি হলে ধরিবীটা ঠান্ডা হত।' কিছ্ ক্ষণ পরেই শ্রন্ হল ঝড়ব্ ছি। শিল পড়তে লাগল। আনন্দ-চপলা কিশোরীর মত মা শিল কুড়োতে লাগলেন। ম্বথে প্রতে লাগলেন তুলে-তুলে। জলে ভিজে লাভ হল এই, আবার জনুর হল। জনুরের সংগ্র-সংগ্রা দুঃসহ গারদাহ।

মেয়েরা মা'র বিছানার দ্বপাশে বসেছে ঘন হয়ে। তাদের ব্বকে-পিঠে হাত রাখছেন মা। বলছেন, 'আঃ, এতগুলো মেয়ে, কারু গা ঠাণ্ডা নয়।'

শরং মহারাজকে খ্রেছেন জনরের ঘোরে। খবর পেয়ে ডাক্তার কাঞ্জি-লালকে নিয়ে এসেছে শরং। ছটফট করতে-করতে বারে-বারে হাত বাড়াচ্ছেন মা। গায়ের জামা খ্রেল ফেলল শরং। মা'র পাশে বিছানায় গিয়ে বসল তাড়াতাড়ি। মা তার পিঠে হাত রাখলেন। বললেন, 'আঃ, আমার সমস্ত দেহ ঠাণ্ডা হল। শরতের গা-টি যেন পাথর।'

পর্নদন জবর ছেড়ে গেল। পথে বেরিয়েই পেয়ে গেল এক পালকি। বাপে-মেয়ে চলল দক্ষিণেশ্বরের দিকে।

গঙ্গার উপরে নৌকোয় বারবেলা কাটিয়ে নিল। যখন দক্ষিণেশ্বরে পেশছনল তখন রাত নটা।

... পাঁচ ...

তুমিই শ্রী, তুমিই ঈশ্বরী। তুমিই বৃদ্ধি, তুমিই শৃদ্ধবোধস্বর্পা। তুমিই হুী, তুমিই লজ্জা। পৃদ্ধি-তুফি, শান্তি-ক্ষান্তিও তুমিই।

কেউ সোভাগ্যে আর্ ছ হয়েছে, দেখি শ্রীর্ণিণী তুমি, তাকে কোলে নিয়ে বসে আছ। কেউ প্রতাপে পর্ব তায়মান হয়েছে, দেখি ঈশ্বরীর্ণিণী তুমি, তাকে কোলে নিয়ে বসে আছ। কেউ দ্বক্ষার্য করে নিন্দার ভয়ে আছাগোপন করবার চেন্টা করছে, দেখি হ্রীর্ণিণী তুমি, তাকে বসে আছ কোলে নিয়ে। তোমার কোল ছাড়া আর স্থান নেই। য়ে ব্লিম্বলে বিশ্বজগণকে প্রতিভাত দেখি তুমি সেই ব্লিম্বর্ণে বিদ্যমান। আবার বখন জগণসত্তা ছেড়ে অন্ভব করি শ্র্ম আত্মসত্তা তুমি তখন আবার সেই স্বচ্ছ নির্মালবোধ। ধ্যানমন্থনে অখন্ডানন্দ। যথন দেখি কেউ প্রকাশক্রিত হয়ে আছে, রহস্যাটি সম্প্র উন্মোচিত করতে চাইছে না, মনে হয় তুমিই লম্জার্পে বিরাজ করছ। যথন দেখি কার্ প্রতিপত্তি, ভূলতে ২৮

পারি না এ তোমারই পালন-পোষণ। যখন দেখি কারো সন্তোষে নিবাস, দেখি তোমারই সেই অম্লান রাজম্বুটা। যখন দেখি কেউ জগতের স্খ-দ্বংখের অতীত হয়ে প্রতিষ্ঠিত হয়েছে আত্মজ্ঞানে তখন বর্মি তুমিই শান্তি। প্রতিকারের শক্তি থেকেও যখন দেখি কেউ অনায়াসে সহ্য করছে অপকার তখন দেখি তুমিই ক্ষমা, তুমিই সর্ববরদা মধ্মধ্রা কর্ণা।

আর সকলে গেল নবতে, সারদা সোজা চলে এল রামকৃষ্ণের ঘরে। অর্থ যেমন এসে সমন্বিত হয় বাক্যের সঞ্জে।

'তুমি এসেছ?' রামকৃষ্ণ তৃশ্তস্বরে বললে, 'বেশ করেছ।' বলেই হাঁক দিলে : 'ওরে মাদ্রর পেতে দে রে—'

কে একখানা মাদ্রর পেতে দিল। বসল তাতে সারদা।

'এখন কি আর আমার সেজবাব, আছে?' দ্বঃখ করল রামকৃষ্ণ: 'আমার ডান হাত ভেঙে গেছে।' আবার বলছে জের টেনে: 'কয়েক মাস হল মারা গেছে। সে থাকলে তোমাকে আজ অট্টালকায় রাখত!'

সারদা বললে, 'আমি নবতের ঘরে গিয়ে থাকি!'

'না, না, ওখানে ডাক্টার দেখাতে অস্কৃবিধে হবে। এ ঘরেই থাকো।' রাতের খাওয়া-দাওয়া সব হয়ে গিয়েছে, হ্দে ক'ধামা মৃক্তি নিয়ে এল। তাই কটি চিবিয়ে সারদা শ্রমে পড়ল সেই মাদ্ররের উপর। একটি সংগী মেয়ে শ্রল তার পাশটিতে।

কী স্নেহশান্ত রাত্রি! চটিতে সেই কালো মেয়েটির করপল্লবের মত স্কোমল। ক্লান্তকায়ে দক্ষিণসমীরের স্পর্শটির মতন এই ঘ্রম! অন্তরের আনন্দঘটটির দিকে তাকালো আবার সারদা। দেখল কানায়-কানায় ভরা।

ষত সব বাজে গ্রেজব শ্রেনেছিল! লোকের খেয়ে-দেয়ে কাজ নেই, কেবল মিথ্যে রটানো। কেমন কর্প্রেগোর কান্তি, কেমন দয়াঘন আর্দ্র চোখ, কেমন দ্বঃখভঞ্জন কণ্ঠস্বর! কে বলে এ পাগল! এ যে পাগল-করা!

মেঝেতে শ্রুয়ে শান্তিতে ঘ্রুম্বলো সারদা।

বলছেন শ্রীমা, 'আগে মেঝেতে শ্বতাম, তখনো ঘ্র আসত, এখন ভৱেরা পালণ্ডেক এনে শোয়াছে, এখনো ঘ্র আসে। কই আমি কিছ্র তফাত ব্রিঝ না তো!'

ঘুম এসে গেলে আর বিছানা লাগে না। তেমনি ভালোবাসা এসে গেলে লাগে না আর আবরণ-আভরণ। আসল হচ্ছে ঘুম, আসল হচ্ছে ভালোবাসা। শাশ্রাড়র কথাও ভাবছে সারদা। কুঠিঘরেই আগে থাকতেন চন্দ্রমণি। অক্ষর, ঠাকুরের ভাইপো, ঐ কুঠিঘরেই মারা যায়। তার মারা যাবার পর কুঠিঘর ছেড়ে দিলেন চন্দ্রমণি, বললেন, 'আর থাকব না ওখানে। নবতের ঘরে থাকব, গংগাপানে মুখ করে রইব। দরকার নেই আমার কুঠিঘরে।'

কিন্তু সম্পূর্ণ সমুস্থ না করে ছেড়ে দেবে না রামকৃষ্ণ। ডাক্টার ডেকে আনল। ওষ্ক্ খাওয়াতে লাগল নিজের হাতে। দাগ মেপে, ঘড়ি ধরে।

কত সেবা, কত যত্ন। কত স্পর্শহীন পবিত্র স্পর্শ।

'স্বামীর সংগ্র গাছতলাও রাজ-অট্টালকা।' স্বামীর প্রতি উদাসীন এক সধবা মেয়েকে বলছেন শ্রীমা। আবার স্বাীর প্রতি বিমুখ এক স্বামীকে বলছেন, 'স্বামী-স্বাী একসংগ্র থেকো। দুজনে যেখানেই থাকো, সেখানেই রামরাজ্য।'

রাধ্র প্রামীর নাম মন্মথ। একদিন রাধ্ব এসে শ্রীমা'র কাছে নালিশ করলে প্রামী তাকে চড় মেরেছে।

'কেন, কি করেছিলি?' জিগগেস করলেন শ্রীমা।

'গামছা ছু:ডে মেরেছিলাম।'

'একটা গামছা ছ‡ড়ে মারলেই কি একটা চড় মারতে পারে?' শ্রীমা অবাক মানলেন।

একজন সধবা ভক্ত-দ্মীকে সালিস মানলেন। জিগগেস করলেন, 'হ্যাঁ বোমা, এই রকম হয়?'

'তা রাধ্য যদি রাগ করে গামছা ছ'ড়ে মেরে থাকে,' বললে সেই স্থাী-ভক্ত, 'তা হলে তো তার স্বামী ওরকম করতেই পারে!'

'তাই কি বোমা?' বালিকাস্বভাব শ্রীমা স্বচ্ছমুখে বললেন, 'তোমাদের ওরকম করে? ঠাকুরের সঞ্চো আমার তো কোনোদিন ওরকম ব্যবহার হয়নি, তাই ওসব জানি না। তা হলে রাধ্বরই দোষ! শোন্, ঐ যে বোমা বলে, স্বামীকে ওরকম করতে নেই।'

রাধ্ব কি শ্রীমাকেও কম যন্দ্রণা দিয়েছে? বায়্রোগে পাগলের মতন হয়ে আছে তখন কোয়ালপাড়ায়। শ্রীমা খাইয়ে দিচ্ছেন। এমন গেরো, মুখে খাবার নিয়ে প্রায়ই ফেলে দিচ্ছে মা'র গায়ে। বিরক্ত হয়ে মা বলে উঠলেন, দেখ মা, এ শরীর দেবশরীর। এতে আর কত অত্যাচার সহ্য হবে? ঠাকুর আমাকে কখনো ফ্রলের ঘা-টি পর্যন্ত দেননি। কখনো তুমি ছাড়া তুই বলেননি। একবার আমাকে লক্ষ্মী মনে করে তুই বলে কী

অপ্রস্তুত! তক্ষ্মনি জিব কামড়ে বললেন, ওমা, তুমি? কিছ্ম মনে করোনি। আমি লক্ষ্মী মনে করে তুই বলে ফেলেছি!

মন স্থির করে নিতে দেরি হল না সারদার। এইখানেই সে তার বাকি জীবন কাটিয়ে দেবে, এই তর্ম্লে, বিস্তীর্ণ ছায়ায় সংক্ষিপ্ত আঁচল পেতে। এই তৃণাসনই তার রাজেন্দ্রাণীর সিংহাসন।

মেয়েকে তো কই গদাধর ত্যাগ করেনি, বরং সাদরে গ্রহণ করেছে, স্বহস্তে সেবা করে নীরোগ করে তুলেছে—তৃগ্ত মনে বাড়ি ফিরলেন রাম মুখুন্ডে । স্থাকৈ গিয়ে দেবেন সেই সুখবর।

'আমি কি তোমাকে ত্যাগ করেছি?' নহবংখানায় বন্দিনী সারদাকে জিগগেস করে রামক্রস্ক।

'না, তুমি আমাকে গ্রহণ করেছ।'

সমান বৃক্ষের ডালে আমরা দুই সখার মত দুই পাখি একেবারে পাশাপাশি বসে আছি, পরস্পরের দিকে তাকিয়ে। আমি আর তুমি। অণিন আর সোম। আদিত্য আর চন্দ্রমা।

শক্তি আর শিব। প্রপঞ্জরু পিণী আর নিষ্প্রপঞ্চ।

... ছয় ...

এবার অগ্নিপরীকা।

তোতাপ্রবী স্পর্ধা করে বলেছিল রামকৃষ্ণকে, 'স্থাীকে দেশে রেখে খ্রব কামজয়ের বড়াই করছ। থাকত তোমার সন্ধিননী হয়ে ব্রথতুম কেমন বাহাদ্রর।'

অন্তরে একটি দীনতা ছিল রামকৃষ্ণের। তাই কোনো ঔষ্ণত্য দেখার্মান। বিনীতের মত অন্দিপরীক্ষার প্ত-দীপ্ত ম্ব্ত্তির জন্যে প্রতীক্ষা করেছে।

সেই মৃহতেটি সমাগত। মা, বল দে, বীর্ষ দে, আমার প্রাণপবন-স্পন্দকে দৃঢ়ভাবনাভূমিতে বিনিশ্চল কর্।

নবত-ঘরে আছে তখন সারদা, চন্দ্রমণির কাছে। রামকৃষ্ণ তাকে ডেকে পাঠাল। এখন থেকে আমার এখানে শোবে। চন্দ্রমণি ভাবলেন, সংসারে মতি হল বুঝি গদায়ের। পাশাপাশি দ্বটি খাট। বড় খাটটিতে রামকৃষ্ণ ব'সে। ছোটটিতে ব্রুক্তবাব্তা হয়ে ঘুর্মিয়ে আছে সারদা।

বিচার-বিতর্ক করছে রামকৃষ্ণ। মনের মুখোমুখি বসে করছে অনেক খণ্ডন-প্রতিপাদন। সংসার নারীকে ভোগবতী করেছে, তুই একে ভগবতী কর। ক্ষণিক মর্তসীমা ছেড়ে চলে আয় ভূমার নিকেতনে। তুই যদি যোলো আনা করে যাস তবেই তো লোকে এক পয়সা অন্তত করবে। নারীর মধ্যে দেখবে সেই হরসহচরীকে। অন্তত সন্তার মধ্যে দেখবে সেই সম্ভাবনা, যেমন প্রুৎপশাথে আত্ম-দিংস্ফ্র ফলের প্রতিশ্রুতি। 'যেষাং সদাভাদয়দা ভবতী প্রসন্না—যা শ্রী স্বয়ং স্কুর্কাতনাং ভবনেষ্ ।' আর তুই र्याप राज एक पित्र मः मात्रकर्नाध भारत ना स्मरे न्वर्गन्वरर्गत ठिकाना। এই সাধনা একমাত্র তোর। আর সবাই হয় স্থাকৈ বর্জন করেছে, নয়তো ভয়ে-অভিভবে অর্জনই করেনি। তুই শুধু দেখাবি একবার স্থার মহিমা। কাকে বলে সহধর্মিনী। 'কথং ছং জননী ভূত্বা মম বধ্রেপেণ সংস্থিতা?' জননী হয়ে কেমন করে আবার বধ্রুপে আমার ঘরে বিরাজ করো? খরে তোর তিন দেবতা—পিতা, মাতা আর স্থা। তোর এই শেষ দেবতাকে প্রতিষ্ঠিতা করে যা সংসারে। সেই তোর সদাকারা সদানন্দা স্বয়ংপ্রভা প্রতিমা। নিত্যা অক্ষর-সূধা। 'সুধা ত্বমক্ষরে নিত্যে।' নারীর উত্তঃগ্গতম গোরবের মুকুট পরিয়ে দে তার মাথায়। ভবনেশ্বরীর মধ্যে ভবনেশ্বরীকে जाथ।

কিন্তু রামকৃষ্ণের মনেও কি ভয় নেই? আছে। ভয়, পাছে সারদা মোহিনীর্প ধরে। তাকে তার অম্তের অধিকার থেকে বণ্ডিত রাখে। তাই ভবতারিণীর কাছে এই শ্ব্ধ আকুল প্রার্থনা রামকৃষ্ণের : 'মা, আমার স্মীর ভিতর থেকে কামভাব দ্ব করে দে।'

কোনো ভয় নেই। আমি শিরাকজ্বালগ্রন্থিশালিনী মাংসপাণ্ডালি
নই। আমি ঋতম্ভরা প্রজ্ঞা। আমি প্রতিনিয়তা শক্তি। আদিভূতা। চিন্ময়ী
চিদবিলাসিনী। তোমার সর্বতপস্যার সিম্পি। তোমার মল্যঘনীভূতা
প্রতিমা। স্বলপাক্ষরময়ী হয়েও সারবতী অথিলবিদ্যা।

মাকুকে তিরস্কার করছেন শ্রীমা : 'সংসারে যে কি স্থ তা তো দেখছিস! স্বামী-স্থও দেখলি! লজ্জা হয় না, আবার স্বামীর কাছে যাস? এতদিন আমার কাছে থেকে কী দেখলি? এত আকর্ষণ কেন, কেন এত পশ্ভাব? কী স্থ পাচ্ছিস? ফের যদি যাবি, দ্রে করে দেব। ৩২ পবিত্র ভাবটা কি স্বশ্নেও তোদের ধারণা হয় না? এখনো কি ভাই-বোনের মত থাকতে পারিসনে?

কে একটি স্থালোক এসেছে মা'র কাছে। কণ্ঠস্বর অন্তাপে ভরা।
'মা, আমাদের উপায় কী হবে?'

মা ঈষং বিরম্ভ হলেন। বললেন, 'তোমাদের বছর-বছর ছেলে হবে, একট্ও সংযম নেই! এখন আমার কাছে এসে, আমাদের উপায় কী, বললে কী হবে বলো?'

সেজে-গ্রুজে একজন মহিলা এসেছে মা'র কাছে। পায়ে মাথা রেখে প্রণাম করতেই মা বললেন, 'ওখানেই করো না মা, পায়ে কেন?'

মহিলাটির স্বামীর খ্ব অস্থ। তাকে ভালো করে দিতে হবে তার জন্যে মাকে পীড়াপীড়ি করছে। 'আপনাকে এর উপায় করতেই হবে। আপনি বল্কন তিনি ভালো হবেন।'

'আমি কি জানি মা, ঠাকুরই সব। ঠাকুর যদি ভালো করেন তবেই হবে।'

'আপনি বল্ন ঠাকুরের কাছে। আপনার কথা কি ঠাকুর ঠেলতে পারবেন?' কাঁদতে লাগল মহিলা।

'ঠাকুরকে ডাকো তিনি যেন তোমার হাতের নোয়া অক্ষয় রাখেন।' মহিলা চলে গেল প্রণাম করে।

'সব লোকের জনালাতাপে শরীর জনলে গেল মা।' গায়ের কাপড় ফেলে মা শন্রে পড়লেন। 'অমন বিপদ, ঠাকুরের কাছে এসেছে, মাথা-মন্ড় খন্নড়ে মানসিক করে যাবে—তা নয়, কি সব গন্ধ-টন্ধ মেখে কেমন করে এসেছে দেখ! অমন করে কি ঠাকুর-দেবতার স্থানে আসতে হয়? এখনকার সবই কেমন একরকম!'

এমনি আরো কত দিন হয়েছে।

উত্তরের বারান্দায় বসে জপ করছেন মা, পাঁচ-ছটি স্দ্রীলোক এসে হাজির। কি ব্যাপার? একজনের পেটে টিউমার হয়েছে, ডাক্তার বলেছে অস্ম করতে হবে, তাই তিনি ভয় পেয়েছেন। এখন মা'র পায়ের ধুলোয় টিউমারটি যদি আরাম হয়! কাউকে পায়ে হাত দিয়ে প্রণাম করতে দিলেন না মা। বললেন, 'ঐ চৌকাঠ থেকে ধুলো নাও।'

'আপনি আশীর্বাদ করুন যেন ও সেরে ওঠে—'

'ঠাকুরকে ডাকো, উনিই সব।' চণ্ডল হয়ে বললেন, 'তবে তোমরা এখন

এস, রাত হল।' ওরা চলে যাবার পর মা বললেন নবাসনের বউকে,..
'গণগাজল ছিটিয়ে ঘর ঝাঁট দিয়ে ফেল—'

তেমনি একদিন হয়েছিল ঠাকুরের বেলায়। কামারপ্রকুর থেকে কে একজন দেখতে এসেছিল তাঁকে। লোকটা ভালো নয়। সে চলে যাবার পর ঠাকুর বলে উঠলেন, 'ওরে দে, দে, ওখানটায় এক ঝোড়া মাটি ফেলে দে।' কেউ ফেলতে গেল না। তাই দেখে ঠাকুর নিজেই কোদাল নিয়ে ঠনঠন করে খানিকটা মাটি ফেলে দিয়ে তবে ছাড়লেন। বললেন, 'ওরা যেখানে বসে মাটি শান্ধ্য অশান্ধ হয়।'

গণগাজল ছিটিয়ে ঝাঁট দিয়ে দিল বউ। নিচের বিছানায় শ্বের গায়ের কাপড় খ্বলে ফেলে বলে উঠলেন মা, 'আমাকে বাতাস করো, বাতাস করো, দারীর জবলে গেল। গড় করি মা কলকাতাকে। কেউ বলে আমার এ দ্বঃখ, কেউ বলে আমার ও দ্বঃখ, আর সহ্য হয় না। কেউ বা কত কি করে আসছে, কারো বা প'চিশটা ছেলে-মেয়ে—দশটা মরে গেল বলে কাঁদছে—মান্ব তো নয়, সব পশ্ব—পশ্ব! সংবম নেই কিছ্ব নেই। জোরে বাতাস করো মা, লোকের দুঃখ আর দেখতে পারি না।'

মাঝে-মাঝে মাঝ-রাতে ঘুম ভেঙে যায় সারদার। ঘোমটাটি সরিয়ে পরিপূর্ণ চোখে দেখে ঠাকুরকে। এখনো বসে আছেন খাটের উপরে। ঘুম তো দ্রের কথা, পাষাণের মত নিশ্চল, নিশ্বাস পড়ছে কিনা কে জানে! ভয় পেল সারদা। ঘরের বাইরে বারান্দায় শ্রেছিল কালীর-মা, তাকে জাগাল বাসত হয়ে। সে গিয়ে হ্দয়কে ডেকে আনলে। হ্দয় মন্দ্র শোনাতে লাগল ঠাকুরকে। মন্দ্র শ্রনতে-শ্রনতে সংহত তুষার বিগলিত হল, সমাধি-ভূমি থেকে নেমে এল রামকৃষ।

রামকৃষ্ণ তারপর নিজেই সারদাকে শিখিয়ে দিল যত্ন করে, কোন লক্ষণে কোন মন্দ্র বলে ভাঙাতে হবে সমাধি। সারদার আর ভয় নেই, এখন তার আনন্দ, অবিচ্ছিন্ন আনন্দ। তার এখন ঘ্রমিয়েও আনন্দ, জেগে উঠেও আনন্দ। রামকৃষ্ণের সাধনার সমস্ত চাবিকাঠিটি এখন তার হাতে।

তুমি সমাধি আমি মল্ত। তুমি অর্গল আমি কুণ্ডিকা। তুমি কাব্য আমি ব্যাখ্যা। তুমি ভাব আমি মর্তি।

সরলা বালিকাকে কে একজন বৃ্ঝিয়ে দিয়েছে, স্বামীর কাছ থেকে তোর পাওনা-গণ্ডা ষোলো আনা আদায় করে নিবি। সন্তান না হলে স্থাী-লোকের সংসারই বা কি, ধর্মই বা কিসের। স্বামী অসংসারী হয়েছে বলে ৩৪ তুই তো আর সম্ন্যাস নিসনি! তুই তোর আদায়-উশ্লে ছাড়বি কেন?

শরতের শেষালিকার মতই সরল-শহুদ্র সে বালিকার রুপ। মাথা নামিয়ে সলজ্জ মুখে বললে একদিন সারদা, 'তাই তো, ছেলেপহুলে একটাও হবেনি, সংসারধর্ম বজার থাকবে কিসে?'

সর্বজীবের যিনি জননী হবেন তার মধ্যে এই সন্তান-আকাৎক্ষা তো স্বাভাবিক। যে মাতৃদ্বের উন্মেষ হবে সারদার মধ্যে এই আকাৎক্ষাটি তো তারই সৌরভসংবাদ। এ আকাৎক্ষা তো দেহস্বখের ছলনা নয়, এ ভুবন-ক্লাবিনী প্রম্পাবনী স্নেহগণ্গা।

যেন খ্রিশ হল রামকৃষ্ণ। বললে, 'একটা ছেলে খ্রুছছ কি গো! তোমার এত ছেলে হবে যে তাদের মা-ডাকের চোটে টিকতে পারবে না।'

আমি জগতের মা হব না তো আর কে হবে? 'অহং রাষ্ট্রী, সংগমনী বস্ক্রাং।' আমিই একমাত্র অধিশ্বরী, আমিই পার্থিব ও অপার্থিব ধনদাত্রী। আমিই প্রকৃতি বিকৃতিশ্ন্যা। আমিই সর্বাবভাসিকা ব্লেখ। আমিই সর্বাপ্রদাত্রী মহামায়া।

'তাই আজ দেখছি বাবা, কত দেশদেশাশ্তর থেকে কত ছেলেই যে আমার আসছে।' বললেন শ্রীমা। 'নরেন, বাব্রাম, ওরা সব কত কট করে গেছে। এখন তোমাদের মহারাজ—সেই রাখালকেও কতদিন ভাতের হান্ডা মাজতে হয়েছে—'

'একদিন একট্ব মিছরির পানা খেতে দিয়েছিলাম বাব্বরামকে। বাব্বরামের তখন পেটের অস্ব্র। ঠাকুর তা দেখতে পেয়েছিলেন। আমাকে ডেকে বললেন, তুমি বাব্বরামকে কী খেতে দিয়েছিলে? আমি বলল্ম, মিছরির পানা। ঐ কথা শ্বনে ঠাকুর বললেন, ওদের যে সাধ্ব হতে হবে। ও সব কী অভ্যেস করাছে?' মিছরির পানা আর নেই, কিন্তু মায়ের প্রাণের অন্ত্রকাল্লাটি যেন তারও চেয়ে মিছিট, তারও চেয়ে স্নিশ্বর!

বাব্রাম মহারাজ দেহ রাখবার পর মা বলছেন স্থা-ভন্তদের, 'আজ আমার বাব্রাম চলে গেল। সকাল হতে আমার চক্ষের জল পড়ছে।' বলতে-বলতেই চোখের জলের বন্যা নেমে এল। 'বাব্রাম আমার প্রাণের জিনিস ছিল। মঠের শক্তি, ভক্তি, মৃত্তি, সব আমার বাব্রামর্পে গণ্গাতীর আলো করে বেড়াত—'

নরেনের কথা বলতেও মা গদগদ : 'আহা, নরেন আমাকে মঠে নিয়ে গিয়ে প্রথম দুর্গাপ্তা করলে। আমার হাত দিয়ে প'চিশ টাকা দক্ষিণা দেওয়ালে প্ৰুৰ্বীকে। প্ৰজাৱ দিন লোকে লোকারণ্য, ছেলেরা সব খাটাখাটান করছে, এমন সময় নরেন এসে আমায় বললে, মা, আমার জবর করে
দাও। সে কি কথা? ওমা, বলতে-না-বলতেই খানিকবাদে হ্-হ্-হ্ করে জবর
এসে গেল নরেনের। ওমা, একি হল, এখন কি হবে? নরেন বললে, কিছ্
ভোবো না মা। আমি সেধে জবর নিল্ম, নইলে কখন কোন ছেলেটার কাজে
কী ব্রুটি দেখে রেগে উঠে থাম্পড় মেরে বসব ঠিক নেই। তখন ওদেরও
কণ্ট আমারও কণ্ট। তাই ভাবল্ম, কাজ কি, থাকি কিছ্মুক্ষণ জবরে পড়ে।
তারপর কাজকর্ম চুকে আসতেই বলল্ম, ও নরেন এখন তা হলে ওঠো।
হ্যাঁ, মা, এই উঠল্ম আর কি। বলে সমুস্থ হয়ে যেমন তেমনি উঠে বসল।

'মা ঠাকুর্ণ যে কি বস্তু ব্ঝতে পারিনি, এখনো কেউই পারো না, ক্রমে পারবে।' শিবানন্দকে আর্মোরকা থেকে চিঠি লিখছেন বিবেকানন্দ : 'শিক্তি বিনা জগতের উন্ধার হবে না। আমাদের দেশ সকলের অধম কেন, শিক্তিহীন কেন? শিক্তির সেখানে অবমাননা বলে। মা-ঠাকুরাণী ভারতে প্র্নরায় সেই মহার্শান্ত জাগাতে এসেছেন, তাঁকে অবলন্দন করে আবার সব গাগী মৈরেয়ী জন্মাবে। দেখছ কি ভায়া, ক্রমে সব ব্রুবে! এইজন্য তাঁর মঠ প্রথমে চাই। রামকৃষ্ণ পরমহংস বরং যান, আমি ভীত নই, মা-ঠাকুরাণী গেলে সর্বনাশ! শক্তির কুপা না হলে ছাই হবে। আর্মোরকা ইউরোপে কি দেখছি? শক্তির প্রজা, শক্তির প্রজা। তব্ব এরা অজান্তে প্রজা করে, কামের ন্বারা করে। আর যারা বিশ্বন্থভাবে, সাত্ত্বিকভাবে, মাত্তাবে প্রজা করবে, তাদের কি কল্যাণ হবে না? আমার চোখ খ্লে যাছে, দিন-দিন সব ব্রুবতে পারছি। তাই তো বলছি, আগে মায়ের জন্যে মঠ চাই।'

আর শরং? শরং তো মা'র বাস্ক্রি।

'আমার ভার নেওয়া কি সহজ?' বলছেন শ্রীমা, 'শরং ছাড়া কেউ ভার নিতে পারে এমন তো দেখিনি। সে আমার বাস্ক্রিক, সহস্রফণা ধরে কত কাজ করছে, যেখানে জল পড়ছে সেখানেই ছাতা ধরছে।'

মা'র আরেক ছেলে, ড॰কা-মারা ছেলে, দুর্গাচরণ। ওরফে নাগ-মশাই।
'আহা, তার কি ভব্তিই ছিল! এই তো দেখ শুকনো কটকটে শালপাতা,
এ কি কেউ খেতে পারে? ভব্তির আতিশযো, প্রসাদ ঠেকেছে বলে
পাতাখানা পর্যন্ত খেরে ফেলেলে। আহা, কি প্রেমচক্ষ্বই ছিল তার! রক্তাভ
চোখ, সর্বদাই জল পড়ছে। কঠোর তপস্যায় শরীরখানি শীর্ণ। আহা,
৩৬

আমার কাছে বখন আসত, ভাবের আবেগে সি'ড়ি দিয়ে আর উঠতে পারত না, এমনি—' মা নিজে উঠে দেখালেন সেই ভাব— 'থর থর করে কাঁপত, এখানে পা দিতে ওখানে পড়ত। তেমন ভক্তি আর কার, দেখলুম না।'

সেই দ্বর্গাচরণকে মা একখানা কাপড় দিয়েছেন। পাগড়ির মত করে সে তা মাথায় জড়িয়ে রেখেছে। আর যখন-তখন উল্লাসে লাফ দিয়ে বলছে, 'বাপের চেয়ে মা দয়াল।'

মাকে যেদিন প্রথম দেখতে আসে সেদিন মা'র একাদশী। কোনো পর্র্য-ভক্তই মাকে তখনো সাক্ষাৎ-দর্শন করতে পায় না, সিণিড়তে মাথা ঠকে প্রণাম করে। ঝি শব্ধ হেকে নাম বলে দেয়, মা মনে-মনে আশীর্বাদ করেন।

সেদিন ঝি বললে, 'মাগো, নাগমশাই কে? তিনি প্রণাম করছেন তোমাকে। কিন্তু এত জোরে মাথা ঠ্কছেন, রক্ত বের্বে যে। পেছন থেকে মহারাজ কত বলছেন থামবার জন্যে, কিন্তু কোনো বাক্যই নেই। যেন হুঁশ নেই কিছুতেই। পাগল নাকি মা?'

মা চণ্ডল হয়ে উঠলেন। বললেন, 'ওগো, যোগেনকে বলো এখানে পাঠিয়ে দিক।'

যোগেন ধরে নিয়ে এল দ্বর্গাচরণকে। মা দেখলেন, কপাল ফ্রলে গেছে, চোখ দিয়ে জল পড়ছে অঝোরে। এখানে পা ফেলতে ওখানে ফেলছে, চোখের জলে দেখতে পাচ্ছে না মাকে। মুখে শুধু ঠাকুরের মন্ত্র—মা-মা ধর্নি। পাগল অথচ শান্ত, বিহ্বল অথচ গম্ভীর।

মা উঠে এলেন। ধরে বসালেন দর্গাচরণকে। নিজের হাতে মুছে দিলেন চোখের জল।

এই তো মা। সনতান যখন ঠিক-ঠিক কাঁদে, কান্নার মধ্যে আকুলতার অণিনস্পর্শ লাগে, তখন এমনি করেই উঠে আসেন। ধরে বসান। চোথের জল মুছে দেন নিজের হাতে।

মা'র কাছে খাবার ছিল—লন্চি, মিণ্টি, ফল। নিজে কিছ্ খেয়ে নিয়ে খাইয়ে দিতে লাগলেন। কিন্তু কিছ্ কি খেতে পারে? খাবার দিকে মন নেই, শ্বধ্ মা-মা রব! মায়ের পায়ে হাত দিয়ে বসে আছে উন্মনার মত।

মা'র তখন খাবার সময়। মেয়েরা বলতে লাগল, 'মা, তোমার খাওয়া বুঝি হল না। মহারাজকে বলি এ'কে সরিয়ে নিতে।' মা বাধা দিলেন। বললেন, 'না, না, থাক। একট্র স্থির হয়ে নিক।'
দর্গাচরণের গায়ে-মাধায় হাত ব্লুতে লাগলেন মা। ঠাকুরের নাম
করতে লাগলেন। তবে হুশ এল।

মা খেতে লাগলেন, সভেগ-সভেগ খাওয়াতে লাগলেন দুর্গাচরণকে। এই না হলে মা!

খাওয়া হয়ে গেলে ধরাধরি করে দুর্গাচরণকে নিয়ে গেল নিচে। যাবার সময় বলে গেল মাকে, 'নাহং, নাহং, তু'হু', তু'হু', !'

এই না হলে সন্তান!

পরীক্ষায় উত্তীর্ণ হল রামকৃষ্ণ। না, কি সারদাই তাকে উত্তীর্ণ করিয়ে দিল? পালে অন্ক্ল বায়্ সঞ্চার করে নিয়ে গেল সচ্চিদানন্দের অলোকতীর্থে!

রামকৃষ্ণের পদসেবা করছে সারদা। এক সময় কি ভেবে হঠাৎ জিগগেস করে বসল, 'আমি তোমার কে?'

'তুমি? তুমি আমার আনন্দময়ী।' বললে রামকৃষ্ণ।

তুমি অর্পের র্পসাগর। তুমিই মধ্র্র্পিণী মহামায়া। সর্ব তোভদ্রা, আরুষ্টম্খী, স্প্রসন্নাস্যা। অন্নপ্রণা নিত্যতৃপ্তা। দ্বব্রুব্রুশমনী হয়ে আবার প্রমাতিহিন্দ্রী।

'যে মা মন্দিরে সে মা-ই নহবতে।' বললে আবার রামকৃষ্ণ: 'আবার সেই এখন আমার পদসেবা করছে।'

তুমি বহুর পিণী শক্তি। সর্বেশ্বরেশ্বরী। প্রসন্না ও বরদার পে সন্নিহিতা হয়েছ সংসারে। আর ভয় নেই। যে আনন্দের সংবাদ পেয়েছে তার আর ভয় কি।

...সাত...

সেই শান্তিস্বর্পিণীকে প্জা করল রামকৃষ্ণ। ষোড়শী প্জা।
ফলাহারিণী অমাবস্যায় কালিকা-প্জা।

ভালো-মন্দ কিছ্বই ব্বততে পারে না সারদা। রামকৃষ্ণ বলে দিলে রাত নটার সময় এস। তোমার প্জা করব। সে আবার কি! তব্ যথন বলেছেন ঠিক নটার সময় হাজির হল সারদা। न्दिक्तः श्रद्धाः राष्ट्रः । সারদা ঘরে एक्टउरे দরজা বन्ध कतः पिन -রামকৃষ্ণ। বললে, 'বোসো।'

রামকৃষ্ণের চৌকির উত্তর পাশে গণগান্ধলের জালার দিকে মুখ করে পশ্চিমমুখো হয়ে বসল সারদা। রামকৃষ্ণ বসল প্রেমুখো হয়ে। প্রথমেই সারদার পা দুখানিতে আলতা পরিয়ে দিলে, কপালে-সির্ণিতে মাখিয়ে দিলে সিশ্বর। পরিয়ে দিলে নববস্ত্র।

কত আয়োজন-সম্ভার। কত মন্দ্রোচ্চারণ, কত স্তোরপাঠ। কিছ্রই ব্রুবতে পারছে না সারদা। তম্পতের মত বসে আছে। তার পায়ে ফ্রল ফেলছে রামকৃষ্ণ, স্পর্শ করছে তার পা, তব্ কিছ্র বলতে-কইতে পায়ছে না। দিব্যি প্রজাটি গ্রহণ করছে নীরবে।

এই রামকৃষ্ণের শেষ প্রজা, শ্রেণ্ঠ প্রজা। এতদিন দীর্ঘ সাধনায় যত-কিছ্ বস্পুভার জমেছিল তার, যত-কিছ্ আসন-বসন, মালা-কবচ, সব সারদার পায়ে বিসর্জন দিলে। শ্ব্র তাই নয়, সমস্ত সাধনার সার একটি প্রণিপাতে ঘনীভূত করে উৎসর্গ করলে। আর তা স্বচ্ছন্দে গ্রহণ করল সারদা।

সারদার হ'্নশ নেই, রামকৃষ্ণ সমাধিস্থ। রাত যখন প্রায় তিন প্রহর সমাধি ভাঙল। সারদাকে বললে, এখন যাও ফিরে নবতে।

বাইরে বেরিয়ে এসে মনে হল সারদার, কি আশ্চর্য, প্রণাম তো ফিরিয়ে দিলাম না! হে অল্তর্যামী, নাও আমার আত্মনিবেদন। মনে-মনে প্রণাম করল সারদা।

সেই শক্তিস্বর্পিণী, যাকে ঠাকুর প্রজো করেছিলেন, তিনি আছেন কোথার? যিনি প্রজিতা, বিন্দিতা, আরাধিতা, কোথায় তাঁর অধিষ্ঠান?

'বাবা, জানো তো, জগতের প্রত্যেকের উপর ঠাকুরের মাতৃভাব।' একজন ভন্তকে বললেন গ্রীমা : 'সেই মাতৃভাব জগতে বিকাশের জন্যে আমাকে এবার রেখে গেছেন।'

সেই জগতের যিনি মা, কোথায় তাঁর ঘর-দোর?

এই একম্বঠো ঘর, ছোট্ট একট্বখানি দরজা। ঢ্কতে গেলে মাথা ঠ্বকে যার। ঘরের চারপাশে একফালি বারান্দা, তাও দরমার বেড়া দিয়ে ঘেরা। তারই নাম নবত—দক্ষিণেশ্বরের নবত!

ওই একট্ম্পানি ঘরে কত কান্ড। প্রকান্ড এক সংসারের আয়োজন। যত রাজ্যের জিনিস-পত্তর, হাঁড়ি-কুড়ি, বাসন-কোসন। ভাঁড়ারের সাজ- সরঞ্জাম, তেল-নান থেকে ফোড়ন-তেজপাতা। শাধ্য তাই নর, খাবার-জলের জালা। শিকেতে ঠাকুরের যত পথ্যের যোগাড়। হাঁড়িতে মাছ জিয়োনো। সারা রাত কলকল করে সে-মাছ।

কলকাতা থেকে দেখতে আসে মেয়েরা। বলে, 'আহা, কি ঘরেই আমাদের সীতা লক্ষ্মী আছেন গো! যেন বনবাস গো।'

কলিযুগের সীতা। নির্বাসিতা। নির্বাসনায় অধিষ্ঠিতা।

'কী চাইবি ভগবানের কাছে?' বললেন শ্রীমা।

'কেন পিসিমা,' নলিনী বললে, 'জ্ঞান ভক্তি স্ব্খ-সম্পদ—যাতে মানুষ সংসারে শান্তিতে থাকে—এই সব।'

'না, চাইবার যদি কিছু থাকে, তবে তা নির্বাসনা।' সারদার নির্বাসনটিই নির্বাসনা।

কিন্তু ঠাকুর রাসকতা করে বলেন, খাঁচা। লক্ষ্মী এসে থাকে সারদার সঙ্গে, তাই বলেন, খাঁচায় শ্বকসারী থাকে। সারদা নথ পরে বলে নাকের কাছে আঙ্বল ঘ্বরিয়ে ইশারায় বোঝান রামলালকে। 'ওরে খাঁচায় শ্বকসারীকে ফলমল ছোলাটোলা কিছ্ব দিয়ে আয়।'

লোকে ভাবে, সত্যি-সত্যি বৃত্তির পাখি আছে খাঁচায়। রামলাল বোঝে তার খুড়ি আর বোনের কথা বলছেন।

ষোড়শীপ্রজোয় যেসব শাঁখা-শাড়ি পেয়েছে তা নিয়ে কি করবে ভেবে পাচ্ছে না সারদা। তার তো গ্রুর্-মা নেই যে তাকে দিয়ে দেবে! তাই রামকৃষ্ণকে গিয়ে জিগগেস করল।

'তা তোমার গর্ভধারিণী মাকে দিতে পারো। কিল্তু দেখো,' গম্ভীর হল রামকৃষ্ণ, 'তাঁকে যেন মান,্য জ্ঞান করে দিও না। দিও সাক্ষাৎ জগদম্বা ভেবে।'

কথা শ্বনে তৃগ্তিতে ভরে গেল সারদা। যা দিয়ে সে প্রজো পেয়েছে তাই দিয়ে সে আবার প্রজো করবে।

নানান জায়গা থেকে মেয়েরা আসে সারদাকে দেখতে। ঠাকুর বলেন, রুপ ঢেকে এসেছে কিছু সে রুপেরও যেন অবিধ নেই। পরনে চওড়া লাল কম্তাপেড়ে শাড়ি। সি'থেয় সি'দরুর। কালো ভরাট মাথার চুল পা পর্য'ল্ড ঠেকেছে। গলায় সোনার কি'ঠহার। নাকে নথ, কানে মাকড়ি। মধ্রভাব সাধনের সময় মথ্বববাব্ব যে চুড়ি দিয়েছিলেন ঠাকুরকে, সেই চুড়ি দ্বহাতে। মেরেরা দেখে আর আপশোষ করে, এমন মেরের সংসার হল না গো!

ঠাকুর সব ব্রুতে পারেন। বলেন এসে মাকে, 'ওরা সব হাঁস-পর্কুরের চারধারে ঘ্ররে বেড়ার, কি সব নিজেদের মধ্যে ফিসফাস করে। আমি সব শ্রুনতে পাই। তুমি ওদের পরামর্শ শ্রুনোনি বাপ্র। ওরা সব বলবে, আমার মন ফেরাতে ওষ্ধ-পালা করো। দেখো বাপ্র, ওদের কথায় আমায় যেন ওষ্ধ-পালা কোরোনি। আমার সব আছে। তবে ভগবানের জন্যে সব শক্তি তাঁকে দিয়ে রেখেছি—'

'না, না, সে কি কথা!' সারদা বললে দৃতৃস্বরে।

ঐট্বকু ঘরের মধ্যে সারদা কি চুপচাপ বসে থাকে? দিবারাত্র কাজ করে। গৃহস্থালীর ছোট-বড় সকল কাজ রামকৃষ্ণ তাকে শিখিয়ে দিয়েছে নিজের হাতে। সলতে পাকিয়ে কি করে রাখতে হয় প্রদীপে, তা পর্যক্ত। বসে থাকতে দেয়নি। 'কর্ম' করতে হয়, মেয়েলোকের বসে থাকতে নেই, বসে থাকলেই যত বাজে চিন্তা—' সারদাকে উপদেশ দিয়েছে। একদিন তো কতগনলো পাট এনে রাখল সারদার কাছে, বললে, এইগর্নলি দিয়ে আমাকে শিকে পাকিয়ে দাও। ছেলেদের জন্যে আমি সন্দেশ রাখব, লর্নচি রাখব। তথাসতু। শিকে পাকিয়ে দিল। আরো কিছ্বদ্রে গেল সারদা। ফেসোগরলো দিয়ে বালিশ বানালো। পটপটে মাদ্বরের উপর ফেসোর বালিশে মাথা রেখে ঘরম্বলো পরম শান্তিতে। ক্লান্তিই টেনে আনলো নিদ্রার কর্মণা।

একজন সধবা বৃদ্ধা এসে মা'র কাছে নালিশ করলেন, 'সংসার-সংসার করেই মরছি, এ কাজ হল না সে কাজ হল না—এই কেবল করছি দিবানিশি—'

'কাজ করা চাই বই কি।' তাপমোচন হাসি হেসে বললেন শ্রীমা, 'কর্ম' করতে-করতেই কর্মের বন্ধন কেটে যায়, নিম্কাম ভাবের উদয় হয়। এক দশ্ডও কাজ ছাড়া থাকবে না।'

কাজই তো প্জা। আমরা কি আর কোনো আরাধনা-উপাসনা জানি? আমরা জানি যেখানে আমাদের শ্রম সেখানেই আমাদের আশ্রম। সংসার আমাদের মহান প্রতিষ্ঠান আর তার মহান অনুষ্ঠানটিই কর্ম।

কর্ম করতে-করতে ক্লান্ত হব। ক্লান্তিটিই হচ্ছে নৈবেদ্য। ক্লান্ত হলেই মালয়সমীরের স্পাশটি উপভোগ্য হবে। তেমনি ক্লান্ত হলেই আস্বাদ্য হবে ক্লপার শীতলতা।

0 (93)

'কর্মই হচ্ছে লক্ষ্মী।' বলছেন শ্রীমা : 'আমার মা বলতেন যে খ্ব ভালো করে রে'ধে-বেড়ে লোকজনকে খাওয়ায় তার ঘরে মা অমপ্রণার নিত্য বর্মাত।'

ঠাকুরও বলেন সেই কথা। 'মেয়েছেলে কী নিয়ে থাকবে? রাহ্নাবাড়া নিয়ে থাকবে। সীতা রাঁধতেন। পার্ব'তী রাঁধতেন। দ্রোপদী রাঁধতেন। স্বয়ং লক্ষ্মী রে'ধে খাওয়াতেন সবাইকে।'

সারদাও রাঁধে ঠাকুরের জন্যে। সমস্ত মশলার উপর আরেকটি অতিরিক্ত মশলা মেশায়। সে মশলা বাজারে কিনতে পাওয়া যায় না। সেটি তার অন্তরের সমুধা, হৃদয়ের ভক্তি।

তব্ ঠাকুর তাকে পরিহাস করে বলেন, 'ছিনাথ হাতুড়ে।'

কামারপর্কুরে একদিন খেতে বসেছেন হৃদয়ের সঙ্গে। সারদার সঙ্গে-সঙ্গে তার বড় জা, লক্ষ্মীর মা-ও রে'ধেছে সেদিন। খেতে-খেতে ঠাকুর বলছেন, 'ও হৃদ্ব, এটা যে রে'ধেছে সে রামদাস বিদ্য। আর এটা যে রে'ধেছে সে ছিনাথ হাতুড়ে।'

লক্ষ্মীর মা'র রাহ্মায় তার বেশি তাই সে রামদাস। আর সারদার রাহ্মায় তরি কম তাই সে ছিনাথ।

'তা বটে।' হৃদয় গম্ভীর হয়ে মাথা নাড়ল। বললে, 'কিন্তু তোমার ছিনাথ হাতুড়েকে তুমি সব সময়ে পাবে—গা টিপতে, পা টিপতে—ডাকলেই হল। একেবারে হাতের মুঠোয়। আর রামদাস বিদ্য, তার ষোলো টাকা ভিজিট, তাকে পাবে না সব সময়। তা ছাড়া লোকে আগে হাতুড়েকে ভাকে। সে তোমার সব সময়ের বাশ্বব।'

'তা বটে, তা বটে।' সানন্দে সায় দিলেন ঠাকুর। 'এ আমার সব সময়ে আছে।'

তাই, ঠাকুর জানেন, সারদার রাহ্মায় তার না থাক, সার আছে।

'আচ্ছা, আবার বিয়ে কেন হল বল দেখি?' খেতে বসেছেন ঠাকুর, খেতে-খেতে বলছেন বলরামকে, 'স্ফ্রী আবার কেন হল? পরনের কাপড়ের ঠিক নেই, তার আবার স্ফ্রী কেন?'

ঠাকুরই উত্তর দিলেন। পরিহাসপ্রসমস্বরে বললেন, 'ও, ব্রেছি। এই, এর জন্যে হয়েছে।' বলে থালা থেকে তরকারি তুলে দেখালেন বলরামকে, 'নইলে কে আর এমন করে রে'ধে দিত বলো? হ্যাঁ গো, তাই, নইলে কে আর এমন করে দেখত খাওয়াটা। সব রকম খাওয়া তো আর ৪২ পেটে সর না আর সব সময় খাওয়ার হ'শও থাকে না।' সারদার প্রতি ইঙ্গিত করলেন: 'ও বোঝে কি রকম খাওয়া সয়! এটা-ওটা করে দের, তাই ও যদি চলে যায় মনে হয় কে করে দেবে!'

একটি অন্তরণ্গ আলেখ্য। মাধ্র্যরসের রগু দিয়ে আঁকা। কিন্তু ঐ কি সারদার তাৎপর্য?

তাকিয়ে দেখ একবার মন্দিরের দিকে। তারপর এই নবতের দিকে। মন্দিরে পাষাণময়ী ভবতারিণী, নবতে প্রাণময়ী সারদা।

ঠাকুরের একাক্ষর মন্ত্র যে 'মা', তারই ঘনীভূত বিগ্রহ। ঠাকুর শন্ধ্র মন্ত্রই উচ্চারণ করেননি, বিগ্রহও প্রতিষ্ঠা করে গেছেন। সমঙ্ক জীবের যিনি ক্ষ্মধাহরণ করবেন তারই রেখে গেছেন উদাহরণ।

এমন পরিপ্র্ণ সাধনা আর কে করেছে এই প্থিবীতে? বৃন্ধদেব স্থাী ত্যাগ করেছেন। স্থাী ত্যাগ করেছেন শ্রীগোরাণগ। আর অন্যান্যরা স্থাী গ্রহণই করেননি, যেমন শঙ্করাচার্য। স্থাীকে নিয়ে এমন দিব্য সাধনা আর কার? সমস্ত সাধনাকে কে স্থাীতে সারভূতা করেছে? মন্যকে কে দিয়েছে মূর্তি? প্রার্থনাকে নিয়ে এসেছে শ্রীরীপ্রতিমায়?

উত্তর, শ্রীরামকৃষ্ণ। এই সাধনায় শ্রীরামকৃষ্ণ একক। অপ্রতিন্দেশী। এককথায়, রামকৃষ্ণ 'গীতা'। সারদা 'চন্ডী'।

সেই রাজ্যেশ্বরী সাধ করে কাঙালিনী সেজেছেন। কাঙালিনী সেজে ঘর নিকোচ্ছেন, বাসন মাজছেন, চাল ঝাড়ছেন, রাঁধছেন-বাড়ছেন, এমনকি ভক্ত ছেলেদের এ'টো পরিজ্ঞার করছেন!

কাঙালিনী না সাজলে কাঙালেরও মা হবেন কি করে?

জয়রামবাটিতে আছেন তখন মা। তেল মেখে পর্কুরে স্নান করতে যাবেন। কিন্তু পর্কুরে না গিয়ে কোন দিকে যে গেলেন কেউ দেখেনি। খোঁজাখ্রিজর পর দেখা গেল, মা গোয়ালের পিছনে বসে গোবর চটকে ঘুটে দিচ্ছেন।

ষিনি ঘ্টেকুড়্নি তিনিই সর্বসাম্রাজ্যদায়িনী ভূবনেশ্বরী। সর্বাণী সিংহসংবাহা।

আরো নানা বিষয়ে সারদাকে উপদেশ দেন ঠাকুর। কার সপো কেমন ব্যবহার করতে হবে, কি ভাবে দেবতা-গ্রু-অতিথির সেবা, কি ভাবে বা টাকার সম্ব্যর! তারপর সেবার যখন রামলালের বিয়েতে দেশে যাচ্ছেন মা, ঠাকুরকে প্রণাম করতে এলেন একবার উত্তরের বারান্দার। প্রণাম সারা হবার পর ঠাকুর বলছেন গাঢ়েন্স্বরে, 'সাবধানে যাবে। নৌকোয়-রেলে কিছ= ফেলে-টেলে যেয়ে। না—'

দাঁড়িয়ে-দাঁড়িয়ে ঠাকুর দেখলেন তাঁর যাওয়া। ভাবলেন মনে-মনে, ও কে না কে গেল যেন। পরেই ফের ভাবনা ধরল, ও না হলে কে রাহ্মা করে দেবে!

তবেই বোঝো, যিনি গেলেন তিনি অল্লপানদায়িনী জীবধান্ত্রী। মায়ায় বাঁধা পড়ে আছেন এই সংসারে।

'তোমাকে এই যে দেখছি সাধারণ স্থালোকের মত বসে-বসে র্টি বেলছ,' একদিন এক ভক্ত জিগগেস করল মাকে, 'এর মানে কি? মায়া?'

মা হাসলেন মৃদ্ব-মৃদ্ব। বললেন, 'মায়া বই কি। মায়া না হলে আমার এ দশা কেন? আমি বৈকুণ্ঠে নারায়ণের পাশে লক্ষ্মী হয়ে থাকতুম।'

অন্দিবকা বাগদি জয়য়য়য়বাটির চৌকিদার। মা তাকে অন্দিবকে-দাদা বলে ডাকেন। একদিন চুপি-চুপি এসে সে মাকে বললে, লোকে আপনাকে দেবী, ভগবতী, কত-কি বলে, কই, আমি তো কিছু, বুঝতে পারি না।

মা হাসলেন কথা শ্বনে। বললেন, 'তোমার ব্বঝে দরকার নেই। তুমি আমার অন্বিকে-দাদা, আমি তোমার সারদা-বোন।'

এই প্রশ্ন নিয়ে চন্দ্র দত্তও এসেছিল মা'র কাছে। চন্দ্র দত্ত উম্বোধনআপিসের কর্মচারী। দেশ-দেশান্তর থেকে এত লোক আসছে-যাচ্ছে,
দেবীজ্ঞানে এত সাধন-আরাধনা, কিন্তু মা'র ঐ তো শাদামাঠা চেহারা।
দশ হাতও নেই, সিংহও নেই, নেই বা রন্তচচিত খলা। একদিন তাই সে
বললে চুপি-চুপি, মা, কত দরে দেশ থেকে কত লোক দর্শন করতে আসে
আপনাকে। আপনি তো ঘরের ঠাকুমার মত পান সাজেন শ্পন্রি কাটেন,
ঘর ঝাঁট দেন। আপনাকে দ্বেথ, কই, আমি তো কিছ্ই ব্রুঝতে পারি না।

স্মিতহাস্যে মা বললেন, 'চন্দ্র, তুমি বেশ আছ। আমাকে তোমার ব্রে কাজ নেই।'

'আপনি যে ভগবতী তা আমরা ব্রুবতে পারি না কেন?' এক স্থাী-ভক্ত সরাসরি জিগগেস করল মাকে।

মা বোধহয় এবার একট্ন গম্ভীর হলেন। বললেন, 'সকলেই কি আর ঠিকঠিক চিনতে পারে মা? ঘাটে একখানা হীরে পড়ে ছিল। সন্বাই পাথর মনে করে তাতে পা ঘষে স্নান করে উঠে ষেত। একদিন এক জহুরী সেই ঘাটে এসে দেখে চিনলে যে সেখানা এক প্রকান্ড হীরে। মহাম্লা।' রঙিন চুষিকাঠি ফেলে আমরা যখন ট্যা-ট্যা করে চেচাব, আর তুমি ভাতের হাঁড়ি নামিয়ে রেখে দ্বুন্দাড় শব্দে ছব্টে আসবে, ছব্টে এসে আমাদের কোলে টেনে নেবে, তখন আমরাও ব্রুব তুমি আমাদের মা। সকলের আ হয়ে আমার একলার মা!

... আট ...

ষোড়শী প্জার পর সারদা দেশে ফিরল। দেশে ফিরেই দ্বর্ঘটনা।
বাবা মারা গেলেন। ব্বকে বড় বাজল। কিন্তু কি করা! ভগবান যত দ্বঃখকণ্ট দিচ্ছেন তা তো ব্বক পেতে নিতে হবে। তিনি যা করবেন তাই তো
হবে সংসারে।

দক্ষিণেশ্বরে আবার ফিরে এল। যদি দক্ষিণ-ঈশ্বরের সালিধ্যে শোকের জনালা স্নিশ্ধ হয়।

আছেন সেই নবতে। সরলা বালিকার মাতিতে। চন্দ্রমণির পক্ষছারে।
প্রথম যেবার কলকাতায় এল, কল-ঘরে গিয়েছে, দেখে, কলের মধাে
সোঁ-সোঁ করে গজরাচ্ছে সাপের মত। দেখেই তাে ভয় পেয়ে দে-ছয়ৢট।
মেয়েদের কাছে গিয়ে বলছে গ্রুত হয়ে, 'ওগাে, কলের মধাে একটা সাপ
ঢ়য়েকছে দেখবে এস। সোঁ-সোঁ করছে।' শয়েনে মেয়েরা তাে হেসে কৄটপাট।
'ওগাে, ও সাপ নয়, ভয় পেয়াে না। জল আসবার আগে অমনি শব্দ হয়
কলের মধাে।' তখন সারদাও হেসে আটখানা।

এ কাহিনীটিই পরে বলছেন স্থাী-ভন্তদের। বলছেন আর হাসছেন। সে সরল হাসির নির্মালতা দেখে কে!

নবত তো নয়, দরমা-ঢাকা অন্ধক্প। তার মধ্যে আছে বন্দিনী হয়ে। বন্দিনী তব্ব আনন্দিনী।

মন্দিরের খাজাঞ্চী বলে, 'তিনি আছেন শ্বনেছি কিন্তু কখনো দেখতে পাইনি।'

কি করে দেখবে! শ্ব্ধ্ আছেন এই জানলে কি দেখা হয়?

র্যাদ দেখতে চাও, কাঁদো। মা বলে আর্তনাদ করো। 'মা'-নামের ধে আ-কার, তা আর্তির আকার, আকুলতার আকার, আন্তরিকতার আকার। সেই আ-কার দিগ্রুত পর্যাহত প্রসারিত করে দাও। বরিশালে একটি ভন্ত-ছেলের অস্থ করেছে। মুখ দিয়ে রক্ত উঠছে। মরবার আগে মাকে একবার দেখতে বড় সাধ। কিন্তু নিজের তো যাবার সাধ্য নেই। মা যদি আসেন! মা'র আবার অসাধ্য কি!

একখানা চিঠি লিখল মাকে। মা, আমার নিদার্ণ অস্খ, বাঁচবার বিন্দ্রমান্ত আশা নেই। সাধ, মরবার আগে তোমাকে একবার দেখি। আমি এখন নিঃস্ব, র্ণন, অসমর্থ—তোমার কাছে যাই এমন ক্ষমতা নেই। কিন্তু তুমি ইচ্ছে করলে বরিশালে এসে আমাকে দেখে যেতে পারো। দয়া করে একবার আমাকে দেখে যাও।

মা তাঁর একখানি ফোটো পাঠিয়ে দিলেন। লিখলেন, 'বাবাজীবন, ভন্ন নেই, তোমার অস্থ সেরে যাবে। আমার যে ফোটোটি পাঠালাম তাই দেখো—'

ছায়া-কায়া ঘট-পট সমান। মাকেই দেখল সেই ছবিতে। দেখল মা'র সেই রোগহরণ ক্ষমামধুর চক্ষ্ম দুটি। অসুখ মুছে গেল দেহ থেকে।

রজেশ্বরীর হিস্টিরিয়া। হাতে একগাছি রুপোর তাগা। রোগের প্রতিকারের আশায় কে পরিয়ে দিয়েছে। প্রতিকার দ্রুস্থান, কেউ বরং তাগা দেখে আধি-ব্যাধির কথা জিগগেস করে বসে। আর জিগগেস করে বসলেই রোগের কথা মনে পড়ে যায় রজেশ্বরীর। আর যেই মনে পড়া অমনি মুচ্ছা।

সেদিন ঠিক তাই হল। মা'র ভাজ, স্বরবালা, জিগগেস করল রজেশ্বরীকে, 'ও তাগা কেন পরেছ?' মা'র কানে গেল সেই প্রশন। ফলাফল ব্রুতে পেরেছিলেন, তাই বিরক্তির স্বরে শাসন করলেন ভাজকে, 'কেন, সব কথা জিগগেস করবার কী দরকার?' বলেই তাকালেন ব্রজেশ্বরীর দিকে। বললেন অমিয়ভাবে, 'কোনো ভয় নেই মা, তাগা তুমি খ্বলে ফেল হাত থেকে। তোমার ও-রোগ অমনিতেই সেরে যাবে।'

নিশ্চিশ্ত হয়ে তাগা খ্লে ফেলল রজেশ্বরী। সেরে গেল হিস্টিরিয়া।
চাষারা এসে কে'দে পড়েছে মা'র কাছে। মাগো, দেবতা মূখ তুলে
চাইল না, আকাশ খাঁ-খাঁ করছে, এক ফোঁটা মেঘের দেখা নেই। ছেলেপ্লে
নিয়ে মরতে হবে না খেয়ে।

মা একবার তাকালেন আকাশের দিকে। তারপরে খেতের দিকে। যেন সর্বশন্ন্য শ্মশানের চেহারা। চোখের জল উথলে উঠল। বললেন, 'ঠাকুর, এ কি করলে? শেষটার এরা না খেরে মরবে?' মার সেই কামা বর্ষার জল হয়ে নেমে এল সেই রারে। আকাশ-ভাঙা বর্ষা। চাষাদের ঘরে-ঘরে আনন্দের কোলাহল পড়ে গেল। শ্কুনো মাঠ ভরে গেল সোনার ধানে।

রাব্রে ঘ্নম নেই ঠাকুরের। অন্ধকার থাকতে-থাকতেই বেরিয়ে পড়েন ঘর ছেড়ে। এক-একদিন নবতের কাছে এসে লক্ষ্মীকে ডাকেন : 'ও লক্ষ্মী, ওঠ রে ওঠ। তোর খ্রিড়কে তুলে দে। আর কত ঘ্নম্বি? রাত পোহাতে চলল। মা'র নাম কর।'

হয়তো শীতের রাত, ঘুম পাতলা হয়ে এলেও লেপ ছেড়ে উঠতে ইচ্ছে হয় না। লেপের মধ্যে কুণ্ডলী পাকিয়ে সারদা আন্তে-আন্তে বলে লক্ষ্মীকে, 'তুই চুপ কর্। ওঁর কি! ওঁর চোখে ঘুম নেই। এখনো ওঠবার সময় হয়নি। কাক-কোকিল রা কাড়েনি। সাড়া দিসনি।'

সাড়া না পেয়ে ঠাকুর ঠান্ডা জল নিয়ে আসেন। দরজার গোড়া দিয়ে বিছানা-লেপের উপর জল ছিটিয়ে দেন। তখন না উঠে উপায় কি।

এমনিতে চারটের সময় নাইতে যায় সারদা। নেয়ে এসে জপে বসে। বিকেলের দিকে একট্ব রোদ আসে, পড়ন্ত বেলার নিভন্ত রোদ, তাইতে চুল শ্বকোবার চেন্টা করে। ওই ট্বকুন রোদে চুল কি শ্বকোয়? এক কাঁড়ি চুল। যোগেন-মা সন্ধের দিকে যখন আসে চুল বাঁধতে, তখন দেখে চুল ভিজে। প্রায়ই চুল বাঁধা হয় না। কেনই বা বাঁধবে? মা যে আল্বলায়িত-কুন্তলা।

'ওরে হ্দ্,' হ্দয়কে ডাক দিয়ে বলেন ঠাকুর, 'আমার বড় ভাবনা ছিল, পাড়াগে'য়ে মেয়ে—কে জানে এখানে কোথায় শোচে যাবে। হয়তো লোকে নিন্দে করবে, আর তখন লজ্জা পাবে। তা, ও কিন্তু এমন, কখন যে কি করে কেউ টেরও পায় না। আমিও দেখল্ম না কখনো বাইরে যেতে।'

কথা কটা কানে ঢ্ৰকল সারদার। ভয় ঢ্ৰকল মনের মধ্যে। ঠাকুর যথন যা চান তথন তাই তাঁকে দেখিয়ে দেন ভবতারিণী। এইবার বাইরে গেলে নির্ঘাত তাঁর চোখে পড়তে হবে! এখন উপায়! ব্যাকুল হয়ে জগদম্বাকে ডাকতে লাগল সারদা। আমাকে বাঁচাও, আমার লব্জা রক্ষা করো।

তথাস্তু। জিতে গেল সারদা। জগজ্জননী দুই পাখা মেলে সারদাকে ঢেকে রাখলেন। তেরো বচ্ছর ছিল নবতখানার, কার্র ঢোখেই পড়ল না কোনোদিন। 'ব্নেনা পাখি, খাঁচার রাতিদিন থাকলে বেতে যায়।' সারদাকে বলেন এসে ঠাকুর: 'মাঝে-মাঝে পাড়ায় বেড়াতে যাবে।'

মাঝে-মাঝে দ্বপ্রবেলা যায় একট্ব এদিক-ওদিক। ঠাকুরই তাকে দাঁড়িয়ে দেন পথের উপর। বলেন, এখন এদিকে কেউ নেই গো, বেরোও ট্বক করে। খিড়াকির দোর দিয়ে বেরিয়ে পড়ে সারদা। পাড়ার মধ্যে এ-বাড়ি গু-বাড়ি একট্ব ঘুরে এসে আবার সন্থের আগেই খাঁচায় ঢোকে।

মন্দিরের কাছে জমি নিইয়ে দিলেন শম্ভু মিল্লক। কাশ্তেন শালকাঠ পাঠিয়ে দিল। তাই দিয়ে তৈরি হল চালাঘর। নবতে জায়গার সঙ্কুলান হয় না বলে চালাঘরে উঠে এল সারদা। একটি ঝি রইল তার তত্ত্ব করতে।

সেই ঘরেই ঠাকুরের জন্যে রাহ্মা করে সারদা। বড় থালায় বড়-বড় বাটি সাজিয়ে খাবার নিয়ে যায় ঠাকুরের ঘরে। যাই খান না খান, সজনে খাড়া বা পলতার শাক, বাটির ঐশ্বর্য আছে ঠাকুরের। ছোট বাটি দিলে বলেন, আমি কি পাখি যে ঠ্যুকরে-ঠ্যুকরে খাব? অম্নপর্ণার ভাশ্ডায়ে অনটন নেই কিছ্রুর। পাত্র যদি রিক্তপ্ত হয় ভরা থাকবে তা অন্তরের অম্তে।

দরে থেকেই ঠাকুর সব দেখা-শোনা করেন। নিঃসণ্ডেগ রেখেও পাঠান একটি অল্তরঙ্গতার স্বর। একদিন বিকেলবেলা হঠাৎ হাজির হলেন সেই চালাঘরে। আর তথ্ননি এমন ব্রুণ্টি নামল যে ধরল না সারারাত।

'তবে এখানেই চাট্টি রে'ধে খাওয়াও।'

অমপূর্ণার মন্দিরে এসে কে কবে অভুক্ত থাকে। সারদা রাঁধল ঝোল-ভাত। কাছে বসে খাওয়াল ঠাকুরকে।

বৃণ্ডির আর বিরাম নেই। তবে, উপায় নেই, এ ঘরেই আজ রাচ্রি-বাস।

কি রকম একটা ঘনিষ্ঠতার আবেশ আনলেন ঠাকুর। বললেন, 'সেই যে কালীঘরের বাম্নুনরা রাত্রে বাড়ি যায় এ যেন তেমনি হল। তাই না?'

তার চেয়ে বেশি। ওরা যেখানে যায় সেটা শৃংধ-্-ঘর, আর যেখানে সারদা থাকে, যেখানে ঠাকুর আসেন, সেটা কালী-ঘর।

উনিশ শো আঠারো সালের দুর্গাপ্জার সময় মাস্টারমশাই বললেন এক ভন্তকে, মাকে দর্শন করেছ? মহামায়া দেহ ধারণ করে কত ভন্তকে দর্শন দিয়ে কৃতার্থ করছেন। যাও, কাল মহাণ্টমী, কালই কিছু পদ্মফ্ল নিয়ে তার পাদপদ্ম পুজো করে এস।' পশ্মফ্রল নিয়ে ভক্ত গেল মা'র মন্দিরে, বাগবাজার-মঠে। যেতে-যেতে দ্বুপ্রর হয়ে গেল। গিয়ে শ্বনল সেদিনের মত প্রব্য-ভক্তদের দর্শন হয়ে গিয়েছে। মায়ের পা জবলছে, বরফ দেওয়া হচ্ছে। বিকেল থেকে স্মীভক্তদের দর্শন চলবে শ্বধ্ব।

হতাশায় বসে পড়ল ভক্ত। হাতে-ধরা পদ্মগর্দা শর্কিয়ে আসতে লাগল। তব্ব ওঠে না, জায়গা ছাড়ে না। অন্তরের পদ্মদল তো দ্লান হবার নয়।

এমন সময় শোনা গেল দ্টি স্থা-ভক্ত পথ হারিয়েছে। ঠিক পথ হারায়নি, ঠিকানা ভুলে গিয়েছে। মেডিকেল কলেজের পিছনের গালিতে বাড়ি কিল্তু নন্বর মনে নেই। এখন কে তাদের পেণছে দেয়? এমন কি কেউ আছেন এখানে যিনি ও-পথ দিয়ে ফিরবেন?

পদ্মহাতে সেই ভক্তটি উঠে দাঁড়াল। মা'র দর্শন যখন পাব না, তখন যাঁরা মা'র দর্শন পেয়ে কৃতার্থ হয়েছেন তাঁদের কাউকে যদি একট্র সেবা-সাহায্য করতে পাই তবে তাই আমার দর্শন। কলেজ স্ট্রিট হয়ে শেয়ালদা স্টেশনে যাব আমি, আমিই পারব পে'ছি দিতে।

উপর থেকে খবর এল মা ডেকেছেন। সির্ণিড় বেয়ে টলতে-টলতে উঠতে লাগল ভক্ত। মা এসে দাঁড়ালেন তার তৃষ্ণার্ত চোখের সমন্থে, তাকালেন তার মনুখের দিকে। কিল্তু এমন অভিভূত হয়ে গিয়েছে ভক্ত, মার মনুখের দিকে না তাকিয়ে পায়ের দিকে তাকিয়ে রইল। পদ্মফন্ল রাখল তাঁর পায়ে। শিশির আর তখন কোথায়, বিকচ হয়ে উঠেছে নয়নের শিশিরে।

'হ্যাঁ, এর স্বারাই হবে।' মা মনোনীত করলেন। বললেন, 'একে প্রসাদ দাও।' নেবে না কিছুতে ভন্ত, তব্ মা তাকে একখানি কাপড় ও একটি টাকা দিলেন। পথহারা স্ত্রী-ভক্ত দুর্টিকে দিলেন তার হেপাজতে।

অন্ধকারে অনেক ঘোরাঘ্ররি করে স্ত্রী-ভক্ত দ্র্টিকে বাড়ি পেণছে দিয়ে ভক্ত চলে এল মাস্টারমশায়ের কাছে। সব বললে আগাগোড়া। কিন্তু সর্বশেষে দ্বংখের নিন্বাস ফেললে। বললে, 'কিন্তু মা'র সংশ্য তো কোনো কথা হল না।'

'কথা হয়নি কি বলছ! মা লক্ষ্মী মূখ তুলে চেয়েছেন, আর তোমার কি চাই!' বলে নতুন কাপড়খানি পার্গাড়র মত করে ভত্তের মাথায় জড়িয়ে দিলেন মাস্টারমশাই। 'সাক্ষাং জগজ্জননীকে দর্শন করেছ সশরীরে, তোমার মানবজন্ম সফল হল!' মা'র মুখখানি দেখিনি, তাঁর পা দুখানি দেখেছি। মা'র মুখে বা অভর তাই তাঁর চরণে আশ্রয়। মুখে আশ্বাস, চরণেই শাশ্বতী স্থিতি।

সারদার মন্থখানি ঘোমটা দিয়ে ঢাকা। চিররহস্যের অবগন্থ দিয়ে। ঠাকুরের সামনে বসে যখন খাওয়ায় তখনও ঘোমটাটি ছোট হয় না।

কে সইবে সেই অনাবৃত মুখের রুপচ্ছটা! তাই মহামায়া এই যবনিকাটি রচনা করেছেন। শুখু বিস্তৃত করেছেন একটি আভাসের আকাশ। আভাসের অন্তরালে রয়েছেন বিভাত হয়ে।

ঠাকুরের তথন কঠিন আমাশা, সারদা আছে চালাঘরে। ডাক পড়েনি তাই সারদা যাচ্ছে না ঠাকুরের সেবায়। শুখু প্রতীক্ষা করছে। কখন ডাকটি আসে! শুখু ডাকই প্রার্থনা নয়, প্রতীক্ষাও প্রার্থনা।

এমন সময় কাশী থেকে কে একটি মেয়ে এসে হাজির। কেউ জানে না তার নাম-ঠিকানা, লেগে গেল ঠাকুরের শন্ত্র্যায়। বোধহয় ঠাকুরের কাজেই এসেছে, চলে যাবে কাজ ফ্রুলে। কোন দিকে যাবে কেউ টের পাবে না ঘূণাক্ষরে।

কাশীর মেয়ে এসে অবাক মানল। স্বামীর অস্থ, অথচ স্বাী রয়েছে দ্রে সরে। ঘোমটা দিয়ে মুখ ঢেকে। একদিন সন্ধেবেলা কাশীর মেয়ে সারদাকে টেনে আনল হিড়হিড় করে। টেনে আনল ঠাকুরের ঘরে। এনেই একটানে খুলে ফেলল মুখের ঘোমটা।

অঘটন ঘটে গেল। ঠাকুর উঠে বসে স্তব করতে শ্রুর করলেন।
তুমিই চিতিশক্তির্পিণী। তুমি পরমা আদ্যা প্রকৃতি। বিশ্বন্ধা বোধস্বর্পা।

যাকে সাংখ্য বলে পরুরুষ, বেদান্ত বলে ব্রহার, উপনিষদ বলে আছার, তুমি তাই। তুমি অঘটনঘটনপটীয়সী মহাশন্তি।

... নয় ...

চালাঘরে থেকে সারদার অস্থ করে গেল। শম্ভু মল্লিক ডান্তার-বাদ্যর ব্যবস্থা করলেন বটে কিন্তু প্ররোপ্রার সারল না। ঠাকুর বললেন, বাপের বাড়ি ঘুরে এস। যদি স্থানপরিবর্তানে স্ফল হয়।

জয়রামবাটিতে এসে বেড়ে গেল অস্থ। সেখানে আর ডান্তার-বাদ্য

কোথার, কে বা ব্যবস্থা করে! কল্প্রকুরের ধারে শোচে যায়, বারে-বারে হে'টে যেতে কণ্ট, পর্কুর-পাড়েই শ্রের পড়ে থাকে। একদিন পর্কুর-জলে ছায়া দেখে বিতৃষ্ণা এল সারদার—এ হাড়-সার দেহ রেখে লাভ কি! এইখানেই দেহটি থাক, এইখানেই দেহ ছাড়ি। তক্ষ্মনি কে একটি মেয়ে, গাঁয়ের মেয়েই হবে হয়তো, এদিকপানে চলে এসেছে। দেখতে পেয়ে এগিয়ে এল। ওমা, তুমি এখানে পড়ে কেন? চলো, চলো, ঘরে চলো। বলে তুলে টেনে নিয়ে গেল ঘরে।

তথন আর কি করা, শেষ উপায়, সারদা সিংহবাহিনীর মন্ডপে গিয়ে হত্যে দিলে। গ্রাম্য দেবী এই সিংহবাহিনী। কোনো নাম-ডাক নেই, কেউ মাড়ায় না তার এলাকা। তারই শরণাপন্ন হল সারদা। হয় দেহ নাও নয় আরোগ্য দাও।

'তুমি কেন পড়ে আছ গো?' সিংহবাহিনী নিজে এসে তুলে দিলেন মাকে। ওলতলার মাটি দিলেন খেতে। অস্থ সেরে গেল।

সারদার অস্থ সারিয়ে দিয়ে নিজেরও অখ্যাতি সারিয়ে নিলেন।
দিকে-দিকে রব উঠে গেল, গ্রাম্য দেবী সিংহবাহিনীকে জাগিয়ে দিয়েছে
সারদা।

'বড় জাগ্রত দেবতা, সেখানকার মাটি কোটোয় করে রেখেছি।' বললেন শ্রীমা : 'নিজে খাই. রাধ্বকেও রোজ খেতে দিই একট্ব-একট্র করে।'

'বোস মা বোস।' একজন স্ত্রী-ভক্তকে বললেন সেদিন শ্রীমা : 'এটি আমার ভাইঝি। নাম রাধারানী। ওর মা পাগল হতে আমিই ওকে মান্য করি।'

কিশোরী একটি মেয়ে। মায়ের হাত থেকে পালাবার চেষ্টা করছে প্রাণপণে। কত রকম ব্রিঝয়ে তার চুল বে'ধে দিলেন, কাপড় পরিয়ে দিলেন, খাইয়ে দিলেন নিজের হাতে।

মহামায়ার এ আবার কোন মায়া!

'এই যে রাধি-রাধি করি. এ তো একটা মোহ নিয়ে আছি!'

দ্বই পাঁজরার নিচে খ্ব ব্যথা হয়েছে রাধ্র। কাছে বসে মা সেক দিচ্ছেন। একটি স্থী-ভক্ত মাকে প্রণাম করে বসল পাশটিতে।

'রাধ্বর কি হয়েছে মা?'

'রাধ্র সেই ব্যথা ধরেছে। দেখ না ছেলে আমার সারা হয়ে গেল।' মায়া ফেটে পডল মা'র কণ্ঠস্বরে: 'পোড়া ব্যথা কোথা থেকে এল বলো দেখি। এত দেখানো হচ্ছে, কত ঠাকুরের মানসিক করেছি, কেউ শোনে না গা?'

ঠাকুরের অস্থে হত্যে দিয়েছিলেন তারকেশ্বরে। একদিন যায় দ্বিদন যায় পড়েই আছেন। রাতে হঠাৎ একটা শব্দ পেয়ে চমকে উঠলেন। যেন অনেকগ্রলো সাজানো হাঁড়ির মধ্যে একটা হাঁড়ি কেউ ঘা মেরে ভেঙে দিলে। আশ্চর্য, সেই শব্দে সব মায়া কাটিয়ে অশ্ভূত একটা বৈরাগ্য এল মনের মধ্যে। ভাবলেন এ সংসারে কে কার? কে কার স্বামী এ সংসারে? কার জন্যে আমি এখানে প্রাণ বলি দিতে বসেছি? উঠে পড়লেন চট করে। কে যেন তুলে দিলে! অন্ধকারে হাতড়াতে-হাতড়াতে চলে এলেন মন্দিরের পিছনে। কুশ্ড থেকে স্নানজল নিয়ে দিলেন চোখে-মুখে। পিপাসায় গলা কাঠ হয়ে গিয়েছে, খেলেন খানিকটা। তবে একট্র স্কুথ হলেন। পরিদনই ফিরে এলেন কাশীপ্রের।

কি গো, কিছ্ হল?' জিগগেস করলেন ঠাকুর, 'কিছ্ না তো? আমি জানি কিছ্ হবার নয়। আমিও স্বন্দ দেখল্ম। হাতি ওষ্ধ আনতে গেছে। মাটি খ্ড়ছে ওষ্ধের জন্যে। এমন সময় গোপাল এসে স্বন্দ ভেঙে দিলে।'

কাল পূর্ণ হয়েছে। খেলা শেষ করেছি। বাকি খেলা এবার তুমি খেলবে।

তারপরে মা গেলেন ভবতারিণীর মন্দিরে। দেখলেন মা-কালী ঘাড় কাৎ করে রয়েছেন।

'মা, তুমি এমন করে কেন আছ?'

कानी वनतन, 'खत थे घारमत जना। आभातख गनाम घा रसाह ।'

এক অস্থ ছাড়ে তো আরেক অস্থ ধরে। এবার ধরল ম্যালেরিয়া। সবাই বলে, পিলের দাগ নাও। পিলের দাগ ছাড়া সারবে না এই কম্পজ্বর।

সে এক অমান্বিক ব্যাপার। রুগীকে দ্নান করিয়ে শৃইয়ে দেওয়া হয় মাটিতে। তিন-চারজন লোক তার হাত-পা চেপে ধরে জোর করে, যাতে সে ফল্লায় না পালায়। তারপর হাতুড়ে জন্মত কুলকাঠ দিয়ে পেটের খানিকটা জায়গায় ঘষতে থাকে। পোড়ার ফল্লায় রুগী তীরস্বরে আর্তনাদ করে। যত চেটায় তত তাকে চেপে রাখে প্রাণপণে।

সারদা স্নান করে এল। তার মা বললেন হাতুড়েকে, 'বাবা, বেলা হয়েছে। নতুন আগন্ন করে আমার মেয়েটির পিলে দেগে দাও।' তিন-চারজন দুর্ধর্ষ লোক তাকে ধরতে এল। সারদা বললে, 'না, কাউকে ধরতে হবে না। আমি নিজেই পারব চুপ করে শুরে থাকতে।'

কুলকাঠের আগন্ন দিয়ে পিলে দেগে দিল সারদার। অসহ্য যন্ত্রণা সহ্য করল স্থির থেকে। অস্ফন্ট একটি কাতরোক্তিও বের্লে না মৃখ দিয়ে।

স্থির থাকো। যন্ত্রণায় স্থির থাকো, স্থির থাকো সমর্পণে, শরণা-গতিতে। যেখানে আছ সেখানেই তোমার স্থির।

মাকু আক্ষেপ করছে : 'কি, এক জায়গায় থির হয়ে বসতে পারল্ম না!'

'থির কি গো?' মা বললেন, 'যেখানে থাকবি সেখানেই থির। স্বামীর কাছে গিয়ে থির হবি ভাবছিস? সে কি করে হবে? তার অলপ মাইনে, চলবে কি করে? তুই তো বাপের বাড়িতেই রয়েছিস। বাপের বাড়ি লোকে থাকে না?'

যেখানেই শান্তি সেখানেই তিষ্ঠ। মনে নেই ঠাকুরের কথা? 'মা, তীথে'-তীথে দ্রমণ করা কি ভালো?'

মা বললেন, 'মন যদি একস্থানে শান্তিতে থাকে তবে তীর্থ-ভ্রমণের কি দরকার?'

আসল তীর্থ হচ্ছে চিত্ত। চিত্তে যদি তীর্থ না থাকে তবে কোথায় তোমার তৃষ্ঠিত?

ম্যালেরিয়ার জন্যে ঠাকুরও পিলে দাগিয়েছিলেন। তাই তো বললেন, 'যা ভোগ আমার উপর দিয়েই হয়ে গেল। তোমাদের আর কার্কে কণ্ট ভোগ করতে হবে না। জগতের সকলের জন্যে আমি ভোগ করে গেলুম।'

গ্রামের কালীপ্জার কর্তারা আড়াআড়ি করে শ্যামাস্পরীর চাল নিলে না। তাই দেখে শ্যামাস্পরী কাদছেন। কালীর জন্যে চাল করল্ম, এ চাল আমার কে খাবে?

রাত্রে স্বাংন দেখলেন কে এক লালম্খী দেবী দোরগোড়ার পারের উপর পা দিয়ে বসে আছেন। কতক্ষণ পরে গা চাপড়ে ওঠালেন শ্যামা-স্থান্দরীকে। বললেন, 'কাদিসনে, কালীর চাল আমি খাব।'

ঘ্ম থেকে উঠে শ্যামাস্ন্দরী সারদাকে জিগগেস করলেন, লাল রঙ, পারের উপর পা দিয়ে বসা—এ কোন ঠাকুর রে সারদা?'

সারদা বললে, 'জগম্বাহাী।'

'আমি জগন্ধান্রীর প্রজো করব।'

কিন্তু এমন বৃণ্ডি, ধান আর শ্বেকানো বাচ্ছে না। শ্যামাস্ন্দরী আবার কাঁদতে বসলেন, 'যদি ধানই না শ্বুতে পারি, কি করে তোমার প্রজা হবে?'

শেষকালে, ছোট্ট একট্মখনি রোদ উঠল। সে আবার কি কথা? হ্যাঁ, তাই—এক চ্যাটাই রোদ। চারদিকে বৃষ্টি হচ্ছে অঝোরে, শুন্ধ যে চ্যাটাইয়ে ধান শুনুতে দিয়েছে সেই পরিমাণ রোদ!

হয়ে গেল প্রজো। প্রতিমা বিসর্জনের সময় কানের একটি গয়না খ্লে রাখলেন শ্যামাস্করী। তারপর কানে-কানে বলে দিলেন, মা জগাই, আবার আর-বছর এসো।

পর বছরে পর্জোর সময় সারদার কাছে কিছু চাঁদা চাইলেন শ্যামা-সর্শরী। যেন খুব উপযুক্ত রোজগেরে জামাইয়ের হাতে মেয়ে দিয়েছেন, সাহায্য করবার ক্ষমতা রয়েছে যথেণ্ট। সারদা বললে, 'একবার হল, হল, আবার ল্যাঠ্যা কেন? ও আমি পারবনি।'

রাত্রে স্বংশন তিনজন এসে হাজির। একা জগন্ধান্ত্রী নয়, সঙ্গে জয়া-বিজয়া। সারদাকে বললে সরাসরি, 'আমরা তবে যাই।'

'না, না, তোমরা কোথায় যাবে?' সারদা ধড়মড় করে উঠল। 'তোমরা থাকো। তোমাদের যেতে বলিনি।'

কী চাঁদা দিতে পারে সারদা? শরীরের শ্রম দিতে পারে। বাসন মাজতে পারে।

সেই থেকে জগন্ধান্ত্রী পরুজার সময় সে গ্রামে আসে আর বাসন মাজে। মায়ের আরেক ছেলে যোগীন। ঠাকুর বলেন অর্জ্বন। তার ধ্যানারক্ত চোখ দুটিকৈ বলেন অর্জ্বনচক্ষর।

ষখন যে দ্ব-এক আনা পরসা পার মা'র নামে তুলে রাখে। তিল-তিল করে ছশো টাকা সঞ্চর করেছে। তাই থেকে সে কাঠের বাসন কিনে দিলে, বারকোষ, লটকেন আর সিংহাসন। জররামবাটির জগম্খান্রী প্রজোর বাসন। মাকে বললে, 'মা, তোমাকে আর বাসন মাজতে যেতে হবে না।'

তা ছাড়া—মাকে সম্পূর্ণ নিশ্চিন্ত করা দরকার—তিনশো টাকা দিয়ে তিন বিঘে জমি কিনে দিল। সেই আয়ে পুজো হবে বছর-বছর।

যোগীন একখানা লেপ করিয়ে দিয়েছিল মাকে। সেটা বড় পর্রোনো হয়ে গিয়েছে, আর ব্যবহারের যোগ্য নয়। ওটার তুলো পি'জে নতুন খোলে বঞ চড়ালে দিব্যি নতুন লেপ হয়ে যাবে। কিন্তু মা কিছুতেই রাজী হন না। বলেন, 'না, ওটাকে বদলে দিয়ে কাজ নেই। এই লেপ যোগীন দির্মোছল, দেখলেই যোগীনকে মনে পড়ে।'

বিয়ে করেছিল যোগীন। তার অন্তিম সময়ে তার স্থাকৈ মা নিয়ে এলেন তার পাশটিতে। যোগীন কিছ্বতে নেবে না তার সেবা, মা তা হতে দিলেন না। মায়ের আদেশে স্থার সেবা নিতে হল যোগীনকে। মা বললেন, 'যোগীন, একে দ্ব-একটি কথা বলো। একট্ব উপদেশ দাও।'

'আমি ওসব পারবো না, সে সব আপনি ব্রুনে।' যোগীন মুখ ফিরিয়ে নিল।

যোগীন যখন দেহত্যাগ করল, তখন নরেন্দ্রনাথ বললে, 'কড়ি খসল। এবারে ধীরে-ধীরে বর্গাও সব খসে পড়বে।' আর মা বললেন, 'বাড়ির এক-খানা ইট খসল, এবারে সব যাবে।'

... मृन्य ...

'কে যায় ?' আসম সন্ধ্যার অন্ধকারে জনহীন বিস্তীর্ণ প্রান্তরে হ্মকে উঠল বাগদি-ডাকাত।

'তোমার মেয়ে গো—' উচ্চারিত হল বাণী নির্মালমন্তি। বন্ধনমোচনী বিঘোষণা।

যা মেয়ে তাই মা। যা মা তাই মেয়ে। মা পার্বতী, মেয়ে গোরী। ঠাকুরের সেই যে মাত্মন্ত্র তারই উম্জ্বলন্ত বিগ্রহ এই সারদা। মন্ত্রের জীবন্ত রূপান্তর।

আমার মেরে? থমকে গেল বাগদি-ডাকাত। এই নিশ্বাসরেখাহীন পরিত্যক্ত মাঠে পথহারা আমার জননী? সাপের মাথায় ধ্লেলা পড়ল। বন্ধ্যা মাটিতে জেগে উঠল মমতার শ্যামলতা। এক পা এক পা করে এগ্লতে লাগল ডাকাত। সত্যিই তো, চেনা-চেনা লাগছে। ওই কোমলকুমার ম্খ-খানি, ক্লান্তকায়ের কুশিমা। কোন জন্মের মেয়ে কে জানে, ইহ জন্মের মা।

কত বার এর মধ্যে যাওয়া-আসা করেছে সারদা। একবার তো শ্যামা-স্বৃন্দরীকে নিয়ে গিয়েছিল। হৃদয় যা ব্যবহার করলে, অভাবনীয়। নিজের বাড়ি শিওড়, তাই শিওড়ের মেয়ে শ্যাক্ষক্ষক্রেজন মোটে আমোলই দিলে না। বললে, 'এখানে কি? এখানে কি করতে এসেছ? এখানে কিছ্ হবে না।' বলে প্রায় তাড়িয়ে দিল। শ্যামাস্বদরী বললেন, 'চল দেশে ফিরে যাই। এখানে কার কাছে মেয়ে রেখে যাব?' যার কাছে রাখবার কথা তিনি হ্দয়ের ভয়ে হাঁ-না কিছুই বললেন না। রামলাল পারের নৌকো এনে দিলে। মাকে নিয়ে সারদা ফিরে এল।

উপেক্ষিত, প্রায় অপমানিত হয়ে ফিরে এল। হৃদয় যেন ভেবেছিল তার কালীবাড়ির বরান্দে এরা ভাগ বসাতে এসেছে! কি লচ্জা! অন্য কোনো মেয়ে হলে, এই অবস্থায় এ-ই হয়তো সংকলপ করত, আর কোনো দিন যাব না দক্ষিণেশ্বর। ফিরিয়ে নিয়ে যেতে হলে, অন্য কোনো মেয়ের বেলায়, লাগত অনেক সাধ্যসাধনা। ওগো, চলো, পায়ে পড়ি, ঘাট হয়েছে, আর কোনোদিন হবে না এমন অনাদর—লাগত অনেক সতবস্তুতি। কিন্তু সারদা অনন্যা। সে ম্তিমতী প্রস্তুতি, ম্তিমতী শরণাগতি। ভবতারিণীর দিকে ম্ম করে সে শ্বন্ বললে, মা গো, এবার স্থান দিলে না। কিন্তু আর যদি কোনোদিন আনাও তো আসব।

আসব না নয়, যদি আনাও তো আসব। এই তো নিজেকে ঢেলে দেওয়া। এই তো ডাক শোনবার জন্যে উৎকর্ণ থাকা। এই তো যোগ-ভাৎপর্য।

তারপর এল সেই কর্ণ চিঠি। ঠিক চিঠি নয়, কামারপ্রক্রের লক্ষ্মণ পানকে দিয়ে খবর পাঠালেন ঠাকুর। হৃদেয় তখন চলে গেছে দক্ষিণেশ্বর থেকে, আর নতুন প্জারী হয়ে রামলাল নিজেকে নিয়েই মাতোয়ারা। তখন বলে পাঠালেন লক্ষ্মণকে দিয়ে : 'এখানে আমার কন্ট হচ্ছে। রামলাল মা-কালীর প্রেরী হয়ে বাম্বনের দলে মিশেছে। এখন আর আমাকে তত খোঁজখবর করে না। তুমি অবিশ্যি আসবে। তুলি করে হোক, পালকি করে হোক, দশ টাকা লাগ্রক, বিশ টাকা লাগ্রক, আমি দেব।'

একম্হ্তিও দেরি করল না সারদা। পালকি-ডুলিও দ্রুত নয়, যদি পারত পাখি হয়ে উড়ে যেত।

এত যাকে প্রয়োজন তাকে আবার সেবার ফিরিয়ে দিলেন নির্বিচারে।
সেবার রেললাইনের উপর পড়ে গিয়ে হাত ভেঙেছে ঠাকুরের, সারদা
এসেছে দক্ষিণেশ্বরে। হিসেব করে দেখলেন সারদার রওনা হবার অলপ
পরেই এই দুর্ঘটনা। আরো হিসেব করে দেখলেন, যে সময়ে সারদা যাতা
করেছিল সেটা বিষাঃংবারের বারবেলা। তখন বললেন অনুযোগ করে,

'তুমি বিষাংখনারের বারবেলায় রওনা হয়ে এসেছ বলেই আমার হাত ভেঙেছে। যাও, যাত্রা বদলে এস।'

সারদা তথ্যনি চলে যাবার জন্যে প্রস্তৃত। ঠাকুরের বোধহয় মায়া হল একট্ন। বললেন, 'আচ্ছা আজ থাকো, কাল যেও।'

পর্রাদনই সারদা ফিরে চলল। এক রাত্রি থাকবার পর ফিরে চলল যাত্রা বদলে আসতে।

কিন্তু সেবারের যাত্রা দুঃসাহসিক। সেটা বোধহয় তৃতীয়বারের যাত্রা।
ভূষণ মন্ডলের মা গংগাসনানে যাচ্ছে। সংশ্য আরো কজন সহ্যাত্রী।
তা ছাড়া লক্ষ্মী আর শিবরাম। সারদা বললে, আমিও যাব।

যাওয়া পায়ে হে'টে। ট্রেন-স্টিমারের বাষ্প নেই কোথাও। পদরজেই রজধাম। ভ্রমণ মানে মন্দির-প্রদক্ষিণ। গমন মানে তীর্থাগমন।

কামারপ্রকুর থেকে আরামবাগ আট মাইল। তারপরেই তেলো-ভেলোর মাঠ। সেই মাঠ পেরিয়ে তারকেশ্বর। সেই মাঠ এক নিশ্বাসের পথ নয়, প্রায় দশ মাইল। আগে ঐ মাঠ তো পেরোও তবে তারকেশ্বরের নাম কোরো।

কেন, সেই মাঠে কী? সেই মাঠে ঠ্যাঙাড়ে-ডাকাতের বাসা। ঘাপটি মেরে বসে আছে অশ্বকারে। দরাজ হাতে লুট-তরাজ করতে। হেসে-হেসে মাথা কাটতে। কখনো আগে হত্যা, পরে লুট।

আরো আছে। মাইল দ্বয়েক মাঠ ভেঙেই ডাকাতেকালীর থান। চন্ড-ম্বন্ডবিখন্ডিণী বৈরিমদিশা রণরামা। বলতেই বলে, তেলোভেলোর ডাকাতেকালী। দেখতে ঘোরদর্শনা, ভয়ালকরালা। দেখতে কি, শ্বনতেই ব্বকের রম্ভ হিম হয়ে যায়।

যাত্রীদের সবায়ের চেণ্টা সন্ধ্যা লাগবার আগেই যাতে পেরোতে পারে তেলোভেলো। সেই উদ্দেশে পা চালাচ্ছে প্রাণপণে। কিন্তু ওদের সংশ্যে পা মিলিয়ে সমান তালে চলতে পারছে না সারদা। পিছিয়ে পড়ছে। বারেব্বরেই পিছিয়ে পড়ছে। ক্লান্তিতে পা আর চলতে চাইছে না।

প্ররোবতীরা অভিযোগ করছে : তাড়াতাড়ি পা চালাও। এখনো অনেকখানি পথ। আঁধার নামবার আগেই বেরিয়ে যেতে হবে মাঠ ছেড়ে।

থামছে সারদার জন্যে। সারদা এসে সংগ ধরছে। আবার কখন পিছিয়ে পড়েছে ক্লান্তিতে। 'তোমার একার জন্যে সকলে আমরা মারা পড়ব ডাকাতের হাতে?' ধমকে উঠল অগ্রগামীর দল। তা কি করব, শরীরে দিচ্ছে না, পারছি না হাঁটতে, এমন কথা বলল না সারদা। কিংবা, যে করেই হোক, কোলে করে হোক কাঁধে করে হোক আমাকে নিয়ে চলো তোমাদের সঙ্গো—এমন কথাও না। ওকি, আমাকে একা ডাকাতের মুখে ফেলে তোমরা কোথায় পালাচ্ছ, এমন কথা বলেও ডুকরে কে'দে উঠল না। সারদা বিবেচনা করে দেখল, সতিাই তো, তার জন্যে কেন আর সকলে বিপন্ন হবে, বিড়ম্বিত হবে। তার নিজের ক্লান্তি কেন অন্যের কণ্টক হবে, তার নিজের অক্ষমতা কেন হবে অন্যের প্রতিবন্ধক! সে নিজে হাঁটতে পারছে না তার ফলাফল সে নিজে বহন করবে, কেন সে বেড়ী হয়ে থাকবে পরের পা জড়িয়ে? তাই সে বললে, স্পন্ট স্বচ্ছকণ্ঠে: 'তোমরা যাও। পারি তো আমি যাছি তোমাদের পিছনে। যদি পারো, তারকেশ্বরের চাঁটতে আমার জন্যে অপেক্ষা কোরো।'

আশ্চর্য, সংগীরা সারদাকে ত্যাগ করে চলে গেল স্বচ্ছন্দে। মেতে পারল? জনপরিশন্ন্য মাঠ, আতৎকভরা নিস্তখ্যতা, করালী সন্ধ্যা আসছে ঘনতর হয়ে, একটি একাকিনী তর্ণীকে ফেলে চলে যেতে পারল? সারদাও কাদল না, কাটল না, নিজের সমস্ত ভার নিজেই তুলে নিল দ্বাতে। কিসের তার দ্বঃসাহস?

অনুত্ত প্রশ্নটি এইখানে, কিসের তার দ্বঃসাহস? কেন সে ভেঙে পড়ল না? কেন সে সংগীদের হাত টেনে ধরে আটক করল না? কিসের ভরসায় সে তারকেশ্বরের চটির কথা শোনাল?

সারদা জানে, কী মন্দ্র সে ধরে, কী অমোঘ মন্দ্র। এই মন্দ্রে পাথর ফেটে দ্ব্ধ বেরোয়, বন্ধ্যা মৃত্তিকায় ফ্লে ফোটে। এই মন্দ্র মাত্মন্দ্র। এই মন্দ্র—আমি তোমার মেয়ে, আমি তোমার মা।

ঠিক মত উচ্চারণ করা চাই। মেশানো চাই ঠিক মত আন্তরিকতার স্বর, সরলতার টান। উদ্যত সাপ ফণা নোয়াবে। উম্পত ডাকাত মাথা নোয়াবে।

'কে ষায়?' হ্মকে উঠল বাগদি-ডাকাত।

'তোমার মেয়ে গো—' কোমলকর ণ স্বরে উত্তর দিল সারদা।

আমার মেরে! সমস্ত মাঠ ও আকাশের শ্নাতা একটি অপর্প কালার ভরে গেল। আমি তোমার মেয়ে, আমি তোমার মা—এই প্রথম কালা, পরম কালা!

'চবুলি ভাই, বাজনা থামাও, আমি একটা মায়ের কাঁদন শ্বনি—'। ৫৮ বিয়ের পর কন্যা চলেছে পতিবাসে। বাজনা বাজছে। কিন্তু সমস্ত বাজনার অন্তরালে বাজছে তার মায়ের কামা। তাই কন্যা বলছে চুর্নিকে, 'চুর্নি ভাই, বাজনা থামাও, আমাকে আমার মায়ের কামাটি শ্নুনতে দাও।'

তেমনি সংসার বাজিয়ে চলেছে তার নানাযদেরর বাদ্যধর্নি। বলছি, সংসার, তোমার বাজনাটা একট্ব থামাও। বিশ্বজননীর কালাটি একট্ব শ্বনি কান পেতে।

স্তব্ধ মাঠে বাগদি-ডাকাত শ্নল বর্ঝি সেই জননীর কালা।

লাফ দিয়ে এগিয়ে গেল। করাল-ভয়াল দুর্দানত চেহারা। মাথার ঝাঁকড়া চুল, হাতে লম্বা লাঠি। কপ্ঠে সিংহনাদ।

একট্বও ভয় পেল না সারদা। বললে, 'ঘাচ্ছিল্ম দক্ষিণেশ্বর তোমার জামাইরের কাছে। আমার সংগীরা আমায় ফেলে চলে গিয়েছে আগে-আগে। তুমি যদি এখন আমাকে পেণছৈ দিয়ে এস—'

'কোথায় জামাই? কি করে?'

'দক্ষিণেশ্বরে রানি রাসমণির কালীবাড়িতে থাকেন--'

পতিগ্হ্যাত্তিনী মেয়ের গলা আরো একজন শ্নেতে পেল। সে বাগদি-ডাকাতের বউ। সেও এল এগিয়ে। পথহারা মেয়েকে পাথা দিয়ে ঢেকে রাখতে।

'আমি তোমার মেয়ে গো—সারদা।' ডাকাত-বউরের হাত দ্বটো চেপে ধরল। বললে, 'আর আমার ভয় কি। আমার বাবা-মাকে পেরেছি, বিপদ-আপদ কেটে গিয়েছে—'

যে রক্ষক সে ভক্ষক হয় এ হামেশাই শোনা যায়। কিন্তু যে ভক্ষক সে রক্ষক হয় এই প্রথম দেখা গেল!

গাঁরের এক ছোট্ট দোকানে নিয়ে গেল সারদাকে। মন্ড্রিম্ড্রিক কিনে আনল, তাই খাওয়াল রাতের মত। বার্গাদ-বউ নিজের হাতে পেতে দিল বিছানা। ছোট মেয়েকে ষেমন ঘ্রম পাড়ায় তেমনি ঘ্রম পাড়াল সম্নেহে। লাঠি হাতে দ্রয়ারে জেগে রইল বার্গাদ-ডাকাত।

যে লা-ঠন করবে সেই দাঁড়াল প্রহরী হয়ে। একটি মাত্র মন্তে এই অসাধাসাধন। আরোগ্যসাধন।

সকালবেলা উঠে সারদাকে নিয়ে চলল তারকেশ্বর। পথে কড়াইশ্বিটির খেত। কড়াইশ্বিটি ছি'ড়ে-ছি'ড়ে বালিকার মত খেতে লাগল সারদা।
তারকেশ্বরে পেণিছে ডাকাত-বউ বায়না ধরল. 'কাল সারা রাত কিছ্

খার্মান আমার মেরে। যাও, বাবার প্রজ্যে দিয়ে চট করে বাজার করে এস । মাকে একট্র খাওয়াই ভালো করে।

প্রজো হল, বাজার হল, মেয়ের জন্যে রাঁধতে বসল বাগদি-বউ। মেয়ের টানে সেও এই দীর্ঘ পথ হে'টে এসেছে। নিজের হাতে রে'ধে দিচ্ছে স্নেহবাঞ্জন।

মেয়ের টানে না মন্ত্রের টানে!

সংগীদের সংগ মিলিয়ে দিল সারদাকে। তারা বোধহয় ভাবতেও পারেনি এমন স্ক্র্থ-তৃত্ব অবস্থায় তাকে দেখতে পাবে। বলিস কি, বে'চে আছিস? কে এরা?

'মা-বাবা। মাঠের অন্ধকারে এ'রা যদি কাল না এসে পড়তেন কি যে হত ভাবতেও পারি না।'

বিদ্যবাটির দিকে চলল এবার যাত্রীদল। বাগদি-ডাকাত আর তার বউ কাঁদতে লাগল আকুল হয়ে। সারদাও ভেঙে পড়ল কান্নায়। তর্লতাও কাঁদতে লাগল নিঃশব্দে। বিদায়ের আকাশ তাকিয়ে রইল অশ্রম্থ হয়ে।

'র্যাদ পায়ের বোঝা স্ত্রী সঙ্গে না থাকত তোমাকে বাবার কাছে পেণছৈ দিয়ে আসতুম।' বললে বাগদি-ডাকাত।

আর বাগদি-মা খেত থেকে কড়াইশ্বটি ছিড়তে লাগল। ছিড়ে বে'ধে দিলে সারদার আঁচলে। বললে, মা সার্ব, রাত্রে যখন মর্বাড় খাবি তখন খাস এই কড়াইশ্বটি।'

সারদারা বাঁয়ের রাস্তা দিয়ে চলে গেল। বাগদি আর বাগদিনী তাকিয়ে রইল তার যাওয়ার দিকে। তার অপস্লিয়মান অঞ্চলের শেষ প্রান্তটির দিকে। বাগদিরা গেল ডাইনের রাস্তা দিয়ে। বায়-বায় আর ফিরে-ফিরে তাকায়। তাকায় আর কাঁদে।

ঠাকুর বলেন, 'ডাকাতর্পী নারায়ণ।'

তার ডাকাতি দেখ, দেখবে না তার পিতৃত্ব ? তার নিষ্ঠ্রেতা দেখ, দেখবে না তার মাতৃভক্তি ?

পথ চিনে-চিনে একদিন তারা এল দক্ষিণেশ্বরে। সঙ্গে মোয়া আর নাড়্। এনেছে মেয়ে-জামায়ের জন্যে।

'আমাকে তোমরা এত স্নেহ করো কেন গা?' জিগগেস করলে সারদা। 'তুমি তো সাধারণ মেয়ে নও। তোমাকে যে আমরা কালীর্পে দেখল্ম!' 'সে কি গো?' হাসল সারদা।

'না মা, আমরা সত্যিই দেখল্ম। আমরা পাপী বলে তুমি র্প গোপন করছ!'

'কি জানি বাপ্র, আমি তো কিছ্র জানিনি।' যে দেখবার সে দেখে। যে শোনবার সে শোনে। আমি যে ডাকাতেরও মা।

একটি পতিতা এসেছে মার কাছে। মা তাকে টেনে আনলেন কাছে, মার্জনামধ্রে সাম্থনা দিলেন। এই নিয়ে কথা উঠল—ওরা কেন এখানে আসে? মা বললেন, 'ওরা আমার কাছে না আসবে তো কার কাছে আসবে? আমি কাউকে বাদ দিতে পারব না। ঠাকুর বলেছেন, এবার আমি কাউকে ছাড়ছি না। ঠাকুর কি কেবল রসগোল্লা খেতে এসেছেন?'

একটি কুলবধ্ বিপথে পা দিয়েছে। হৃতসর্বন্দ্ব হয়ে এসেছে মা'র কাছে। অন্তাপের দাহ উঠেছে বৃকের মধ্যে। চোখে জল অবিশ্যি অবিরল কিন্তু সে-দাহের নির্বাণ হচ্ছে না।

ঠাকুরঘরের বাইরে দাঁড়িয়ে কাঁদছে। মা'র সামনে গিয়ে দাঁড়ায় এট্রকুও মনে হয় স্পর্ধার মত।

কিন্তু মা যে পরমপাবনী ক্ষমাম্তি। সমস্ত ক্লেশ-ক্লেদ মুছে দেবেন বলেই তো তাঁর বসনাঞ্চল। তিনি ডাকলেন: 'এসো মা, ঘরে এসো। পাপ যখন ব্রুতে পেরেছ তখন আর পাপ নেই। এসো, তোমাকে মন্দ্র দেব। ঠাকুরের পায়ে সব অপণ করে দাও, ভয় কি।'

कत्रुगापुरा जारूरीत स्नार्म गर्हा रन गरिका।

থিয়েটারের অভিনেত্রীরা এসেছে। মা সবাইকে আদর করে প্রসাদ খাওয়াচ্ছেন। বিল্বমণ্গলের পাগলীর গান ধরেছে তিনকড়ি। গান শ্ননে মা সমাধিস্থা।

বাগবাজারের পদ্মবিনোদ পাঁড় মাতাল। গিরিশচন্দের 'প্রফর্প্ল' নাটকে মর্প্ল্বকর্টাদ ধ্বধ্রিয়ার পার্ট করে। মাঝে-মাঝে আসে বলরাম-মন্দিরে, ঠাকুরের 'কলকাতার কেপ্লায়'। শরং-মহারাজকে দোসত ডাকে।

দোতলায় মা শ্রেছেন, নিচে শরং-মহারাজ, আশ্রতোষ মিত্র, আরো কেউ-কেউ।

'দোস্ত, দোস্ত!' দ্পার রাতে ডাকাডাকি শার হল। শারং-মহারাজ চুপি-চুপি সকলকে বলে দিলেন, পদ্মবিনোদ এসেছে। শ্বরদার, কেউ দরজা খুলে দিসনি। মাতাল হয়ে এসেছে, এমন চে'চার্মোচ শুরু করবে মা-ঠাকরুন জেগে উঠবেন।

সবাই চুপ করে রইল। বন্ধ দরজায় টোকা মারল বাইরে থেকে, কিল্ছু কেউ সাড়া দিল না।

'আমি ব্যাটা এত রান্তিরে এলাম, আর দোস্ত, তুমি একবারটিও উঠলে না, জানলার পাথি তুলে দেখলেও না একটিবার।' বলে চলে গেল পশ্ম-বিনোদ।

পরের রাব্রে আবার এসেছে। সেই মত্ত-মৃত্ত অবস্থা। এবার আর দোস্ত নর। সোজা মাতৃসম্ভাষণ। 'মা, ছেলে এরেছে তোমার, ওঠো মা।' বলেই স্কুস্ঠে গান ধরল:

> 'ওঠ গো কর্নাময়ী, খোল গো কুটির-ম্বার, আঁধারে হেরিতে নারি, হ্দি কাঁপে অনিবার। সন্তানে রাখি বাহিরে, আছ স্থে অন্তঃপ্রের, আমি ডাকিতেছি মা-মা বলে, নিদ্রা কি ভাঙে না তোমার?'

উপরের ঘরের জানলার একটা পাখি খুলে গেল।
'এই রে, মাকে তুলেছে।' নিচে শরং-মহারাজ ব্যাসত হয়ে উঠলেন।
শাধ্য একটি খড়খড়ি নয় খুলে গিয়েছে সম্পূর্ণ জানলা।
'উঠেছ মা?' রাসতা থেকে উধর্ম যুখ হয়ে বলে উঠল পদ্মবিনোদ: 'সম্তানের ডাক কানে গেছে? উঠেছ তো পেল্লাম নাও।' বলে বলা-কওয়া নেই রাস্তায় গড়াগড়ি দিতে লাগল।

উঠে আবার চলল আপন মনে। গান ধরল :

'ষতনে হৃদয়ে রেখো আদরিণী শ্যামা মাকে, মন, তুমি দেখ আর আমি দেখি, আর যেন কেউ নাহি দেখে। দোশত যেন নাহি দেখে॥'

'ছেলেটি কে?' পর দিন উঠে জিগগেস করলেন মা। সব ব্তাশ্ত শ্নলেন একে-একে। বললেন, 'দেখেছ, জ্ঞানট্যুকু টনটনে।' 'ছাই টনটনে!' বলে উঠল ভক্তের দল : 'আপনার ঘ্রমের যে ব্যাঘান্ত করে।'

'তা করুক। ওর ডাকে যে থাকতে পারি না। দেখা দিই।'

একটি ভক্ত-মেয়ে মাকে স্বংন দেখেছে। যেন তাঁকে চন্ডীজ্ঞানে প্রুজাে করছে ও প্রুজাে অন্তে লালপেড়ে শাড়ি দিছে। পর দিন একখানা লালপেড়ে শাড়ি নিয়ে এসেছে সে মা'র কাছে। কিন্তু লব্জায় কিছ্র বলতে পারছে না। দিদি, তুমি বলাে। আরেকজন ভক্ত-মেয়েকে দিয়ে বলাল অনেক করে। মা বললেন, 'জগদন্বাই স্বংন দিয়েছেন, কি বলাে মা? তা উঠি, দাও শাড়িখানা—পরতে তাে হবে!'

চওড়া লালপেড়ে শাড়িখানি পরলেন। দ্বর্গাপ্রতিমা যেন ঝলমল করে উঠল। ভক্ত-মেরেদের চোখে জল এল। স্বন্দ-দেখা মেরেটি বললে, 'একট্র সি'দ্বর দিলে বেশ হত।'

তাতে মায়ের আপত্তি নেই। বরং বললেন সহাস্যো, 'তা দেয় তো সি'দ্বর!'

সিশ্দর আনা হয়নি। তাতে কি, মা তাঁর চুলের পিছনে রাখেন একট্র সিশ্দরের চিহ্ন। মা চিরসীমন্তিনী। শিবসীমন্তিনী।

মঠে দ্বর্গাপ্রজা হচ্ছে। দেবীর বোধন। সন্ধেবেলা মা আসবেন। বাব্রুরাম ছ্রুটোছ্র্বটি করছে, বলছে, কি করে মা আসবেন? এখনো কলাগাছ আর মঙ্গালঘট বসানো হয়নি। বোধন সাঙ্গ হবার সঙ্গো-সঙ্গেই মা এসে হাজির। চারদিক দেখে-শ্রুনে মা বলছেন হেসে-হেসে, 'সব ফিটফাট, আমরা যেন সেজেগ্রুজে মা-দ্বর্গাঠাকর্ন এল্ব্রুম।'

... এগারো ...

সেই দুর্গাপ্রতিমা, সেই জীব-জগতের মা, রয়েছেন বন্দীশালায়। সংকীর্ণ নবতের ঘরে। দরমা দিয়ে ঘেরা দুর্ভেদ্য দুর্গে। যিনি জগতের বন্দিতা তিনিই কারাগারে বন্দিনী।

তিনি জানেন তিনি কে। তব্ নিয়েছেন এই সাধনৱত। সন্তোষের সাধন। তিতিক্ষার তপস্যা।

আর যিনি পাঠিয়েছেন এই বনবাসে তাঁর প্রতিই স্ক্র্যভীর ভালোবাসা।

যাঁকে বলা যেতে পারত নিম'ম, তাঁকেই কিনা দয়াময় ও প্রেমময় বলে মনে-মনে মাল্যদান!

হ্দয় রণ্গ করে বলে, 'তুমি মামাকে বাবা বলে ডাকো না!'

এতট্বকু আড়ণ্ট হল না সারদা। প্রাণভরা আবেগ নিয়ে বললে, 'তিনি বাবা কি বলছ, তিনি পিতা মাতা বন্ধ্ব বান্ধব আত্মীয় স্বজন—সব তিনি।'

সারদার জিহ্বায় একটি মন্দ্র লিখে দিয়েছেন ঠাকুর। কুলকুন্ডলিনী ষটচক্র এ'কে দিয়েছেন। নবতের পশ্চিম বারান্দায় বসে দক্ষিণ দিকে মুখ করে, ঠাকুরের দিকে মুখ করে জপ করে সারদা। আর চাঁদের দিকে তাকিয়ে প্রার্থনা করে, তোমার জ্যোৎস্নার মত আমার অন্তর নির্মাল করে দাও।

আরো একট্র বেশি বলে। বলে, 'তোমাতেও কলঙ্ক আছে, কিন্তু আমি যেন নি-দাগ থাকি।'

ঠাকুর বলে দিয়েছেন, চাঁদা মামা সকলের মামা, ঈশ্বর সকলের ঈশ্বর সকলের আপনার।

দ্রেই থাকুন দ্রেই রাখনে ঠাকুরও আমার আপনার।

সাহেব-বাড়ি থেকে মা'র ফোটো তৈরি হয়ে এসেছে। কেমন হয়েছে দেখন তো? মা'র হাতে দেওরা হল দেখতে। প্রথমেই মা মাথায় ঠেকালেন। ছবিখানি কার মা? কেন—আমার! সবাই হেসে উঠল। হাসছ কেন? মা তাকালেন অবাক হয়ে। নিজের ছবি নিজেই প্রণাম করলেন? হাসতে-হাসতে মা বললেন, কেন এর মধ্যেও তো ঠাকুর আছেন।

তাই সেদিন বললেন ব্রহম্বাদিনীর ভাষায়, 'আমার মাঝেও ষিনি, তোমার মাঝেও তিনি। দুলে বাগদি ডোমের মাঝেও তিনি।'

বিশ্বহিতধ্যানে মণন মাত্ম্তিকে একবার দেখ! হাওয়ায় আঁচল চুল উড়ে যাচ্ছে তব্ লভ্জার্পিণীর দেহব্দির লেশ নেই। সে মহিমময়ী ম্তি একদিন দেখতে পেল যোগীন। ঠাকুরের খোঁজে যাচ্ছে পঞ্চবটীর দিকে, দেখল সমাধিশ্যা হয়ে বসে আছেন মা, তন্ময়তার কবিতা। সর্বভূত-মহেশ্বরী মহতী বিশ্বকাশ্তি।

যোগেন-মাকে বললে একদিন সারদা, 'ওঁকে একট্ব বলতে পারো?' 'কি?'

'যাতে আমার একট্ব ভাব-টাব হয়! লোকজনের জন্যে যেতে পারি না ওঁর কাছে। তুমি তো যাও, বলবে?'

এ আর বেশি কথা কি। সকালবেলা, ঠাকুর একা বসে আছেন ৬৪ তত্তপোশে, যোগীলুমোহিনী প্রণাম করে কাছে এসে দাঁড়ালো। কি খবর, স্মিতমুখে জিগগেস করলেন ঠাকুর।

সাহস পেয়ে বললে এবার সারদার কথা। সে ভাব চায়।

ঠাকুর গশ্ভীর হয়ে গেলেন। তাঁর প্রসাদক্ষিশ্ধ মনুথে ফনুটে উঠল কঠিন ঔদাসীন্য।

আর কথা বলবার সাহস পেল না যোগেন-মা। তাড়াতাড়ি আরেকটা প্রণাম কোনোমতে সেরে নিয়ে পালিয়ে গেল নিঃশব্দে।

নবতে এসে দেখে—দরজা বন্ধ। সারদা প্জায় বসেছে। দরজা একট্ব ফাঁক করল যোগেন-মা। এ কি কাল্ড! সারদা হাসছে আপন মনে। পর-মন্থ্তেই কাঁদছে অঝোরে। অবিচ্ছিন্ন ধারা নেমেছে চোখ বেরে! শেষে আর হাসি-কান্না নেই—গাঢ় ভাব-সমাধি।

দরজা আন্তে বন্ধ করে দিল যোগেন-মা। বাইরে অপেক্ষা করতে লাগল।

প্জা শেষ হতেই যোগেন-মা ঘরে ঢ্কেল। বললে, 'তবে মা তোমার নাকি ভাব হয় না?'

সারদা লম্জা পেল। হেসে ঢাকতে চাইল সে লম্জা। সে ধরা-পড়ার লাবণ্য।

রাত্রে মাঝে-মাঝে সারদার কাছে শোয় যোগেন-মা। একদিন শোনে কে বাঁশি বাজাচ্ছে। সারদা উঠে বসেছে বিছানায়। বাঁশির স্বরে তন্ময় হয়ে গিয়েছে। যেন এ রাজ্যে নেই, চলে গিয়েছে দেশান্তরে। সেখানে কি দৃশ্য দেখছে কে জানে, থেকে-থেকে হেসে উঠছে।

সসংখ্কাচে সরে বসল যোগেন-মা। ভাবল, সংসারী মান্ম, এ সময় ছোঁব না মাকে।

বলরাম বোসের বাড়ির ছাদে ধ্যান করতে বসে মা সমাধিপথ হলেন। দেহভূমিতে নেমে এসে বলছেন সরলা বালিকার মত : 'দেখল্ম কোথায় ষেন চলে গেছি। সেখানে আমার যেন স্লের রূপ হয়েছে। ঠাকুর রয়েছেন। কারা যেন আমায় আদর-যক্ষ করে ডেকে নিলে, বসালে ঠাকুরের পাশে। সে যে কী আনন্দ বলতে পারিনে। একট্ হ'শ হতে দেখি, শরীরটা পড়ে রয়েছে। তখন ভাবছি ওই বিশ্রী শরীরটার মধ্যে কি করে ঢ্কবো—'

'ও যোগেন, আমার হাত কই, পা কই?' কাতর স্বরে বলতে লাগলেন মা। বেল্বড়ে, নীলাম্বরবাব্বর বাড়িতে। গোলাপ-মা যোগেন-মাকে নিয়ে ধ্যানে বসেছেন সোদন, কিন্তু ওদের দ্বজনের ধ্যান কখন ভেঙে গেল, অথচ মা সমাধিন্থ। যখন ধ্যান ভাঙল তখন ওই অসহায় আক্ষেপ—হাত পা খ্বৈজে পাচ্ছেন না মাটিতে। খোলটা না পেলে চেতনাটা রাখেন কোথায়? এই যে পা, এই যে হাত—হাত-পা টিপে-টিপে দেখাতে লাগল দ্বজনে। তখন আন্তে-আন্তে জাগল দেহব্বিধ। ফেললেন মর্ত-নিশ্বাস।

একেই বোধহয় 'নির্বিকল্প' বলে। কিল্ডু কী তপস্যার বলে মা পেলেন এই উচ্চতম উপলন্ধির আস্বাদ? তিনি কি ঠাকুরের মত তল্ফ করেছেন, না কি যোগ-প্রাণায়াম করেছেন, না কি পঞ্চভাবের বৈষ্ণব সেজেছেন? কোনো হৈ-চৈ করেননি, খলা পেড়ে চার্নান গলা কাটতে—নির্বাক প্রতিমার মত চির-নেপথ্যে বাস করেছেন, একটি মহান আত্মবিল্মণ্ডির মধ্যে। এই আত্মবিল্মণ্ডিই তাঁর তপস্যা। বিরাজ করেছেন একটি অস্লান সন্তোষে। এই সন্তোষই তাঁর যোগ। উৎস্কুক হয়ে রয়েছেন একটি স্কুতীক্ষা প্রতীক্ষার। এই প্রতীক্ষাই তাঁর একাল্ডভারি।

মা স্বতঃসিদ্ধা। তাঁর জীবনে যে-দিন-রাত্রি, সে শরণাগতির দিন আর অভিমুখিতার রাত্রি।

করবার মধ্যে করেন শুধু জপ আর ধ্যান। জপ করবার জন্যে দুর্টি মালা, একটি তুলসীর আরেকটি রুদ্রাক্ষের। তাও অন্টপ্রহর এই মালা নিয়ে বসে থাকেন না। চারবার মোটে জপ করেন, ব্রাহ্মমুহুর্তে, প্রুজার সময়, বিকেলে আর সন্থেয়। বাকি সময় সংসারের খেজমত। গৃহস্থালীর টুর্কিটাকি। সেবা-চর্যা। ত্রিশ্লধারিণী ভৈরবী সাজেনি সারদা, সে সংসারের একটি সলজ্জা বধ্। গোপনবাসিনী সরলতা। শীতলবাহিনী শান্ত।

'নিজের-নিজের কাজকর্মে' খাটো-পেটো, তা হলেই সব হবে। তাই কি সত্যি?' একটি মেয়ে জিগগেস করল মাকে।

'বা, কাজকর্ম' করবে বৈ কি, কাজে মন ভালো থাকে। তবে জপধ্যান প্রার্থনাও বিশেষ দরকার। অততত সকাল-সন্থে একবার বসতেই হয়। ওটি হল যেন নোকোর হাল।' স্কুন্দর একটি উপমার সাহায্যে বন্তব্যটি প্রাঞ্জল করলেন মা : 'সন্থেবেলা একট্ব বসলে সমস্ত দিন ভালোমন্দ কি করলাম না করলাম তার বিচার আসে। গত দিনের মনের অবস্থার সঙ্গে আজকের দিনের মনের অবস্থার একটা তুলনা করা যায়।'

'আর ধ্যান ?'

'জপ করতে-করতে ইন্টম্তির ধ্যান করবে। শ্ব্র্ম্ব্র্যটি নয়, পা থেকে সমস্ত অব্যা। কিন্তু,' মা এবার অন্তর্গুর হলেন : 'কিন্তু জপধ্যান করলেই কি সব হয়ে গেল? মহামায়া পথ ছেড়ে না দিলে কিছ্নুই হবার নয়। শ্ব্র্ম্ব্র্যার জন্যেই প্রার্থনা, পথ ছেড়ে দেবার জনোই স্মরণ-মনন।'

'আর নিজ্কাম কর্ম'?'

'ধ্যানের চেয়েও বড় সাধন। তাই তো নরেন আমার নিষ্কাম কর্মের পত্তন করলে।'

মা'র যখন ধ্যান ভাঙে, বলে ওঠেন, খাব। যে কাছে থাকে কিছ্ব খাবার আর জল এগিয়ে দেয়। ঠাকুর যেমন খেয়েছেন ভাবাবেশে মাও তেমনি ভাবে খান। পান দিলে তার সর্ব দিকটা খ্রুটে ফেলে দিয়ে ঠাকুর মুখে প্রতেন। মা'রও সেই ধরন। ভাবভাগে সব অবিকল একরকম। সমাধি-অবস্থায় গলার স্বরেও অভ্তুত মিল।

'আমরা কি আলাদা ?' হঠাৎ বলে ফেললেন মা। বলেই জিভ কাটলেন। বললেন অগোচরে, 'কি বলে ফেলল্ম!'

আমরা তা জানি। রহা আর শক্তি অভেদ। কৃষ্ণ আর রাধা, শিব আর কালী, রাম আর সীতা, রামকৃষ্ণ আর সারদা।

রোগা শরীরে জপ করতে বসেছেন। এক ভক্ত প্রতিবাদ করে উঠল : 'তোমার তো সব হয়েই গেছে। তবে মিছিমিছি কেন শরীরকে কণ্ট দিচ্ছ ?'

মা বললেন, 'বাবা, আমার ছেলেরা কে কোথায় কি করছে না করছে তাদের জন্যে দুটো করে রাখছি।'

সশ্তান ভূলেছে, মা ভোলেনি।

রাতে কেউ উঠলেই মা সাড়া দেন : 'কে গো?' যত রাতেই উঠকে. মা জেগে ওঠেন। একজন অনুযোগ করল : 'রাতে আপনি ঘ্যোন না কেন?'

'কি করে ঘুমোব বাবা। ছেলেগ্বলো সব এসে পড়েছে, নিজেরা কিছ্ই করতে পারে না, তাই তাদের কাজেই রাত যায়।'

ছেলেদের হয়ে সারা রাত জপ করেন মা। ছেলেদের পাপের ভার হালকা করে রাখেন।

এক ছেলে অভিযোগ করে পাঠিরেছে, মন স্থির হয় না। শ্ননে মা উর্ব্যেজত হয়ে উঠলেন, বললেন, 'রোজ পনেরো-বিশ হাজার করে জপ করতে পারে, তা হলে হয়। আমি দেখেছি, নিশ্চরই হয়। আগে কর্ক, না হয়, তখন বলবে। তবে একট্ন মন দিয়ে করতে হয়। তা তো নয়, কেউ করবে না, কেবল বলবে, কেন হয় না?'

আরেক ছেলে এসে বসল মা'র কাছে। বললে, 'আর জপ-টপ করে কি হবে?'

'किन?' भा भूथ जूनलान।

'অনেক করলমে, কিছম হল না। কাম-ক্রোধ আগেও যেমন ছিল এখনো তেমনি আছে। মনের ময়লা একটাও কাটেনি।'

শাশ্তবচনে মা প্রবাধ দিলেন। 'বাবা, জপ করতে-করতে কাটবে। না করলে চলবে কেন? পাগলামি কোরো না। ষর্থান সময় পাবে তর্থান জপ করবে।'

'আমার দ্বারা আর হবে না। হয় আমার মন তন্ময় করে দিন, ষেন একট্বও কুচিন্তা না আসে, নয় আপনার মন্ত্র আপনি ফিরিয়ে নিন। বুথা আপনাকে আর কণ্ট দিতে ইচ্ছে নেই—'

'रम कि कथा?'

'শানেছি শিষ্য মল্য জপ না করলে গারুকেই ভূগতে হয়।'

মা কিছ্মুক্ষণ ভাবলেন চুপ করে। পরে বললেন, 'আচ্ছা তোমাকে আর জপ করতে হবে না।'

মর্ম ঠিক ব্রবতে পারল না ভক্ত। ভাবল মা ব্রিঝ সমস্ত সম্পর্ক ছি'ড়ে ফেললেন নিজের হাতে। কে'দে উঠল, 'আমার সব কেড়ে নিলেন মা? তবে আমি কি এবার রসাতলে গেলুম?'

মা অভয় হাসি হাসলেন। বললেন, 'বিধির সাধ্য নেই আমার ছেলেকে রসাতলে ফেলে।'

'তবে আমি এখন কি করব?'

'আমার উপর ভার দিয়ে নিশ্চিন্ত হয়ে থাকো।'

मा वकलमा निर्लन।

এক স্বামীকে দীক্ষা দিলেন মা। দীক্ষান্তে বললেন নিচে নেমে যেতে। নিচে তার স্ত্রী বসে। সে বললে, সে কি! আমার দীক্ষা হবে না?

মা'র কাছে গিরে আবেদন জানাল। মা বললেন, 'বেল্ড্ মঠে অনেক সাধ্ব-সন্ন্যাসী আছে তাদের কাছে মন্ত্র নাও গে।'

মহিলাটি শ্নবে না সে-কথা। 'তোমার শ্রীচরণে আশ্রয় পাব এই ৬৮ ভেবে বেরিয়েছি বাড়ি থেকে। কোনোদিকে তাকাইনি, ধারকর্জ করে এসেছি। এখন তুমি যদি "না" বলো তবে কোন মুখে কোন প্রাণে আমি বাড়ি ফিরব?'

'আমি পারবোনি বাপ্ন।' মা দৃঢ় হলেন। বসলেন গিয়ে প্জার আসনে।

মহিলাটি মাটিতে পড়ে গেল। গান জানত, গান ধরল প্রাণের আবেগে। পাষাণ-গলানো গান। 'যে হয় পাষাণের মেয়ে তার হ্দে কি দয়া থাকে? দয়াহীনা না হলে কি লাথি মারে নাথের বুকে?'

মা'র আসন টলল। বিভোর হয়ে গান শ্নতে লাগলেন। বললেন, 'আহা, আরেকটি গান গা মা, আরেকটি গান গা। তুই আমার পাগলী মেয়ে। তোর গান বড় মিণ্টি।'

মহিলাটি আবার গান ধরল।

'উঠে বোস মা। তোর গানে যে আমি প্রজা ভূলে গোছ। এবার আদেশ কর্মা, আমি বসি প্রজা করতে। এই নে, প্রসাদী পান খা, তোর মুখখানি শ্রকিয়ে গেছে।' পান দিলেন মা। দীক্ষার দিন ঠিক করে দিলেন।

... বারো ...

একজন সম্যাসীর স্থা, আছেন বৈভবহীনার বেশে, ভালোমান্বিটির মত মৃথ বৃজে, অশ্রক্তিরী হয়ে—এই কি আমাদের মা? একটি প্লাশীলা দানশীলা দরাময়ী নারী—ইন্টে আবিষ্টতা—শৃধ্ব এইট্কু? কত প্ত-কীর্তি মহাত্মার কত প্লাব্রতা সহধার্মণী আছেন, জপ-ধ্যান করছেন, তীর্থ করছেন, সংসারের পাঁচজনের সেবা করছেন, তরকারি কুটছেন, রাম্না করছেন, ঘর নিকোছেন, বাসন মাজছেন, কাপড় কাচছেন, পান সাজছেন—মা কি শৃধ্ব তাদেরই একজন? শৃধ্ব একটি গ্রহবিশ্বনী পুরাণ্যনা?

মা তার চেয়ে একট্ বেশি। মা আঠারো আনা। ষোলো আনার উপরে আরো দ্ব আনা। 'কত রুগ জানিস তুই, ষোলোর উপর আরো দুই।'

মা'র মাহাদ্য কোথায়? মা'র মাহাদ্য আদ্মগোপনে, অহংনাশে। বে অবগু-ঠনটি মুখের উপর টেনে রেখেছেন সেই অবগু-ঠনে। তিনি জানেন তিনি কে, কিন্তু আছেন ভিখারিনীর বেশে। সর্বৈশ্বর্ষময়ী হয়ে সর্ব-বঞ্চিতা সেজেছেন। তিনি জানেন তিনি কার প্রজা পেয়েছেন, কিন্তু একা-একা প্রজার ভাণ্ডটি নিয়ে তিনি করবেন কি, সেই ভাণ্ড থেকে জনে-জনে বিতরণ করছেন ভালোবাসার শান্তি-জল!

ঐশ্বর্যের কি বল্মণা! না দেখাতে পারলে আরো যল্মণা। যে আঙ্কলে আঙটি আছে সে আঙ্কলই আস্ফালন করে। দাঁতে সোনা বাঁধানো থাকলে বারে-বারে হাসতে হয় দাঁত দেখিয়ে। আর য়ার কিনা রাজ্যজোড়া সম্পদ, তিনি আছেন বনবাসে। ক্ষিতীশম্কুটলক্ষ্মী হয়ে ম্কুট বিসর্জন দিয়েছেন। তার জন্যে লোভ নেই ক্ষোভ নেই। কৃষ্ণপ্রীতি মানেই তো কৃষ্ণাত্যাগ। আছেন তাই ম্তিমতী তুলি হয়ে তৃপ্তি হয়ে, সর্বপ্রী-রপ্রধারণী হয়ে।

এমন কি যে ভাবসমাধি হয় তাও জানতে দেন না।

'শক্তির্পিণী কিনা, তাঁর চাপবার ক্ষমতা কত!' বলছেন প্রেমানন্দ : 'ঠাকুর চেন্টা করেও পারতেন না, বাইরে বেরিয়ে পড়ত। মা-ঠাকর্নের ভাবসমাধি হচ্ছে, কিন্তু কাউকে জানতে দেন!'

কখনো কি জাঁক করে বলেন, আমি হেন, আমি তেন! কিম্বা আমি কত বড়লোকের স্ত্রী! মুখের উপর ঘোমটাটি টেনে রাখেন। যেমন মহামায়া টেনে রেখেছেন অন্তরাল।

গ্রিজগতে অম দিয়ে বেড়াচ্ছেন কিন্তু শিবের জন্যে রাম্না করছেন গাঁদালের ঝোল, তাতে ডুমুর আর কাঁচকলা।

কবিরাজ গণগাপ্রসাদ সেন এসে ঠাকুরের জল খাওয়া বন্ধ করে দিলেন। জল না বন্ধ হলে সারবে না অস্থ।

মহা ভাবনা ধরল ঠাকুরের। সবাইকে ডেকে এনে জিগগেস করতে লাগলেন, 'হাাঁ গা, জল না থেয়ে কি পারব? হাাঁ গা, জল না খেয়ে কি থাকা যায়?' সবাই আশ্বাস দিচ্ছে তব্ ঠাকুরের শান্তি নেই। ডাকো সারদাকে। 'হাাঁ গা, পারব জল না থেয়ে?'

'পারবে বৈ কি।' অভয় দিল সারদা।

'বেদানা পর্যক্ত জল পরেছে দিতে হবে। দেখ যদি পারো—'

'তা মা কালী যেমন করবেন, যথাসাধ্য তাঁর ইচ্ছায় হবে।' নিজে করব না বলে কালীর হাতে ছেডে দিল সারদা।

মন স্থির করে ওষ্ধ খেলেন শেষ পর্যন্ত। জল বন্ধ হল।

এখন ভরসা শ্বে দ্বে। আধসেরটাক বরান্দ, কিন্তু এত অলপ হলে চলবে কেন? গয়লা সেধে বেশি করে দ্বেদ দিয়ে যায়। রোজ তিন চার সের, শেষে পাঁচ-ছ সের। বলে, মন্দিরে দিলে কালীর ভোগ বলে ব্যাটারা বাড়ি নিয়ে খাবে। পাঁচ ভূতে ল্বটে-প্রটে খাবে। এখানে দিলে উনি খাবেন।'

জনাল দিয়ে-দিয়ে কমিয়ে এক সের দেড় সের করে দেয় সারদা। ঠাকুর বললেন, 'কত দন্ধ?'

'কত আর! এক সের পাঁচ-পো হবে।' সারদা নির্লিপ্ত মুখে বললে। 'উ'হু'। এ অনেক বেশি, এই ষে পুরু সর দেখা যাচ্ছে।'

সেদিন যাহোক পার পেয়ে গেল সারদা। পাঁচ-ছ সের দ্ব্ধ দিব্যি খেয়ে ফেললেন ঠাকুর।

আরেকদিন, সে দিন গোলাপ-মা কাছে বসে, জিগগেস করলেন গোলাপ-মাকে, 'হ্যাঁ গা, কত দুংধ হবে বলো তো?'

গোলাপ-মা বলে দিল ঠিক-ঠিক।

'এাাঁ, এত দ্বধ!' চণ্ডল হয়ে উঠলেন ঠাকুর : 'তাই তো আমার পেটের অসমে হয়। ডাকো, ডাকো—'

भात्रमा काष्ट्र এल।

'কত দ্বধ ?' প্রশ্ন করলেন ঠাকুর।

'কত আর! সামান্য—'

'তবে যে গোলাপ বলে, এত!'

'গোলাপ জানে না।' সারদা দৃঢ়েস্বরে বললে, 'এখানকার মাপ গোলাপ জানবে কি! এখানকার ঘটিতে কত দৃ্ধ ধরে সে জানবে কি করে?' শাশত করলে ঠাকুরকে।

তব্ গোলাপ-মা টিম্পনি কাটতে ছাড়ে না। সেদিন বলে দিলে, দ্ব বাটি দ্বধ একত্র করা হঁয়েছে। এখানের এক বাটি, কালীঘরের এক বাটি। এত? কী সর্বনাশ! ডাকো-ডাকো, জিগগেস করো।

সারদা কাছে আসতেই জিগগেস করলেন ঠাকুর, 'বাটিতে কত ধরে? ক-ছটাক ক-পো?'

সারদা উদাসীনের মত বললে, 'ক-ছটাক ক-পো অত জানিনে। দ্ব খাবে, তা ক-ছটাকের ঘটি ক-পো, অত কেন? অত হিসেবে দরকার কি!' সেদিন কেমন মনে হল ঠাকুরের এত দ্বধ হজম করতে পারবেন না। যেমনি ভাবলেন অমনি অসুখ হয়ে গেল। তখন গোলাপ-মা'র অনুতাপ। বললে, 'তা আমায় বলে দিতে হয়! আমি কি অত জানি? আমি ভাবলুম সতিত কথা বলাই হয়তো ঠিক হবে।'

'খাওয়ার জন্যে মিথ্যে বললে দোষ নেই।' বললে সারদা। 'তাই দেখ না আমি ভুলিয়ে-ট্রলিয়ে খাওয়াই—'

'তা হলে দেখছি, মনেই সব।'

'নিশ্চয়। না বললে এমনি বেশ খেতেন, হজম করে ফেলতেন।' খাইয়ে-টাইয়ে বেশ চেহারা ফিরিয়ে দিয়েছে। মোটা হয়েছেন ঠাকুর। অসুখ সেরে গিয়েছে।

ভাত বেশি দেখলেই আঁৎকে ওঠেন। তাই টিপে-টিপে সর্ব্ করে দেয় সারদা। দ্ব গ্রাস বেশি খান ঠাকুর এট্বকুই তার অন্তরের ক্ষব্ধা। তিনি ভালো থাকুন স্বস্থ থাকুন রোগজ্বালা না হয় এর বেশি আর তার কিছ্ব চাইবার নেই।

তার 'সমর্থা রতি'। সে কৃষ্ণময়ী, কৃষ্ণগতজীবনা। কৃষ্ণস্থৈকতাৎপর্য-ময়ী।

এক-এক সময় তার সামনে এসে বলেন ঠাকুর, 'দেখ, তোমার হাতের রাহ্মা খেয়ে কেমন আমার চেহারা ফিরেছে!'

সারদার চোখে তৃপ্তির অঞ্জন লাগে।

জয়রামবাটিতে বাঁড়,জেজদের ভিটের সামনে ডোবায় কুচকুচে কালো কচু শাক হয়েছে। এক ভন্ত ছেলে তাই দেখে মনে-মনে ভাবলে কি বোকা এখানকার লোকগ্নলো, এমন কচু শাক, খেতে জানে না। দ্বহাতে টেনে-টেনে অনেক সে শাক তুলল, এক বোঝা! পিঠে করে বয়ে নিয়ে গেল সে মার কাছে। 'কোথা পেলে?' জিগগেস করলেন মা।

'বাঁড জেদের ডোবায়।'

'জলের শাগ? ও তো খ্ব কুটকুটে। বোকা ছেঁলে। জোলো শাগ যে কুটকুটে হয় জানোনি? এদেশের লোক কচু শাগ খেতে জানে না—তাই না?'

লম্জার মাথা হে'ট করল ছেলে। মাথা হে'ট করলে কি হবে, ছেলের পিঠ ফ্লে ঢাক হয়েছে, দ্হাতেরও সেই দশা। তখন মা তেল নিয়ে এসে মালিশ করতে বসলেন।

'ফোলা কুটকুট্বনিকে ভয় করিনে মা,' বললে ছেলে, 'কিল্ডু আপনাকে বে বিব্ৰত হতে হয়েছে এ দৃঃখ আমার বাবে না।' মালিশ শেষ করে মা বললেন, 'তেলটা আগে শ্রুক্গ। এখুনি ষেন নাইতে যেও না। জল লাগলে আবার কুটকুট করবে।'

নিজের দ্বাতে তেল মেখে মা বাটি পেতে শাক কুটতে বসলেন। ওমা, রামা হবে নাকি এ শাক? তোমার এত সাধ হয়েছে থেতে, দেখ না খেয়ে। খাবার সময় অনেকটা শাক দিলেন ছেলেকে। অতি চমৎকার স্বাদ। একট্ও কুটকুট করছে না। মা বললেন, 'তিনবার তেতুল দিয়ে সেম্ধ করে জল ফেলে নিংড়েছি, চার বারের বার রে'ধেছি।'

যতদিন চন্দ্রমণি জীবিত ছিলেন ঠাকুর নবতে এসে খেরেছেন। চন্দ্রমণি গত হলে ঠাকুর বললেন, আমি আমার ঘরে বসে খাব। তাই সই। সারদা থালায়-বাটিতে খাবার সাজিয়ে নিয়ে যায় ঠাকুরের ঘরে। সারা দিনমানে এই তার ঠাকুরকে একট্ব দেখা। ঘোমটা টেনে কাছে এসে বসে। সারা দিনমানে এই তার ঠাকুরের পাশে একট্ব বসা। এটা-ওটা ঘরোয়া কথা কয়, ঠাকুরের মনকে হালকা কথায় ভুলিয়ে রাখে যাতে না ভাবের আবেশে সমাধি-ভূমিতে উঠে যান হঠাং। সারা দিনমানে এই তার ঠাকুরের সংশ্যে একট্ব কথা বলা।

ঠাকুরকে খাইয়ে নবতখানায় ফিরে এসে পান সাজে সারদা। পান সাজবার সময় গান গায় গ্রনগ্রনিয়ে। নীলকপ্টের সেই গানটি তার বড় প্রিয়। 'ও প্রেম রত্নধন রাখতে হয় অতি যতনে।'

'আহা নীলকণ্ঠের গান কি চমৎকার।' বললেন মা অতীতের কথা বলতে গিয়ে : 'ঠাকুর বড় ভালোবাসতেন। ঠাকুর যখন দক্ষিণেশ্বরে ছিলেন মাঝে-মাঝে তাঁর কাছে আসত নীলকণ্ঠ। গান গেয়ে শোনাত। কি আনন্দেই তখন ছিলাম! দক্ষিণেশ্বরে যেন আনন্দের হাটবাজার বসে ষেত।'

একদিন লক্ষ্মীর সঙ্গে গান গাইছে সারদা। মৃদ্ধ কণ্ঠের আরম্ভ, কিন্তু ক্রমে জমে গিয়ে স্বর গাঢ় হয়ে উঠেছে। ঠাকুর শ্ননতে পেয়েছেন। পর দিন সকালে এসে বলছেন, 'কাল যে তোমাদের খ্ব গান হচ্ছিল। তা বেশ, বেশ, ভালো।'

কী লন্জা, ঠাকুর শনেতে পেরেছেন নাকি? যে আনন্দগানটি মনের মধ্যে অব্যক্ত হয়ে আছে তা-ও শনেতে পান নিশ্চয়ই।

দ্ব রক্ম করে পান সাজে সারদা। কতগুলো এলাচ-মশলা দিয়ে কতগুলো বা খালি চুন-শ্বপূর্বি দিয়ে। যোগেন-মা জিগগেস করলে, তার মানে?

6(92)

'যোগেন, ভালোগনুলো ভক্তদের—ওদের আমাকে আদর-যত্ন করে আপনার করে নিতে হবে কিনা, তাই। আর এগনুলো, মন্দগনুলো, ওঁর জন্যে। উনি তো আপনার জন আছেনই।'

যে আপনার জন সে এমনিতেই সুস্বাদ্।

ছেলেরা কেউ না থাকলে স্নানের সময় সারদা তেল মাখিয়ে দেয় ঠাকুরকে। কাঁচের উপর রোদ পড়লে যেমন ঝিলিক দেয় তেমনি জ্যোতি বেরোয় ঠাকুরের গা থেকে। হরতেলের মত রঙ, সোনার ইন্টকবচের সংগ গায়ের রঙ মিশে যাচ্ছে। গোড়ায়-গোড়ায় সাত-তাওয়ার আগন্ন জনলেছে গায়ে। সে আগন্নের তাত সারদাই শুখু সইতে পেরেছে।

'শেষে সে রঙ আর ছিল না, সে শরীরও ছিল না।' বলছেন ভত্ত-মেয়েদের, 'এই আমাকেই দেখ না! এখন কেমন রঙ হয়েছে, কেমন শরীর হয়েছে। আগে আমার কি এই রকম রঙ ছিল? আগে খ্ব স্কার ছিল্ম। এতটা মোটা ছিল্ম না—'

কোখেকে সেদিন গোলাপ-মা এসে সারদার হাত থেকে ভাতের থালা কেড়ে নিলে। কেড়ে নিয়ে ধরে দিয়ে এল ঠাকুরের কাছে। হাঁনা কিছ্ব বলতে পারল না সারদা। ভাতের থালা ছেডে দিল।

বড় শোকা-তাপা মান্য এই গোলাপ-মা। চণ্ডী বলে একটি মেয়ে, পাথ্বরেঘাটায় ঠাকুরবাড়িতে বিয়ে দিয়েছিল। অকালে মরে গেল সেই মেয়ে, পাগলের মত হয়ে গেল গোলাপ-মা। পড়ল এসে ঠাকুরের পায়ে। সেই থেকে ঠাকুরের আখ্রিত। 'তুমি ওকে খ্ব পেট ভরে খেতে দেবে।' সারদাকে উপদেশ দিয়েছেন ঠাকুর: 'পেটে অন্ন পড়লে শোক কমে।'

হাতের লক্ষ্য হয়ে রয়েছে সারদার পাশে-পাশে। সে যদি হাতের থেকে থালা তুলে নেয়, কি করতে পারে সারদা?

কিন্তু এমন হবে কে জানত! সেই থেকে গোলাপ-মাই ভাতের থালা নিয়ে যাচ্ছে ঠাকুরের কাছে। দ্ববেলা খাওয়াচ্ছে পাশে বসে।

সারা দিনে ঐ একট্র ঠাকুরকে দেখবার স্বযোগ ছিল। ঐ একট্র পাশে বসবার, ঘরোয়া দর্টি কথা কইবার। সে অধিকারট্রকু থেকেও সে বঞ্চিত হল।

আরো একদিন অমনি অতার্কতে তার হাতের থেকে থালা টেনে নিয়ে গিয়েছিল আরেকজন। আরেক মেয়ে। ঠাকুরের ঘরে থালা-হাতে ঢ্বুকতে যাচ্ছে সারদা, কোখেকে সে মেয়ে এসে বললে, আমায় দাও না মা, ৭৪ আমি নিয়ে যাচ্ছি। তার প্রসারিত হাতে অমনি ছেড়ে দিল ভাতের থালা। ঠাকুরের সামনে ধরে দিয়ে পালিয়ে গেল মেয়ে।

সারদা কাছে বসল। মৃদ্-মৃদ্ হাওয়া করতে লাগল। ঠাকুর বললেন, 'আমি খেতে পাচ্ছি না। জানো না ও কে?' সারদা জানে, মেয়েটা ভালো নয়। বললে, 'জানি।'

'তবে আমার খাবার নিজে না এনে ওর হাতে দিলে কেন? ওর ছোঁয়া আমি খাই কি করে?'

'আজকে খাও।' সারদা মিনতি করতে লাগল।

'তবে বলো, আমার খাবার আর কোনো দিন আর কার, হাতে দেবে না।' ঠাকুর তর্জন করলেন।

হাতের পাখাটি রেখে দিল এক পাশে। হাত জোড় করল সারদা। বললে, 'সেটি আমি পারবোনি। কেউ আমার কাছে মা বলে চাইবে আর আমি তা দেব না এমনটি হবেনি কখনো। তুমি তো খালি আমার একলার ঠাকুর নও, তুমি সক্কলের। তবে, তুমি যখন বলছ, তোমার খাবার আমিই নিজে আনবার চেচ্টা করব।'

ঠাকুর তখন খ্রাশ হয়ে খেতে লাগলেন।

কই সারদাকে তো আর ডাকছেন না ভাত আনতে। কি সহজেই এই সর্বশেষ অধিকারটকুও হারিয়ে বসল সারদা।

তব্ব অভিযোগ নেই, কাতরতা নেই। বরং ভাবে, ঠাকুর কি আমার একলার? ঠাকুর সন্ধলের।

একবেলা নয়, দ্ববেলাই ভাত নিয়ে যায় গোলাপ-মা। নিচ্ছে তো নিক কিন্তু এমন জগৎজোড়া গলপ জবড়ে দিয়েছে, নবতে ফেরবার আর নাম নেই। সন্ধ্যায় গিয়ে ফিরতে-ফিরতে সেই দশটা। গোলাপ-মা ফিরে এলে পরে খাবে সারদা। তার খাবার আগলে নবতের বারান্দায় বসে থাকতে হয়। একদিন, শ্ব্ব একদিন নালিশ করে ফেললে: 'খাবার বিড়াল-কুকুরে খায় খাক, আমি আর আগলাতে পারবোনি।'

গোলাপ-মা শ্বনতে পার্মান, কিল্ছু ঠাকুর শ্বনেছেন। বললেন, 'এতক্ষণ থেকো না। ওর কণ্ট হয়।'

গোলাপ-মা নিজের আনন্দে ডগমগ, পরের কন্ট বোঝবার তার সময় নেই। সে উলটে বললে, 'না, মা আমাকে খ্ব ভালোবাসে। মেয়ের মত ডাকে আমায় নাম ধরে।' রামাটি ভালো হয়েছে এ কথাট্কুও আর শ্নি না। স্ক্রতম আম্বাদের যে একটি সেতু ছিল তাও অপস্ত হল। এবার প্রতিম বিচ্ছেদ, প্রতিম পরিপ্রাম্ত!

দরমার বেড়ার আড়ালে দাঁড়িয়ে থাকে সারদা। কোথায় ছোট একটি গর্ত হয়েছে তার উপর চোখ রেখে। তৃষিত চাতকের চোখ। আর মনকে সান্থনা দেয়, মন, তুই কি এত ভাগ্য করেছিস যে রোজ তাঁর দেখা পাবি?

জনলা নর, নিন্দা নর, বিদ্রোহ নর। শুখু চেয়ে থাকা। শুখু প্রতীক্ষা, শুখু সমর্পণ।

বেড়ার গর্ত কখন একট্ব বড় হয়েছে ব্রিঝ!

তাই দেখে ঠাকুর পরিহাস করেন। রামলালকে ডেকে বলেন, 'ওরে রামলাল, তোর খুড়ির পর্দা যে ফাঁক হয়ে গেল।'

…তেরো…

দ্বপর্ব আর কাটে না সারদার। সারা সকালের রামা-বাড়া কেমন একটা ছন্দপতনে এসে শেষ হয়। যার জন্যে রামা তাকে কাছে বসিয়ে খাওয়ানো যার না। এ যেন ফ্রলটি ঠিক তুলল্ব অথচ দিতে পারল্ম না অঞ্জলি। যার জন্যে সাজল্বম-গ্রেজল্বম সেই দেখল না!

একটা-দনটো নাগাদ চারটি মনুখে তোলে। তারপর একটন গড়িয়ে নেয়।
তিনটে বাজলে একটন রোদের জন্যে তাকায় ইতি-উতি। কোনোদিন মেলে,
কোনোদিন মেলে না। মিললে শন্কিয়ে নেয় কেশভার। যত কেশ তত রোদ
নেই। বিকেলে রোগেন-মা আসে চুল বাঁধতে। আকাশের রোদ বাঁধতে পারি
কিন্তু এ কেশদাম বাঁধব কি দিয়ে?

তারপর ঝাঁট দের, লণ্ঠন সাফ করে, ঠিক করে রাতের রাম্না। সন্থে দের, ধ্যানে বসে। তারপরে আবার রামা, আবার সেই নিজেকে নেপথ্যে রেখে থালা পাঠিয়ে দেওয়া। তারপর কখন দুটি মুখে গোঁজা, আঁচল বিছিয়ে ঘুমিয়ে পড়া।

এতেও কি শান্তি আছে? কলকাতা থেকে স্থা-ভন্তরা আসে ভিড় করে। কেউ-কেউ বা বায়না ধরে রাতথানা এখানেই কাটিয়ে যাবে। তথন সারদার নবত ছাড়া আর কোথায় তাদের আশ্রয়? তবে ভাব থাকলে তে তুল-বঙ পাতায় শোয়া ধায়। সবাইকে তাই নিজের স্নেহবেষ্টনীতে টেনে নেয় সারদা। দ্বশ্চরচারিণী হয়েও অভিন্যািষতদায়িনী জগন্মাতা। সর্বকামদ্বা প্রিবী।

এবার একটি স্থায়ী বাসিন্দে নিয়ে এলেন ঠাকুর।

নবতের দোরগোড়ার দাঁড়িয়ে ডাকলেন সারদাকে। কিন্তু কী আশ্চর্ষ সন্বোধন!

'রহাম্মির, ওগো রহাম্মির—' ডাকলেন ঠাকুর। বললেন, 'একজন স্থিননী চেয়েছিলে, এই নাও, একজন স্থিননী এল।'

এই সেই গোরদাসী! 'যে বড় হয় সে একটিই হয়, তার সঙ্গে অন্যের তুলনা হয় না।' যাকে লক্ষ্য করে পরে বলেছেন শ্রীমা।

রামেশ্বর থেকে ফেরবার সময় মাকে জিগগেস করল মেয়েরা। 'কি রকম সেখানে দেখে এলেন বলনে।'

'আমাকে তারা লেকচার দিতে বললে। আমি বলল্ম, আমি লেকচার দিতে জানি না। বদি গোরদাসী আসত সে দিত।'

'মেয়ে যদি সম্ন্যাসী হয়,' বললেন ঠাকুর, 'সে কখনো মেয়ে নয়। সে প্রের। যেমন আমাদের গোরদাসী।'

খাঁটি কথা। সায় দেন শ্রীমা। ওর মত কটা প্রেম্ব ভূভারতে? ত্যাগে আর তেন্ধে জ্যোতিরাত্মা।

নবতের ঝাঁপড়ির মধ্যে দাঁড়িয়ে সেদিন একটি অপ্রে সংলাপ শ্নল সারদা।

'দ্যাথ গোরি,' ঠাকুর বলছেন গোরদাসীকে, 'আমি জল ঢালছি, তুই কাদা চটকা।'

বকুলতলায় ফ্রল কুড়োচ্ছিল গোরদাসী। চোখ তুলে বললে, 'এখানে কাদা কোথায় যে চটকাবো? সবই যে কাঁকর।'

ঠাকুর হাসলেন। বললেন, 'আমি কি বলল ম, আর তুই কি ব্রুবলি!' দেখতে-দেখতে গলার স্বর ভার হয়ে এল। 'এদেশের মায়েদের বড় দ েখ, তুই তাদের মধ্যে কাজ কর।'

মাথা ঝাঁকালো গোঁরদাসী। বললে, 'রক্ষে করো, সংসারী লোকের সংগ্রে আমার পোষাবে না। বরং আমাকে কতগন্লো মেয়ে দাও, তাদের হিমালরে নিয়ে গিয়ে মান্য গড়ে দিচ্ছি।'

ঠাকুর গম্ভীর হলেন। বললেন, 'না গো না, এই টাউনে বসে কাজ

করতে হবে। সাধনভজন ঢের করেছিস এবার এই তপস্যা-পোরা জীবনটা মারেদের সেবায় লাগা। ওদের বড় কণ্ট।'

মাঝে-মাঝে ব্রহ্মময়ীর কন্টের খোঁজ নেন ঠাকুর। কিন্তু সারদা তো কন্টধারিণী নয় সে কন্টহারিণী।

একদিন গোরদাসী এসে খবর দিলে, মা'র মাথা ধরেছে। শানে অবধি ছটফট করতে লাগলেন ঠাকুর। রামলালকে ডেকে-ডেকে বলতে লাগলেন বারে-বারে, 'ও রামনেলো, তোর খাড়ির আবার মাথা ধরল কেন?'

মাসে কটি টাকা হাত-খরচ লাগতে পারে সারদার তার হিসেব করতে জ্বাসেন।

'ক টাকা হলে মাস-মাস চলে তোমার হাতথরচ?' জিগগেস করলেন ঠাকুর।

ওমা, এ কি কথা! লঙ্জায় মূখ নামালো সারদা। কিন্তু ঠাকুর ছাড়বার পাত্র নন। প্রশ্ন যখন করা হয়েছে উত্তরটি চাই ঠিক-ঠিক।

'কত আবার!' পদ্টাপন্টি বললে সারদা। 'এই পাঁচ-ছ টাকা হলেই চলে যায়।'

স্বামীর তো মোটে সাতটি টাকা রোজগার। তাও ছইতে পারেন না। পর্জো করা ছেড়ে দেওয়ার পর থেকে টাকা গিয়ে জমছে সিন্ধর্কে। হ্দয়ের হেপাজতে। সে টাকা জমিয়েই তো তিনশো। সেই তিনশো থেকেই মার অলঞ্চার!

যাকে নির্বাসনে পাঠিয়েছেন তাকে আবার আভরণে উল্ভাসিত করছেন। যাকে বিত্তবঞ্চিত করেছেন তারই হাতে গ;জে দিচ্ছেন মাসোয়ারা। এ কি বনবাসে রাখা না কি মনোবাসে রাখা?

ঠাকুর থর্তাদন বে'চে ছিলেন ঐ সাতটা টাকা মাকে দিতেন ত্রৈলোক্য। মথ্বরের ছেলে ত্রৈলোক্য। কিন্তু ঠাকুরের দেহ থাবার পর ঐ টাকাটা দীন্ধ খাজাণ্ডি বন্ধ করে দিলে। ত্রৈলোক্যের আত্মীরেরা সমর্থন করলে দীন্বে। মা তখন বৃন্দাবনে। চিঠি গেল। তিনি লিখলেন, 'বন্ধ করেছে তো কর্ক, এমন ঠাকুরই চলে গেছেন, টাকা নিয়ে আমি আর কি করবা!'

নরেন কিম্তু ছাড়বার পাত্র নয়। ঐ সাতটা টাকার জন্যে অনেক সে দরবার করলে, অনেক হ্লুস্থলে। 'মায়ের ও টাকাটা বন্ধ কোরো না।' তুললে সিংহনাদ।

কিন্তু ওরা কান পাতল না কিছ্মতেই। বন্ধ করল তো করলই। মাকে ৭৮ ঐট্রকু থেকে বণ্ডনা করতে পারলেই যেন ভান্ডার সন্ধীয়মান হয়ে উঠবে।

'তা দেখ, ঠাকুরের ইচ্ছায় অমন কত সাত গণ্ডা এল-গেল!' বলছেন শ্রীমা। 'দীন্ ফীন্ সব কে কোথায় চলে গেছে! আমার তো এ পর্যন্ত কোনো কণ্টই হয়নি। কেনই বা হবে! ঠাকুর আমাকে বলেছিলেন, আমার চিন্তা যে করে সে কখনো খাওয়ার কণ্ট পায় না।'

যেন ঐ একমাত্র কন্ট ! বখন দ্ব বেলা দ্ব মনুঠো শন্ধন্ব অঙ্গ জন্টছে, আর তবে কন্ট কি সংসারে!

অপ্রকট হবার আগে ঠাকুর বললেন, তুমি কামারপ**্**কুরে **যাবে** আর শাক-ভাত খাবে।

সত্যি-সত্যি শাক-ভাত খেতেন মা। ন্ন জোটোন এক কণা। তাইতেই অপরিসীম তৃগ্তি। স্বাদলাবণ্যময় সমস্ত অল্লব্যঞ্জন।

কোনোরকমে শরীরধারণ করা নিয়ে কথা। শরীরধারণ হরির-কারণ। শরীর রাখা মানে হরিনাম করবার স্ব্যোগ পাওয়া। ঈশ্বরের ঐকতান-বাদনসভায় একটি সহযোগী যক্ত হওয়া।

গৌরদাসীর মা'র নাম গিরিবালা। ঠাকুরের দিকেই তার টান বেশি, মা'র দিকে লক্ষ্য নেই।

মেয়ে পীড়াপীড়ি করে : 'নবতখানায় আমার মাকে একবার দেখে আসবে চলো।'

গিরিবালা বিরম্ভ হন। বলেন, 'তোদের ভেতর এখনো অনেক অভাব আছে। তাই এদিক-ওদিক তাকাতে হয়। আমার হৃদয়ে স্বয়ং তিপ্রকেশ্বরী বিরাজ করছেন, আমার আর কার্ব প্রয়োজন নেই।'

'ভাগ্য নেই, তাই বলো।' টিম্পনি কাটে গৌরদাসী।

একদিন কিন্তু জোর করেই গিরিবালাকে টেনে নিয়ে গেল নবতখানায়।
'দেখ-দেখ মা আমার গৃহকর্ম' করছেন—' গৌরদাসী বললে উচ্ছল হয়ে।
হাসিম_খে কাছে এসে দাঁড়াল সারদা।

'এরা, মা, তুমি? তুমি! এ যে আমার সেই।' পায়ের তলায় ল্টিয়ে প্রভল গিরিবালা। ধুলো নিয়ে মাখতে লাগল বুকে-কপালে।

িক হয়েছে গো, অমন কচ্ছ কেন?' সরলা বালিকার মত তরল চোথে তাকিয়ে রইল সারদা।

'হবে আবার কি! যা হবার তাই হয়েছে!' রোক করে বললে গৌর-দাসী। ব্রহমুময়ী রাতে কখানা রুটি খান তারও খোঁজ নিতে আসেন ঠাকুর। 'হ্যা গা, রাতে কখানা রুটি খাও?'

লম্জায় মুছে যেতে চাইল সারদা। ওমা, এ কী প্রশ্ন! কিল্তু উত্তর না দিয়ে সে পার পাবে না। তাই বললে মুখ নামিয়ে, পাঁচ-ছখানা।

আর কি চাই! থাকো এবার গিয়ে খাঁচার মধ্যে। পাঁচ-ছখানা করে র্নিট, পাঁচ-ছটাকা করে হাত-খরচ আর হাতে-গায়ে কিছ্নু গয়না। যথেণ্ট হয়েছে। তৃপ্তির আকাশে ওড়ো এবার অসীমের নীল পাখি।

তাও গয়না কখানা পরবার কি জো আছে! লোকের চোখ টাটায়! গোলাপ-মা এসে বললে, 'মনোমোহনের/মা সেদিন কি বলছিল জানো?' সারদা তাকাল কোত্ত্তলী হয়ে।

'বলছিল, ঠাকুর অত বড় ত্যাগী, আর মা এই মাকড়ি-টাকড়ি এত গয়না পরেন, এ কি ভালো দেখায়?'

পর্রাদন সকালে যোগেন-মা এসে দেখে, হাতে দ্বাছি বালা ছাড়া আর কোনো গয়না নেই মা'র গায়ে। মা, একি? এ কি করেছ?

'वा, शानाभ य वनल-'

'বলকে গে। অন্তত মাকড়ি আর এ সামান্য কটা গয়না তোমার গায়ে রাখে।'

শ্বনল আবার যোগেন-মা'র অনুরোধ! কি হবে আমার গরনা দিয়ে! চিত্ত কি বিত্তে তপণীয়? আমার এ অলম্কার তো অহম্কারের বিজ্ঞাপন নয়, আমার চিরসাধব্যের ঘোষণা। আমার আয়তির দীপবর্তি।

স্বামী-স্থাী দন্জন এসেছে মা'র কাছে। স্থাটির কপালে সি'দনে নেই। মেয়ে-ভন্তেরা চণ্ডল হয়ে উঠল। একজন বললে, 'হ্যা গা, তোমার কপালে সি'দনের নেই কেন?'

মহিলাটি অপ্রস্তৃত হবে তাই তাকে বাঁচিয়ে দিলেন শ্রীমা। বললেন, 'তা আর কি হয়েছে! ওর এমন স্বামী সংগ্য, নাই বা পরেছে সিশ্বর।' বলে নিজে কোটো খ্বলে সিশ্বর পরিয়ে দিলেন মেয়েটিকে। যে ঐশ্বর্য-চেতনাটি প্রচ্ছন্ন ছিল তা উল্লিখিত করে দিলেন।

দর্টি প্রব্য-ভক্ত এসেছে মা'র কাছে। দর্খানি কাপড় নিয়ে এসেছে।
মা এসে দাঁড়াতেই কাপড় দর্খানি তাঁর পায়ের কাছে রেখে তারা প্রণাম
করলে। আশীর্বাদ করলেন মা। বললেন, 'বাবা, তোমাদের অবস্থা খারাপ,
তোমাদের আবার কাপড় দেওয়া কেন?'

একট্ব ক্ষরণ হল ব্রঝি ছেলে দ্রটি। বললে, 'মা, তোমার বড়লোক ছেলেরা তোমাকে দামী কাপড় দেয়। তোমার গরিব ছেলেরা এই মোটা কাপড়ের বেশি আর কি পাবে! তুমি যদি তাই দয়া করে তুলে নাও তবেই আমরা কৃতার্থ।'

তক্ষ্মিন মা কাপড় দ্খানি তুলে নিলেন হাতে করে। বললেন, 'বাবা, এই আমার গরদ ক্ষীরোদ নীরদ—'

সেই বহাময়াঁকে ঠাকুর কেন নির্বাসিতা করেছেন? রাম যে সাঁতাকে বনবাসে পাঠিয়েছিল তার অন্তত একটা রাজনৈতিক যুদ্ধি ছিল। রাম নিজে জানত সাঁতা অপাপা, নিম্কলঙ্কা, তবে যেহেতু প্রজারা বলার্বাল করছে সেই হেতু তাকে রাজধানা থেকে দ্রের রাখা দরকার। কিন্তু সারদার সন্বংশ তো কোনো ফিসফাস নেই, নেই কোনো কানাঘ্রা। ও তো জ্যোৎস্নার চেয়ে নির্মল, গঙ্গাজলের চেয়ে পবিত্র। তবে? ও কেন সামনে বের তে পারবে না, বসতে পারবে না কাছে এসে? রাঁধতে পারবে অথচ পরিবেশন করতে পারবে না কেন? ও কী করেছে? কোন দোষে ও দোষী জিগগেস করি?

ঠাকুরের দর্শনে কত মেয়ে-প্রের্থ আসছে তখন দক্ষিণেশ্বরে। পর্র্যেরা বসেছে মৃত্ত আঙিনায়, মেয়েরা চিকের আড়ালে। ঠাকুরের তখন কত আশ্চর্য ভাবসমাধি, কত নাম-গান, কত হরি-সংকীতনি! সহধার্মণী বলে আলাদা কোনো খাতির-স্বিধা চাইনে, কিন্তু যেখানে পর্দা ফেলে প্রেস্থারা বসেছে তাদের মাঝখানে বসবারও কি সারদার অধিকার ছিল না? অসামান্যের আসন না পাক, মার সামান্যের অধিকার পাবে না? স্থা হয়েছে বলে কি সে এত অপাঙ্তের? এত অকিঞ্চিৎকর? যার রাজেন্দ্রাণী হয়ে সভা উল্জ্বল করে বসবার কথা, সে থাকবে নহবতখানার অন্ধকারে, কাঙালিনীর মূর্তিতে? কেন?

আমরা যে মার কাঙাল সন্তান। ঐশ্বর্য-আর্ড় দেখলে পাছে আমরা এগ্রতে না সাহস পাই তারই জন্যে ন্লান বেশ ধরেছেন। চোথে মেথেছেন মমতার মেদ্রতা। পাছে আমাদের চিনতে না ভূল হয়। পাছে ঠিক চলে আসতে পারি তাঁর কোলের কাছটিতে।

বিভূতি নিচ্চের বাড়িতে তত পেট প্রের খায় না, যত মা'র কাছে বসে খায়। তাই দেখে তার গর্ভধারিণী মা অনুযোগ করছে : 'বিভূতি এখানে তো বেশ খায়, আমার ওখানে মাত্র এত কটি খায়।'

মা অমনি ফোঁস করে উঠলেন : 'আমার ছেলেকে তুমি খ্রুড়ো না। আমি ভিখারীর রমণী, আমার ছেলেদিকে আমি যা খেতে দিই, ছেলেরা আমার তাই আদর করে খায়।'

কতগর্বল জবা ও গোলাপ ফ্রলের কুণিড় ভেজা নেকড়ায় বেশ্বে নিরে এসেছে এক ভন্ত।

মা কাছে ডাকিয়ে নিলেন। বনদর্গার মন্দিরে একবার এক সম্মাসিনীকে দেখেছিল, মা'র মুখের দিকে তাকিয়ে মনে হল এ যেন সেই সম্মাসিনী। চৌকাঠে মাথা ঠেকিয়ে প্রণাম করল ও অশ্রভরা চোখে দেখতে লাগল মাকে।

মা বললেন, 'বাবা, আমি তো কোনো যুগীকে মলা দিইনি।'

ভন্তের বৃকে যেন তপত লোহার স্পর্শ লাগল। মনে-মনে বললে, তুমি অনাথের নাথ তাতে দোষ নেই, আমার পদবীতে 'নাথ' বলে আমার যত দোষ।

'তোমাদের তো কুলগ্নুর্ আছে, তার কাছ থেকে দীক্ষা নাও গে যাও।' নিরালম্ব দ্বর্বলের মত ভক্তটি চলে যাছে নিচে। যেতে কি পারে! চোখের জলে সিণ্ডুগর্বল ঝাপসা হয়ে গেছে।

কে ডাকল ভন্তকে। পিছন ফিরে তাকিয়ে দেখল, এক রহমুচারী। আপনাকে মা ডাকছেন।

আমরাই শুধু মাকে ডাকি না। মাও আমাদের ডাকেন।

নমুম্বথে জোড়হাতে মা'র দরবারে দাঁড়াল এসে ভক্ত। মা বলে উঠলেন, 'এস বাবা এস, বোসো এই আসনে। তোমরা কৃষ্ণমন্দ্রী, তাই না? এস দীক্ষাটা দিয়ে দি—'

ঠাকুরের চেয়ে মাকে বেশি ভালোবাসে গোরদাসী। এটি যেন ঠিক ব্রুবতে পান ঠাকুর। তাই একদিন জিগগেস করলেন, 'হ্যাঁ রে, সত্যি বলবি ? তুই কাকে বেশি ভালোবাসিস ?'

গোরদাসী গান গেয়ে জবাব দিলে :

'রাই হতে তুমি বড় নও হে বাঁকা বংশীধারী, লোকের বিপদ হলে ভাকে মধ্স্দ্ন বলে তোমার বিপদ হলে পরে বাঁশিতে বলো রাইকিশোরী॥' সেই কৃষ্ণময়ন্ত্রীবিতা রাধিকা বিন্দনী আছেন নবতে। তন্মনা হয়ে। অপিতিচিত্তা হয়ে। তৃশ্ভিময়ীর তিতিক্ষায়।

রামের তব্ব তো একটা কাণ্ডজ্ঞান ছিল। সীতার জন্যে বেছেছিল একটি মনোরম তপোবন। আর এ কী হতচ্ছাড়া জেলখানা। কুঠুরী না কোটর, গ্রহা না গর্ত! তারই বেড়ার ছিদ্রে চোখ রেখে দাঁড়ায় সেই কারা-বাসিনী। সেই নীলকান্ত আকাশের দ্যুতিটি ধরতে চায়। আর মনকে প্রবোধ দেয়, মন, তুই কি এত ভাগ্য করেছিস যে রোজ তাঁর দেখা পাবি?

এ প্রবাধটি কার? যে সর্বাগ্রগণ্যা সহধর্মিণী, তার। এ সন্তোষ্টি কার? যে সমস্ত অধিকার থেকে বঞ্চিত হয়েছে, সমস্ত অলঞ্কার থেকে বিচ্যুত হয়েছে, তার।

এ সান্থনা, এ প্রার্থনা দেখেছি আর কোনো কাব্যে ধর্মে বা ইতিহাসে? ব্যবধান বত দ্রে, বিরহ তত সহনীয়। কোথায় অযোধ্যা, কোথায় বাল্মীকির তপোবন! আর ঠাকুরের ঘর আর নবতখানা মোটে পঞাশ গজ তফাত। ঝাঁপড়ি সরিয়ে একট্—শ্ব্ধ্ দ্বা—বেরিয়ে পড়লেই দেখা যায় সেই পরমরমণীয়কে। সেই পরমধন পরশর্মাণকে। নবনীরদশ্যামগোপালকৃষ্ণকে। সেই সাহ্যাদসভৃষ্ণনর সচ্চিদানন্দবিগ্রহকে।

কিন্তু ডাক নেই। আমন্ত্রণ নেই। সারদা স্পর্শাসহা লজ্জাবতী লতা। আছে সঙ্কোচে স্ব্রমা হয়ে। উদ্যোগ নেই শ্ব্রু প্রস্তৃতি। আরম্ভ নেই শ্ব্রু প্রতীক্ষা। তার ধ্বুবা স্মৃতি। স্থির স্থিতি। স্থিত প্রজ্ঞা।

'আমি তো তব্ব চোখে দেখেছি। ছুংরেছি। সেবাযত্ন করেছি, রে'ধে খাওরাতে পেরেছি, যখন বলেছেন যেতে পেরেছি কাছে, যখন বলেননি নামিইনি নবত থেকে। দ্র থেকে যদি দৈবাৎ কখনো দেখতে পেরেছি, পেরাম করেছি—' আনন্দে উন্বেল হয়ে বলছেন শ্রীমা।

বিরহ তো নয় আনন্দের অম্বর্নিধি, অদর্শন তো নয় অর্থাবিহীন আলিঙ্গন।

...रठोष्य

পানিহাটিতে উৎসব হচ্ছে। সবাই যাচ্ছে স্ত্রী-প্রায়। একজন স্ত্রী-ভক্ত জিগগৈস করলে ঠাকুরকে : 'মা যাবেন আমাদের সঙ্গে?' ঠাকুর উদাসীনের মত বললেন, 'ওর ইচ্ছা হয় তো চলকে।'

ইচ্ছা হয় তো চল্বক। এ তো মন খ্বলে অনুমতি দেওয়া নয়। এ তো নয় আনন্দে আহ্বান করা। আমার যাওয়াটি যদি তাঁর কাম্য হত তবে সোল্লাসে বলে উঠতেন: 'বা, যাবে না? যাবে বৈকি।'

তেমন যখন ডাক নেই, দরকার নেই গিয়ে। স্মী-ভক্তদের বললে সারদা, 'অনেক ভিড় হবে। অত ভিড়ে আমার দেখা হবে না কিচ্ছ্ব। আমি যাব না।'

মৃহতের্ব ইচ্ছাট্যকু ত্যাগ করল সারদা। অভিমানের কুয়াশাট্যকুও রইল না। স্বচ্ছ আকাশ প্রসন্ন রোদে ঝলমল করছে। আকাশ তো নয় মন। রোদ তো নয় নির্বাসনা।

ঠাকুর যথন ফিরছেন, বললেন, 'ও না গিয়ে ঠিকই করেছে। ও অশেষ ব্যমিতী। ও ব্যুঝেস্থেই যায়নি, চায়নি যেতে।'

সবাই তাকালো মুখের দিকে।

'এমনিতে ভত্তের দল যখন সংশ্যে যায় তখন লোকেরা বলে, পরমহংসের ফৌজ চলেছে। এখন ও যদি সংশ্যে থাকত, বলত, ঐ দেখ হংস হংসী।'

কাকে না বিদ্রুপ করেছে ওরা? কাকে না নিন্দে করেছে? নিন্দা করতে দিয়ে ওদের আনন্দিত করছি।

লোক না পোক!

কিন্তু হ্দয়কে একদিন শাসিয়েছিলেন ঠাকুর: 'তুই আমাকে হেনস্তা করছিস কর। কিন্তু ওকে, তোর মামীকে যেন করিসনে। আমার মধ্যে যে আছে সে যদি ফণা তোলে হয়তো বে'চে যেতে পারিস। কিন্তু ওর মধ্যে যে আছে সে যদি একবার মাথা তোলে ব্রহ্মা বিষদ্ধ মহেশ্বরেরও সাধ্য নেই তোকে বাঁচায়।'

একটি বৃন্ধা স্থালৈকে আসে সারদার কাছে, নহবতের নিভূতিতে। অনেকক্ষণ গল্প করে কাটিয়ে যায়। সেই কখন আসে ফিরে যেতে-যেতে বিকেল।

কি এত কথা ওর সংগে! বৃন্ধাকে ঠাকুরের একদম পছন্দ নয়। এককালে জীবনের কাহিনী ওর মলিন ছিল, তারই জন্যে এই বিরাগ। একদিন সরাসরি ঠাকুর বললেন সারদাকে, 'আমার ইচ্ছে নয় ও আসে।'

এইখানেই যা একট্ন সংঘাত। কলতেকর সভেগ মাত্স্নেহের। তুমি ধ্ব পিতা, কলঙ্কিনী কন্যাকে ত্যাগ করতে পারো, কিন্তু আমি মা, আমি পারব না ত্যাগ করতে।

ও মা, যোগেন-মা'র তো চক্ষ্বিস্থর, ঠাকুরের না করে দেবার পরও সেই বৃদ্ধা আসছে সারদার কাছে। শৃ্ধ্ব তাই নয়, সারদাকে মা বলে ডাকছে। আর সারদা তাকে খেতে দিচ্ছে, আদর করে কথা কইছে। জীবন-মর্র শেষ সীমানায় এসে ও কোথায় পাবে আর তৃষ্ণার পানীয়? কোথায় আর শীতল তর্চ্ছায়া? কে দেবে দুটি অমিয়মাথা আশ্বাসবাণী?

ঠাকুর সব দেখলেন, ট্র্ শব্দটি আর করলেন না। মা'র কাছে হার মানলেন। সেই হারেই মেনে নিলেন মা'র মাতৃত্বের গভীরতা।

তিনকড়ি আর তারাস্বন্ধরী মাঝে-মাঝে আসে মা'র কাছে। নাম-করা অভিনেত্রী। আসে মাকে প্রণাম করতে। মা অভয় দেন কিল্ডু ওদেরই সঙ্কোচ। কিছুতেই পা স্পর্শ করবে না মা'র। ঠাকুরঘরের বাইরে দাঁড়িয়ে গলবন্দ্র হয়ে প্রণাম করবে। প্রণামের পর প্রসাদ দেন মা। কলাপাতা বা শালপাতায় করে বাইরে বসে প্রসাদ নেয়। নিজেরাই পাতা ফেলে দিয়ে আসে রাস্তায়, নিজেরাই গোবর দিয়ে এ'টো স্থান পরিষ্কার করে। মা পান নিয়ে আসেন। এমন আলগোছে পান নেয় যেন মা'র আঙ্কল না ছুরুর ফেলে।

নিজেকে এমনি ভাবে দীনতায় নিয়ে আসা এ ভব্তি ছাড়া আর কি। 'এদেরই ঠিক-ঠিক ভব্তি।' বললেন একদিন শ্রীমা : 'যেট্রকু ভগবানকে ডাকে সেট্রকু একমনে ডাকে।'

সেদিন একা এসেছে তিনকড়ি। দোতলায় মা'র কাছে। বসেছে ঠাকুর-ঘরের বাইরে।

नक्क्यी वनल. 'এको गान गाउ।'

'আপনাদের কাছে আমি কি গাইতে পারি?' তিনকড়ি মূখ নামাল। 'তাতে কি, গাও না—' স্বয়ং মা এবার অনুরোধ করলেন : 'সেই পাগলীর গানটা গাও না—'

তিনকডি ছায়ানটে গান ধরল।

'আমার নিয়ে বেড়ায় হাত ধরে যেখানে বাই সে বার পাছে, বলতে হয় না জোর করে॥' বেলা সাড়ে-নটা। যোগেন-মা কুটনো কুটছে। শরৎ মহারাজ কি লিখছেন বসে-বসে। অন্যান্য ভক্ত-কমীরা যে যার কাজে মশগ্লে। এমন সময় ভক্তিরসের বান ডেকে এল। যেন স্বরলোক থেকে নেমে এল স্বধ্নী।

> 'আমি জানতে এলাম তাই কে বলে রে আপনরতন নাই? সত্যি-মিথ্যে দেখ্না এসে, কচ্ছে কথা সোহাগ ভরে॥'

শরৎ মহারাজের হাতের লেখনী দতব্ধ হয়ে রইল। য়ে য়েখানে ছিল ছন্টে এল দোতলায়। য়োগেন-মা কুটনো ফেলে উঠে এল, রাঁধন্ন-বামন রাহ্মা ফেলে আর চাকর তার বাটনা ফেলে। ঠাকুরঘরে পা ছড়িয়ে বসে মা গান শন্নছেন। সমদত বাড়িতে যেন আর হাঁটা-চলা নেই, সাড়া-শব্দ নেই। সমদত যেন নিঃশ্না হয়ে গেছে—এমন সে দতব্ধতা। আর সে দতব্ধতার গ্রহাম্খ থেকে বের্ছে স্রস্তোত।

মা সমাসীন হয়েছেন সমাধিতে। বাহ্যজ্ঞান ফিরে পাবার পর আঁচলে চোখ মুছলেন। বললেন, 'আজ কি গানই শোনালি মা!'

তোর কপ্টে গান, চক্ষে অশ্র, হ্দয়ে ভক্তি, তোকে আর পায় কে! তোর কপ্টে সরম্বতীর কর্ণা, চক্ষে রাধিকার অশ্র, হ্দয়ে দ্রোপদীর ভক্তি—তোকে অবিদ্যা কে বলে!

সেদিন সত্যি-সত্যি এক পাগলী এসেছে দক্ষিণেশ্বরে। প্রায়ই আসে। আসে ঠাকুরের সন্ধানে। বলে, আমি তোমার মধ্রভাবের সাধনসভিগনী। শ্বনে ঠাকুর বিরক্ত হন। সেদিন তো চটে-মটে তিরুম্কার শ্বর্র করে দিলেন। চাইলেন বার করে দিতে।

নবতখানার বন্দীশালা থেকে সব দেখল সারদা। সব শ্নল। মনে হল পেটের মেয়েকে যেন তার মা'র সমুখে কে অপমান করলে।

'গোলাপ,' গোলাপ-মাকে ডাকল সারদা : 'যাও তো, ওকে এখানে নিয়ে এস।' পরে বললে নিজে-নিজে : 'ও যদি কিছ্ব অন্যায়ও বলে থাকে, আমার কাছে পাঠিয়ে দিলেই তো হত। অমন ভাবে গালাগাল দেবার কী হয়েছিল!'

গোলাপ-মা নিয়ে এল পাগলীকে। সম্নেহে তাকে কাছে টেনে আনল সারদা। বললে, 'উনি যখন তোমাকে দেখতে পারেন না, তখন তুমি ওঁর কাছে যাও কেন? তুমি আমার মেরে, তুমি আমার কাছে আসবে, কেমন?' ৮৬ ভন্তদের পাগলী-মামী, রাধ্র-মা, স্রবালা, সারাক্ষণই সেদিন গালাগাল দিচ্ছে শ্রীমাকে। সেসব কট্ন্তি মা কানেও তুলছেন না। এক-কান দিয়ে ঢ্কছে আরেক কান দিয়ে বেরিয়ে যাচ্ছে। হঠাৎ পাগলী বলে উঠল : 'সর্বনাশী।'

মা তথন রুখে দাঁড়ালেন। বললেন, 'আমাকে আর যা বলো, সর্বনাশী বোলোনি। আমার জগৎ জুড়ে ছেলেরা রয়েছে, তাদের অকল্যাণ হবে।'

রাত্রে বাব্রামের চারখানা রুটি খাবার কথা। ঠাকুরের আদেশ। যার যেরকম ধাত তাকে সেই পরিমাণ রুটি খাবার সংখ্যা নির্দিষ্ট করে দিয়েছেন ঠাকুর। বাব্রামের বরান্দ চারখানা লঘ্বাশী হতে পারলেই রাত্রির ধ্যান ভালো জমবে।

'কখানা করে রুটি খাচ্ছিল রে বাব্রাম?' একদিন ঠাকুর জিগগেস করলেন হাঁক দিয়ে।

বাব্রাম মুখ লুকোল। বললে, 'পাঁচ-ছখানা।' 'কেন, বেশি হচ্ছে কেন?' ঠাকুরের কণ্ঠে শাসনের তর্জন। 'তার আমি কি জানি! মা দেন তাই খাই।'

মা দেন! জবাবদিহি নিতে তক্ষ্মনি এসে হাজির হলেন নবতে। বললেন, 'তুমি কি বেশি-বেশি খাইয়ে ছেলেগ্মলোর আখের মাটি করবে?'

সারদা হাসল মুন্ধা জননীর মত। তার নেত্রাম্তচ্ছটার সমস্ত দিক-দেশ প্রসন্ন হয়ে উঠল। সে বললে, 'সামান্য দুখানা রুটি বেশি খেরেছে বলে তোমার ভাবনা! তোমার ভাবতে হবে না। ছেলেদের ভাবনা আমি ভাবব, আমাকে ভাবতে দাও। দুখানা রুটি বেশি খেরেছে বলে আমার ছেলেকে তুমি বোকো না।'

বরাভয়করার কাছে যেন আশ্বাস পেলেন ঠাকুর। সমস্ত ব্যাপারটাই যেন একটা প্রহসন এমনি একটা ভাব করে উচ্চরোলে হেসে উঠলেন।

মা আবার টেক্কা দিলেন ঠাকুরকে।

লক্ষ্মীনারায়ণ মাড়োয়ারী এসে দেখলে ঠাকুরের বিছানা ময়লা। বললে, 'আমি দশ হাজার টাকা লিখে দেব, তার স্কুদে তোমার সেবা চলবে।'

যেন মাথায় কে লাঠির বাড়ি মারল ঠাকুর অজ্ঞান হয়ে পড়লেন। বাহ্যজ্ঞান ফিরে পেয়ে বললেন মাড়োয়ারীকে, 'অমন কথা মনুখে বোলো না। যদি বলো তা হলে আর এস না এখানে।' মাড়োয়ারী তাকিয়ে রইল হাঁ করে। অকারণে দশ হাজার টাকা কেউ ফিরিয়ে দিতে পারে এ তার ধারণার বাইরে।

'আমার টাকা ছোঁবার জো নেই, কাছেও রাখবার জো নেই। ও তুমি ফিরিয়ে নাও।'

মাড়োয়ারীর বড় স্ক্রে বৃদ্ধ। বললে, 'তা হলে এখনো আপনার ত্যাজ্য-গ্রাহ্য আছে? তবে এখনো আপনার জ্ঞান হর্মন?'

ঠাকুর দীনভাবে হেসে বললেন, 'তা বাপত্র এত দরে হয়নি—' তখন মাড়োয়ারী ঠিক করলে, হৃদয়ের কাছে দিয়ে যাই।

'থবরদার!' শাসিয়ে উঠলেন ঠাকুর : 'ওকে দিলে আমাকেই টাকার তদারক করতে হবে। একে দে ওকে দে, একে দিলি কেন ওকে দিলি কেন ও সব নানা হ্যাণগাম পোয়াতে হবে একটানা। কথা না শ্ননলে রাগ হবে। রাগের থেকেই ব্যুদ্ধিশ্রংশ। ও দরকার নেই বাপ্য, ও তুমি ফিরিয়ে নাও। টাকা কাছে থাকলেই খারাপ। আরশির কাছে যদি জিনিসের বাধা থাকে তা হলে পড়ে না প্রতিবিশ্ব।'

মাড়োয়ারী তথনও দোনামনা করছে। তথন ঠাকুর ভাবলেন একটা পরীক্ষা করা যাক। নবতথানায় পাঠানো যাক সারদার কাছে। তার যদি দরকার হয় সে নিক, সে রাথকে।

বললেন মাড়োয়ারীকে, 'যদি নেয় তো নবতখানায় দিয়ে এস।'

কার পরীক্ষা নিচ্ছেন ঠাকুর? ঠাকুর জানেন না নবতখানায় কে বসে? নিলেপিময়ী নিত্যানন্দা বৈরাগিনী! সর্বাতীতা সদানন্দা সংসারোচ্ছেদ–কারিণী!

খবর পেশছ্বল সারদার কাছে, মাড়োয়ারী তার জন্যে দশ হাজার টাকার প্রটাল বেশ্বে এনেছে।

গভীর নম্রতার সঙ্গে বললে সারদা, 'যা তিনি নিতে পারেননি তা আমি নিই কিসে? আমার নেওয়া যে তাঁরই নেওয়া হবে। ঐ টাকা যখন তাঁর সেবায় লাগাব তখন তো তাঁরই নেওয়া হল।'

খবর পেছিল ঠাকুরের কাছে। প্রত্যাখ্যান করেছে সারদা।

বড় খ্রিশ হলেন ঠাকুর। ও আমি জ্ঞানতুম। ও কি যে-সে? ও মহা-ব্রিশ্বমতী। ও আমার শক্তি। ও আমার অশ্তর্যামিনী ইচ্ছা।

তব্ পরসা-কড়ি সারদাই এক-আধট্ নাড়াচাড়া করে। ঠাকুরের চারটি পরসা দরকার হলে আগ বাড়িরে রেখে দের চৌকাঠের ওধারে। ঠাকুর ৮৮ টাকা-পয়সা ছাতে পারেন না, যেন হঠাৎ শিং মাছের কাঁটা ফাটেছে এর্মান ব্যথায় টনটন করে হাত, বে'কে যায়, কিন্তু সারদার ওসব কিছাই হয় না। টাকা-পয়সা হাতে পড়ামাত্র সে নিজের মাথায় এনে ঠেকায়। লোককে দেবার সময়ও তাই। আগে নমস্কারটি সেরে পরে উৎসর্গ করে।

তোমাদের মধ্যে কেন এই তারতম্য?

মা সলজ্জ হাসি হেসে বললেন, 'ঠাকুর আর আমি! আমি যে তাঁর ঘরণী—আমায় যে তিনি সোনার গয়নাও পরিয়েছেন।'

আমার সব সয়, আমি যে সর্বংসহা বস্বেরা। মহাপ্রাণর্পিণী মহতী স্থিতিশক্তি।

ঠাকুর তখন অপ্রকট হয়েছেন, রাধিরা সব ঘাড়ে পড়েছে, মা'র তখন টাকা-পরসার দরকার, কিন্তু হাত একেবারে শ্না। কলকাতা থেকে শরং মহারাজ লিখেছেন, যোগাড়যন্ত্র করে টাকা পাঠাতে দেরি হয়ে যাছে। 'তা হলে আমার শরতের হাতেও টাকা নেই, নইলে সে অমন কথা লিখবে কেন?' মা কাতরনমনে তাকালেন ঠাকুরের দিকে। 'ঠাকুর, তোমার শেষ আদেশটি কি রাখতে পারব না? রাধি, তোর জন্যে আমি সব খোয়াতে বসেছি। ঠাকুর বলেছিলেন, কার্ম কাছে একটি পয়সার জন্যেও চিৎ-হাত কোরো না, তোমার মোটা ভাত-কাপড়ের অভাব হবে না। একটি পয়সার জন্যে যদি কার্ম কাছে হাত পাতো, তবে তার কাছে মাথাটি কেনা হয়ে থাকবে। বরং পরভাতা ভালো পরঘোরো ভালো নয়। তোমাকে ভঙ্কেরা যে যেখানেই নিজেদের বাড়িতে আদর করে রাখ্মক না কেন, কামারপ্রক্রের নিজের ঘরখানি কখনো নন্ট কোরো না।'

মা গো, তুমি বড় না ঠাকুর বড়?

মার হাতে এক ভক্ত-স্ত্রী কতগুলো ফ্ল এনে দিল। তা দেখে মার মহা আনন্দ! অমনি সাজাতে বসলেন ঠাকুরকে। ঠাকুরকে মানে ঠাকুরের ছবিকে। ঘট-পট ছায়া-কায়া সব সমান।

'ফ্লে না হলে কি ঠাকুর মানায়।' মা বলছেন গশ্গদ হয়ে।

কতগ্নলি আবার নীল রঙের ফ্লে! আহা, কি স্বন্দর! দেখছ কি রঙ! আশ্চর্য!

প্রোনো কথায় চলে গেলেন মা, বললেন, 'আশা বলে একটি মেয়ে আসত দক্ষিণেশ্বরে। কালো-কালো পাতা একটি গাছ থেকে স্কুনর একটি লাল ফ্ল তুলে এনেছে সেদিন। বলছে, এাাঁ, এমন লাল ফ্ল তার এমন ৬(৭৯) কালো পাতা! ঠাকুর, তোমার এ কি স্থি। বলছে আর হাউ-হাউ করে কাঁদছে। সবাই তো অবাক। ঠাকুর বলছেন, তোর হল কি গো, কাঁদছিস কেন? তা কেন কাঁদছে কি বলবে। অনেক কথা বলে ব্যক্তিয়ে ঠাকুর তখন তাকে ঠান্ডা করলেন। বলো দেখি, ছিস্টিছাড়া ফ্লের জন্যে ছিস্টিছাড়া কালা!

অঞ্জলি-অঞ্জলি নীল ফ্লে ঠাকুরকে দিতে লাগলেন মা, কিল্তু প্রথম-বারেই কয়েকটি ফ্লে অতর্কিতে নিজের পায়ে পড়ে গেল!

'ওমা, আগেই আমার পায়ে পড়ে গেল!' মা যেন একট্ অপ্রতিভ হলেন।

ন্দ্রী-ভক্তটি বললেন, 'তা বেশ হয়েছে। তোমার কাছে ঠাকুর বড় হলেও আমাদের কাছে তোমরা দুই-ই এক।'

মাগো, ঠাকুর বড় না তুমি বড়?

'ছি, অমন কথা বলতে হয়?' মা কথাটা চাপা দিলেন। পরে রঙ্গ করবার জন্যে শুধোলেন, 'তোমার কি মনে হয়?'

ভক্ত বললে, 'তুমি বড়। মহাদেব তো শ্বয়ে আর কালী মহাদেবের উপর দাঁড়িয়ে। কালী বড়।'

মা মৃদ্র হাসলেন। বললেন, 'তুমি ঐ নিয়ে থাকো! বোকা ছেলে! আমি যে তাঁর দাসী।'

... পনেরো ...

20

'দরজাটা ভেজিয়ে দিয়ে যাস।' 'হাাঁ, তাই দিল্ম।'

ওমা, তুমি? লক্ষ্মী নয়? দরজার দিকে পিঠ ফিরিয়ে বসেছিলেন ঠাকুর, কিংবা হয়তো উন্মনা ছিলেন, ঠিক-ঠিক লক্ষ্য করেননি কে ঘরে দ্বকল! এমন সময় খাবার নিয়ে আসবার কথা, ভেবেছিলেন লক্ষ্মীই বর্নঝ এসেছে। 'কিছ্ম মনে কোরো না।' অন্তাপে কুন্ঠিত হলেন ঠাকুর : 'লক্ষ্মী ভেবে তুই বলে ফেলেছি।'

'তাতে কি হয়েছে!' বললে সারদা, 'ওতে মনে করবার কিছু নেই।' সারারাত ঘুম হল না ঠাকুরের। পরদিন সকালে নবতখানার দরজায় গিরে হাজির। বললেন, 'দেখ গো, সারা রাত আমার ঘ্ম হর্নন ভেবে-ভেবে—কেন এমন র্ঢ়বাক্য বলে ফেলল্ম!'

সেই দিন আর নেই। ভুল করেও খাবারের থালা ঠাকুরের ঘরে নিম্নে যাবার আর অধিকার নেই সারদার। ভুই বলতে যাঁর ব্রুকে বাজত তিনি আজ তাকে দ্রে-দ্রের রেখেছেন। রেখেছেন দরমার খাঁচার মধ্যে।

অথচ কি দোষ করেছি এ প্রশ্নটিও মনের কোণে উ'কি দের না। দোষ দেখবার আগেই চিত্ত সন্তোষে ভরে ওঠে। অভিযোগ করবার আগেই এসে যায় অভিবাদন।

বৃন্দাবন থেকে ফিরে এসে বলছেন শ্রীমা : 'আমি রাধারমণের কাছে প্রার্থনা করেছিল্ম, ঠাকুর, আমার দোষদ্বিট ঘ্রচিয়ে দাও। আমি যেন কখনো কার দোষ না দেখি।'

যোগেন-মা মাঝে-মাঝে দোষ দেখতে চায়। তাকে বলছেন, 'ষোগেন, দোষ কার্নু দেখো না। শেষে দ্বিত-চোখ হয়ে যাবে। দোষ তো মান্ধ করবেই। ও দেখবে কেন? ওতে নিজেরই ক্ষতি। দোষ দেখতে-দেখতে শেষে শ্ব্রু দোষই দেখে।'

নবতখানায় বসে-বসে শুখু রাল্লা করো। রাল্লা আর রাল্লা। কত রকমের হুকুম। কালীর ভোগ সহা হয় না, তাই ঠাকুরের জন্যে আঝালি। রাম দত্ত গাড়ি থেকে নেমেই বললে, আজ ছোলার ডাল আর রুটি খাব। তিন-চার সের ময়দার রুটি। লাট্র ঠেসে দেয় ময়দা, এই যা স্বরাহা। রাখাল থাকলে হুকুম হয় খিচুড়ি। নরেনের জন্যে মৢরগের ডাল আর রুটি হল সেদিন। নরেন দিব্যি বললে, রুগীর পথ্য খেলুম। হুকুম হল, ও কি জোলো খাবার, মোটা-মোটা রুটি আর ছোলার ডাল করো। তাই সই। একবার খেয়ে উঠে আরেকবার খেল নরেন। তবে ডার পেট ভরল।

স্বরেন মিত্তির মাসে-মাসে দশটি করে টাকা দের ভক্ত-সেবার। ব্র্ডো গোপাল বাজার করে। সারা দিন ধরে কত ন্তা, কত কীর্তান, কত ভাব-সমাধি। শুধু দিনটুক? চলে কখনো রাতভার।

কিন্তু ডাক নেই সারদার। স্মৃতিময়ী বলছেন কর্ণকণ্ঠে : 'সামনে বাঁশের চেটাইরের বেড়া দেওয়া। তাই ফ্টোট্টো করে দাঁড়িয়ে দেখড়ুম। তাই তো অর্মান দাঁড়িয়ে থেকে-থেকে বাত ধরে গেল।'

তব্ কি নির্জনে একটি দীর্ঘশ্বাস আছে? আছে কি বিন্দ্রমন্ত্র দোষারোপ? না। শৃথ্য একটি অমৃত-উচ্ছল প্র্থিটের শান্তি। একটি মঙ্গল-র্পিণী শ্রুখা। মাধ্যের্পিণী তৃগ্তি।

'কি মান্বই এসেছিলেন!' মা বলছেন বিহ্নল হয়ে : 'কত লোক জ্ঞান পেয়ে গেল! কি সদানন্দ প্রেষ্ট ছিলেন! হাসি কথা গান কীর্তন চবিশে ঘণ্টা লেগেই থাকত। আমার জ্ঞানে তো আমি কথনো তাঁর অশান্তি দেখিন।'

কিন্তু বন্ধ খাঁচায় যে পাখি রুন্ধ ক্ষোভে পাখা ঝাপটাতে পারত, আশ্চর্য', তারও মুখে হরিকথাক্জন।

লোহার খাঁচার মধ্যে একটি টিয়ে পাখি। মা তাকে গণগারাম বলে ডাকেন। বলেন, 'নাম করো তো গণগারাম।'

গণগারাম 'মা' কারে। ঠাকুরের শেখানো মন্ত্রটিই জপ করে মিঘ্টি করে।

অন্য নাম কিছ্, বলাতে চাও বিকট আওয়াজ করে উঠবে। প্রতিবাদের আওয়াজ। মা-নামের কাছে হরি-নাম কি!মা'র বাইরে আর দেবতা কোথায়!

খাঁচার ফাঁকের মধ্য দিয়ে হাত ত্বকিয়ে দেন মা। প্রসাদী নৈবেদ্য খাওয়ান গণগারামকে। খাওয়া-দাওয়ার পর পান খাচ্ছেন মা, গণগারাম ঠিক নজর রাখছে। পান খাওয়া জিভটি মা খাঁচার ফাঁক দিয়ে বাড়িয়ে দিচ্ছেন গণগারামের দিকে, ঠোঁট বাড়িয়ে সে পানট্বকু জিভের থেকে তুলেনিচ্ছে গণগারাম।

প্রজা তখনো হয়নি নৈবেদ্য থেকে মোহনভোগ তুলে নিলেন মা। তুলে নিয়ে গণগারামের দিকে হাত বাড়ালেন। বললেন, 'গণগারাম, খাও বাবা।'

গংগারাম এমন ভক্ত, ঠোঁট বাড়িয়ে খেল সেই মোহনভোগ।

সবাই আপত্তি করলে, 'প্রজো হয়নি, আগেই গণ্গারামকে হাল্বুয়া দিলেন।'

স্দিশ্ধ হেসে মা বললেন, 'বাবা, ওর ভেতরেই ঠাকুর রয়েছেন।' একটা পাথি পর্যক্ত ঈশ্বরমন্ত্র পড়ছে, অথচ রাধি আর তার পাগলী-মা'র মুখে গালাগাল ছাড়া আর কিছু নেই।

'কি পাপে যে আমার এমন হচ্ছে কে জানে।' মা বলছেন তপত হয়ে : 'হয়তো শিবের মাথায় কাঁটাশ**্বন্ধ বেল**পাতা দিয়েছি। সেই কণ্টকে আমার এই কণ্টক।' রাধ্বর ছেলে হয়েছে কিল্তু দ্বর্ণলতা যায়নি। দাঁড়াতে পারে না, বসে-বসে চলাফেরা করে। তারপর আবার আফিং ধরেছে। মান্রাটা একট্ব কুমাবার চেন্টা করেন মা কিল্তু রাধ্বর ভীষণ গোঁ।

মা তরকারি কুটছেন, আফিঙের জন্যে রাধ্ব এসে বসেছে চুপি-চুপি। এসেছে তেমনি ঘষটে-ঘষটে।

'রাধি, আর কেন, উঠে দাঁড়া।' মা ধমক দিয়ে উঠলেন : 'তোকে নিয়ে আর পারিনে। তোকে নিয়ে আমার ধর্মকর্ম সব গেল। এত খরচপত্র কোথা থেকে যোগাই বল দেখি?'

রাধ্ব রেগে উঠল। তরকারির ঝর্ড়ি থেকে একটা বড় বেগনে তুলে নিয়ে মা'র পিঠে মারল দুম করে।

পিঠ বাঁকিয়ে মা আর্তনাদ করে উঠলেন। দেখতে-দেখতে মারের জায়গাটা ফুলে উঠল।

তব্ কি রাধ্বর উপর রাগ আছে মা'র? ঠাকুরের ছবির দিকে তাকিয়ে জোড়হাতে বলছেন, 'ঠাকুর, ওর অপরাধ নিও না, ও অবোধ।' নিভের পায়ের ধ্বলো নিয়ে মাখিয়ে দিলেন রাধ্বর মাথায়-কপালে। বললেন, 'রাধি, এই শরীরকে ঠাকুর কোনোদিন একটিও শাসনবাক্য বলেননি, আর ভূই এত কণ্ট দিচ্ছিস? ভূই কি ব্বর্থবি আমি কে, আমার স্থান কোথায়?'

নির্মানমোহা ক্ষমা। কর্বাদ্রবা নির্মারধারা। স্বতঃশা্ব্ধা সহাশস্তি। রাধি ঝামটা দিয়ে উঠল : 'তুই স্বামীর কি জানিস? স্বামীর মর্মা ব্যুবোছস তই কোনোদিন?'

যিনি প্রলয়ঙ্করী, চন্ডমন্ডিবিখন্ডিনী তিনিই আবার কর্ণাপাজ্যা, হসন্ম্থী। বললেন হাসিম্থে, 'তাই তো রে—ঠিক বলেছিস। আমার স্বামী তো ছিলেন ন্যাংটা সন্ন্যাসী।'

আমি তাঁরই মনোজবা। সেই জবাটি নিত্য সন্তোষে আরম্ভিম। এই রাধ্বর জন্যে আবার মায়া কত!

অস্থ করেছে রাধ্র। চিন্তার মেঘে ম্থখানি মলিন হয়েছে মার। বলছেন, 'আমি থাকতেই ওর ভালো হল না, তা এর পর কে আর ওকে দেখবে? তা হলে ও আর বাঁচবে কি?'

মা'র এত মায়া! যোগেন-মা'র কেমন-যেন সন্দেহ হল। ঠাকুর অমন ত্যাগী ছিলেন আর মাকে দেখছি ঘোর সংসারী। ভাই ভাই-পো ভাই-ঝি নিয়েই বাস্ত। গণ্গার ঘাটে ধ্যান করতে বসেছে মনে হল ঠাকুর ষেন বলছেন কাছে দাঁড়িয়ে, গণ্গায় কি ভাসছে দেখ দিকি।

ষোগেন-মা চোখ চেয়ে দেখে একটা মৃত শিশ্ব যাছে ভেসে। নাড়ি-ভ্ৰাড় বেরিয়ে রয়েছে ছেলেটার। ঠাকুর বললেন, 'গণ্গা কখনো অপবিত্র হয়? না তাকে কিছ্ব স্পর্শ করে? ওকেও তেমনি জানবে। মায়ায় জড়াবে কিন্তু কোনোদিন স্লান হবে না।' নিজের দিকে ইশারা করলেন:'একে আর ওকে অভেদ জানবে, বিন্দুমাত্র সন্দেহ রাখবে না।'

যোগেন-মা ছুটে এসে মা'র পায়ে পড়ল। কার্কুতি করে বললে, 'আমায় ক্ষমা করো মা।'

'কেন, কি হল?'

'তোমাকে সন্দেহ করেছিল্ম। তোমার উপর অবিশ্বাস এসেছিল—' 'তাই নাকি?' নির্মাল রোদ্রে নীল আকাশের মত প্রসঙ্গোল্জনল চোখে মা তাকিয়ে রইলেন।

'কিন্তু ঠাকুর দেখিয়ে দিলেন, ব্রবিয়ে দিলেন—'

'তার আর কি হয়েছে? অবিশ্বাস তো আসবেই। সেই তো কণ্টি-পাথর। একবার সংশয়, আরেকবার বিশ্বাস, এই না হলে বিশ্বাস পাকা হবে কেন? এ না হলে আর বিশ্বাসের দাম কি।'

হরির মা বলে একটি প্রোঢ়া বিধবা আসে রোজ মা'র কাছে। যত রাজ্যের সংসারের ঝগড়া-ঝাঁটির গলপ করে। যত সব নীচতা আর ক্ষ্দুদ্রতার কাহিনী। পরে বললে, 'কি করবো মা। এ তো আর ছাড়া যায় না। আপনিই বা কই রাধুকে ছাড়তে পারলেন বলনে—'

'আমার কথা ছেড়ে দাও, হরির মা—' অশ্ভূত করে হাসলেন মা। সেই হাসিতে সব কথা স্তব্ধ হয়ে গেল।

রাতের খাওয়া-দাওয়া সেরে পা মুছে বিছানায় বসে বললেন, 'ওরা কি ব্রুবে! আমায় বলে রাধির উপর টান! যাদের ঘরে জন্ম নিরেছি তাদের দেখতে হয়। ঋণ তো কার্র রাখতে নেই। তা না হলে রাধি-টাধি আমার কে! ঠাকুর যে তাঁর মা'র সেবা কত করেছেন, রামলালকে ঢ্বিকয়েছেন কালীঘরে—এ সবের মানে কি?'

এ সবের মানে, নির্লিপত হওয়া নয়, সংসারের র্পে-রসে লালিত হওয়া। রসে-বশে মান্য হওয়া। সংসার ছেড়ে বাহ্যসন্ন্যাসে স্বর্গসন্ধান করা নর। বাহ্যসন্ন্যাস ছেড়ে সংসারকে স্বর্গে র্পান্তরিত করা। সংসারের ১৪ ছোট-বড় কাজে ঈশ্বরের সেবাচর্যা করা। প্রমতম আনন্দের আস্বাদ করা। ঠাকুরেরও হরে-প্যালা, হাবির মা ছিল, মা'রও তেমনি রাধ্-মাকু। এই সংসারই সাধনার নব পীঠস্থান। এই জন্যেই তো শ্মশানবাসিনী হয়েও সংসার করছেন মহামায়া। সমস্ত তীর্থজিলে ঘটটি পূর্ণ করে স্থাপন করেছেন সংসারের মণ্ডমূলে।

মলাটি মা, মুতিটি সারদা, আর পীঠস্থানটি সংসার।

আবার এই সংসারে, দক্ষিণেশ্বরের সংসারে ব্লে-ঝিও আছে। নবতে বসে ধ্যান করছে সারদা, একেবারে তার সামনে ব্লে-ঝি একটা কাঁসি ছইড়ে ফেলল সেদিন। ইচ্ছে করে ঠেলা মেরেই ফেলল হয়তো। ভাবখানা হয়তো এই, ভাবের নিকেশ করে দি।

শব্দটা বন্ধের মত লাগল সারদার ব্বকে। সারদা কে'দে ফেললে।

গোনাগনেতি লাচি চাই ব্লে-বির । তার বরান্দের লাচি বদি কোনো-দিন খরচ হয়ে যায়, তবে সে অনর্থ বাধায় । তার জিভ সকসক তো করেই লকলকও করে ।

হয়তো ছেলেরা এসে পড়েছে, বৃন্দে-ঝির বরান্দ ল্বাচিতে টান পড়েছে। আর যায় কোথা! অমনি শ্রুর্ হল বকুনি : 'ওমা, কেমন সব ভন্দরলাকের ছেলে গো—'

পাছে ছেলেরা শোনে তাতে আবার ঠাকুরের ভয়। অপরাধীর মত নবতে এসে দাঁড়িয়েছেন ভোরবেলা। বলছেন, 'গুগো ব্লেদর খাবারটি তো খরচ হয়ে গেছে!'

সর্বনাশ!

'তা তুমি তাকে নতুন করে র্নটি-ল্বচি যা হয় করে দিও। নইলে এখ্রনি এসে বকাবকি শ্রুর করবে। দ্র্জনিকে পরিহার করাই উচিত।'

ব্ৰেদ কি শোনে!

তখন সারদা তাকে নানাভাবে বোঝাতে শ্রের্ করে। তৈরি খাবার যথন নেবেনি তখন সিধে সাজিয়ে দি। তবে বৃদ্দে নিবৃত্তি মানে।

ঠাকুরের সংসার। তাঁর সংসারের কাজ করা মানেই তাঁকে ছইয়ে-ছইয়ে যাওয়া, তাঁর প্রজো করা। তিনি অরণ্যেও আছেন সংসারেও আছেন। কিন্তু সংসার ছেড়ে অরণ্যে গেলেন না আর-পাঁচজনের মত। তিনি অরণ্য ছেডে সংসারে এলেন।

রামকৃষ্ণ সর্বাভিনব। সর্বাধ্ননিক।

তাঁর এই বিশ্লবের জাের কােথার? তাঁর এই সাধনার ভিত্তি কি? উত্তর, সারদা। সংসার-সারদাত্রী মাত্মতি। যদি সারদা না থাকত, রামকৃষ্ণ আর-পাঁচজনের মতই আংশিক হয়ে থাকতেন। সারদাকে নিয়েই তিনি সম্পূর্ণ। সারদাকে নিয়েই তিনি সমস্তস্কর।

... ষোলো ...

ব্দে-ঝি এসে খবর দিলে, ঠাকুর ডাকছেন। আমাকে? এ কখনো হতে পারে?

হ্যাঁ, কি মালা দিয়েছ কালীর গলায়, তাই দেখে ঠাকুর মহাখ্রিশ। বলছেন, ও এসে একবার দেখে যাক।

রঙ্গন আর জাই দিয়ে সাত-লহর গড়েমালা গেংথছিল আজ সারদা।
মাকে পরাতে পাঠিয়ে দিয়েছিল মন্দিরে। কি থেয়াল হল সাজকারের,
গায়ের গয়না সব খৢলে ফেলে মাকে শৢ৻৻ ফৢলের মালা দিয়ে সাজালো।
ঠাকুর দেখতে এসে একেবারে ভাবে বিভোর। 'আহা, কালো রঙে কী
স্বন্দরই যে মানিয়েছে! এমন মালা কে গেংথছে রে?'

আর কে! যাঁর মালা তিনিই গে°থেছেন।

'আহা, তাকে একবার ডেকে নিয়ে এস গো!' ঠাকুর বললেন আকুল স্বরে, 'মালা পরে মায়ের কী রূপ খুলেছে একবার দেখে যাক।'

যাই এই ফাঁকে ঠাকুরকে একটা দেখে আসি। নয়নচকোর দিয়ে গগনের সেই সাধাকরকে।

নিজেকে আরো ঢেকে নিল সারদা। বৃন্দে-ঝির আড়ালে-আড়ালে এগতে লাগল মন্দিরের দিকে।

ওমা, এদিকে যে আসছেন আর কারা। বলরাম আর স্বরেন। এখন আমি কোথায় ল্বকুই! কোথায় নিজেকে ম্বছে ফোল। গ্রুস্ত হাতে ব্লেন-নির আঁচল টেনে নিল সারদা। তাতে আরেক প্রস্ত ঢাকা দিলে নিজেকে। সামনের দিক ছেড়ে দিয়ে উঠতে গেল পিছনের সিণ্ডি দিয়ে।

সেখানে আবার বাধা। ঠাকুর ঠিক চোখটি রেখেছেন। বলে উঠলেন, 'ওগো ওাদক দিয়ে উঠো না। সেদিন এক মেছনুনি উঠতে গিয়ে পড়ে গিয়ে-ছিল পা পিছলে। কি হয়েছে, সামনের দিক দিয়েই এসো না—'

বলরামরা সরে দাঁড়াল। সারদা তখন এল সম্খ দিয়ে। তাকালো কালীর দিকে।

ঠাকুর তখন ভাবে-প্রেমে গান ধরে দিয়েছেন। সারদা দেখল কালীর মুখেই ঠাকুরের মুখ আঁকা।

আহা, সেই গান! যেন সম্ধার স্রোত বরে চলেছে। তার উপরে ভাসছেন ঠাকুর। সে গানে কান ভরে আছে সারদার। কানের ভিতর দিয়ে এসে মরমে পঞ্জীভূত হয়ে আছে।

'এখন যে গান শর্নি সে শ্বনতে হয় তাই শর্নি।' বলছেন খ্রীমা। 'আর নরেনের সে কী পশুমেই স্ব ছিল। আর্মোরকা যাবার আগে আমাকে গান শর্নিয়ে গেল ঘ্বস্ক্রির বাড়িতে। বলেছিল, মা, যদি মান্য হয়ে ফিরতে পারি, তবেই আবার আসব, নতুবা এই-ই। আমি বলল্ম, সে কি? তখন তাড়াতাড়ি বললে, না না, আপনার আশীর্বাদে শিগগিরই আসব। আর গিরিশবাব্ ?—আহা, এই সেদিনও গান শ্বনিয়ে গেলেন। কী স্কুদর গান—'

বলরাম বোসের বাড়িতে তখন আছেন, একদিন ছাদে উঠেছেন বেড়াতে। বিকেলবেলা। গিরিশ ও তার স্থীও নে সময় ছাদে উঠেছে। এক ছাদ থেকে দেখা যায় আরেক ছাদ। গিরিশের স্থাী বললে গিরিশকে, 'ঐ দেখ ও বাড়ির ছাদে মা বেড়াচ্ছেন।'

গিরিশ তাড়াতাড়ি পিছন ফিরে দাঁড়াল। চোখ ব্জল। বললে, 'না, না, আমার পাপনেত্র, এমন করে মাকে দেখব না লন্কিয়ে।' বলতে-বলতে দ্রত পায়ে নেমে গেল নিচে।

এই গিরিশই একদিন ঠাকুরকে বললে, তুমি পত্ত হয়ে জন্মাবে আমার ঘরে। ঠাকুর উড়িয়ে দিলেন। বললেন, 'হ্যাঁ, বয়ে গেছে আমার তোর ছেলে হয়ে জন্মাতে।'

কে জানে, ঠাকুরের দেহ যাবার পর গিরিশের ছেলে হল একটি। চার বছর বরেস হল অথচ কথা হয় না। হাব ভাবে সব প্রকাশ করে। গিরিশ তো তাকে পেরেই কৃতার্থ, বলে এই আমার ঠাকুর রামকৃষ্ণ। ঠাকুরের মভ সেবা করে তাকে। তার জন্যে আলাদা কাপড়-জামা আলাদা রেকাব-বাটি। সাধ্য নেই কেউ তা দ্ব-আঙ্বলে স্পর্শ করে।

একদিন সেই ছেলে মাকে দেখবার জন্যে ভীষণ অস্থির হল। সকলকে টানছে আর উ-উ করে দেখিয়ে দিচ্ছে উপরের দিকে। কেউ তত খেয়াল করেনি। শেষে একজন বৃথিয়ে দিলে, মাকে বোধহয় দেখতে চায়। কোলে করে নিয়ে এল সেই ছেলেকে, উপরে, ষেখানে মা বসে আছেন। কোলে থাকবে না, নেমে পড়ল জোর করে। নেমে পড়েই সেই ছেলে মা'র পায়ের তলায় পড়ে প্রণাম করলে। শৃথ্যু তাই নয়, আবার নিচে নেমে গিরিশের হাত ধরে টানাটানি করতে শৃরু করল। ভাবখানা এই, দেখবে চলো, উপরে কে বসে আছে।

তার কাতরতা দেখে গিরিশের সে কি হাউ-হাউ কাল্লা! 'ওরে আমি মাকে দেখতে যাব কি! আমি যে মহাপাপী।'

মা'র কাছে আবার সম্তানের পাপ কি! ছেলে তাই ছাড়ে না বাপকে। তখন বাধ্য হয়ে গিরিশ ছেলে কোলে নিয়ে কাঁপতে-কাঁপতে উপরে উঠে এল। দ্-চোখে জল গড়াচ্ছে অবিরল, ছেলে আর বাপ—দ্কনেই ঠিক চার বছরের শিশা।

এসেই মা'র পায়ের নিচে সাফাঙ্গ হয়ে পড়ল। ছেলেকে দেখিয়ে বললে, 'মা, এ হতেই শ্রীচরণ দর্শন হল আমার।'

এই গিরিশের প্রথম দর্শন। প্রথম সম্ভাষণ।

আর, নরেন, নরেন আমার খাপ-খোলা তলোয়ার।

মঠে প্রথম দুর্গাপ্জার সময় তার গর্ভধারিণী মাকেও এনেছিল সংগ করে। সে চারদিক ঘুরে বেড়ায় এ-বাগান ও-বাগান দেখে, আর লংকা তোলে বেগুন তোলে। ভাবে এ সব আমার নর্র করা। নরেন বললে, 'তুমি এ সব করছ কি? মায়ের কাছে গিয়ে চুপটি করে বোসো না। লংকা ছিভে বেগুন ছিভে কি হবে? তুমি বুঝি ভাবছ এ সব তোমার নর্ করেছে। মোটেই নয়, যিনি করবার তিনি করেছেন।'

মাতাঠাকুরাণীর যে প্রকার ইচ্ছা হইবে, সেই প্রকারই করিবেন।' গাজী-পরে থেকে নরেন চিঠি লিখছে বলরাম বোসকে: 'আমি কোন নরাধম তাঁহার সম্বন্ধে কোনও বিষয়ে কথা কহি!...মাতাঠাকুরাণী যদি আসিয়া থাকেন, আমার কোটি-কোটি প্রণাম দিবেন ও আশীর্বাদ করিতে বলিবেন, যেন আমার অটল অধ্যবসায় হয়, কিংবা এ শরীরে যদি তাহা অসম্ভব, যেন শীঘ্রই ইহার পতন হয়।'

'যারা আমার অন্তরণ্গ তারাই আমার ব্যথার ব্যথী।' বলেন ঠাকুর ছেলেদের দেখিরে, 'এরা আমার স্থে স্থা, দ্বংখে দ্বংখী। এমন কি শম্ভূ, বলরাম, স্বরেন—' ঠাকুরের সব রসদদার। দক্ষিণেশ্বরে, কালীঘরে ধ্যান করবার সময় কালীর পিছনে দেখলেন শম্ভুকে। বলরামকেও দেখলেন ধ্যানে, মাথায় পার্গাড়, গোরবর্ণ।

সেই বলরামের স্থার অসুখ করেছে।

ঠাকুর তলব দিলেন সারদাকে। বললেন, 'ষাও দেখে এসো গে—' সারদা শুখু বললে নমুভাষে, 'যাব কিসে?'

একট্র কি কুণ্ঠা, অনিচ্ছা ছিল কথাটিতে? ঠাকুর প্রায় তর্জন করে উঠলেন, 'আমার বলরামের সংসার ভেসে যাচ্ছে, আর তুমি যাবে না? হে'টে যাবে। যাও, হে'টে যাও।'

তাই যাব। যেমন বলবে তেমনি যাব। খ্বে পারি হাঁটতে। কত হে'টেছি।

কিন্তু কোথা থেকে কে জানে এক পালকি এসে হাজির। যিনি পেশছনো তিনিই আবার পথ।

বারান্দার বসে আছেন মা, একটি ভিশির মেয়ে এসে প্রণাম করলে। হাতে একটি পেয়ারা। বললে, 'মা, এটি আজ ভিক্ষায় পেয়েছি। তাই এনেছি আপনার জন্যে। দিতে সাহস হচ্ছে না, মা। দেব?'

'আহাহা, দাও।' হাত বাড়িয়ে পেয়ারাটি তুলে নিলেন মা। বললেন, 'ভিক্ষার জিনিস খ্ব পবিত্র। ঠাকুর খ্ব ভালোবাসতেন। বেশ পেয়ারাটি, আমি খাব'খন।'

ভিখারী মেয়ের আর কি চাই! তার চোথ ছলছল করে উঠল। বললে, 'আমি আপনার ভিখারিনী মেয়ে, আমার উপর এত দয়া!'

ভিক্ষায় যে ফলটি পেয়েছে তাই মাকে দিয়ে গেল খ্রিশ হয়ে। একেই বলে ফলত্যাগ।

ডাব চিনি আর দক্ষিণার পয়সা দিয়ে দিলেন ভক্তের হাতে। বললেন, 'ষাও মন্দিরের মাকে গিয়ে দিয়ে এস। মনে-মনে বোলো, মা, ফলটি নাও আর ফলের যে ফল সেটিও নাও।'

এমন ভাবে দাও যেন দানের আকাণ্ফার ছায়াট্রকুও না মনের গায়ে লেগে থাকে!

শিরোমণিপর্র থেকে একটি স্ফীলোক এসেছে মা'র কাছে, জয়রয়-বাটিতে। ছেলের এখন-তখন অস্থ, মা'র পাদোদক খেলে ভালো হবে এই বিশ্বাস। ভাঁড়ে করে জল নিয়ে এসেছে, আর বলামাত্র মা তাতে তাঁর পারের বনুড়ো আঙ্বল ডোবাবার উপক্রম করেছেন। এমন সময় এক ভক্ত এসে মা'র পায়ের উপর হন্মড়ি থেয়ে পড়ল। সে দেবে না আঙ্বল ডোবাতে। স্ফীলোকটিকে বললে, 'তুমি বাছা তোমার ছেলের চিকিৎসা করাও গে, কিংবা আর যার থেকে হোক নাও গে পাদোদক। মা'রটি পাবে না।'

স্ত্রীলোকটি তাকিয়ে রইল হতাশের মত।

মা দিতে চান অথচ ভক্তেরা নারাজ।

'না, মা, দিও না বলছি।' আরেক ভক্ত এসে জাের দিল। 'একে বাতে ভূগছ, তার আবার কি অস্থ করে বসে ঠিক নেই। কর্তাভজারা ঐ রক্ম পায়ের ব্বড়ো আঙ্বল চােষে শ্বনেছি। এ আরেক নতুন জবালা।'

মুখখানি স্লান করে স্মীলোকটি সরে দাঁড়াল এক পাশে। মা তাকে কাছে ডেকে এনে বললেন, 'তুই মা চুপিচুপি কেন এলিনি? তা হলে তো পোতিস। এখন ছেলেরা জানতে পেরেছে, আর কি হয়? ওদের অমতে কি কিছ্ম করতে পারি? গাঁয়ে তো অনেক বাম্মন আছে, তাদের কার্ম খেকে চেয়ে নে গে যা! আমি বলছি, তোর ভয় নেই, তোর ছেলে ভালো হয়ে যাবে।'

আর কি চাই! জল নিতে এসেছিল, জয় নিয়ে চলে গেল! কর্ণা কি শর্ধর মান্বের জন্যে?

পাগলী-মামী তার এক আত্মীয়কে খাওয়াচছে। বারান্দায় জায়গা করেছে, রেখেছে জলের গলাশ। অর্মান এক বেড়াল এসে সে জলে মুখ দিলে। আবার নতুন করে জল দিলে পাগলী-মামী। ওমা, সে জলেও মুখ দিলে বেড়াল। সে জলও ফেলা গেল। তৃতীয়বার জল এল গলাশ-ভরা। কি সর্বনাশ, এবারও কোন সনুযোগে পাশে থেকে এসে মুখে ঠেকাল। আর বায় কোথা!

পাগলী-মামী তেড়ে এল। 'পোড়ারম্বথো বেড়াল, তোকে আজ মেরে ফেলব তবে অন্য কথা।'

মা বাধা দিলেন। বললেন, 'চৈত্র মাস, বাধা দিও না পিপাসার সময়।' 'তোমাকে আর বেড়ালকে এত দয়া দেখাতে হবে না।' পাগলী-মামী মুখর্ভাগ্য করলে: 'মানুষকেই কত দয়া করছেন!'

মা'র ম্থখানি গশ্ভীর হয়ে উঠল। বললেন, 'যার উপর আমার দরা নেই, সে নেহাত হতভাগ্য। কিন্তু কার উপর যে নেই তাও তো খ'লে পাই না—' শ্রাবণ মাস, বৃণ্টিতে পথ-ঘাট পিছল হয়ে গিয়েছে। জয়রামবাটিতে মার কাছে এসেছে একজন সন্ন্যাসী-ছেলে। মা খ্রিশ হয়ে উঠলেন। 'এসেছ? এমুখো হয়নি কেউ অনেক দিন। বাজার-টাজার হয়নি। আজ কিছু বাজার করে দিয়ে যেও।'

সন্ন্যাসী-ছেলে দেখলে, মহা ভাগ্য। হৃষ্ট মনে বাজারে গেল আর এক ধামা সওদা করলে। প্রায় এক মণের মত। দোকানদার বললে, একটা মুটে ডেকে দি। মা বাজার করে আনতে বলেছেন, মুটের মাথায় করে আনতে হবে বলে দেননি এমন কথা। তাই সন্ন্যাসী বললে, না, মুটের দরকার হবে না, আমিই পারব। ঝুড়িটা আপনি দয়া করে আমার মাথার উপর তুলে দিন।

ব্দৃি মাথায় নিয়ে দেখল পর্বতের মতন ভারি। উপায় নেই, মা'র আদেশ, যেতে হবে বোঝা নিয়ে। সহসা বৃদ্টি শ্রুর হয়ে গেল। এক হাতে আবার ছাতা ধরো ঝুড়ির উপর। নইলে আটা-ময়দার লেশ থাকবে না। ছাতা ধরলে কি হবে, পায়ের নিচে পথও সরে-সরে যাছে। কিন্তু পা পিছলালে চলবে না, চলবে না ঘাড় বে'কালে। মা গো, শক্তি দাও, তোমার বোঝা যেন নিয়ে যেতে পারি তোমার পায়ে।

মৃহতে বোঝা হালকা হয়ে গেল। সম্যাসী-ছেলে অন্ভব করল, পর্বত যেন তুলো হয়ে গিয়েছে।

বোঝা-মাথায় প্রায় ছ্রটতে-ছ্রটতে চলে এল মা'র দ্রারে। এসে দেখে মা দ্রত পায়ে ঘরের বারান্দায় ছ্রটোছ্রটি করছেন, একবার পরে থেকে পশ্চিমে আবার পশ্চিম থেকে পরে। হাঁপিয়ে পড়েছেন ক্লান্তিতে, সমস্ত মুখ লাল, দ্র চোখ যেন ঠেলে উঠেছে কপালে। ছ্রটোছ্রটি করছেন, আর বলছেন আপন মনে, কেন একটা মুটে নিতে বলল্ম না—কেন একটা—

ছেলের সমস্ত ক্লেশ নিজের মধ্যে টেনে নিয়েছেন। সমস্ত ভার নিজে টেনে নিয়ে হালকা করে দিয়েছেন ছেলেকে।

মা'র পায়ের কাছে বোঝা নামিয়ে দিল ছেলে। মা হাঁপ ছাড়লেন। তিরস্কার করে উঠলেন, 'কি তোমার বৃদ্ধি! এত বড় বোঝা, একটা মৃটে নিলে না? এ আমাকে বলে দিতে হবে? আমি বলিনি, তাতে কি হল? তোমার বৃদ্ধি হল না? দেখ দেখি আমার কেমন ক্লান্ত হতে হয়েছে!'

মন তুই কি এত ভাগ্য করেছিস যে রোজ তাঁর দেখা পাবি?' পারে বাত ধরে গেছে, খ্র্ডিয়ে-খ্র্ডিয়ে হাঁটে, তব্ সারদা দরমার বেড়ার সেই ছিদ্র থেকে চোখটি সরিয়ে নেয় না। বড়-বড় থামের আড়াল পড়ে যায়, দেখা যায় না সেই নয়নমনোহরকে, তব্ এই নিয়ত আক্তি, মন, তুই কি এত ভাগ্য করেছিস—?

যেন কত অঁযোগ্য, কত অভাজন, কত দীনহীন—এর্মান এক আত্যকতীন কাতরতা। এ কি তাই? যে অশেষ ঐশ্বর্যে সমার্ঢ়া, জগদব্যাপিকা আনন্দ-র্পা, বিশ্বেশসিম্পাসনা—এ তার দ্বঃখনিবেদন? যেন কত নির্যাতিত, উপেক্ষিত, অনাদ্ত—তাই কি শোনাচ্ছে? তবে যিনি উপেক্ষা করছেন তাঁরই মুখাপেক্ষী হয়ে থাকা কেন? এ কখনো শুনেছে কেউ? যে অন্যায়াচারী সেই আকর্ষণ করবে, আকাশ্ক্ষনীয় হয়ে থাকবে? তারই জন্যে নয়নে ভয়ে থাকবে দর্শনের পিপাসা? যে বনবাসে রেখেছে তারই জন্যে অনুরাগ?

আসলে, এ কি কান্না ? এ কি নালিশ ? যে মের্নিকরীটভারা সম্দ্রকাঞ্চী প্রথিবী, তার আবার খেদ কিসের ? সে তো ম্তিমতী মৌন।

আসলে, এ একটি যজ্ঞের মন্দ্রোচ্চারণ। তপস্যার হোমশিখা।

পার্ব তী যখন মহাদেবের ধ্যান ভাঙতে চাইলেন, পঞ্চশরের শরণাপক্ষ হলেন। পঞ্চশর ভঙ্গ্ম হয়ে গেল। পার্ব তী তখন অপর্ণা সাজলেন। প্রাণ্ডির মধ্যে বৃহত্ত্ব আনতে হলে পন্ধতির মধ্যেও মহত্ত্ব আনতে হবে। দ্বঃসাধ্য ম্ল্যে দিয়ে তাকে পেতে হবে বলেই তো সে দ্বর্ল ভ। যদি অলপম্ল্যে পাওয়া ষায় সে অলপজীবী হয়ে থাকে। যে আমার না-পাওয়ার ধন তাকে চিরুতন চাওয়ার মধ্যেই যে আমার পরম পাওয়া সেটিই অনির্বাণ দীপশিখা কয়ে রাখলুম জ্বালিয়ে। এইটিই আমার যোগসাধন।

সারদা অপর্ণা সাজল।

জ্বালিয়ে রাখল একটি প্রেমের দীপভান্ড। শিখাটি প্রতীক্ষার। নিক্ষপ, নির্ধ্যা যে জ্যোতিটি বিকিরিত হচ্ছে সেটি পরমানন্দের আভাতি।

তাই কান্না নয়, বিলাপ নর, নবষ,গের বেদস্তে।

'হ্যাঁ গা, আমি কি তোমাকে ত্যাগ করেছি ?' মাঝে-মাঝে এসে জিগগেস করেন ঠাকুর। যেন একটি গভীর পরিপ্র্ণতা কথা কইছে, তেমনি স্বরে সারদা বলে, 'না, তুমি আমাকে গ্রহণ করেছ।'

কি খেয়াল হল, খাওয়া-দাওয়ার পর ঠাকুর সেদিন নবতে এসে হাজির।
ব্যাপার কি? বট্রয়য় মশলা নেই। সারদার আনন্দ তথন দেখে কে, প্রত্যক্ষ
সেবার ব্রিঝ একট্র স্ব্যোগ পেল। দ্রটি যোয়ান-মৌরি খেতে দিল
ঠাকুরকে। এ খাওয়া তো এক্ষর্নি ফ্রিয়ে যাবে—লোভ হল, রাত্রেও যেন
দ্রটি খান, খাবার সময় সারদার কথা যেন একট্র মনে করেন। কাগজে
ম্ডে আরো দ্রটি মশলা ঠাকুরের হাতে দিল সারদা। বললে, নিয়ে যাও।
পরে খেও।

বৃষ্টি ফ্রিরে গেছে, তব্ গাছের পাতার কাঁপনে ফোঁটা-ফোঁটা কত-গ্রুলো জল প'ড়ে বৃষ্টিকে আবার একট্র মনে করিয়ে দেওয়া।

মশলার প্রটলি নিয়ে ঠাকুর চললেন তাঁর নিজের ঘরে। কিল্টু হঠাৎ তাঁর রাশ্তা ভূল হয়ে গেল। ঘরে না গিয়ে সোজা গণগার ধারের পোশতার দিকে চলে গেলেন। যেন বেহ'ম, ঠাহর হচ্ছে না দিশপাশ। 'মা ডুবি', 'মা ডুবি' বলতে-বলতে প্রায় গণগায় নেমে পড়েন আর কি। বিন্দিনী সারদা ছটফট করতে লাগল, কাকে ডাকি, কাকে দেখাই! কি ভাগ্যি, মা-কালীর একটি বাম্ন ষাচ্ছে এদিক দিয়ে, তাকে সারদা বললে ব্যস্ত হয়ে, 'শিগগির হ্দয়কে ভাকো।'

হৃদয় খাচ্ছিল, এ'টো হাতেই ছুটে এল খাওয়া ফেলে। সবলে ধরে ঠাকুরকে তুলে নিয়ে এল জল থেকে।

পাড়ে এসে ঠাকুর ভাবলেন, এমনটি হল কেন? কেন পথ ভূলল্ম?
মাহ্তের্ত উত্তর প্রতিভাত হল। ও, সন্তয় করেছি যে। পরের বেলার
কথা ভেবে মশলা নির্মেছি পটেলি বে'ধে।

আর দ্বিধা করলেন না। মশলার পর্টেলি ফেলে দিলেন ছইড়ে। সারদার চোখের সামনে পড়ে রইল মাটিতে।

তব্ব মনের মধ্যে অহরহ সেই সন্তোষবাণী : 'মন তুই কি এত ভাগ্য করেছিস যে রোজ তাঁর দেখা পাবি ?'

এই যে বসে আছি, আমি কি পথ হারিয়েছি?

একটি মেয়ে মাকে একবার লিখলে, মা আমি কি পথ হারিয়েছি? উত্তরে মা লিখলেন, পথ কি কেউ হারায়? পথ পাবার জন্যেই তো পথ। এক ভক্ত ঝুড়িতে করে কতগুলো পদ্মফুল নিয়ে আসছে। দুরে হতে পরিচিত একজনকে দেখে ফ্লেশ্ব্রুখ হাত তুলে নমস্কার করলে। মা দেখতে পেয়েছেন। বললেন, 'ও ফ্লে দিয়ে আর ঠাকুরের প্রজা হবে না। ওগা্লো ফেলে দাও।'

একটি তেরো-চৌন্দ বছরের ছেলে লোভাল্ চোখে নৈবেদ্যের দিকে তাকিয়ে আছে। তথনো ঠাকুরকে নিবেদন করা হয়নি, শুধু থালা সাজানো হছে, এথনি লোভদূন্তি। মা সে নৈবেদ্য দিলেন না পুজোয়। কিন্তু এ ভার্বাট রইল না বেশি দিন। পরে আবার যখন নৈবেদ্যের থালায় অমনি লুখে চোখের ছায়া ফেলেছে ঐ ছেলে মা সানন্দে তার থেকে খাবার তুলে তাকে খেতে দিছেন। ওকি, এখনো যে নিবেদন করা হয়নি ঠাকুরকে। তা হোক। মা বললেন, 'ওর মধ্যেই ঠাকুর আছেন।' বলে সেই নৈবেদ্যের থালাই ধরে দিলেন পুজোয়।

একটি মেয়ে এসেছে কিন্তু তার শোবার বালিশ নেই। মা তাঁর মাথার বালিশটি স্বচ্ছন্দে তার ঘাড়ের নিচে গ্র্ভে দিলেন। না মা, বালিশ লাগবে না। 'লাগবে, শান্তিতে ঘ্রমোও,' মা বললেন, 'তোমার মধ্যেই ঠাকুর আছেন।'

'ও মা নন্দরাণী, অন্ধজনে দয়া করো মা—' দ্বয়ারে এক ভিখিরি এসে দাঁড়িয়েছে।

গোলাপ-মা বললে, 'ওরে সংগে-সংগে একবার রাধাকৃষ্ণের নামটিও কর। গৃহস্থেরও কানে যাক, তোরও নাম করা হোক। তা নয়, অন্ধ-অন্ধ করেই গেলি—'

পর দিন আবার এসেছে ভিখিরি। বলছে, 'রাধাগোবিন্দ, ও মা নন্দ-রাণী, অন্ধজনে দয়া করো মা—'

সঙ্গে-সঙ্গে কাপড আর পয়সা।

সেদিন এক ভিখিরি এসে ভিক্ষে চাইতেই নিচের ভক্তরা তাড়া দিয়ে উঠল: 'যা, এখন দিক করিস নে।'

মা'র কানে গেছে। বলছেন, 'দেখেছ? দিলে ভিখিরিকে তাড়িফ্সে।
ঐ যে একট্ন উঠে এসে ভিক্ষে দিতে হবে এট্নকু আর পারলে না। এক
মনুঠো তো ভিক্ষে, ওর প্রাপ্য, তা ওকে দিলে না। যার যা প্রাপ্য তার থেকে
তাকে কি বিশ্বত করা উচিত? এই যে তরকারির খোসা, এ গর্ব প্রাপ্য।
ওটিও গর্বর মনুখের কাছে ধরতে হয়।'

'কার্ কাছে কিছ্ চেয়ো না।' মেয়ে-ভন্তদের বলছেন মা, 'বাপের কাছে ১০৪ তো নয়ই, স্বামীর কাছেও নয়। যে চায় সে পায় না। যে চায় না সে পায়।' কোনোদিন চাননি কিছু মা। তাই সব তাঁর অঢেল। সব তাঁর ভরা-ভাণ্ডার।

দ্বঃস্থদের জন্যে সেবাশ্রম হয়েছে, কিন্তু, আশ্চর্য, তাতে বড়লোকের ভিড়। বিনাব্যয়ে ওষ্ট্রধ নেবার কারসাজি। দেখেশ্বনে রাথাল খ্ব বিরক্ত হয়ে উঠেছে। এসেছে মা'র কাছে। বলছে, 'যারা অনায়াসে নিজের খরচে চিকিৎসা করাতে পারে তারা এখানে আসবে কেন? এ তো শ্ব্র্যু গরিবদের জন্যে। মা, আপনি বল্বন, বড়লোকদের কি ওষ্ট্রধ দেব, করব চিকিৎসা?'

মা বললেন, 'হ্যাঁ বাবা, সব করবে। আমাদের সব সমান, গরিবই বা কি বড়লোকই বা কি। তা ছাড়া বাবা ষে চায় সেই তো গরিব।'

একটি লোক এসেছে মশ্বেকলাই বিক্রি করতে। 'মা, আমি আট আনার নেব।' একটি ভক্ত-মেয়ে এসেছিল মা'র কাছে সে বললে।

'বেশ তো আমি বলে দিচ্ছি।' বললেন মা।

ভক্ত-মেরেটির স্বামী সংগে ছিল। সে টিটকিরি দিয়ে উঠল: 'মা'র কাছে কি চাইতে এসে কি চাইছে! মশুরকলাই চাইছে।'

মা বলে উঠলেন, 'বাবা, মেয়েমান্য ওরা, ওদের সংসার করতে হবে। সব রকম ওদের চাই। নীলবড়ি থেকে শর্শাবিচি—মায় সম্দ্রের ফেনা। সব যোগাড় করে রাখতে হবে আগে থেকে। ওদের সংসার করতে হবে।'

এই সংসারটি কি করে পরিপাটির্পে করা যায় সেট্কু দেখাবার জন্যেই তো মা সংসারী হয়েছেন। জগন্মাতা সারদা হয়েছেন। সম্যাস তো আর কিছ্ই নয়, ভগবানে সম্যকর্পে ন্যাস করা, মানে, অপণি করা, নিক্ষেপ করা। সংসারের সমস্ত কাজ নিখ্ত ভাবে করে। কিন্তু মনটি ভগবানে দিয়ে রাখো, লাগিয়ে রাখো—একেই বলে সংসারে সম্যাসীর মতো থাকা। ঠাকুরের ভাষায়, নর্তকীর মতো থাকা। মাথায় ঘড়া নিয়ে নেচে যাচ্ছে নর্ভকী, ঘাঘরা ঘ্রারয়ে, কিন্তু মাথায় ঘড়া স্থলিত হচ্ছে না। তেমনি সংসারের যাবতীয় কর্তব্য হাসিমুখে সম্পন্ন করো, কিন্তু খবরদায়, যিনি দারোধার্য, সেই প্রণঘট যেন নির্বিচল থাকে। ন্ত্যের আনন্দে যেন সেই ঘটকে না মাটিতে ফেল। ঘটই যদি পড়ে যায় তা হলে আর নৃত্য কি।

এই নিম্পূহ অথচ নির্ম্বন্দ্ব নৃত্যটি দেখাবার জন্যেই সারদা। জগচ্জননী মহামায়া হয়ে সংসারে আবার শুধু মায়া! রাধ্বকে নিয়ে মা মহাব্যুস্ত। আবার পরনের কাপড়খানি কোথায় একট্ব ছি'ডে গিয়েছে বলে গোলাপ-মাকে বলছেন সেলাই করে দিতে।

কাশী থেকে কজন স্থালোক এসেছে দেখা করতে। একজন একট্র বিরম্ভ হয়ে বললে, 'মা, আপনি দেখছি মায়ায় ঘোর বন্ধ।'

অস্ফ্রটরেথায় মা হাসলেন। বললেন, 'কি করব মা, আমি যে নিজেই মায়া।'

...আঠারো...

ঠাকুর অসুখে পড়লেন।

গলায় ঘা, তব্ ক্রমাগত পিপাস্ক ভন্তদের সঙ্গে হরিকথার বিরাম নেই, অতিপরিশ্রমে ঘা থেকে রক্ত বেরুতে লাগল।

সবাই চোখে অন্ধকার দেখল। ঠিক করল কলকাতায় নিয়ে গিয়ে চিকিৎসা করতে হবে। যিনি ব্যাধি তিনিই চিকিৎসা। ঠাকুর রাজী হলেন।

উঠলেন গিয়ে শ্যামপর্কুর স্ট্রিটের এক ভাড়া-বাড়িতে। সারদা পড়ে রইল দক্ষিণেশ্বরে। দর্কুসহতর নিঃসংগতায়।

রাতে বকুলতলার ঘাটের সি⁴ড়ি বেয়ে নামতে গিয়েছে গণ্গায়, অন্ধকারে এক কুমীরের গায়ে পা রেখেছে। কি সর্বনাশ! কুমীরটা জল ছেড়ে সি⁴ড়ির উপর এসে শ্রেছে। সারদার হাতে আলো নেই, ঘোর অন্ধকার, দেখতে পায়নি। দিব্যি পা রেখে দাঁডিয়েছে তার উপর।

ভাগ্যিস সাড়া পেয়ে কুমীর লাফিয়ে পড়ল জলের মধ্যে, নইলে কি হত কে জানে।

বৃন্দাবনে মা এসেছেন তীর্থ করতে। শ্বনেছেন এখানে কোন নির্জনে গোরী-মা আছে নির্দেশ হয়ে। খ্রুতে-খ্রুতে পাওয়া গেল তাকে এক গ্রুফার মধ্যে। রাতে ধ্বনি জন্মললো গোরী। ধ্বনি জেনলে কথা কইছে মায়ে-ঝিয়ে এমন সময় বিশাল দ্বটো সাপ এসে ঢ্রুল।

'ও গোরদাসী, কি হবে গো, দ্বটো সাপ যে।' ভয়ে মা কু'কড়ে গেলেন। গোরী-মা বললে, 'রহন্নময়ীকে দর্শন করতে এসেছে। কিছ্ ভয় নেই. পেসাদ পেয়ে এখননি চলে যাবে।' দামোদরের প্রসাদ ঢাকা ছিল, তাই কিছ্ মাটিতে ঢেলে দিল গোরী-মা। দিব্যি তা শেষ করে চলে গেল সাপ দ্বটো। ১০৬ গোলাপ-মা কথায়-কথায় বললে একদিন যোগেন-মাকে, 'দেখ যোগেন, ঠাকুর বোধহয় মা'র উপর রাগ করে কলকাতা চলে গেলেন।'

'সে কি কথা? অস্কুথের জন্যে গেলেন যে! ভালো-ভালো ডাক্তার-বিদ্যি দেখিয়ে চিকিৎসা করাবেন!' যোগেন-মা প্রতিবাদ করল।

'বাইরে থেকে দেখতে তাই বটে,' গোলাপ-মা কণ্ঠম্বর একট্ আচ্ছন্ন করলে, 'কিন্তু আমার মনে হয় আসল কারণ অন্য রকম। ঠাকুর চটেছেন মা'র উপর।'

যোগেন-মা সোজা বললে এসে মাকে। তাই? সতি।?

মা তো কে'দে আকুল। কলকাতায় গিয়ে উঠলেন ঠাকুরের পাশটিতে। ছলছল চোখে জিগগেস করলেন, 'তুমি নাকি আমার উপর রাগ করে চলে এসেছ?'

'সে कि कथा? এ कथा তোমাকে कে বললে?' 'গোলাপ বলেছে।'

'গোলাপ বলেছে? কি আশ্চর্য'! এই কথা বলে কাঁদিয়েছে তোমাকে?' ঠাকুর চটে উঠলেন: 'কোথায় সে? ডাকো তাকে।'

মা তখন শান্ত হলেন। শান্ত হয়ে ফিরে গেলেন দক্ষিণেশ্বরে। তাঁর বন্দী-ঘরে। ভব মুখুন্জের মেয়েকে ডেকে শিখতে লাগলেন প্রথম-পাঠ।

গোলাপ-মাকে বকে দিলেন ঠাকুর। বললেন, 'তুমি কি বলে ওকে কাঁদিয়েছ শ্নিন? তুমি জানো না ও কে? যাও এখননি গিয়ে ওর কাছে ক্ষমা চেয়ে এস।'

বিমনার মত গোলাপ-মা পায়ে হে টে চলে গেল দক্ষিণেবর। কে দ পড়ল মা'র কাছে। বললে, 'আমি না ব্বেও ও কথা বলেছিলাম। তুমি যদি এখন—'

মা কথা কইলেন না। শ্বধ্ব একট্ব হাসলেন। 'ও গোলাপ,' 'ও গোলাপ,'
'ও গোলাপ' বলে তিনটি চাপড় মারলেন তার পিঠে। সব কণ্টভার নিমেষে
নৈমে গেল। সব মনস্তাপ যেন উড়ে গেল হাওয়ায়।

কবরেজরা এসে জবাব দিলে। শাস্ত্রে চিকিৎসার বিধান থাকলেও এ রোগের স্বরাহা নেই। অগত্যা ডান্তারি। এলোপ্যাথির কড়া ওষ্ধ সইবে না ঠাকুরের ধাতে। স্তরাং মহেন্দ্র সরকারকে ডাকো। হোমিওপ্যাথিতে তার বিরাট নাম-ডাক। হয়তো এক ফোঁটায় করে ফেলবে অসাধ্যসাধন।

কিন্তু শ্ব্য ওষ্ধটি হলেই তো চলবে না, সেবা চাই। ভক্তেরা প্রাণ

দিতে পারে ঠাকুরের জন্যে কিম্পু যে কোমলতা যে চার্তাট্কু মিশলে সেবাট্কু স্ক্বাদ্ হয় তা তারা পাবে কোথায়? তা ছাড়া পথ্য রাঁধবে কে? ঠিক-ঠিক পরিমাণে বস্তু আর মশলা মিশিয়ে রাম্না করলেই তো পথ্য হয় না, তার মধ্যে হৃদয়ের স্নেহসারট্কু মেশাবে কে?

ভক্তেরা ঠিক করলে, মাকে নিয়ে আসি।

ঠাকুরের কাছে তুললে সে প্রস্তাব। মন তো চায় ষোলো আনা কিল্তু এখানে সে থাকবে কি করে? তেমন ব্যবস্থা কই? তার অবগ্রন্ঠনটি কুণ্ঠিত হবে না তো?

'এখানে এসে থাকতে পারবে?' চিন্তান্বিত দেখাল ঠাকুরকে: 'থাকবার তেমন ঘর-দোর কই? যাই হোক সব কথা খ্রলে-মেলে বলো গে তাকে, আসতে হলে আস্কুক।'

চলে তো চল্বক—এ পানিহাটির উৎসবে যাওয়া নয়। খবর পেয়ে মা হাওয়ার সংজ্য ছুটে এলেন। ঘর-দোরের ভালো ব্যবস্থা নেই, কি এসে যায়! যখন যেমন তখন তেমন, যেখানে যেমন সেখানে তেমন—ঠাকুরের এই মন্দ্র সার করে ঠিক মানিয়ে থাকতে পারবে। যারা মা নিয়ে থাকবে তাদের সংজ্য মানিয়ে থাকার হ্যাজাম কি।

দোতলায় ঠাকুরের ঘর, পশ্চিমে কোণের দিকে মা'র। কিল্তু সমস্ত দিন কাটান তিনি তেতলায় ছাদের দরজার পাশে ছোট্ট একট্র ঘেরা চাতালে। লম্বায়-চওড়ায় হাত চারেকের বেশি নয়। সমস্তদিন কাটান মানে রাত তিনটেয় উঠে আসেন আর রাত এগারোটায় শর্তে ঘান। রাত এগারোটায়, যেহেতু তথন সমস্ত বাড়ি ঘরমে নিঝ্রম হয়ে গিয়েছে। তিনটের সময় ওঠেন, এই প্রায় চিরকালের অভ্যেস। তা ছাড়া এ বাড়িতে একটি মায় কল-চোবাচ্চা, তাই রাত থাকতে উঠে স্নানাদি সেরে না নিলে অন্পায়। এক মহল বাড়ি, বাড়িতে অগ্রনতি প্রয়্ম, অনেকেই অচেনা। তাই যত তাড়াতাড়ি সম্ভব সকলের চোখের আড়ালে স্নান-টান সেরে উঠে এস চাতালে। সেখানে বসে সারা দিনমান যখন যেট্রেকু দরকার ঠাকুরের পথ্য রাখা। বর্ডো-গোপাল আর লাট্র—এদের সংগই মা যা কথা কন। এরাও টের পায় না কখন মা চাতালে ঢোকেন আর কখনই বা রাত করে নেমে যান তাঁর দোতলার ঘরটিতে।

তেতলার উপরে ঐ ছোট্ট চাতালটিই মা'র নিশ্চিন্ত নিভৃতি, কিন্তু সর্বক্ষণ মনটি পড়ে আছে ঠাকুরের পাশটিতে। নিজের হাতে পথ্যটি শ্বধ্ব ১০৮ রাধলেই তৃশ্তি নেই, নিজের হাতে খাওয়াতে বড় সাধ। এক-একদিন কুপার হাওয়াটি ঠিক আসে, সনুযোগ পেয়ে যান। বনুড়ো-গোপাল আর লাট্র ঘর থেকে লোক সরিয়ে দেয়, ঠাকুরের কাছটিতে বসে খাইয়ে দেন যত্ন করে। কোনো-কোনো দিন বিধি বাম হন, এত ভিড় থাকে যে সরানো যায় না। তখন ভক্তরাই কেউ পথ্য-জল নিয়ে আসে উপর থেকে। হায়, আজ তোমাকে খাওয়াতে পারলন্ম না কাছে বসে। কিন্তু কি কয়বো, তৃমি তো আমার একলার নও, তৃমি সকলের।

দিনের পর দিন সর্বংসহা অশেষ ক্রেশ সইছেন। শারীরিক ক্রেশ। তব্ হাল ছাড়ছেন না, ভেঙে পড়ছেন না। রোগরাত্তির পরে আরোগ্যের স্প্রভাতিটির জন্যে প্রতীক্ষা করছেন এক মনে।

কিন্তু কই, অস্থ সারছে কই? রোগ ক্রমশই বৃদ্ধির মুখে।

ঠাকুরকে কলকাতার বাইরে একট্ব কোথাও ফাঁকা জায়গায় নিয়ে গেলে বোধহয় ভালো হয়। তাই ভেবে কাশীপ্রেরর গোপাল ঘোষের বাগানবাড়ি ভাড়া নেওয়া হল। আশি টাকা ভাড়া। কে দেবে এত টাকা? স্বরেন মিত্তির বললে, আমি দেব।

অল্লান মাসের শেষাশেষি শ্যামপর্কুর ছেড়ে চলে এলেন কাশীপরে।

বেশ বাগানগুরালা বাড়ি, চারদিকের সব্বজের গায়ে নানা রঙের ব্বনন, নানা ফবুলের কার্কাজ। দোতলা বাড়ি, উপরের হলঘরে ঠাকুরের জায়গা। দক্ষিণে ছোট একটি ঘেরা ছাদ, সকাল-বিকেল সেখানে একট্ব হাঁটেন, কখনো বা বসেন একট্ব নিরালায়। মা'র ঘর নিচে, প্রবের দিকে। সংগ দেবার জন্যে এবার লক্ষ্মী এসেছে, ডেরা নিয়েছে মা'র ঘরে। মা'র কাজ ডাক্তারের ব্যবস্থামত পথ্য রাঁধা আর দ্ব-বেলা খাইয়ে আসা নিজের হাতে। শ্ব্ধ এইট্বুকু? আর উধর্ব মুখ শিখার মত অহরহ একটি অনিবাণ প্রার্থনা: ঠাকুরকে ভালো করো। ঠাকুরকে বাঁচিয়ে রাখো।

একদিন ঠাকুর বললেন মাকে, 'যারা লাভের আশায় এসেছিল তারা সব চলে থাছে। বলছে, উনি অবতার, ওঁর আবার ব্যারাম কি। ও সব মায়া! কিন্তু যারা আমার আপনার জন, তাদের আমার এ কণ্ট দেখে বৃক ফেটে যাছে—'

নরেন রাখাল নিরঞ্জন লাট্র যারা ঠাকুরের সেবা করছে অহোরাত্র তারা একদিন ঠিক করলে বাগানের ও-পাশে যে একটা খেজ্বরগাছ আছে সম্পের সময় তার জিরেনের রস চুরি করে খাবে। ঠাকুর তখন বিছানায় শ্বয়ে, এত দ্ব'ল হাঁটতে-উঠতে পারেন না। এ অবস্থায় এ কথা ঠাকুরকে জানানোর কোনো মানে হয় না। সম্পে হতে না হতেই চলল সবাই গাছের দিকে। দল বে'ধে। এমন সময় মা সহসা দেখতে পেলেন তাঁর ঘর থেকে, ঠাকুর তাঁরবেগে নিচে নেমে ছ্বটে বেরিয়ে গেলেন। এ কি অঘটন! বিছানায় যাকে পাশ ফিরিয়ে দিতে হয় সে এমনি ছ্বটে বেরিয়ে যেতে পারে! নিশ্চয়ই ভুল দেখেছি চোখে। ছরিত পায়ে মা উঠে এলেন উপরে, ঠাকুরের ঘরে। ওমা, কি সর্বনাশ, ঠাকুর তাঁর বিছানায় নেই, ঘর ফাঁকা। এদিক-ওদিক খোঁজাখ্রিজ করলেন, অনর্থক, নিচেই নেমে গিয়েছেন নির্ঘাত। ভয়ে-ভয়ে মা তাঁর ঘরে গিয়ে ছ্বলন, ঢ্বকেই আবার দেখতে পেলেন যেমন বেগে গিয়েছিলেন তেমনি বেগে ঠাকুর আবার উঠে যাচ্ছেন উপরে, সির্ণড় বেয়ে। উপরে উঠে, দেখতে পেলেন, দিব্যি ভালোমান্র্রটির মত শ্রমেছেন তাঁর রোগশেষ্যায়।

পর দিন পথ্য খাওয়াবার সময় মা পাড়লেন কথাটা।

ঠাকুর প্রথমে উড়িয়ে দিতে চাইলেন। বললেন, 'ও রে'ধে তোমার মাথা গরম।'

কিন্তু সহজে ছাড়বেন না এবার মা। তিনি দেখেছেন স্বচক্ষে।

'তুমি দেখেছ নাকি?' ঠাকুর বললেন ঘনিষ্ঠ সনুরে, 'ছেলেরা সব এখানে এসেছে, সবাই ছেলেমান্র। তারা আনন্দ করে রস খেতে যাচ্ছিল, কিন্তু আমি দেখল্য় ঐ খেজ্বর গাছতলায় একটা কালসাপ রয়েছে। ভীষণ রাগী সেই সাপ, ছেলেদের পেলেই কামড়ে দিত। তাই অন্যপথ দিয়ে তাড়াতাড়ি সেই গাছতলায় চলে গেলাম, ছেলেদের পেশছ্বার আগেই। গিয়ে বাগানথেকে তাড়িয়ে দিয়ে এলাম সাপটাকে। বলে এলাম, আর কখনো ঢ্বিকসনে। শোনো, তুমি যেন একথা এখন বোলো না কাউকে।'

খাওয়ার মধ্যে একট্ব স্বৃজি, তাও ছে'কে দিতে হয়। নয়তো একট্ব মাংসের জবুস। ছিবড়ে খেয়ে-খেয়ে দ্বটো মরা কুকুর মোটা হয়ে গেল। মাংস রাঁধবার কায়দা আছে। কাঁচা জলে মাংস দিয়ে তেজপাতা আর অলপ খানিকটা মশলা দিয়ে তুলোর মতন সেন্ধ করে নামিয়ে নেওয়া। সেবার ব্যবস্থা হল শাম্বকের ঝোল। এবার মা প্রতিবাদ করলেন। বললেন, 'এগ্বলো জীয়ন্ত প্রাণী, ঘাটে দেখি চলে বেড়ায়! এদের মাথা আমি ইট দিয়ে ছে'চতে পারব না।'

'সে কি ?' ঠাকুর বললেন, 'আমি খাব। আমার জন্যে করবে!'

আর কথা নেই। রোখ করে করতে লাগলেন।

অকালে আমলকী খেতে চাইলেন ঠাকুর। দুর্গাচরণ বেরিয়ে গেল। তিন দিন আর তার দেখা নেই। তিন দিন পর গোটা দুই-তিন আমলকী নিয়ে হাজির। বেশ বড় আমলকী। ঠাকুরের আমলকী হাতে করে সে কি কায়া! বললেন, 'আমি ভেবেছিল্ম ঢাকা-টাকা চলে গেছ ব্রিথ। ওগো,' মার উদ্দেশে হাঁক দিলেন, 'বেশ ঝাল দিয়ে একটা চচ্চড়ি রে'ধে দাও। ওরা পূর্ববংগের লোক, ঝাল বেশি খায়।'

রোজ তিন-রকম রাল্লা করেন মা। ঠাকুরের এক রকম, নরেনদের আরেক রকম। তৃতীয় রকম আর সবাইরের। এবার দ্বর্গাচরণের জন্যে নতুন রকম। তাই সই। যে সন্তানের যেমন রোচে তেমনিই রেপ্রে দেন মা। ছেলের স্বাদেই মার আস্বাদন।

বাটিতে আড়াই-সের দুর্ধ নিয়ে উপরে উঠছেন মা, মাথা ঘুরে পড়ে গেলেন হঠাং। বাটি ছিটকে পড়ল মেঝের উপর, শুধু তাই নয়, মার পায়ের গোড়ালির হাড় গেল সরে। কাছাকাছি কোথায় ছিল নরেন আর বাবুরাম, মাকে এসে ধরে ফেললে।

কানে গেল ঠাকুরের। বাব্রামকে ডাকিয়ে আনলেন। বললেন, 'হাাঁ রে বাব্রাম, আমার এখন খাওয়ার কি উপায় হবে?'

ঠাকুর মণ্ড খান। সে মণ্ড মা তৈরি করেন। মা খাইয়ে দিয়ে আসেন। 'এখন আমার মণ্ড তবে কে রাঁধবে? কে খাইয়ে দেবে?'

পা ভীষণ ফ্রলে উঠেছে মার, ভীষণতরো যন্ত্রণা। অসম্ভব নড়া-চড়া, ওঠা-চলা তো দ্রুস্থান। গোলাপ-মা রে'ধে দিচ্ছে মণ্ড। নরেন খাইয়ে দিচ্ছে নিজের হাতে।

গোলাপ-মা যেন মা'র ছায়া।

রাঁচি থেকে এক ভক্ত এসেছে, সংগ্যে অনেক ফ্ল-ফল, কাপড়, আবার একছড়া কাপড়ের গোলাপের মালা। কাপড়ের বটে কিল্তু মনে হয় সদ্য-সদ্য যেন ফ্টে রয়েছে ফ্লগ্নলো। ভক্তটির ইচ্ছে মা গলায় পরেন একবার মালাটি। ভক্তের মনের কামনা প্র্ণ করলেন মা। পরলেন। মালায় লোহার তার দিয়ে বাঁধা। তাই দেখে র্খে এলো গোলাপ-মা। বললে, 'কেমনতরো ভক্ত গা তুমি? লোহার কাঁটা-ওয়ালা মালা এনেছ? এই মালা পরলে গলায় লাগবে না মার?' ভক্তটিকে অপ্রতিভ হতে দেখে মাও অপ্রস্তৃত হলেন। বললেন, 'না না, লাগছে না, কাপড়ের উপর দিয়ে পরেছি।' **এই ना रल कत्र्वाम**शी!

নরেন বললে, 'মা, আমার আজকাল সব উড়ে যাচ্ছে। সবই দেখছি উড়ে ষায়।'

কুণিঠত মুখে হাসি একে মা বললেন, দেখো আমাকে যেন উড়িয়ে দিও না।

'তোমাকে উড়িয়ে দিলে থাকি কোথায়? যে জ্ঞানে গ্রের্পাদপশ্ম উড়িয়ে দেয় সে তো অজ্ঞান। গ্রের্পাদপশ্ম উড়িয়ে দিলে জ্ঞান দাঁড়ায় কোথায়?'

বোধগরার মঠে এসেছেন শ্রীমা, কত তাদের ঐশ্বর্য-প্রাচুর্য, দেখে-দেখে মা কাঁদেন। আর ঠাকুরকে বলেন, 'ঠাকুর, আমার ছেলেরা থাকতে পায় না, খেতে পায় না, দোরে-দোরে ঘ্রে-ঘ্ররে বেড়ায়। তাদের যদি অমন একটি থাকবার জায়গা হত!'

তা ঠাকুরের ইচ্ছায় মঠিট হল। ক্রমে-ক্রমে ঐশ্বর্ষ-প্রাচুর্যও হল মন্দ নয়। মঠের নতুন জমি কেনবার পর নরেন মাকে নিয়ে এল দেখাতে। জমির চার-সীমা দেখালে ঘ্ররে-ঘ্ররে। বললে, 'মা, এ তোমার নিজের জায়গা। তুমি আপন জায়গায় আপন মনে হাঁপ ছেড়ে ঘ্রুরে বেড়াও।'

বাব্রামকে নিজের কাছটিতে ডেকে আনলেন ঠাকুর। নিজের নাকের কাছে হাত ঘ্রিরে ঠারে-ঠোরে বললেন, 'একবারটি ওকে এখানে নিয়ে আসতে পারিস?'

বাব্রাম নির্বাক। যে লোক মাটিতে পা ফেলতে পারে না সে সি⁴ড়ি ভেঙে আসবে কি করে উপরে? এ কেমনতরো রসিকতা!

রসিকতা নয়, স্নেহ! অত্তরমাধ্ররী।

বেশ তো, রসিকতাই করলেন ঠাকুর। বললেন, 'একটা ঝর্ড়ির মধ্যে বসিয়ে দিব্যি মাথায় করে তুলে নিয়ে আসবি। কি রে, পারবি নে?'

... উনিশ ...

দিন ঘনিয়ে আসছে। রোগে ভুগে-ভুগে কী চেহারা হয়ে গিয়েছে ঠাকুরের!

নিজের দিকে সংকেত করে বলছেন ঠাকুর : 'এর ভিতর মা স্বয়ং ভঙ্ক ১১২ লয়ে লীলা করছেন। যথন প্রথম ঐ অবস্থা হল তখন জ্যোতিতে দেহ জন্তল-জন্ত করত। বন্ক লাল হয়ে যেত। তখন বলল্ম, মা, বাইরে প্রকাশ হয়ো না, ঢুকে যাও। তাই এখন এই হীন দেহ।

পলতে দিয়ে গলার ঘা পরিষ্কার করছেন শ্রীমা।

'উ'হ্ল, কি করছ? পলতে দিচ্ছ? আচ্ছা দাও।' সেবাটি নিচ্ছেন সহিষ্কুর মত।

আবার বলছেন আগের কথার জের টেনে: 'সে রকম জ্যোতিম'য় দেহ থাকলে লোকে জ্বালাতন করত। ভিড় আর কমত না। এখন বাইরে কোনো প্রকাশ নেই। এতে আগাছা পালায়, যারা শুন্ধ ভক্ত তারাই কেবল থাকবে। এই ব্যারাম হয়েছে কেন? এর মানে ঐ। যাদের সকাম ভক্তি, তারা ব্যারাম অবস্থা দেখলে চলে যাবে।'

পাপ গ্রহণ করে ঠাকুরের ব্যাধি। বললেন শ্রীমা, 'গিরিশের পাপ। ঠাকুরের ইচ্ছামৃত্যু ছিল। সমাধিতে দেহ ছাড়তে পারতেন অনায়াসে। বলতেন, আহা ছেলেদের একটা ঐক্য করে বে'ধে দিতে পারতুম! তাই অত কন্টেও দেহ ছাড়েননি।'

'গিরিশবাব, নাকি মঠে অনেক টাকা দিয়েছেন?' কে একজন জিগগেস করল শ্রীমাকে।

'সে আর কি দিয়েছে!' বললেন শ্রীমা, 'বরাবর দিয়েছিল বটে স্বরেশ মিন্তির।' হঠাৎ কেমন আর্দ্র হলেন গিরিশের জন্যে। বললেন, 'তবে হার্ট, কতক-কতক দিয়েছে বই কি। সে তেমন হাজার-দ্ব-হাজার নয়। দেবেই বা কোখেকে? তেমন টাকাই বা কোখায়? আগে তো পাষণ্ড ছিল, অসৎ সঙ্গো মিশে থিয়েটার করে বেড়াত। বড় বিশ্বাসী ছিল তাইতো কৃপা পেয়েছিল ঠাকুরের। এক-এক অবতারে এক-এক পাষণ্ড উন্ধার করেছেন। যেমন গোর অবতারে জগাই-মাধাই, রামকৃষ্ণ অবতারে গিরিশ ঘোষ।'

একটি মেয়ে এসেছে মা'র কাছে, মনে অনেক দ্বঃখ নিয়ে। আশা, মা ব্ৰুঝবেন এই অকথিত ব্যথা, বুলিয়ে দেবেন তাঁর মমতার হাত।

ঠিক তাই। 'দেখ মা, সকলেই বলে এ দ্বঃখ ও দ্বঃখ, ভগবানকে এত ডাকল্ম তব্ব দুঃখ গেল না। নাই বা গেল! দুঃখই তো ভগবানের দয়া।'

কিছ্মুক্ষণ থেমে বললেন আবার মা, 'সংসারে দ্বঃখ কে না পেয়েছে বলো? ব্লেদ বলেছিল কৃষ্ণকে, কে তোমাকে দয়াময় বলে? যে কেবল কাদায় তার আবার দয়া! রাম অবতারে সীতাকে কাদিয়েছ, কৃষ্ণ অবতারে রাধাকে। আর কংসকারাগারে দিন-রাত দ্বঃখে-কণ্টে কৃষ্ণ-কৃষ্ণ করেছে তোমার বাপ-মা। তব্ব তোমাকে ডাকি কেন? তোমার নামে যম-ভয় থাকে না।

ঠাকুরও কি কাঁদাচ্ছেন শ্রীমাকে?

হত্যে দিলেন কিছ্র হল না, ভবতারিণীর দ্বারে গেলেন, দেখলেন তাঁর নিজের গলাতেই ঘা। দিন কি তবে সতিয়ই এল ঘনিয়ে?

পয়লা ভাদ্র সোমবার, বারো শো তিরানব্বই সাল, ঠাকুর দেহ রাখলেন। সেদিন কি হল, থিচুড়ি রাঁধছিলেন মা, খিচুড়ি ধরে গেল, প্রড়ে গেল নিচের দিকটা। উপর-উপর সেই খিচুড়িই খেল ছেলের দল। শ্বধ্ব তাই নয় ছাতে মা'র একখানা কুঞ্জদার শাড়ি শ্বকোচ্ছিল তাই চুরি হয়ে গেল!

মা মাতৃহারা শিশ্বর মত কে'দে উঠলেন : 'আমার কালী-মা কোথায় গেলে গো—'

কালী-মাই তো। রাখাল যখন এল দক্ষিণেশ্বরে, কোথায় ঠাকুর, এ যে কেশ এলিয়ে কালী-মা বসে আছেন। রাখাল তাঁর কোলে গিয়ে বসল। তারক যখন এল দক্ষিণেশ্বরে, সেও তাই দেখলে, ঠাকুর নয়, মা বসে। তাঁর কোলে মাথা রেখে সে প্রণাম করল।

ক্রশবিন্ধ যীশ্বখ্নেটর মত শ্বেরে আছেন, কিন্তু মা দেখছেন বরা-ভয়ময়ী প্রচন্ডিকা।

কামারপ্রকুরে আছেন তখন মা, একদিন ঠাকুর এসে দেখা দিলেন। বললেন, 'খিচুডি খাওয়াও।'

সেদিন, সেই শেষ দিনের খিচুড়ির কথা কি জানতে পেরেছিলেন? খিচুড়ি রে'ধে রঘ্বীরকে ভোগ দিলেন শ্রীমা। হিন্দ্বস্থানী ঠাকুর কিনা তাই খিচুড়ি।

এইবার বৃঝি বিহিত পোশাক পরতে হয় মাকে। রক্তিম থেকে যেতে হয় শ্বেতায়। হাতের বালা খ্লতে যাচ্ছেন, কোখেকে ঠাকুর এসে খপ করে তাঁর হাত চেপে ধরলেন। বললেন, 'ও কি করছ? আমি কি কোথাও গেছি? এ-ঘর থেকে ও-ঘর।'

এ-ঘর থেকে ও-ঘর। ছোটু কটি কথায় ঠাকুর ব্রঝিয়ে দিলেন জীবন-মৃত্যু, ইহকাল-পরকাল! মাঝখানে শ্ব্ধ্ একটি চৌকাঠের ব্যবধান। পাশের ঘরে লোক আছে, দেখতে পাচ্ছি না, কিন্তু তার অস্তিত্বের আভাসে সমস্ত অন্ভব ভরে আছে—তেমনিই তো পরকালের প্রতি ইহকালের সংবর্ধনা। ১১৪ এ-বাড়ি ও-বাড়ি নয় যে অন্তত একটা রাস্তা বা একট্খানি জয়ির অবকাশ থাকবে—একেবারে এ-ঘর ও-ঘর। অত্যন্ত কাছাকাছি, নিবিড্তম প্রতিবেশী। মাঝখানে শুখু একটি দুয়ার। নিরগল। কান পাতলেই শোনা যায় কথাবার্তা, চলা-ফেরা—শুখু চোখেই বুঝি দেখা যায় না! কে বলে, তেমনতেমন লোক হলে তাও দেখে।

ব্নদাবনে তীর্থ করতে এসে হাতের বালা আবার খ্লতে গেলেন শ্রীমা। ঠাকুর দেখা দিলেন। বললেন, 'তুমি হাতের বালা ফেলো না। আজ বিকেলে গৌরমণি আসবে, তার কাছ থেকে জেনে নেবে বৈষ্ণবতন্ত্র।'

কোথায় গৌরদাসী! বৃন্দাবনে কোথায় তপস্যায় বসেছে তা কে জানে! ঠাকুর তাকে দেখা দিয়ে বললেন, 'যাও তোমার মা'র কাছে, তাঁকে বৈষ্ণবতত্ত্ব শিখিয়ে এস।'

বিকেলে ঠিক গোরী-মা এসে হাজির। সে ব্রিঝয়ে দিল সহজ করে। কৃষ্ণ পতি যার, সে চিরসধবা। তার চিন্ময় স্বামী। বিশ্বময় প্রাণদর্শ্বত।

বৃন্দাবন থেকে যখন ফিরে এলেন কামারপ্রকুরে তখন আবার লোকের ভয়ে খুলে ফেললেন হাতের বালা। এ ও বলছে, ও তা বলছে। কান পাতা দায়! গভীরের কথা কে বোঝে, চোখে দেখেই লোকের ঝাঁজ। তা ছাড়া, গণ্গা নেই, কি করে থাকব এখানে?

ঠাকুর আবার দেখা দিলেন। গ্রীমা দেখলেন ঠাকুরের পা থেকেই জলের ফোয়ারা ছ্রটেছে, টেউ থেলে যাচ্ছে মাঠ ছাপিয়ে। তবে আর ভর কি। তাঁর পাদপন্ম থেকে গণ্গা, তিনিই তো আছেন সামনে। জবাফ্রল ছি'ড়ে-ছি'ড়ে ম্বঠো-ম্বঠো ফেলতে লাগলেন গ্রীমা। কে আর ভয় করে লোকনিন্দা। চিন্তানন্দ যেখানে নিত্যানন্দ হয়ে আছেন লোকনিন্দা তার কি করবে?

এ সব তো পরের কথা। কিন্তু সদ্য-সদ্য বিচ্ছেদের দ্বংখে মা যথন ছিল্লভিন্ন, তথন বলরাম বোস একখানা থান ধর্তি কিনে এনেছে। গোলাপ-মাকে ডেকে এনেছে মাকে দেবার জন্যে। গোলাপ-মা তো স্তম্ভিত! কোন প্রাণে এ থান তাঁর হাতে দেব? সেই আনন্দের রক্তিমাকে কি করে বিষাদের তুষারে শন্ত্র করে দেব?

গোলাপ-মা দেখল, মা নিজ হাতেই তাঁর শাড়ির লাল পাড় ছি'ড়ে ফেলছেন! সম্পূর্ণ নয়, অধিকাংশ।

রক্তিমার সেই ক্ষীণ প্রতীকটি বরাবর বজায় রেখেছেন মা। মাথার পিছনের দিকে ঘাড়ের কিছ্ম উপরে একটি সিন্দ্ররকণাও লালন করেছেন। তিনি যে প্রসম্মোজ্জ্বলা শ্রীমতী। আর ঠাকুর সর্বরসকদশ্বম্তি শ্রীকৃষ্ণ।

'ওগো তোমরা কিছ্ব ভেবো না।' বললেন ঠাকুর, 'এর পর ঘরে-ঘরে আমার প্রজো হবে। মাইরি বলছি—বাপান্ত দিব্যি। আমার যে কত লোক তার ক্লফিনারা নেই।'

নিবেদিতা বললে, 'মা, আমরাও বাঙালি। কর্মবিপাকে জন্মেছি ও-দেশে। তা দেখবে আমরাও ঠিক-ঠিক বাঙালি হয়ে যাব।'

'মা, ধ্যান-ট্যান তো কিছ্নই হয় না।' সরল মনে মা'র কাছে কে'দে পড়ল ভক্ত।

'নাই বা হল।' সরলা মা দ্বংখভার উড়িয়ে দিলেন এক ফ'্রে : 'শ্ব্র্ ঠাকুরের ছবি দেখলেই হবে।'

'যথানিয়মে তিন বেলা জপ করাও হয়ে ওঠে না।'

'নাই বা হল। স্মরণমনন থাকলেই যথেণ্ট। যখন পারবে তখনই জপ করবে। অন্তত প্রণাম তো আছে।'

ঠাকুর কি বাঁধা-ধরার মধ্যে? নিয়মকান,নের বেড়া দিয়ে ঘেরা? তিনি মন্ত্রমাঠের খোলা হাওয়া। তিনি ঘনুমের মধ্যেও কাজ করেন নিশ্বাসের মত। কাজের মধ্যে থখন তাঁকে ভুলে থাকি তিনি সেই বিক্ষাতিটি হয়েই জেগে থাকেন কাজের মধ্যে। এক মনুহত্তের জন্যেও ছেড়ে যান না, ফেলে যান না। নিজেকে ভালো করে নামিয়ে নিয়ে আসার নামই তো প্রণাম। নামিয়ে আনার সভেগ-সভেগই দেখি তিনিও নেমে এসেছেন। তখন প্রেমে তরলসমতল।

ঠাকুরের এই যে ভাষ্যের সরলতা সেইটিই তো সারদার্মাণ।

গৃহীভন্তরা বললে, আর কি, ঠাকুর নেই, এবার ভেঙে দাও কাশীপ্ররের সংসার। তা হলে মা কোথায় যাবেন? নরেন আর তার সাঙ্গোপাঙ্গেরা বাধা দিল। কোন প্রাণে মাকে নিরাশ্রয় করব? ঠাকুরের শেষ কটি দিন যেখানে কেটেছে, কটা দিন সেখানে তিনি কাটিয়ে যান। খাওয়াবে কি? ভয় নেই. দরকার হয় তো ভিক্ষে করে খাওয়াব।

'নরেন আমার খাপখোলা তরোয়াল।'

বরানগর মঠে যখন ওরা ছিল, আহা, কতদিন আধপেটা খেয়ে কাটিয়েছে ধ্যান-জপে। একদিন সকলে ঠিক করলে দোর ধরে পড়ে থাকবে, ভিক্ষে করতেও বের্বে না রাস্তায়। যাঁর নামে সব ছেড়েছ্বড়ে এল্ম, দেখি তাঁর নাম নিয়ে পড়ে থাকলে তিনি খেতে দেন কিনা। চাদর মর্ড়ি দিয়ে ১১৬

সবাই লম্বা ধ্যান লাগিয়ে দিলে। আমাদের টান, তাঁর দান, দেখি আমাদের টানে তিনি দান করেন কিনা। আমাদের নাম, তাঁর দাম, দেখি তাঁর নামের কোনো দাম আছে কিনা।

দ্বপর্র গেল, সন্ধ্যা গেল, রাতও এল এখন নিবিড় হয়ে। কোথাও কিছ্বর দেখা নেই। না থাক, রাত প্রহয়ে দেব। দেহ দড়ি পাকিয়ে শ্বিকয়ে মরবে। যদি খাদ্য না জোটান তবে এ দেহ রেখে লাভ কি!

দরজায় কে ঘা মারল।

নরেন উঠল লাফিয়ে। বললে, 'দ্যাখ তো দরজা খুলে, কে এল?'
গণগার ধারের শ্রীশ্রীগোপালের বাড়ি, লালাবাব্র মন্দির থেকে খাবার
এসেছে ভরি-ভরি। কে পাঠালো রে এ খাবার?

আর কে! যাঁর দায় তাঁরই দয়া। ডাকাবেন অথচ খাওয়াবেন না? সব জায়গা কেডে নেবেন, শেষে বণিত করবেন কোল থেকে?

ওরে, আগে ঠাকুরের ভোগরাগ দে। তবে প্রসাদ।

मिन भाँटिक भरत लक्ष्यीरक निरंश मा हरल এलिन वलतास्मत वािष् ।

এদিকে ঠাকুরের চিতাভঙ্গ নিয়ে ঝগড়া বেধেছে দ্ই দলে। এক দিকে রাম দস্ত আর অন্যান্য গৃহীভক্ক, অন্য দিকে নবীন সম্ম্যাসীরা। রাম দস্তের ইচ্ছে ভঙ্গ রাখা হোক তার বাগানে, কোনো মন্দির বা সৌধের আশ্রয়ে। তা কেন, সম্ম্যাসীরা বললে, এ ভঙ্গে আমাদের উত্তরাধিকার। বাইরে থেকে দেখতে গেলে, রাম দত্তই জিতল সেই য্দেধ, ভঙ্গের কলসী সেই হাত করলে। কিন্তু তার আগেই অধিকাংশ ভঙ্গ্ম সরিয়েছে সম্ম্যাসীরা। কলসী হালকা করে দিয়েছে।

এই নিয়ে মা দর্গ্থ করছেন। বলছেন গোলাপ-মাকে, 'এমন সোনার মানুষ চলে গেল, অথচ দেখ তাঁর ভঙ্ম নিয়ে কেমন ঝগড়া করছে এরা।'

... কুড়ি ...

দিন দশেক পরে মা বেরিয়ে পড়লেন তীর্থে। সঙ্গে যোগেন, কালী, লাট্র, লক্ষ্মী, গোলাপ-মা, মাস্টার-মশাই আর তাঁর স্থাী নিকুঞ্জ দেবী। 'আমি যে-যে তীর্থে বাইনি, তুমি সব দেখে এসো, ঘ্রের এসো।' মাকে বলেছিলেন ঠাকুর। বৃন্দাবনের পথে প্রথমে দেওঘর, পরে কাশী, শেষ দিকে অযোধ্যা। কাশীতে বিশ্বনাথের আরতি দেখে মা'র ভাব হল। পায়ে-পায়ে দ্বম-দ্বম শব্দ করতে-করতে রাস্তা কাঁপিয়ে ফিরে এলেন বাড়ি। বললেন, ঠাকুরই টেনে নিয়ে এলেন হাত ধরে।

স্বামী ভাস্করানন্দের সঙ্গে দেখা হল কাশীতে। আহা, কি নির্বিকার মহাপ্রের্য! শীতে-গ্রীচ্মে সমান দিক্বসন হয়ে বসে আছেন।

'শঙ্কা মৎ কর মায়ী, তোমরা সব জগদ্দ্বা, সরম কেয়া?'

ভোলানাথের মত বসে আছেন আত্মভোলা হয়ে। মুক্তসমস্তসণ্গ হয়ে। দেহবঃশ্বির লেশ রাখছেন না কোথাও। নিজেও শিশঃ আর সকলের চোথেও অদেহদর্শিতা।

ঠাকুরের সোনার ইণ্টকবচ দিয়ে গিয়েছেন মাকে। দিয়েছেন অস্ক্রথর সময়। দক্ষিণ বাহ্মুলে তাই পরে রেখেছেন মা। শ্ব্রু তাই নয়, পরা নয়, রোজ প্রজা করেন সেই কবচ। ট্রেনে শ্রেছেন কিন্তু তন্দ্রার ঘোরে হাত উঠে এসেছে খোলা জানলার উপর। হঠাৎ ঠাকুর মুখ বাড়িয়ে দিলেন জানলার মধ্য দিয়ে। বললেন, 'ওগো শ্রুছ? হাতের ইণ্টকবচ এমন করে রেখেছ কেন অসাবধান হয়ে? ও যে চার খুলে নিতে পারে অনায়াসে।'

হাত তাড়াতাড়ি সরিয়ে নিলেন মা। কবচ খুলে ফেললেন। একটি টিনের বাক্সে রেখে দিলেন তুলে। এই টিনের বাক্সেই তাঁর নিত্যপুজার ঠাকুরের ছবিখানি। মনের নিভূত মঞ্জব্বায় সেই একটি অন্বিতীয় স্মৃতি।

বৃন্দাবনে এসে মা বড় কাঁদেন। লুকিয়ে-লুকিয়ে কাঁদেন একা-একা। যোগেন-মা কাছে এসে বসলে দুজনে কাঁদেন।

যোগেন-মাকে একদিন দেখা দিলেন ঠাকুর। বললেন, 'হাাঁ গা, এত কাঁদছ কেন তোমরা? আমি কি কোথাও গোছি? এই তো রয়েছি তোমাদের সামনে। এই যেমন এ-ঘর আর ও-ঘর।'

যোগেন-মাও ঠিক-ঠিক সে-কথা বলল বলে মা বড় আশ্বাস পেলেন। যিনি নিশ্বাসের নিশ্বাস তিনি কি যেতে পারেন আমাকে ছেড়ে? কোথায় যাবেন? যতক্ষণ আমি আছি ততক্ষণ তিনিও আছেন।

কীর্তন করতে-করতে একটা মৃতদেহ নিয়ে যাচ্ছে "মশানে। যুক্তকরে মা প্রণাম করলেন। বললেন, 'দেখ-দেখ কেমন ভাগ্যবান! বৃন্দাবনপ্রাংত হয়েছেন! আমরা এখানে মরতে এল্বম, তা একদিন একট্ব জবরও হল না! কত বয়স হয়ে গেল বলো দেখি—'

মা নাকি ব্ৰড়ো হয়েছেন! মা নাকি কখনো ব্ৰড়ো হয়! তা ছাড়া মা'র বয়স তো এখন মোটে তেগ্ৰিশ।

ভন্ড ভেকধারীর মৃথে ভগবান নামও পচে যায়, কিল্তু কার্ মৃথেই মা নাম পচে না। ভগবান দ্বর্লভ কে বলে? যখনই মা বলে উঠব তখনই তিনি অনায়াসের ধন হয়ে ওঠেন। বৃষ্ণির সঙ্গে বাতাসের মিলন তব্ খানিক কন্টকর। কিল্তু জলের সঙ্গে জলের মিলন জলের মতই সহজ। মা সল্তানের জন্যে কাঁদেন, সল্তান মা'র জন্যে। তাই এ মিলন, নয়নজলের সঙ্গে নয়নজলের, কোথাও এতট্বকু অবশিষ্ট নেই।

ছোট্ট একটি বালিকার মতন হয়ে গিয়েছেন মা। মন্দিরে-মন্দিরে ঘ্রের বেড়াচ্ছেন। আর রাধারমণের মন্দিরের কাছে দাঁড়িয়ে প্রার্থনা করছেন, প্রভু, কার্র দোষ যেন না দেখি। যখনই দোষ দেখব তখনই তোমাকে আর দেখা হবে না। যদি তোমাকে দেখতে চাই যেন সকলের ভালো দেখি। সকলের ভালোতেই তুমি আলো-করা।

পায়ে বাতের ব্যথা, একট্ব হয়তো বা খ্বিড়য়ে চলেন, তব্ব সমস্ত বৃন্দাবন পরিক্রমণ করলেন। পঞ্জোশী পরিক্রমা। পথের পাশে যা কিছ্ব দেখবার দেখছেন খ্বিটিয়ে-খ্বিটিয়ে। দেখছেন-দেখছেন, হঠাৎ এক জায়গায় দাঁড়িয়ে পড়ছেন তন্ময় হয়ে। যেন কবেকার কোন চেনা-চেনা জায়গা! কবে যেন এখানে খেলা-খ্লা করে গেছি! তাই তো, এই তো সে-সব পথ-ঘাট, লতা-বিটপী। যোগেন-মারাও থমকে দাঁড়াছে। কি হল মা, কি দেখছ— মা বললেন, ও কিছ্ব নয়।

কালা-বাব্র বাড়িতে সমাধি হল মা'র। অনেকক্ষণ হয়ে গেল, সমাধি আর ভাঙে না। যোগেন-মা কত নাম উচ্চারণ করল কানে-কানে, কিছ্র হল না। ভাক পড়ল যোগীনের, তার ধর্নিতে কাজ হল। অর্ধবাহাদশায় নেমে এসে মা বলে উঠলেন, যেমন ঠাকুর বলতেন, 'খাবো।' কিছ্র মিষ্টি, জল আর পান রাখল সামনে রেকাবিতে। ঠাকুরের মত একট্র-একট্র খ্লেট-খ্লিটে নিলেন সব। পানের ডগাট্রকু পর্যালত ছিড়লেন নথ দিয়ে। প্রশ্ন করল যোগীন। মা উত্তর দিলেন, ঠিক যেন ঠাকুরের গলা, ঠাকুরের ভিজা।

'হাাঁ, কি বলছিল ম ?' মা বলছেন একবার আত্মময়ের মত : 'ও, হাাঁ, ঠাকুরের কথা। একবার দেখি কী, জানো ? দেখি, ঠাকুর সব হয়ে রয়েছেন। যে দিকে তাকাই সেই দিকে ঠাকুর। কানাও ঠাকুর, খোঁড়াও ঠাকুর, চাষাও ঠাকুর, মনুটেও ঠাকুর—ঠাকুর ছাড়া আর কেউ নেই। বন্ধলম, তাঁরই ছিণ্টি, তিনিই সব হয়ে আছেন। জীব কণ্ট পাচ্ছে না, তিনি কণ্ট পাচ্ছেন। তাই তো যদি কেউ এসে কে'দে পড়ে, মনে হয় তাঁরই কাল্লা। তাই তো উম্থার করতে হয়। আমার কি! আমিও তিনি। তাঁর জিনিসে তাঁকেই তুমি।'

বৃন্দাবনে আবার দেখা দিলেন ঠাকুর। বললেন, 'যোগেনকে মন্ত্র দাও।' মা ভাবলেন মাথার গোলমালে ভুল দেখছি হয়তো। পরের দিনও দেখলেন আগের মতো। এড়িয়ে গেলেন। তৃতীয় দিন দেখলেন আরো স্পন্ট আরো ঘনিষ্ঠ। মা বললেন, 'আমি যে তার সঙ্গে কথা পর্যন্ত কই না।'

তাতে কি? মেয়ে-যোগেনকৈ বোলো, সে থাকবে। যোগীনকৈ যে আমি মন্ত্র দিতে পারিনি। আমার বাকি কাজ তো তোমাকে করতে হবে।

সেই টিনের বাক্সটি সামনে রেখে মা প্রজাে করছেন। বেদী নয়
সিংহাসন নয় টিনের বাক্সে ঠাকুরের একখানি ছবি আর কিছ্র দেহাবশেষ।
এই মার ভুবনব্যাপী জগদীশ্বর। যােগেনকে ডেকে পাঠালেন। নীরবে
প্রজা করতে-করতে হঠাং মন্ত্র বলে ফেললেন। সেইটিই যােগেনের মন্ত্র।
ভাবাবেশে এত জােরে বলে ফেলেছেন পাশের ঘর থেকে শ্রনতে পেল
যােগেন-মা।

'এরা সব আমাকে ঘ্রম্তে বলে।' সন্তানের কল্যাণে নিদ্রাহীন মা বলছেন কাতর হয়ে : 'ঘ্রম কি আর আছে, না, ঘ্রম কি আর আসে! মনে হয় যতক্ষণ ঘ্রম্ব ততক্ষণ জপ করলে ছেলেদের কল্যাণ হবে। এক-একবার মনে হয় এই শরীরট্বকু না হয়ে যদি মস্ত শরীর হত তা হলে কত জীবেরই না কল্যাণ হত!'

বছরটাক ছিলেন বৃন্দাবনে। তারপরে হরিন্বার। ব্রহ্মকুন্ডের জলে ঠাকুরের নথ আর কেশ নিক্ষেপ করলেন। তারপরে জয়পুর, জয়পুর হয়ে প্রুক্তর। ফিরতি-পথে প্রয়াগ। গণ্গাযমুনাসংগমে ফেললেন ঠাকুরের বাকি কেশ। ফেলবার আগেই ঢেউ এসে মা'র হাত থেকে কেড়ে নিল। যেন মা'র ব্যাকুলতা নয়, ঢেউয়ের ব্যাকুলতা।

'এ কি, এ কী করেছিস তুই?' লক্ষ্মীকে দেখে চমকে উঠলেন মা। 'মাথা মুড়েছি।' লক্ষ্মী বললে গম্ভীর হয়ে। 'প্রয়াগে এলে মাথা মুড়তে হয়। তুমিও এবার মুক্তন করো।'

'ও বাবা, ও আমি পারব না।'

যদ্ম মিল্লাকের মেয়ে নিন্দানী একবার গের্য়া পরে এসেছিল দক্ষিণেশ্বরের বাগানে। তাকে দেখে ঠাকুর বর্লোছলেন, 'ছিল বেতের ধামা, ঠাকুর১২০

দের ল্বিচ-সন্দেশ বেশ রাখা চলত। এখন চাম দিয়ে বাঁধানো হল। আর ঠাকুরদের ল্বিচ-সন্দেশ এতে আনা চলবে না।

তার মানে, ভক্তিমতী মেয়ে ছিল, দেবসেবা করতে পারত। এখন জ্ঞানীর বেশ ধরেছে, ভাব-ভক্তি থেকে কাটা পড়ল।

একখানা চওড়া লাল-পাড়ের কাপড় গের ্যায় ছ্রিপয়ে মাকে দিয়ে-ছিলেন একজন। একজন আর কে, যদ্ব মল্লিকের স্ত্রী। সে কাপড় পরে ঠাকুরকে প্রণাম করতে এলেন মা।

ঠাকুর লক্ষ্মীকে জিগগেস করলেন, 'লক্ষ্মী এ কাপড় কে দিলে? এটি নহবতে গিয়ে ছেড়ে রাখতে বল। বাগানে কোনো ভৈরবী এলে দিয়ে দিতে বলবি। গের স্কার জল পায়ে পড়তে নেই।'

তা ছাড়া, বড় অভিমান আসে সন্ন্যাসে।

'বড় অভিমান—' বলছেন শ্রীমা : 'আমায় প্রণাম করলে না, মান্য করলে না, হেন করলে না! তার চেয়ে বরং,' নিজের শাদা কাপড়িট লক্ষ্য করলেন, 'এই আছি বেশ। ত্যাগ বাইরে দেখিয়ে কি হবে, ত্যাগ অন্তরে। বৃন্দাবনে গোর শিরোমণি কালাবাব্র কুঞ্জে দেখা করতে এসেছিলেন আমার সঙ্গে। শ্র্নল্ম ব্র্ড়ো বয়সে সন্ত্যাস নিয়েছেন, যখন ইন্দ্রিয়ের প্রভাব কমে গিয়েছে। র্পের অভিমান, গ্রেণের অভিমান, বিদ্যার অভিমান, সাধ্র অভিমান কি যায় বাছা।'

ম্বাক্তির চেয়েও ভক্তি বড়। ভক্তি সব কিছুর চেয়ে বড়।

'চৈতন্যলীলা' অভিনয় দেখছেন মা। রয়েল বক্সে জায়গা করে দিয়েছে গিরিশ। মা দেখবেন বলে বহুদিন পরে বিশেষ রজনীর আয়োজন হয়েছে। জগাই অর্ধেন্দ্রশেখর, আর মাধাই সেজেছে গিরিশ নিজে। ভূষণ আর থিয়েটারে নেই, অবসর নিয়েছে, তব্ব মা দেখবেন বলে একরাতের জন্যে নিমাই সেজেছে। এক পয়সা মজনুরি নেবে না। নিতাইয়ের পার্টে স্ক্শীলা। ষোলোকলা ভরপুর।

ভূষণকে দেখিয়ে মা বলছেন, 'মেয়েটিকে দেখলমে ভক্তিমতী। ভক্তি না থাকলে কি হয় গা? নিমাই—তা ঠিক নিমাই, কে বলবে মেয়েমানুষ?'

আবার দেখছেন জগাই-মাধাইকে। বলছেন, 'ওদের মত ভক্ত কে? রাবণের মত ভক্ত কে? হিরণ্যকশিপরে মত ভক্ত কে? এই দেখ না, গিরিশ-বাব, ঠাকুরকে কত গাল দিতেন—তা, ওঁর মত ভক্ত কে? এ'রা সব ঐ ভাবে এসেছেন। ভক্ত হওয়া কি কম কথা? ভক্তি কি অমনিই হয়?' লক্ষ্মী সংখ্য ছিল, লক্ষ্মীর দিকে তাকিয়ে বলছেন, 'হাাঁ রে লক্ষ্মী, সেটা কি? মৃত্তি দিতে কাতর নই—'

লক্ষ্মী স্বর করে গাইলে, 'ম্বিক্ত দিতে কাতর নই গো, ভক্তি দিতে কাতর হই—'

... একুশ ...

বৃন্দাবনেই শ্নতে পেলেন ত্রৈলোক্য বিশ্বাস যে টাকা সাতটি দিত, দীন, খাজাণ্ডি তা বন্ধ করে দিয়েছে।

'বন্ধ করেছে কর্ক।' মা বললেন উদাসীনের মত : 'এমন ঠাকুরই চলে গেছেন, টাকা নিয়ে আর আমি কী করব!'

কলকাতায় ফিরে বলরামের বাড়িতে থাকলেন কয়েকদিন। এবার ঘরে চলো। চলো সেই মাটির স্বর্গধামে। কামারপক্রের।

সঙ্গে গোলাপ-মা আর যোগেন।

বর্ধমান পর্যকত ট্রেন ভাড়া জনটেছে, তারপরে আর পরসা নেই। উচালন সেখান থেকে পাক্কা যোলো মাইল। হাঁটা ছাড়া আর গতি নেই। ট্রেন ভাড়ার অভাবে সেই ষোলো মাইল রাস্তাই হাঁটলেন মা। রাজরানী হয়ে চলেছেন অনাথিনীর মত।

পা দ্বটো আর টানতে পারছেন না কিছ্বতেই। খিদের কন্টে বসে পড়েছেন পথের পাশে। সাবর্ণ-চৌধ্বনীদের ছেলে সম্ন্যাসী যোগানন্দ তাই দেখছে অসহায়ের মত।

রিভহস্ত সর্বত্যাগী সন্তান দেখছে মা'র এই কায়ক্রেশ।

বসে-বসে গোলাপ-মা থিচুড়ি রাঁধল। খেতে-খেতে ছোট মেরেটির মত মা আনন্দে উছলে উঠলেন, 'গোলাপ, এ একেবারে অম্তের মতন লাগছে।'

তিন দিন পরে চলে গেল যোগেন।

সারা গাঁরে ঢি-ঢি পড়ে গেল। বিধবার পরনে কিনা পাড়ওলা শাড়ি, হাতে বালা! এ কি কেলেৎকার! গোলাপ-মা ষতদিন ছিল সেই লোকনিন্দার আঁচ লাগতে দেরনি মা'র গায়ে। সমস্ত আঘাত ঠেকিয়ে এসেছে একা-একা। কিন্তু যেই মাসখানেক পর চলে গোল নিন্দ্বকের দল আবার বিষম্ব ১২২ হয়ে উঠল। তথন এগিয়ে এল প্রসমময়ী—লাহাদের বোন, ঠাকুরের বাল্য-কালের সখী।

'জানো এ কে?' গর্জে উঠল প্রসন্ন। 'এ গদাইয়ের বউ।' কে না জানে! গদাইয়ের বউ বলেই তো বলছি এত কথা। 'এ কী তোমাদের মত সাধারণ? এ দেবী, ঈশ্বরী।' তথনকার মত চুপ করে গেল সকলে।

তব্ মা খ্লতে গিয়েছিলেন হাতের বালা। ঠাকুর বাধা দিলেন। গৌরদাসী এসে ব্রিয়য়ে দিল শ্রীমতী শাশ্বতকালেই শ্রীমতী।

লোকনিন্দার চেরেও দ্বংখদাতা দারিদ্র । ঠাকুর বলেছিলেন শেষ দিকে, 'আমি চলে যাবার পর তুমি কামারপ্রেকুরে গিয়ে থাকবে । শাক-ভাত ষা জোটে তাইতে পেট চালাবে আর দিন-রাত হরিনাম করবে ।'

সে কথাই কিনা অক্ষরে-অক্ষরে ফলল! শ্ব্ব, শাক-ভাত! হায়, ন্ন কেনবার পয়সা নেই একটাও।

দরিদ্রতমের চেয়েও দরিদ্র। তেল-মশলা দ্রেস্থান, এক কণা নন্ন জোটে না জগঙ্জননীর।

বাড়ির সামনের মাটিট্বুকু নিজহাতে কোপান কোদাল দিয়ে। শাক ফলান। নিজেই কটি ধান কুটে চাল করেন। ভাত রেণ্ধে ঠাকুরকে আগে নিবেদন করেন। শ্মশানের ভূতনাথ তাই গ্রহণ করেন প্রসম্মনে। সেই প্রসম্নতাই সমস্ত ব্যঞ্জনের নুন।

তব্ব এই খোরতম দারিদ্রোর কথা কাউকে জানতে দিচ্ছেন না ঘ্ণাক্ষরে। কতদুরেই বা জয়রামবাটি, তাঁর মাকে পর্যন্ত না।

শ্যামাস্করী খবর পাঠালেন, একবার আমাকে দেখবি আয়।

কে কাকে দেখে। মেয়েকে দেখে শ্যামাসন্দরী আঁতকে উঠলেন। এ যে একেবারে ভিশিরিনীর মূর্তি। পরনে ছে'ড়া ময়লা শাড়ি, মাথায় রক্ষ জট-পাকানো চুল, রোগা মালন চেহারা। ছুটে গিয়ে মেয়ের হাত ধরলেন। বললেন, 'এ কী হয়েছিস তুই।'

সারদার্মাণ হাসলেন। দরিদ্রতা দেখছ বটে, সে সঙ্গে প্রসন্নতাও দেখ। আর্তনাদ শ্বনে কি করবে, শোনো এই স্তম্বতার গীতিকা।

অনেক পীড়াপীড়ি করলেন, এখানে আমার কাছটিতে থাক। তোর চুলে তেল মেখে দি, চেহারায় ফিরিয়ে আনি স্নিন্ধতা। সারদার্মাণ রাজী হলেন না কিছ্কতেই। শাকামে যে ন্ন জ্বটছে না, তব্বও। মা'র কাছ থেকে চাইলেন না একটা নান-তেল, কটা বা খাচরো পারসা। ঠাকুর যে অভাবে রেখেছেন এই আমার প্রাচুর্য-প্রতুল।

'কী করবি তবে তুই?'

'কামারপ্রকুরে ফিরে যাব। ঠাকুরের যা ইচ্ছে তাই হবে।'

ঠাকুর বলতেন, আমাকে যে স্মরণ করে তার কখনো খাওয়ার কণ্ট থাকে না।

তিনি নিজে বলেছেন?

'হ্যাঁ, তার নিজের মুখের কথা।' বললেন মা, 'তাঁকে স্মরণ করলে কোনো দুঃখ থাকে না। দেখছ না, তাঁর ভক্তেরা সবাই ভালো আছে। এই তো কাশী-বুন্দাবনে দেখেছি, অনেক সাধ্য ভিক্ষে করে খায়, আর গাছতলায় ঘুরে বেড়ায়। তাঁর ভক্তের মত এমনটি কোথাও দেখা যায় না।'

কিন্তু তুমি? তুমি যে কন্ট পাচ্ছ?

মা হাসলেন। যে মুহুুুুর্তে একে কণ্ট ভাবব সেই মুহুুুুর্তে ঠাকুর তার ব্যবস্থা করবেন।

সেই দতব্ধতার দেয়ালে ছিদ্র হল। ছিদ্র হল সেই আত্মবিল্পণ্ডির অন্ধকারে। একা-একা আছেন, প্রসন্নময়ী একটি ঝি পাঠিয়ে দিল মার কাছে। তাঁকে দেখতে-শ্রনতে, রাতে পাহারা দিতে। সেই প্রথম বাইরে খবর নিয়ে গেল।

মা'র ভাই প্রসন্নকুমার কলকাতায় প্ররোতগিরি করে, তার কানে উঠল। সে খবর দিলে রামলালকে। রামলাল খেপে উঠল, তোমরা ভাই হয়ে বোনের দ্বদ'শার লাঘব করছ না? এত কাছাকাছি তোমাদের বাড়ি, উদ্যোগী হয়ে ব্যবস্থা করতে পার না এতট্বকু?

ক্রমে খবর পেশছনে গোলাপ-মাকে। ভাত খেতে মা'র নান নেই। অস্থির হয়ে উঠল গোলাপ-মা। কী করতে আছ সব ঠাকুরের ভক্তবাদ, গৃহী আর সম্র্যাসী? তোমাদের মা রয়েছেন অর্ধাশনে। যিনি সর্বসাম্রাজ্য-দায়িনী তিনি রয়েছেন দীনদাঃখিনীর মত।

চাঁদা উঠতে লাগল। চিঠি গেল মা'র কাছে, সনির্বন্ধ চিঠি, ভন্তদের নাম করে, তুমি চলে এস কলকাতায়। আমাদের মা হয়ে কেন তুমি দ্রের থাকরে?

আধা-বরসী বিধবা, মোটে চৌত্রিশ বছর বরস, কি করে থাকবে সব অনাদ্বীর ভক্তদের সংশ্রবে? গাঁরের সমাজ আবার আলোড়িত হয়ে উঠল। ১২৪ 'ওমা, সেই সব অলপবয়সের ছেলে, তাদের মধ্যে কি করে থাকবে!' বলার্বাল করতে লাগল সকলে।

মা-ই নিজে ঢিল ছ:্ডেছেন মোচাকে। তার মানে আছে। সমাজ কি বলে একবার শনুনতে হয়। ব্রুতে হয় হাওয়া-বওয়ার দিক কি।

কেউ-কেউ আবার কটাক্ষটি ল,কিয়ে রেখে সরল চোখে তাকিয়ে থেকে বলেন, 'তা যাবে বৈ কি। তারা হল সব শিষ্য!'

भा किवल मालिन। कथा कन ना।

এমন সময়, এবারো, প্রসন্নময়ী এল উন্ধার করতে। বললে, ন্বরে আন্তরিকতার সমস্ত সন্ধা ঢেলে দিয়ে বললে, 'তারা হচ্ছে তোমার ছেলে। যাবে বৈ কি, নিশ্চয় যাবে।' আনাচে-কানাচে আড়ি পেতে দাঁড়ানো সমাজের লোকদের লক্ষ্য করে বললে, 'এরা এখনো গদাইয়ের মর্মাই বোঝেনি। গদাইয়ের স্থাীর মর্মা তো আরো কঠিন।'

প্রসম্মার মুখের উপর কেউ কিছ্ম বলতে পারল না। মা জোর পোলেন। শ্যামাস্কুলরীও দ্বিধা করেছিলেন গোড়ার দিকে, সে দ্বিধা কেটে গেল। মত দিলেন মুক্ত মনে।

সারদার্মাণ চলে এলেন কলকাতা।

গংগাতীরে নয় বেল্বড়ে নয় বাগবাজারে ভাড়াটে বাড়িতে থাকতে লাগলেন। কখনো বা বলরাম বোসের বাড়িতে, কখনো বা মাস্টার মশাইয়ের। যদিন পর্যন্ত না উদ্বোধন-আফিস তৈরি হল।

ঠাকুর রামকৃষ্ণকে দেখেছি, শন্নেছি তাঁর কথা, তিনি না হয় মহাপন্ন্ব, কিন্তু তাই বলে তাঁর স্থাকৈ নিয়ে বাড়াবাড়ি কেন? এমন কথাও বলতে লাগল কেউ-কেউ। মহাপন্ন্বের স্থাই হলে বন্ধি তিনিও একজন লক্ষ্মীসরুষ্বতী হয়ে গেলেন!

না, না, আমি কে, আমি কি, আমি কেউ নই কিছু নই। মা আত্মলন্ধিতর ঘোমটা টানলেন আরো ঘন করে। নিজেকে ঠাকুর বলতেন রেণ্র রেণ্র। আমি অণ্রর অণ্র। যদি ঠাকুরকে দেখ, ঠাকুরকে মানো, তা হলেই হল। ঠাকুর যেট্রকু ভার দিয়েছেন আমার উপর, সেট্রকু করতে পারলেই আমার হয়ে গেল।

সে যে অনন্ত কাজ!

'দেখলন্ম একটা ডে'য়ো পি'পড়ে যাচ্ছে—রাধি তাকে মারবে।' বলছেন মা : 'কিন্তু দেখলন্ম কি তা জানো? দেখলন্ম সেটা পি'পড়ে নয়, ঠাকুর। ঠাকুরের সেই হাত-পা মুখ-চোখ সব সেই! রাধিকে আটকালুম, খবরদার মারতে পার্রাবনে। ভাবলুম, সব জীব যে ঠাকুরের, সব জীবই ঠাকুর। আমি আর কী করতে পাচ্ছি, কজনকে দেখতে পাচ্ছি? তিনি যে সকলের ভার আমার উপর দিয়েছেন। সক্কলকে দেখতে পারতুম তবে তো হত!

বেলন্ডে নীলাম্বর মুখন্জের বাড়িতে আছেন তখন মা, পঞ্চপার আয়োজন হল। পঞ্চপা কি? তা কি মা-ই জানেন!

কামারপ্রক্রে থাকতে মা প্রায়ই একটি মেয়েকে দেখতেন, এগারো-বারো বছর বয়স, মা'র সঙ্গে-সঙ্গে হে'টে-চলে বেড়াছে। কাজ-কর্ম করে দিছে, এটা-ওটা এগিয়ে দিছে কাজের জিনিস। কখনো-কখনো বা আমোদ-আহ্রাদ করছে। এখন ঠাকুর গত হবার পর দেখা দিছে এক দাড়িওলা সম্ম্যাসী। বলছে, পণ্ডতপা করো। সে আবার কী কথা! প্রথম-প্রথম খেয়াল করেননি মা। কিল্কু কানের কাছে মুখ এনে বারে-বারে বলছে সম্ম্যাসী, পণ্ডতপা, পণ্ডতপা!

পঞ্চতপা কাকে বলে? জিগগেস করলেন যোগেন-মাকে।

যোগেন-মা খবর নিয়ে এলেন। পঞ্চ বহির তপস্যা। চার দিকে চার অণিনকুণ্ড জেবলে বসতে হবে। আর মাথার উপর জবলন্ত স্থা, পঞ্ম হ্বতাশন। এমনি ভাবে আগবনের মধ্যে বসে ধ্যান আর প্রার্থনা। তার নাম পঞ্চতপা। যোগেন-মা বললেন, 'আমিও করব।'

পঞ্চতপার যোগাড় হল। চার দিকে ঘ্রুটের আগন্বন, মাধার উপরে খাড়া রোদ। ভোরবেলা স্নান করে ঢ্বকতে হবে সেই আগন্বনের মধ্যে, বের্বতে হবে সূর্য অসত গেলে। স্নান সেরে এসে মা দেখলেন আগন্বন গনগন করে জনুলছে। বড় ভয় হল, কি করে ঢ্বকবেন ওর মধ্যে, আর বের্তে সেই তো সন্ধ্যে। পারব ? পারব স্থির থাকতে?

জয় ঠাকুরের জয়। ঠাকুরের নাম করে ঢাকব, ভয় কি। পাড়তে হলে পাড়ব মরতে হলে মরব, থাকব স্থির হয়ে। অণিনতে ঠাকুরের কেমন স্পর্শা, তাই বাঝব এবার সর্বাণেগ।

ঠাকুরের নাম করে ঢাকে পড়লেন অন্নিব্যাহে। ঢাকে দেখলেন আগন্নে তেজ নেই। সা্র্য ও স্নেহস্তিমিত!

সাত-সাত দিন করলেন এমনি পঞ্চতপা। গায়ের বর্ণ কালো ছাই হয়ে গেল। সেই সমেসীও বিদায় নিলে।

পণ্ডতপা করে কি হয়?

কে জানে কি হয়! পার্বতীও করেছিলেন শিবের জন্যে। রাবণবধের পর রাম বিভীষণকে বলেছিলেন লংকায় রাজা হয়ে বসতে। তা শৃন্ধ লোকশিক্ষার জন্যে। বিভীষণ যে এত রামভক্তি দেখাল তার ফল কী হল?
লংকার সিংহাসন পেলে। 'তেমনি এসব করা লোকের জন্যে।' বললেন মা
হেসে-হেসে, 'নইলে লোকে বলবে, কই সাধারণের মত খায়-দায় আছে।
একটা ব্রত-নিয়মও করে না!'

আবার গোপন করলেন নিজেকে।

... বাইশ ...

আর যাই করো, কামারপনুকুরের বাড়িটি যেন খাড়া রেখো। বলেছিলেন ঠাকুর। ভক্তরা তোমাকে যতই অট্টালিকা দিন, কামারপনুকুরের কু'ড়েঘরটিকৈ যেন ভলো না।

যখন যেট্রকু দরকার ঠিকমত মেরামত করাচ্ছেন ঘর-দুয়ার। সব সময়ে এ'কে রেখেছেন চোখের উপর। অট্রট করে, নিখ্বত করে।

কিন্তু এমন বিধান যেতে পাচ্ছেন না কামারপাকুর। কলকাতা থেকে যখনই ছাড়া পাচ্ছেন আসছেন বাপের বাড়ি, জয়রামবাটি।

এক ভক্ত একবার জিগগেস করেছিলেন মাকে, 'যখন আসেন একবারও ঠাকুরের বাড়ি নয়, কেবল বাপের বাড়ি। এ কি আপনার চিরকালের ধারা?'

'তা নয় বাবা, ঠাকুরের বাড়ি আমার ঠাকুর-বাড়ি। তা কি পারি কখনো ভূলতে? তা ছাড়া শিব্ব আমার ভিক্ষে-প্র।' বললেন মা গাঢ় স্বরে, 'তবে বাবা, গেলে বড় কণ্ট হয়। সব দেখব, ঠাকুরকেই শুধু দেখতে পাব না।'

একবার শিব, কি এক কাণ্ড করল দেখ না!

এই সেদিন কামারপাকুর থেকে জয়রামবাটি আসছি। সঙ্গে শিব্র, হাতে পাইলি। জয়রামবাটির প্রায় কাছাকাছি এসেছি, মাঠের মধ্যে শিব্র হঠাও দাঁড়িয়ে পড়ল। অনেকক্ষণ পিছনে কার্য পায়ের শব্দ না পেয়ে মা তাকিয়ে দেখলেন, শিব্র দাঁড়িয়ে আছে। ও কি রে, দাঁড়িয়ে আছিস কেন? এগিয়ে আয়। শিব্র বললে, একটা কথা যদি বলো তাহলে আসতে পারি। সে কি রে, কী কথা? শিব্র জিগগেস করলে, 'তুমি কে বলতে পায়ে।?'

'আমি আবার কে! আমি তোর খুড়ি।'

'তবে যাও, এই তো বাড়ির কাছে এসেছ। আমি আর যাব না।' শিব্দ কাঠ হয়ে রইল।

'দেখ দেখি, আমি আবার কে!' মা বড় ফাঁপরে পড়লেন। 'আমি মান্য তোর খ্রিড়।'

'বেশ তো, তুমি যাও না!' উত্তর না পাওয়া পর্যন্ত এক পাও নড়বে না শিবঃ।

'लाक वल कानी।'

'কালী তো? ঠিক?' শিব্ নড়ে-চড়ে উঠল।

তাকে প্রবোধ দেবার জন্যেই হয়তো কে জানে মা বলে উঠলেন, 'হাাঁ, তাই।'

'তবে চলো।' বাকি মাঠট্কু শিব্ পার করিয়ে নিয়ে এল খ্রিড়কে।
তা ছাড়া, বাপের বাড়িতে না গিয়ে উপায় নেই। মা'র ভায়েদের মধ্যে
ঝগড়া বেধেছে। চার ভাই, প্রসন্নকুমার, বরদাপ্রসাদ, কালীকুমার আর অভয়চরণ। কার্র তেমন কোনো অবস্থা নেই, শ্ব্ধ পৈত্রিক সম্পত্তিট্কু আঁকড়ে
আছে। কাজে-কাজেই তাই নিয়ে চার ভাইয়ে ঝগডা-মারামারি। এখন দিদি

এসে যদি একটা মিটমাট করিয়ে দিতে পারেন!

দিদি এসে ঠাঁই নিলেন ওদের সংসারে। যদি ওদের সংসারে একট্ব শান্তি-শ্রী আসে। শ্যামাস্বলরী ব্রুড়ো হয়েছেন, ভায়ের বউয়েরা ছোট-ছোট, তাদের কাউকে কাজ করতে হয় না, সব একা সারদার্মাণ করেন। খান সেন্ধ করেন, রাঁধেন, ভায়েদের ছেলেমেয়ের পরিচর্যা করেন পর্যন্ত। গিরিশ ঘোষ বলে, ভায়েরা বিগতজন্মে অনেক প্র্ণ্য করেছিল নইলে কি এত সেবা এত স্নেহের অধিকারী হয়!

ভারেদের পরস্পরের মধ্যে বিরোধ। তারই জন্যে অনেক ঝক্তি পোয়াতে হয় অকারণে, এক পক্ষে হেললে আরেক পক্ষ গাল পাড়ে। নীরবে সব সহ্য করেন সারদার্মাণ। তাঁর সেবাস্পর্শে যদি তাদের শ্বভ হয় কোনোদিন অপেক্ষা করেন তার জন্যে।

শ্যামাস্বদরী মারা গেলেন। সংসারে এবার বড় করে চিড় ধরল। ভারেদের মধ্যে বেড়ে গেল মনান্তর, ভায়ের বউদের মধ্যে বেড়ে গেল গালিগালাজ। শরৎ মহারাজকে ডাকিয়ে আনালেন কলকাতা থেকে। বললেন, এদের মধ্যে একটা ভাগ-বাঁটোয়ারা করে দাও। আপোষে বিভাগ-বশ্টন করে দিলেন সারদানন্দ। মাকে জিগগেস করলেন, আপনি কোথায় থাকবেন?

মা বললেন, 'কখনো এ ঘর কখনো ও ঘর। কখনো প্রসন্ন কখনো কালী।'

কিম্তু মা'র বেশির ভাগ মন প্রসন্নর দিকে। তার কারণ প্রসন্নর প্রথম পক্ষের দ্বিট ছোট-ছোট মেয়ে, নিলনী আর মাকু। প্রসন্নর দ্বিতীয় পক্ষের বউরের অলপ বয়স, কি করে সব তদারক করে! তাই মা'র মন তাদের উপর গিয়ে পড়েছে।

ভাগ-বাঁটোয়ারার পরেও ঝগড়া শেষ হল না ভায়েদের। এখন দিদিকে নিয়ে টানাটানি। দিদির এখন অনেক পসার, তাঁর খরচের জন্যে ভস্তেরা আজকাল পাঠাচ্ছে টাকা-পয়সা, তাই এখন তার উপর লোভ। ভায়েদের এলাকার বাইরে নিজের জন্যে এক খোড়ো চালের মাটির ঘর তৈরি করে নিয়েছেন, তারই চারধারে কেবল ঘ্রঘ্র করে মরছে, যদি টাকাটা-সিকেটা ছ্রুড়ে দেন কখনো। দয়া করে না হোক, অন্তত বিরক্ত হয়ে।

অথচ দিদির সন্থ-সন্বিধের দিকে নজর নেই এতটনুকু। সেবার কয়েকজন ভক্ত নিয়ে আসছেন জয়রামবাটি, আগে খবর দেওয়া হয়েছে, তা সঙ্গেও ভায়েরা কোনো লোক পাঠায়নি নদীর ঘাটে একটাও লোক পাঠাতে পারলে য়া? লোক না পাও, নিজেরা যেতে পারলে না কেউ? আমার ছেলেরা নতুন আসছে, একটা লোকের অভাবে কত অসন্বিধে বলো দেখি? কে কার কথা শোনে! এ বলে আমি যাইনি, পাছে অন্য ভাই মনে করে আমি তোমাকে হাত করবার চেণ্টা করছি। ও-ও বলে সেই কথা। সব ভায়েরই এক রা। কিন্তু চাট্রিন্ততে সবাই সমান পট্। বলছে সমস্বরে, 'জানি না তুমি কী অম্লা রত্ন? তোমাকে ভংনীর্পে পেয়েছি এ আমাদের জন্মান্তরের সোভাগ্য। যেন পরজন্মেও তুমি বোন হয়ে আস আমাদের সংসারে।'

মা ঝামটা দিয়ে উঠলেন : 'আবার তোমাদের সংসারে আসব? রক্ষে করো। ঢের হয়েছে। যেন পথ ভূলেও না আসি। বাবা ছিলেন রামভন্ত আর মা ছিলেন ম্তিমতী কর্ণা, তাই জন্মেছিলাম তোমাদের সংসারে। আর নয়—আর নয়।'

কেবল টাকা চায়। আল্ম-ম্মেলা চায়। ভূল করেও একবার জ্ঞান-ভক্তি চাইল ? বিবেক-বৈরাগ্য চাইল ? ঈশ্বরের আশীর্বাদ চাইল ?

একদিন তো কালীতে বরদাতে হাতাহাতির উপক্রম। গালাগালিতে

ক্ষানত হবার নয়, এবার মারামারি। নিজের ঘরের দাওয়ায় বসে স্তম্থ হয়ে কতক্ষণ দেখবেন এই হ্লুক্স্থ্ল? ঝাঁপিয়ে পড়লেন দ্ব ভায়ের মধ্যে, একবার একে বকেন আরেকবার ওকে বকেন, শেষকালে দ্বজনকে ঠেলে দিলেন দ্ব দিকে। একে-অনাের ম্ব্তুপাত করতে-করতে যে যার ঘরে গিয়ে চ্বুকল। মা আবার তাঁর দাওয়াতে গিয়ে বসলেন।

কেন কে জানে হেসে উঠলেন উচ্চরোলে। বলে উঠলেন আপন মনে : 'কী খেলাই খেলছেন মহামায়া! মৃত্যুতে সব পড়ে থাকবে, তব্ব তা জেনেও মান্ব প্র্টলি বাঁধছে। অনন্ত বিশ্ব জেগে আছে চোখের সামনে, তাকিয়েও দেখছে না।' বলার পর আবার হাসি। হাসির পর হাসি।

বাইরে শান্ত মূর্তি, কিন্তু ভিতরে সংহার বেশ।

শিবরাম বাড়ি নেই, রামলালের অমত, শিবরামের বউ মেয়ের বিয়ে ঠিক করেছে। ঠিক করেছে নিচু ঘরে। লাহাবাবনুদের নাকি সায় আছে এ ব্যাপারে। মায়ের ভক্তেরা কেউ-কেউ জানতে পেরেছে বড়ুযন্তা। ভাবছে কি করে উন্ধার করা যায় মেয়েটাকে। কোথায় মেয়ে, ল্লকিয়ে রেখেছে শিবরামের বউ। কিন্তু রামলাল-দাদার বিপদ, যে করে হোক মান বাঁচানো চাই। কায়দা করে ঘরের তালা খুলে ফেলল ভক্তেরা, মেয়েটাকে উন্ধার করে একেবারে জয়রামবাটির দিকে পাড়ি দিল। একেবারে মার দরবারে গিয়ে পেশ করলে।

বাষ্প পর্যন্ত জানেন না মা, কি ভাবে নেবেন ব্যাপারটা, ভয় ছিল ভন্তদের। জিগগেস করলেন, 'রামলাল জানে?'

তাঁরই অমতে বিয়ে হচ্ছিল। তাঁরই কথায় উন্ধার করেছি পাঁচিকে। তা হলে আর ভাবনা কি। ঠিক করেছ। মা আশ্বাস দিলেন।

'কিল্ডু লাহাবাব্রা বোধহয় অসল্ডুণ্ট হবেন।' বললে একজন ভক্ত। 'জমি কিনে ঠাকুরের মঠ-মন্দির করতে হবে, হয়তো তাতে বাধা দেবেন।' আরেকজন বললেন, 'দিন বাধা! ওখানে নাই বা হল! কত জায়গায় কত মঠ-মন্দির হবে!'

'সে কি কথা গো?' মা রুক্ষ হয়ে উঠলেন : 'কামারপর্কুর মহাতীর্থ'। ঠাকুরের জন্মস্থান, পর্ণ্যস্থান, মহাপীঠস্থান—সেইখানেই তো আসল মন্দির। যাত্রাসিম্পির মন্দির।'

মা যখন বলেছেন তখন মন্দিরের আর ভাবনা নেই। কিন্তু শিবরামের বউ এখন কি করবে কে জানে। 'ছোট বউ খেপে গিয়ে ঘরে না এখন আগন্ন ধরিয়ে দেয়!'

'তা হলে বেশ হবে। বেশ হবে।' অশ্ভূত একটি ভাব ধরলেন মা। কথার স্তরে-স্তরে রুদ্রে রূপের তীব্রতা স্পন্টতর হতে লাগল: 'ঠাকুর যেমনটি ভালোবাসেন তেমনটি হবে। ঠাকুর শ্মশান ভালোবাসেন, সব শ্মশান হয়ে যাবে।' বলেই হাসতে শ্রুর করলেন—হাঃ হাঃ হাঃ হাঃ

একট্ন যেন বেশিক্ষণ হাসলেন। চারদিক গ্রাস-স্তব্ধ হয়ে রইল। যে যেখানে ছিল হাসি শানে নিশ্বাস বন্ধ করলে।

সহসা থেমে পড়লেন। চাপা দিলেন, ঢাকা দিলেন। পাড়লেন অন্য কথা ধরলেন স্নেহময়ী মূন্ময়ী রূপ।

বরদার স্থাকৈ বলছেন, 'তোরা একটা-আধটা ছেলে নিয়ে ন্যাতা-জোবড়া হয়ে থাকিস, মানুষ করতে পারিসনে। আর আমি না বিইয়ে কানাইয়ের মা। হাজার-হাজার ছেলেমেয়েকে মানুষ করে দিতে হছে। কেউ সাধ্ব কেউ অসাধ্ব—হয়তো মাথা খারাপ করে বলছে, মা, আমার কিনারা কর। এ সব তোরা ব্রুঝবি কি? তোরা জানিস শুর্ঘ টাকা-পয়সা, ধান-মরাই, বাড়ি-ঘর। তোরা যেমনটি আছিস তেমনটিই যাবি। ভাগ্যে মন্বাজক্ম হয়। সেই মনুষাজক্ম তোরাও পেয়েছিলি, কিক্তু করলি কি?'

আরো একবার হেসে উঠেছিলেন মা।

প্রথম মহায়, শ্বের খবর শ্রনছেন। শ্রনতে পেলেন বহু লোকক্ষয় হয়ে গিয়েছে। অমনি, কেন কে বলবে, হাসতে শ্রন্থ করলেন। প্রথমে মৃদ্র, পরে ভয়ত্বর। হাঃ হাঃ হাঃ হাঃ—সেই প্রলয়প্রবল অটুহাস। ঘর-দোর কাঁপতে লাগল সেই হাসির শব্দে। মেয়েরা যারা উপস্থিত ছিল, গোলাপম্মা আর কারা-কারা, গলবন্দ্র হয়ে জোড় হাতে কাতর প্রার্থনা করতে লাগল: 'সন্বর, সন্বর!'

মা আবার স্বাভাবিক পরিমিতিতে নেমে এলেন। আবার সেই মাতৃ-মুর্তি।

তে°তুলতলায় খাটের উপর বসে আছেন, একটা ডোমের মেয়ে কে'দে পড়ল মায়ের কাছে। যার জন্যে ছেড়েছ্বড়ে চলে এসেছিলাম ঘর-দোর, সেই এখন আমাকে ফেলে যাচেছ পথের ধ্লায়। এর কি, মা, বিচার নেই?

সেই লোকটিকে ডেকে পাঠালেন মা। সন্দোহে ভর্ৎসনা করে বললেন, 'ও তোমার জন্যে যথাসর্বাস্ব ফেলে এসেছে আর তুমিই কিনা আজ ওকে ত্যাগ করে যাচ্ছ? এতকাল সেবা নিয়েছ ওর, আজ আর ওর দাম নেই এক কড়া? ওকে যদি এখন ত্যাগ করো, তোমার মহা অধর্ম হবে, নরকেও স্থান হবে না।'

ডোমের মেয়ের হাত ধরল তার ঘরের লোক। ঘরে ফিরে গেল দুটিতে।

...তেইশ...

ভারেদের মধ্যে সবচেয়ে ছোট অভয়। এই যা লেখাপড়া শিখেছিল, মান্ব হরেছিল। পাশ করেছিল ডাক্তারি। কিন্তু এমন ভাগ্যের ফের, কলেরা হয়ে মারা গেল। স্ত্রী স্বরবালা, পেটে তার তখন সন্তান। মরবার সময় মাকে বলে গেল অভয়, ওদের তুমি দেখো দিদি। ওদের আর কেউ নেই।

মা ম্বড়ে গেলেন। কিন্তু শোকের চেয়েও ঘোরতর যে শঙ্কা, তাই আচ্ছর করল মাকে। স্বরবালা পাগল হয়ে গিয়েছে।

পাগল অবস্থায় একটি মেয়ে প্রসব করলে। এই মেয়েই রাধারানী বা রাধ্ব।

ঠাকুরের দেহ যাবার পর মন তখন হ্-হ্ন করছে, হঠাৎ দেখতে পেলেন লাল কাপড় পরা একটি দশ-বারো বছরের মেরে সামনে দিয়ে ঘ্ররে বেড়াচছে। ঠাকুর তাকে দেখিয়ে বললেন, একে আশ্রয় করে থাকো। আর দেখা গেল না মেরেটিকে। তারপর আবার একদিন বসে আছেন, দেখতে পেলেন, রাধ্রয় মা, পাগলী স্রবালা কতগ্লো কাঁথা বগলে করে টানতে-টানতে যাচছে, আর হামা দিয়ে কাঁদতে-কাঁদতে তার পিছনে যাচছে রাধ্। মা'র ব্রকের ভিতরটা মোচড় দিয়ে উঠল। ছ্বটে গিয়ে রাধ্রকে তুলে নিলেন। মনে হল, একে আমি না দেখলে আর কে দেখবে? বাপ নেই, মা পাগল। এই মনে করে যেই ওকে তুলে নিয়েছেন কোলে, ঠাকুর দেখা দিলেন চোখের সামনে। বললেন, 'এই সেই মেয়ে। একে আশ্রয় করে থাকো। এই যোগমায়া।'

আপশোষ করে বলছেন মা, 'কি জানি বাবা, আগে-আগে ও বেশ ছিল। আজকাল নানা রোগ, বিয়েও হল। এখন ভয় হয় পাগলের মেয়ে না পাগল হয় শেষকালে। শেষটায় কি একটা পাগলকে মান্য করলাম?' ১৩২ গোরী-মা দ্বর্গা বলে মেয়েটিকে নিয়ে এসেছে মা'র কাছে। মেয়েটি যেন অনাঘাত ফ্রল। তাকে দেখে মা'র আনন্দ আর ধরে না। বললেন, দেখ মা, চড় খেয়ে রাম নাম অনেকেই বলে কিন্তু শৈশব হতে ফ্রলের মত মনটি যে ঠাকুরের পায়ে দিতে পারে, সেই ধন্য। গোরদাসী কেমন তৈরি করেছে মেয়েটিকে। ভায়েরা বিয়ে দেবার বহু চেণ্টা করেছিল। গোরদাসী ওকে ল্রকিয়ে নিয়ে হেথা-সেথা পালিয়ে-পালিয়ে বেড়াত। শেষে প্রী নিয়ে গিয়ে জগলাথের সংগ্গে মালা বদল করে সল্ল্যাসিনী করে দিলে। সতী লক্ষ্মী মেয়ে, কেমন লেখাপড়াও শিখেছে দেখ না! কি একটা সংস্কৃত পরীক্ষাও দেবে শ্রনছি।'

পরে তাকালেন রাধ্বর দিকে। একটা দীর্ঘশ্বাস চেপে গেলেন হয়তো। বললেন, 'এই রাধ্বকে নিয়েই আমার কত মায়া দেখ না। গৌরদাসী কেমন তার মেয়েকে তৈরি করেছে, আর আমি একটা বাঁদরী তৈরি করেছি।'

তখন কে জানত বাঁদরী হবে না দুর্গা হবে! ছুটে জয়রামবাটিতে গিয়ে দু বাহুর মধ্যে আঁকড়ে ধরলেন। রাধুকে পাশে না বাসয়ে খাওয়া নেই, পাশে না শুইয়ে শোয়া নেই। চক্ষের প্রতি পলকে রাধু, বুকের প্রতি নিশ্বাসে রাধু। পিসিকেই রাধু মা ডাকে, আর স্বরবালাকে নেড়ী-মা।

মহামায়া কি ভাবে বাঁধা পড়লেন নিজের ফাঁদে। যার তিন কুলে কেউ নেই তাকে দিয়েও বেডাল প্রামিয়ে সংসার করান।

সংসার কি বস্তু, ব্ঝুন এবার হাতে-কলমে। ব্ঝবেন বলেই তো সংসারীর প্রতি এত ক্ষমা, এত দয়া, এত বাৎসল্য। যদি সয়্যাসিনী হয়ে বাইরে চলে যেতেন, মা হতেন কি করে? মা হয়ে যদি সংসারের কণ্ট নিজে না বোঝেন কি করে ব্ঝবেন তবে সন্তানের যন্ত্রণা? তাই তো ভূগলেন দারিদ্রা, পেলেন শোকদহন, সইলেন রোগজনালা। নিজেকে জড়ালেন মায়াজালে। রাধ্ব মাকু আর নলিনী। সমস্ত রকমে ব্ঝলেন সংসারের বিষস্বাদ। ব্ঝলেন বলেই তো সবাইকে টেনে নিলেন কোলের মধ্যে। সবাইকে রক্ষা করলেন।

আমবাতের যন্ত্রণায় অস্থির হয়েছেন। বলছেন, 'আমবাতের জনলায় গেলনুম মা, মনুখেও আবার বেরিয়েছে। এই দেখ মনুখে হাত বর্লিয়ে। এ কি যাবে না? এই দেখ পিঠেও উঠেছে, দাও তো ঐ তেলটি দিয়ে। ঐটি আমার প্রাণ গো, দিলেই একটন কমে।'

তার পরে বাত-তার পরে জতর।

'কিন্তু রোগ তো রোগ নয়,' বলছেন মা, 'রোগ হচ্ছে যোগ।'

রোগ হওয়া মানেই তো আরোগ্যের কামনা। সেই আরোগ্যকামনাই তো ঈশ্বরমনন। আরোগ্য কেমন আস্বাদ্য সেট্কু বোঝবার জনোই তো রোগ। প্রভাতে জেগে ওঠাটি কী আনন্দময় সেটি বোঝবার জনোই তো রাত্রির ঘুম-মরণ।

জয়রামবাটিতে মাকুর ছেলের খুব অসুখ, ডিপথিরিয়া হয়েছে।

সত্ত্বসূণের ছেলে। মাকু বর্লোছল, ছেলে ঘুমোয় না, বলে কোল থেকে নামিয়ে দিয়েছিল মুখের উপর। মা বর্লোছলেন, কি করে ঘুমুবে! ও যে সত্ত্বসূণের ছেলে।

যখন মাকুর সংখ্য জয়রামবাটি যায়, কোখেকে কতগ্নলো গ্লপ্ত ফ্ল কুড়িয়ে এনে মা'র পায়ে ঢেলে দিলে। বললে, 'দেখ পিসিমা, কেমন হয়েছে।'

তার পরে, আশ্চর্য, শর্ধ, মা'র পায়ের ধর্লোই নিল না, ফর্লগর্নলি জামার পকেটে পরেলে।

শরং মহারাজকে 'লাল মামা' ডাকে। তার কোলের উপর চড়ে বসে। বলে, 'তোমার মা কোথায়?'

শরৎ মহারাজ মাকুকে ইণ্গিত করে। বলে, 'এই যে আমার মা।'

'উহ', ।' ছেলে ঘাড় নাড়ে বিজ্ঞের মত। বলে, 'তোমার মা স্কুল-বাড়িতে গৈছে।'

মাকে জিগগেস করে, 'ফুল লাল করেছে কে?'

'ঠাকুর করেছেন।'

'কেন?'

'তিনি পরবেন ব**লে**।'

ছেলে গশ্ভীর হয়ে যায়। তিনিই যদি পরবেন তবে যে গাছে ফ্ল ফ্লটেছে সেই গাছই কি ঠাকুর?

নারায়ণ আয়াজ্যার খুব করছেন। কলকাতায় লোক পাঠিয়েছেন ইনজেকশান আনবার জন্যে। বৈকুণ্ঠ মহারাজ দেখছে ছেলেকে।

মা কোরালপাড়ার, জগদন্বা-আশ্রমে। মন বড় বাসত, ছেলের যেন ভালো হবার খবর আসে! সন্ধ্যা হয়-হয়, খবর এল অবস্থা বিশেষ স্বিবিধের নয়। 'পালকি ঠিক করে রাখো।' মা বললেন ভন্তদের, 'কাল সকালেই আমি যাব যদি ছেলে ততক্ষণ বে'চে থাকে।'

मकालारे फित्रल तिकुर्छ।

'তবে কি ছেলে নেই?' মা নাদ করে উঠলেন। সবাই নির্বাক। মা একম, র্ব দুড় করলেন নিজেকে। বললেন, 'কতক্ষণ মারা গেল?'

'সকাল সাড়ে পাঁচটা।' 'এখন গেলে দেখতে পাব?' 'না মা, নিয়ে গেছে।'

নিয়ে গেছে! এবার মা ভেঙে পড়লেন। ল্র্টিয়ে পড়লেন কালার। একট্ব থামছেন তো আবার উথলে উঠছেন। সান্থনার ভাষা জানা নেই মান্বের, তব্ব কেদার মহারাজ বলতে গেল মাম্বলি কথা। এক কথার মা হটিয়ে দিলেন। 'কেদার গো, আমি ভুলতে পারছি না।'

অস্থের ঘোর অবস্থায় 'লাল মামাকে' নাকি খ'্জেছিল, ডেকেছিল 'লাল মামা' বলে। 'হয়তো কোনো ভক্ত এসে জন্মেছিল।' মা চোথ ম্ছলেন : 'হয়তো বা শেষ জন্ম। নইলে তিন বছরের ছেলের অত ব্যান্ধ! অমন করে প্রজা করে গা? লালন-পালন করে আমার কন্ট।'

এমনি মায়ার বন্ধন এই সংসার। বন্ধনে রেখেছেন রুন্দন শ্নুনবেন বলে। নিজে ছিলেন অমন বন্ধনে তাই তো ঠিক-ঠিক ব্রুঝেছেন আমাদের কালা। 'আহা, যাকে পাশ ফিরে শুইয়ে মনে প্রত্যের হয় না, এমন ছেলে মাকুর,

আজ কোল খালি করে চলে গেল! দেখ না কী যন্ত্রণায় ছটফট করছি।

পালার বড় জত্মলা। রাধ্বকে লালন-পালন করেই এত কণ্ট। অভয় বলে গেল, দিদি, সব রইল দেখো। দেখতে গিয়েই মায়ায় ধরল। আর মায়ায় যদি একবার ধরে, চোখের জলের পত্করে চুবিয়ে ধরে মারে।

সেবার কোয়ালপাড়ায় মা'র অস্থ, রাধ্ব শ্বশ্রবাড়ি যাবে বলে গাওনা ধরেছে। মা'র ইচ্ছে নেই যে যায়। তখন রাধ্ব মুখ ঘ্রিয়ে বললে, 'তোমাকে দেখবার জন্যে অনেক না হয় ভক্ত আছে, আমাকে দেখতে আমার সেই এক স্বামী ছাড়া কেউ নেই।' বলে দিব্যি পালকিতে গিয়ে উঠল।

মা'র ভয় হল। রাধ্ব যে অমন করে মায়া কাটিয়ে চলে গেল তবে ঠাকুর কি মাকে আর রাখবেন না? এই যে রাধি-রাধি করি, এ শ্ব্ধ্ব একটা মায়া নিয়ে আছি। দেহটাকে রাখবার জন্যে কোনো রক্ষে একটা শিক্ড আঁকড়ে পড়ে থাকা। মায়া যদি চলে যায় মহামায়াও চলে যাবেন।

রাধ্র মা, পাগলী স্বরবালা দেখতে পারে না মাকে। বিশেষ করে কেন তিনি রাধ্র সঙ্গে লেগে থাকেন। বলে, 'তোমার তো আরো অনেক ভাজ আছে, তাদের ছেলে একটি লাও গে যাও। তুমি কি আমার ছেলেকেই লিবে বলে জন্মেছিলে?' বলেই বাপান্ত মা-অন্ত গালাগাল।

নীরবে সহ্য করছেন মা। শেষে বলছেন শান্তস্বরে: 'তুই আমাকে সামান্য লোক মনে করিসনি। তুই যে আমাকে এত বাপ-অন্ত মা-অন্ত গাল দিচ্ছিস আমি তোর অপরাধ নিই না—ভাবি দ্বটো শব্দ বই তো নয়—'

'ওমা, কখন আবার আমি বাপান্ত গালাগাল দিলাম!' পাগল হলে কি হয়, দুল্ট বৃদ্ধি যোলো আনা।

'আমি ধ্বন্দি তোর অপরাধ নিই, তা হলে কি তোর রক্ষে আছে? আমি যে কদিন বে'চে আছি তোরই ভালো। তোর মেয়ে তোরই থাকবে। যে কদিন না মান্ত্র্য হয় সে কদিনই আমি। নইলে আমার কি মায়া? এখানি কেটে দিতে পারি। কপা্রের মত কবে একদিন উড়ে যাব, টেরও পারিন।'

পাগলীকে একখানি গরদের কাপড় দিলেন মা। পাগল মান্য, সাজ-পোশাকে একট্র চোখ দিক। কি নিয়ে কথা উঠল, চলে এল রাধির প্রসংগ, আর সেই নিয়ে কথা-কাটাকাটি। গরদের কাপড় মা'র গায়ে ছুর্ড়ে মারল পাগলী। বললে, 'এই লাও তোমার কাপড়, তোমার ভালো ভাজদের দাও গে—'

'তোর চেয়ে আমার আর কে ভালো ভাজ আছে?' মা বললেন স্থির থেকে, 'আমি তোর কে যে আমার উপর এত উপদূব করছিস? যাকে মন চায় তাকে দেব।'

মাজ্টে গ্রামে পাগলীর বাপের বাড়ি। সেখানে সে গেছে। সঙ্গে নিজের গয়না, রাধ্বর গয়না। চোরে-ডাকাতে নয়, ই'দ্বরে-উকুনে নয়, সে গয়না তার বাপ আত্মসাৎ করলে।

মা'র কাছে খবর পাঠাল পাগলী। কি ঝঞ্জাট দেখ তো—কার না কার বিষয়, তার মধ্যে জড়িয়ে পড়ল্ম। কিল্ডু বাপ হয়ে নিজের মেয়ের, অক্ষম অনাথ মেয়ের গয়না গাপ করবে এও বা কি করে সহ্য করা যায়?

পাগলীর বাপকে জয়রামবাটিতে ডাকিয়ে আনালেন। কত সাধাসাধনা কত কাকুতিমিনতি, কিছ্বতেই বাম্ব টলল না। শেষাশেষি তার পারে পর্যন্ত হাত রাখলেন, কর্ণ স্বরে বললেন, 'আমাকে এ বিপদ থেকে উন্ধার কর্ব দয়া করে।' বাম্ব বললে, আমি তার কি জানি! এদিকে পাগলী আবার মাকেই শাসাতে লাগল : 'তুমিই কারসাঞ্চি করে আমার গয়না আটক করে রেখেছ। তুমিই দিচ্ছ না।'

'আমি ?' ঝলসে উঠলেন মা। 'আমি হলে কাকবিষ্ঠাবং এই দশ্ডে ফেলে দিতুম।'

মা গয়না দাও, মা গয়না দাও—সিংহবাহিনীর মান্দরে গিয়ে কাঁদছে পাগলী। শ্নেতে পেলেন মা। কত দ্রে সেই মান্দর, তব্ শ্নেতে পেলেন। গেলেন নিজে মান্দরে, ক্ষেপীকে তুলে নিয়ে এলেন।

চিঠি দিলেন কলকাতায়।

মাস্টারমশাই চলে এলেন, সণ্ডেগ ললিত চাট্,ভেজ। ললিত অশ্ভুত পোশাক পরে এসেছে, পেশ্টাল্ন আর চাপকান, মাথায় শামলা আঁটা। পর্নালশের উপরওয়ালার কাছ থেকে চিঠি এনেছে যাতে সহজেই একটা কিনারা হয়। গাঁরের দর্জন চৌকিদার ডাকিয়ে নিল। মাঠের রাস্তা চিনে নিয়ে পথ দেখাতে হবে। রাত হয়ে গেছে, চৌকিদার সণ্ডেগ নিয়েও স্বরাহা নেই, পথ ভুল হয়ে গেল। তখন সকলে 'অম্বিকে' বলে একসংগ হাঁক পাড়লে। অম্বিকে জয়য়মবাটির চৌকিদার। জয়য়মবাটির লোকেরা ভাবলে মাঠে কার্ উপর বর্নঝ ডাকাত পড়েছে। লাঠি-ঠ্যাঙা লোকজন নিয়ে এসে পড়ল অম্বিকে। ও, ডাকাত নয়—পোশাক দেখে অম্বিকা সসম্প্রমে গড় করল।

পর দিন দ্বপর্রে পালকি চড়ে ললিত রওনা হল মাজটে গাঁয়ের দিকে। সেই সাজ-পোশাক, সঙ্গে সেই উপরওয়ালার চিঠি। মা কেমন ব্রুত হয়ে উঠলেন, মাস্টারমশাইকে ডেকে বললেন, তুমিও সঙ্গে যাও।

এক মুহুত বৃত্তি দ্বিধা করছিলেন মাস্টারমশাই, মা বলে উঠলেন কাতরুবরে, 'লালতের ছোকরা বয়স, মেজাজ গরম, ব্রাহ্মণকে যদি অপমান করে বসে!' একটা চোরের জন্যে মায়া।

'গয়না যদি ভালোয়-ভালোয় দেয় তো ভালো। না দেয় তো,' মা যেন শিউরে উঠলেন, 'ললিত নিশ্চয়ই ব্রাহ্মণকে অপমান করে বসবে! তুমি যাও, আর যাই হোক, ব্রাহ্মণকে যেন কোনো অপমান না করে। যেন হাতকড়া না পরায়!' মাস্টারমশাই সঙ্গে গেলেন।

প্রথমেই বদনগঞ্জের থানায় গিয়ে উপরওয়ালার চিঠি দেখাল লালিত। জমাদার থেকে বড়বাব্ পর্যাশত ভড়কে গেল। দলের সঞ্চো গেল বড়বাব্। ব্রাহান্নকে একট্ ধমক দিতেই গরনা বার করে দিল। সমশত রাত মার ঘুম নেই। বায় প্রবল হয়ে মাথা ঘুরছে। রাত দুটোর সময় হাঁকডাক। সবাই ওষ্ধ খুঁজতে বাসত। কোথায় ওষ্ধ, কি ওষ্ধ, কি হলে মা শাশত হন।

'মা, এমন কেন হল?' একজন জিগগেস করলে মাকে।

'ওরা চলে গেল গরনা আনতে, আর আমি সারা দিন ভেবে-ভেবে অস্থির, ব্রাহ্মণের কোনো অপমান না হয়। সেই ভাবনায় বায়, প্রবল হয়ে এমন হয়েছে।'

ষে বামনুনের জন্যে এত হয়রানি, তার জন্যে আবার ভাবনা!

চাকর চুরি করেছে বলে নরেন তাকে তাড়িয়ে দিয়েছে। চাকর এসে কে'দে পড়ল মা'র কাছে। বললে, 'মা, যা মাইনে পাই তা দিয়ে সংসার কুলোয় না—'

বাব্রমাকে ডাকলেন মা। বললেন, 'লোকটি বড় গরিব, অভাবের জন্মলায় ওরকম করেছে। তাই বলে কি গালমন্দ দিয়ে তাড়িয়ে দেবে?'

বাব্রাম স্তব্ধ হয়ে রইল। এও আবার হয় নাকি?

'তোমাদের কি। তোমরা সম্যাসী, সংসারের জন্মলা তোমরা কী ব্রশ্ববে! লোকটিকৈ ফিরিয়ে নিয়ে যাও। কাজে বাহাল করো।'

আবার দ্বিধা করল বাব্রাম। বললে, 'ওকে আবার রাখলে স্বামীজী বিরক্ত হবেন।'

'আমি বলছি নিয়ে যাও।'

চাকরকে নিয়ে ঢ্কুছে দেখে স্বামীজী জনলে উঠলেন : 'এ কি কাণ্ড! ওটাকে আবার নিয়ে এসেছ ?'

বাব্রাম বললে, 'মা'র আদেশ।' মা'র আদেশ! স্বামীজী মাথা নোয়ালেন।

...চবিশ্বশ...

ষার পাপ নিয়ে ঠাকুরের ব্যাধি সেই গিরিশ ঘোষ এসেছে জয়রাম-বাটিতে।

অনেকদিন আগে গিরিশের কলেরা হয়েছিল, বাঁচবার আশা ছিল না। শেষ নিশ্বাসট্কু নিয়ে ধ্কছে, দেখলো মাত্বেশে স্নেহময়ী একটি ১০৮ নারী এসে দাঁড়িরেছে শিয়রে। কোন ছেলেবেলায় মা মারা গেছে, মনে করতে পারছে না, ভাবলে এই বৃঝি সেই মা। ছেলেকে কোলে করে নিরে যেতে এসেছেন। কিন্তু ও কি, কী যেন থেতে দিচ্ছেন মা, মুখে প্রের দিচ্ছেন। বলছেন, 'এ মহাপ্রসাদ। খাও। এ খেলে তুমি ভালো হয়ে যাবে।'

ভালো হয়ে যাব! সত্যিই, ভালো হয়ে উঠল। কিন্তু মা কোথায়?

সবাই বলে কালীঘাট মহাপীঠস্থান, সেখানে মা আছে। শান-মণ্গলবার গভীর রাত্রে সেখানে যায় গিরিশ। যেখানে বলিদান হয় সেই হাড়কাঠের পাশে বসে মা-মা বলে ডাকে, কাঁদে আর্তস্বরে। এত জায়গা থাকতে হাড়কাঠের কাছে কেন? শত-শত ছাগ বলি হচ্ছে সেখানে। মৃত্যুকালে তাদের সেই কর্ণ আর্তনাদ শ্নে বেটি নিশ্চয়ই একবার এদিকে তাকায়। যদি আমার আর্তনাদে ভুল করে একবার তাকায় আমার দিকে। যদি আমার চোখের উপর ঠিকরে পড়ে তার চোখের আলো।

গিরিশের সেই চার বছরের ছেলে যখন গিরিশকে টেনে নিয়ে গিয়েছিল শ্রীমা'র কাছে, তখন গিরিশ দেখেছিল মা'র পা দ্ব্খানি। তারপর সেই ছাদে উঠে মাকে দেখবার স্ব্যোগ হয়েছিল, ফিরিয়ে নির্য়েছল পাপনেত।

ঠাকুর নেই, সমসত জীবন যেন বীতস্বাদ হয়ে গিয়েছে। জীবনকে ঘিরেছে যেন দুর্দিনের ধ্মজাল। কোথায় ঠাকুর! কোথায় সেই একশরণ কর্ণানিলয়!

স্বামী নিরঞ্জনানন্দকে ধরল একদিন। বললে আকুলকন্ঠে, 'ঠাকুরের কাছে যদি যেতে পারতাম তবেই বোধহয় শান্তি হত।'

'কেন, মা'র কাছে যাও না?'

'মা'র কাছে?'

পরমরহামহিষী বলে তখনো যেন বাঝতে পারেনি গিরিশ। সাধারণ আর সকলে যেমন ভাবত গা্রপ্নী, বোধহয় তেমনি ভাবের ভক্তিতেই অধিষ্ঠিত রেখেছিল। নিরঞ্জনের কথায় চমকে উঠল।

'তা ছাড়া আবার কি? মা আর ঠাকুর কি আলাদা? হরগোরী রাম-সীতা রাধাকৃষ্ণ কি খণ্ড-খণ্ড?'

ঠিকই তো। গিরিশ তো নিজেই লিখেছে বিল্বমঞ্গলে—এক সাজে প্রুষ্প্রকৃতি। সতিয়ই তো, ভগবান অবতীর্ণ হয়ে কি সাধারণ নারীকে পত্নীর্পে গ্রহণ করেছেন? ঠাকুরেরই তো কথা, অর্ধেক কাজ আমি করে গেলাম আর বাকি অর্ধেক তুমি করবে!

নিরঞ্জন বললে, তোমার ভয় কি। তোমাকে তো ঠাকুর গের্য়া দিয়ে গেছেন। তুমি তো সম্যাসী। ঠাকুর নিজেই ভেঙে দিয়েছেন তোমার সংসার। এখন চলো সংসার ছেড়ে।

'না তো! ঠাকুর তো আমাকে সম্ন্যাসী হতে বলেননি।' গিরিশ বললে জোরের সংগে।

'কিন্তু গের্যা তো দিয়েছেন। তুমি দিয়েছ বকলমা তিনি দিয়েছেন গের্যা। তুমি শরণাগতি তিনি বৈরাগ্য। তুমি সন্ন্যাসী না তো কে সম্যাসী। চলো একবার মা'র কাছে—তিনি যা বলবেন তাই হবে।'

তাই হবে।

প্রাধাম জয়রামবাটিতে এই প্রথম গেল গিরিশ। এই প্রথম মা'র মুখ দেখলে। এই প্রথম মা'র নেরাম্তচ্ছটা পড়ল গিরিশের পুর্ণানেতে।

কিন্তু এ কি! এ যে সেই বহুদিন আগেকার মৃত্যুশয্যার পাশে প্রসাদদায়িনী মাতৃম্তি।

মাগো, তুমিই কি সেই?

সর্বক্লান্তহরা হাসি হাসলেন মা।

'বলো মা, তুমি কেমনতরো মা? তুমি কি পাতানো মা?' গিরিশ পড়ল মা'র পায়ের কাছে।

'আমি সত্যিকারের মা।' মা বললেন গভীরস্নিশ্ধ সহজ স্বরে, 'পাতানো মা নয়, গ্রুক্মীর্পে মা নয়। আমি আসল মা।'

মা যদি নিজে না চিনিয়ে দেয় কে চিনবে তাকে? বিছানার চাদর বালিশের ওয়াড় কাচতে যাচ্ছ পর্কুরখাটে, তোমাকে কে ব্ঝবে জগন্মাতা? জগন্মাতা কি হে'সেলে হাঁড়ি ঠেলে, তরকারি কোটে, ঘর ঝাঁট দেয়, পরের ছেলে টানে?

গিরিশ শ্তে এসে দেখে, তার বিছানা-বালিশ শাদা ধবধব করছে। ব্রুবল এ মা'র কাজ। সোডা-সাবান দিয়ে কেচেছেন নিজের হাতে। গিরিশ ভেবে পেল না কাঁদবে না আনন্দ করবে! অধম সন্তানের জন্যে শারীরিক কন্ট করেছেন তার জন্যে কাল্লা—আবার কুপা করেছেন স্নেহ করেছেন তার জন্যে আনন্দ। অশ্রু ঝরতে লাগল চোখ বেয়ে। এ অশ্রুর আস্বাদ কি দঃখ না সুখ তা কে বলবে! মা'র কাছে বসে এক ভিখিরি গান গাইছে বেহালা বাজিয়ে:

'মা, উমে, বড় আনন্দের কথা শানে এলাম। তুই বল এ কি সাত্যি? শানে এলাম কাশীধামে তাের নাম নাকি অমপ্রণা! অপর্ণে, যখন তােকে অপ্রণ করি, ভােলানাথ তখন ম্ছিটর ভিখারি ছিল। নেশা-ভাঙ করে বেড়াত, নাচত ভূত-প্রেত নিয়ে। এখন শানি সে নাকি বিশেবশ্বর, আর তুই নাকি তার বামে বিশ্বেশবরী? বল, কি করে বিশ্বাস করি এ কথা? দিগশ্বর বলে সবাই খ্যাপা-খ্যাপা বলত, কার হাতে মেয়ে দিলাম কত গঞ্জনা সয়েছি ঘরে-পরে! এখন শানি দিগশ্বরের ঘরে নাকি শ্বারী আছে। ইন্দ্র চন্দ্র যমও নাকি তার দর্শন পায় না। বল গােরী, তাের এই গােরবের কথা কি সতিয়?'

এ যেন মেনকার কথা নয়, শ্যামাস্বদরীর কথা। মার ষেন বাল্যলীলা মনে পড়ে গেল, চোখের জলে ভেসে যেতে লাগলেন।

ঠাকুরের উপর বিবেকানন্দের অভিমান হয়েছে। মাকে এসে বলছেন, 'মা. এই তো ঠাকুর! কাশ্মীরে এক ফকিরের চেলা আমার কাছে আসত বলে ফকির আমার শাপ দিলে। বললে, অসুখ হয়ে তিন দিনের মধ্যে এই জায়গা ছেড়ে পালাতে হবে। আর তাই কিনা হল! সামান্য একটা ফকিরের শক্তিকে ঠেকাতে পারলেন না ঠাকুর!'

মা বললেন, 'বাবা, শ্বনতে পাই শঙ্করাচার্যও নাকি এমনি করে নিজের শরীরে রোগ আসতে দিয়েছিলেন। রোগ তোমার শরীরে আসতে দেওয়া বা তাঁর শরীরে আসতে দেওয়া একই কথা। তিনি তো ভাঙতে আসেননি, গড়তে এসেছিলেন। তাই সব কিছু মেনে গিয়েছেন।'

'आिय भानि ना।' वलालन विदिकानना।

'না মেনে কি উপায় আছে?' মা বোধহয় হাসলেন একট্ব মনে-মনে : 'তোমার টিকি যে বাঁধা।'

ইচ্ছে হয় সব ছেড়ে দি। লেখা-পড়া থিয়েটর-অভিনয়। ঠাকুরকে একদিন বলোছল গিরিশ ঘোষ। ঠাকুর বলেছিলেন, 'না-না ছেড়ো না, ওতে লোকের উপকার হচ্ছে—'

আশ্চর্য, মাও সেই এক কথাই বললেন। সন্ন্যাস নেবার বাসনা নিয়ে এসেছিল পাদপন্মে। মা বললেন, 'যা করছ তাই করো। যেমন বই লিখছ তেমনি লেখ—এও তো তাঁরই কাজ। ঠাকুর তো তোমাকে বলেননি সংসার ছাডতে।' তাই সই। সংসারেই থাকব মা'র ছেলে হয়ে। মা'র কাছেই তো ছেলে নিম্পাপ, নিম্কল্ম। মা বলেই তো ছেলের বিছানা পরিম্কার করে দিলেন, পাষশ্ভের বিছানা বলে ছইড়ে ফেললেন না। এ তো শ্ব্ধ, আলো-করা ভালো ছেলের মা নয়, এ কালো ছেলেরও মা। পাতানো মা নয়, সং-মা নয়, সত্যিকারের মা।

মা'র জয় দে সকলে। আর ভয় নেই। আনন্দময়ী ভূবনেশ্বরী সম্পদ্রমা শ্রী হয়ে বিরাজ করছেন সংসারে। কে আছিস দৈন্যাতিভিতি, ভবতাপপীড়িত, শান্ত হবি আয়, তৃপ্ত হবি আয়, অমল হবি আয় আরোগ্যনানে। ক্ষীরোদসাগরের লক্ষ্মী উঠেছে সংসারসাগরের মন্থনে। দ্বর্গদ্বগতিহরা বিম্বিভ্রফলদায়িনী। শ্ব্ব বাণী নয় ব্যাখ্যাস্বর্পা। প্রাণমন্বর্পিণী। মধ্মধ্রা মাতা সারদা।

কলকাতায় ফিরে গিয়ে গিরিশ চিঠি লিখেছে, এবার মা শারদীয়া প্জায় আসতে হবে সশরীরে। আমার দীনালয়ে।

মা'র শরীর অত্যন্ত খারাপ, তব্ব রাজী হলেন। গিরিশের ডাক! ঠাকুরের বীরভন্ত গিরিশ। কিন্তু মা'র কাছে পাঁচ বছরের ছেলে। গিরিশ যখন প্রণাম করে, মা বলেন, যেন পাঁচ বছরের বালক।

বিষ্ণুপন্নে পেণছে দেখা গেল মাস্টারমশাই আর ললিত। 'ললিতের আমার লাখ টাকার প্রাণ।' বলছেন মা: 'আমাকে কত টাকা দিয়েছে। দক্ষিণেশ্বরে ঠাকুরের সেবায়, কামারপন্কুরে রঘন্বীরের সেবায়। তার গাড়িতে করে বেড়াতে নিয়ে গেছে। কত বড়লোক আছে, কিন্তু কুপণ। ললিত আমার অটেল।' বলেই বললেন সেই সরস স্কু: 'যার আছে সে মাপো, যার নেই সে জপো।'

আপনারা এখানে ?

আমরা তোমাদের নিতে এসেছি এগিয়ে। কলকাতায় মারপিট চলেছে, রাত্রে শহর অন্ধকার। ভয় নেই, ব্যবস্থা হয়ে যাবে ঠিকঠাক। এখন এখানকার এই চটিতে এসো, তোমাদের খাবার বন্দোবস্ত করে রেখেছি।

হাওড়ায় পেশিছুতে সন্ধ্যে। গণেন এসেছে স্টেশনে, সঙ্গে ঘোড়ার গাড়ি নিয়ে ললিত। গণেন বললে, নৌকো করে একেবারে বাগবাজারের ঘাটে গিয়ে ওঠাই নিরাপদ। শরং মহারাজ আর গিরিশেরও মত তাই। কিন্তু মার নৌকোতে বড় ভয়। তাই কি করা যায়, ললিতের গাড়িতেই ১৪২ রওনা হল সকলে। ভিতরে মা, রাধ্ব আর রাধ্বর মা। দ্ব পাদানিতে দ্বজন— আশ্ব আর ললিত। কোচবাক্সে গণেন। আর জিনিসপন্ন নিয়ে ছাদে মাস্টারমশাই।

গণ্গার ধার দিয়ে চলল কুমোরটর্নলর ঘাটের দিকে। শেষে কুমোরট্নলি হয়ে রাজবল্পভপাড়া হয়ে বলরাম বোসের বাড়ি।

সকালবেলা গিরিশ আর তার দিদি দক্ষিণা এসে হাজির। প্রণাম তো বটেই, নিমন্ত্রণও করতে এলাম, মা। কিন্তু, মা, তুমি তো প্রণাম বা নিমন্ত্রণ কিছুরই অপেক্ষা করে। না। তোমার নামটি নিলেই প্রণাম, তোমার মন্ত্রটি নিলেই নিমন্ত্রণ।

দক্ষিণা বললে, 'গিরিশ তো বে'কে বর্সোছল মা। বলে, মা না এলে পুজো করব কাকে? করবই না।'

মাটির প্রতিমা অনেক দেখেছি। এবার জীবন্ত প্রতিমা চাই। স্বামীজীর ভাষায়, জ্যান্ত দুর্গা।

মার সামনে কলপারশভ হল। সপতমীর দিন বলরাম বোসের বাড়িতে সে কি ভিড়! দলে-দলে লোক আসছে। সব মাকে দেখবে, মার পা দর্খান। শর্ধ তাই নয়, প্রণাম করবে, প্জা করবে। সমসত দেহ ঘন বস্ফে আবৃত করে শর্ধ পা দর্খান মর্ক্ত করে দাঁড়িয়ে আছেন মা। ঘণ্টার পর ঘণ্টা চলে যাচ্ছে, তব্ব মা ঠায় দাঁড়িয়ে। এক ভাবে। যদি এতট্ব অহং থাকত তবে হয়তো বসতেন পরিপাটি করে। গদি পেতে। এ যেন কত কুঠা, কত লজ্জা, কত মিনতি। তাই দাঁড়িয়ে আছেন সর্বক্ষণ।

প্জার লগন এসে পেশছনলে চলে গোলেন গিরিশের বাড়ি। সেখানে যেন আরো ভিড়। একই প্জার দালানে মা আর প্রতিমা। চিন্ময়ী আর ম্ন্ময়ী। ভম্ভরা দিশেহারার মত হয়ে গিয়েছে। কার পায়ে প্রথম অঞ্জালি দেবে ঠিক করতে পারছে না।

বেলপাতা আর তুলসী, জবা আর পদ্ম, পাহাড় হয়ে রয়েছে। তব্ ভক্তসমাগমের বিরাম নেই। প্রতিমা যেমন দাঁড়িয়ে তেমনি মাও দাঁড়িয়ে।

প্রতিমার কি, সে অনন্তকাল দাঁড়িয়ে থাকে। কিন্তু মা'র জনুর এসে গেল। দেহ ধরেছেন তার ট্যাকসো না দিয়ে উপায় কি। তব্ মহান্টমীতে ভন্তসাধ পূর্ণ করতে দাঁড়ালেন আবার চাদর মর্নুড় দিয়ে। কিন্তু আর নয়, সত্যি-সত্যি এবার বিছানা নিলেন মা। একে কৃশকর্ণ দেহ তায় এই ক্লান্তি। গভীর রাত্রে সন্ধিপ্রা, গিরিশের কাছে খবর গেল, মা'র জনুর বেড়েছে, আসতে পারবেন না। গিরিশ চোখে অন্ধকার দেখল। উদ্দ্রান্তের মত ডাকতে লাগল মা-মা বলে।

মধ্যরাতে মা উঠে বসেছেন বিছানায়। ডেকে তুললেন গোলাপ-মাকে। বললেন, 'এখন একট্ই ভালো বোধ করছি, আমি যাব।'

আশ্বকে জাগালো গোলাপ-মা। বললে, 'ওঠো। মা যাবেন। তাঁকে নিয়ে যেতে হবে।'

বলরাম বোসের বাড়ির পশ্চিম দিক দিয়ে সর্ গাল। সেই গাল দিয়ে এগনতে লাগলেন মা। পা ফেলতে পারছেন না, শরীর টলে-টলে পড়ছে। কিন্তু মনে আশ্চর্য দ্টতা। ঠাকুরের বীরভক্ত গিরিশের মর্যাদা রাখতেই হবে।

গিরিশের বাড়ির খিড়াকির দরজা বন্ধ। সদর দিয়ে ঢ্বকে দরজা খোলাতে হবে কাউকে দিয়ে। ব্যুস্ত হয়ে আশ্ব চলে গেল সদরের দিকে। কাকে দাঁড় করিয়ে রেখেছ দরজার বাইরে তার খবর রাখো?

মা অস্ফুটস্বরে বললেন, আমি এসেছি।

একটা ঝি শনেতে পেয়েছে সেই নিশ্বাসের মতন কথাটাকু। পলকে খনলে দিল দরজা।

মা এসেছেন, মা এসেছেন। সমস্বরে সংগীতময় ধর্নি উঠল। ঝাঁকে-ঝাঁকে উল্ব দিয়ে উঠল মেয়েরা। মা এসেছেন। দীন-হীন পাপী-তাপী নিঃস্ব-নিরালন্বের মা। সমস্ত বঞ্চনার মধ্যেও যার অঞ্চলের আশ্রয়ট্কু অট্রট থাকে সেই মা। গোরববহনে আসেননি, গোপনচরণে এসেছেন। ঐশ্বর্ষের সদর দিয়ে আসেননি, এসেছেন মাধ্রের্যের খিড্কি দিয়ে।

গিরিশের আনন্দ তখন দেখে কে।

... পর্ণচশ ...

এবার পালাই কলকাতা থেকে। এত ভিড়-ভাড় হৈ-চৈ সহ্য হবে না।
দেশে কালীকুমারকে চিঠি লেখা হল যেন দেশড়া গাঁরে পালকি
পাঠানো হয়। একখানি চিঠি নয়, পর-পর দুখানি চিঠি। একখানি অন্তত পাবেই।

বিষ্কৃপরে আর কোতলপরে হয়ে দেশড়া। দেশড়া পেরিয়ে মাঠে ১৪৪

পড়েছেন, সন্ধ্যা লেগেছে। কিন্তু চারদিক ধ্-ধ্ করছে, পালকি কই?

এবার সণ্গে করে গোলাপ-মা আর কুস্মুমকে নিয়ে এসেছেন। তারাই

এসেছে জাের করে। ভায়ের সংসারে খেটে-খেটে তুমি শরীর পাত করবে

এ হতে দেব না। আমরা তােমার কাজ করে দেব। তােমার পরিচর্যা করব।

এখন এদের নিয়ে যাই কি করে? বিস্কৃপরে থেকে গর্র গাড়িতে এসেছি, কিন্তু দেশড়া থেকে জয়য়য়য়য়টি পায়ে-হাঁটা পথেই কাছে, গর্র গাড়ি করে যেতে হলে যেতে হবে লম্বা ঘ্র-পথে, শিওড় হয়ে। আর শিওড়ের রাস্তাও তেমনি, হাড়-মাস আলাদা হয়ে য়য়। তারই জনোলেখা হয়েছিল পালকির কথা। কিন্তু ভায়েদের কান্ডজ্ঞান দেখ! পালকি না পাঠাতে পারিস, নিজেরা কেউ আয়। তা না হয়, য়য়নিয়-বাগালে কাউকে পাঠিয়ে দে। এমন অপদার্থ তো কোথাও দেখিন।

দেশড়ার মাঠট্কু পেরিয়ে নদী। নদী পেরিয়ে আরেকট্ মাঠ। তার পরেই জয়রামবাটি। কি করবেন? গর্র গাড়িতে করে শিওড় হয়ে যাবেন, না, পায়ে হে'টে?

পারে হে°টে। শিওড়ের রাস্তায় গর্র গাড়ির ঝাঁকুনি আমি সইতে পারব না।

ঠিক হল গোলাপ-মা আর কুস্ম গাড়ি চড়ে যাক শিওড় হয়ে। আর বাকিরা পদরজে। এ দল বাড়িতে আগেই পেছিবে, পেণছেই চাকর পাঠাবে শিওড়ে। কুস্ম আর গোলাপ-মাকে নিয়ে আসবে পথ দেখিয়ে। আমরা হাঁটি!

মা'র কালো রঙের টিনের বাক্সটি হাতছাড়া করা চলবে না। তার মধ্যে সিংহবাহিনীর মাটি, জপের মালা, ঠাকুরের খাট। আশ্বই একমাত্র চলনদার। তার এক হাতে রাধ্ব আরেক হাতে বাক্স। মা চলেছেন আগে, স্বরবালা পিছনে।

আলো নেই, রাতের অন্ধকার আসছে ঘনীভূত হয়ে। তব্র, ভয় নেই, পথ সকলের মুখস্ত।

কিছন্দ্রে ষেতেই স্রবালা হঠাৎ বলে উঠল, 'ওবাগে কুথাকে যাচ্ছ? এ বাগে এস।'

কালীকুমারের ব্যবহারে মা অপ্রসন্থ ছিলেন, ভালো করে ঠাহর করে দেখলেন না দিশপাশ। বললেন, 'সত্যিই তো. এদিকে চলো। ছোট বউরের পথ সব জানা। ও তো মাঠে-মাঠেই ঘুরে বেড়ায়।' আশ্রেও कि रुन, মেনে নিলো।

এখন দেখে, নদীর ঘাটে না পেশছে এক আঘাটার এসে দাঁড়িয়েছে। কোথায় ক্ল কোথায় কিনারা কে বলবে।

'আপনারা একট্ন দাঁড়ান, আমি নদীর ধারে-ধারে গিয়ে ঘাট দেখে আসি।' আশ্ব বললে ভয়ে-ভয়ে।

'কোথায় এই তেপান্তরের মাঠে আমাদের ফেলে রাখবে!' মা ঝলসে উঠলেন : 'যেতে হবে না তোমায়।'

মা'র মুখের তিরস্কারটিই বা কি মধুর!

নদী প্রায় নির্জালা। বেশ দিব্যি হে'টে পার হওয়া যাবে দেখছি। অন্ধকার ঠেলে-ঠেলে তাই এগ্রতে লাগল সকলে। যাচ্ছেন-যাচ্ছেন আর বকছেন আশ্রকে, 'তুমি বেটাছেলে হয়েছ কেন? আমাদের কথা শ্রনলে কেন? তোমার মেয়েমানুষ হওয়াই উচিত ছিল।'

मृत्त आत्ना प्रथा राजा।

784

'কে গা আলো নিয়ে যায়? এদিকে আমাদের একটা ধরো না। আমরা পথ হারিয়েছি।'

আলো চলে এল কাছে। দেখল, খানিক আড় হয়ে এসেছে, তাই গাঁয়ের গা ছেড়ে পড়েছে গিয়ে বাইরে।

বাড়ি পেণছেই প্রথমে ভাজের কাছে জল চাইলেন মা। তেণ্টায় আকণ্ঠ শ্বকিয়ে গিয়েছে। এক ঘটি জল দিল এনে। দাওয়ায় বসে তাই খেলেন প্রেপ্রাপ্রার।

এবার গাড়ির খোঁজে পাঠওে চাকরদের। তারপর কালীকে ডাকো।
চিঠি পাওয়া স্বাকার করলেন কালীকুমার। তবে পালকি পাঠালে
না কেন? পালকি পাওয়া গেল না। মুনিষ-মাইনদার? রাখাল-বাগাল?

এটা-ওটা ওজ,হাত দেখায়। কোনোটাই টে'কসই নয়। আসল কারণ হচ্ছে ঔদাসীন্য। যে এদের সংসারের জন্যে দেহপাত করছে তার ম্ল্য না বোঝা।

'আমার ছেলেবেলা থেকেই অভ্যেস আমি কার্ দোষ দেখতে পারতুম না।' বলছেন মা। 'আমার জন্যে যে এতট্বকু করে, আমি তাকে তাই দিয়ে মনে রাথতে চেণ্টা করি। তা আবার মান্যের দোষ দেখা! যদি শান্তি চাও মা, কার্ দোষ দেখবে না। দোষ দেখবে নিজের। জগংকে আপনার করে নিতে শেখ। কেউ পর নর মা, জগং তোমার।' সকালে কলকাতা থেকে কটি ভক্ত এসেছে। খ্ব সাজগোজ। এক গাদা ফল নিয়ে এসেছে মার জন্যে, কিন্তু আন্থেক পচে গোবর হয়ে গিয়েছে। এখন সেগ্লি কোথায় যে ফেলেন খ্লেজ পান না। এদিকে ফিটফাট ফ্লেবাব, গামছা আনেনি। এখন দাও একটা কিছ্ দেখে-শ্নে। তারপরে আবার বলছে মশারির দড়ি নেই। হরি এখন দড়ি খ্লে বেড়াক।

ঠাকুরের উপর অভিমান করে বলছেন : 'ঠাকুর, তোমার সংসার তুমি দেখ গিয়ে। এদিকে রাধি আর ওদিকে এই সব।'

সেদিন একটা ব্বড়ো মতন লোক এসে হাজির. মাকে প্রণাম করবে। তাকে দ্রে থেকে দেখেই মা ঘরের মধ্যে কাঠ হয়ে রইলেন। বাইরে থেকেই প্রণাম সেরেছে বটে, কিন্তু বলছে, পায়ের ধ্বলো চাই। চৌকিতে আড়ণ্ট হয়ে বসে আছেন মা, না-না করছেন, তব্ব কিছ্বতে ছাড়লে না, জাের করে কেড়ে নিল পায়ের ধ্বলা। সেই থেকে মার পায়ের জনালা আর পেটের রথা শ্বর্হ হল। তিন-চার বার পা ধ্বলেন তব্ব উপশম নেই।

'যে বিষ আমরা ধারণ করতে পারি না তাই পাঠাচ্ছি মা'র কাছে।' বলেছিল প্রেমানন্দ : 'স্বচ্ছন্দে পান করছেন সে-বিষ, হজম করে ফেলছেন।'

কোয়ালপাড়ায় এক ভক্ত এসেছিল মাকে প্রণাম করতে। গভীর সংক্ষাচ, কিছ্বতেই মার পা ছোঁবে না, পাছে মা কণ্ট পান। মা ব্রুবতে পারলেন তার মনের না-বলা কথাটি। বললেন, 'বাছা, আমরা তো এর জনোই এসেছি। আমরা যদি অন্যের পাপ আর দৃঃখ না নিই, তবে আর কে নেবে?'

সেদিন প্রলিশের এক বড়বাব্ এসে হাজির। ইয়া তার গোঞ্চ। গোঁফ পাকাতে-পাকাতে বললে, পায়ের ধ্লো চাই। কি রকম চণ্ডল স্বভাব লোকটার, মা রাজী হলেন না। পরে ভাবলেন, কি জানি, লোকটার পদমর্যাদায় ঘা পড়বে না কি। তাই, পায়ের ধ্লো নয়, হাল্যা করে পাঠিয়ে দিলেন সদরে।

প্রজা সেরে সবে উঠেছেন, কোখেকে এক ভক্ত কতগর্নল ফ্লা নিয়ে এসে হাজির। চেনেন-না-শোনেন-না, সর্বাণ্গ চাদর মর্নাড় দিয়ে বউ-মান্র্যাটর মতন বসে রইলেন তক্তপোশে। শ্র্ধ্ব ঝোলানো পা দ্ব্যানিই অনাবৃত। পায়ে ফ্লা দিয়ে প্রণাম করে সামনে আসন পাতল ভক্ত। সেই আসনে দৃঢ় হয়ে বসে ন্যাস আর প্রাণায়াম শ্রুর করলে।

সবাই যে যার কাজে বাসত, কেউ নেই মা'র কাছাকাছি। অনেকক্ষণ

হরে গিরেছে, গোলাপ-মা কি উপলক্ষ্যে এসেছে এ-ঘরে। এক নজরেই ব্রে নিল ব্যাপারটা। সহসা সেই ভত্তের হাত ধরে তাকে টেনে তুলল আসন থেকে। বললে ধমক দিয়ে, 'এ কি কাঠের ঠাকুর পেয়েছ যে ন্যাসপ্রাণায়াম করে তাকে চেতন করবে? আরেল নেই গা? মা যে ঘেমে অস্থির হচ্ছেন।'

সেবার কি হয়েছিল জানো না ব্রিঝ? এক ভক্ত মাকে প্রণাম করতে এসে মা'র ব্রুড়ো আঙ্বলে খ্রু জোরে মাথা ঠ্কে দিলে। উঃ—কাতর শব্দ করলেন মা। কি হল? কি করলে? ভক্ত বললে, 'এমনি তো মনে রাখবেন না, ব্যথা করে দিলে যদি মনে রাখেন।'

সাধ্য কি তাকে ভূলি? সে যে মা'র পারে ব্যথা করে দিয়েছে। কত বার কত জনের কাছে তার কথা বলেছেন মা। বলেছেন আর হেসেছেন। হেসেছেন ব্যথার আনন্দে।

বরিশাল থেকে এক ভক্ত এসেছে, কিন্তু মা'র সেবকেরা তাকে ঢ্কেতে দেবে না। তর্কাতর্কি শ্বর্ হয়েছে, মহা হৈ-চৈ। মনে-মনে প্রতিজ্ঞা করেছে ভক্ত, যদি মা'র দেখা না পাই থাকব অনশনে। তাই থাকো না, বাইরে বসে অনশন করো। কিন্তু অনশনে বসবার আগে শেষ চেণ্টা করে যাব। এখনো গলার জার আছে, গায়ের জার আছে—

কি ব্যাপার? মা দাঁড়ালেন এসে দরজার সামনে। সেবকরা বললে, স্বামী সারদানন্দের বারণ, যখন-তখন যে-সে লোককে ঢ্রকতে দেওরা হবে না।

'শরৎ বারণ করবার কে?' মা ষেন ঈষৎ বিরক্ত হয়েছেন। বললেন, 'আমি তবে আর কিসের জন্যে আছি!' পরে সেই ভক্তের দিকে তাকিয়ে বললেন, 'কিছন্নু থাও গে আজ। কাল এসো। কাল তোমাকে দীক্ষা দেব।'

ঠাকুরের শিষাদের দেখ। এক-একটা বিরাট প্রের্ষ। আর তোমার শিষারা?' যোগেন-মা বললেন পরিহাস করে। 'ঘত সব চুনোপাইটি—'

'কি করব!' মা স্নেহবিষয় মুখে বললেন, 'ঠাকুর সব দেখে-শ্বনে বাছাই করে নিয়েছেন, আর আমার জন্যে পাঠিয়েছেন যত চুনোপংটির ঝাঁক। যত সার-বাঁধা পি পড়ে। তাঁর শিষ্যের সঙ্গে আমার শিষ্যের তুলনা কোরো না।'

কি করব! আমি যে মা। আমি কি কাউকে ফেলতে পারি? আমার কাছে তো আসবেই সব হে*জি-পে*জি, গরিব-গ্রুবো, কেউকেটার দল। ১৪৮ কেণ্ট-বিণ্ট্ৰ আমি কোথায় পাব? আমি যে সকলের মা। যারা সামান্য নগণ্য অধম-অযোগ্য তারা কোথায় যাবে? আমিও বদি তাদের ফিরিয়ে দিই, তবে কেন আমি মা হয়েছিল ম?

শুধ্ব দয়ায় মন্ত্র দিই। ছাড়ে না, কাঁদে, দেখে দয়া হয়। নইলে আমার কাঁ লাভ! মন্ত্র দিলে শিষ্যের পাপ নিতে হয়। ভাবি দেহটা তো যাবেই, তব্ব এদের হোক।

'জানি কত অযোগ্য লোক আসে।' বলছেন একাদন মা : 'হেন পাপ নেই যা জীবনে করেনি। কিন্তু আমাকে যখন মা বলে ডাকে তখন সব ভূলে যাই। যা হয়তো পাওয়া উচিত নয় তারও বেশি দিয়ে ফেলি।'

কি করবো, আমি যে মা। আমাকে যে সবাই মা-মা করে ডাকে।

অস্থে কণ্ট পাচ্ছেন মা, এক ভক্ত এসে বললে, 'আপনি এত কণ্ট পাচ্ছেন, কণ্টটা আমায় দিন না।'

মা চমকে উঠলেন। বললেন, 'বলো কি? ছেলে! ছেলেকে মা কি কখনো দিতে পারে অস্থ? ছেলের কণ্ট হলে যে মা'র আরো বেশি কণ্ট। আমি সেরে যাব, ভয় নেই।'

মা'র তথন শেষ অসম্থ, দ্বিব্ধহ যক্ত্রণা ভোগ করছেন। চেহারা ভীষণ শ্বিকিয়ে গিয়েছে, উঠতে পাচ্ছেন না বিছানা ছেড়ে। সম্যাসী-ভক্তরা বলাবলি করছে, এবার মা সেরে উঠলে আর তাঁকে মক্ত্র দিতে দেওয়া হবে না। মক্ত্র দিয়ে যত লোকের পাপ টেনে নিয়ে মা'র এই ব্যাধি। বিচিত্র লোকের বিচিত্র পাপ।

কথাটা মা'র কানে গেল। রোগশীর্ণ মুখে তিনি একট্ হাসলেন। বললেন, 'ও কেন বলছ? ঠাকুর কি এবার শ্ব্দ, রসগোল্লা খেতেই এসেছেন?'

শ্বধ্ব আরামের জীবন যাপন করতে আসেননি। কণ্টকণ্টকে বিশ্ব হতে এসেছেন। পরের পাপকে নিজের ব্যাধিতে র্পান্তরিত করেছেন। নিজে নাগপাশে বাঁধা পড়ে পরকে বিষম্বন্ত করে দিয়েছেন।

আর যে ঠাকুর সেই মা।

এক সাধনকে মনুর্নিব ধরে দুই ভক্ত এসেছে দীক্ষা নিতে। মা বলে দিয়েছেন শরীর ভালো নয়, দীক্ষা হবে না। খবর শনুনে ভক্ত দন্জন কাঁদতে বসেছে।

'वावा किছ् वलाव?' সाध्राक जिलाराम करालन मा।

'দীক্ষা দেবেন না শানে ভয়ানক কাঁদছে ছেলে দাটো।' 'কি করে দিই! শরীরটা ভালো নয় যে।' 'কিন্তু মা, বড় কাঁদছে যে ওরা। আপনি না দিলে কে দেবে?' 'তুমিও বলছ?' 'হাাঁ, মা—'

'কিন্তু,' মা একট্র থেমে বললেন, 'ওদের দেহ যে অশ্বন্ধ।' সাধ্য চমকে উঠল। ভাবল, পড়ল বর্ঝি জলের তলে। আশ্রয়হীনের মত তাকাল মা'র মুখের দিকে।

'এখানে ওদের তিন রাত্রি বাস করতে বলো। এখানে তিন রাত্রি বাস করলেই দেহ শুদ্ধ হয়ে যাবে। এটা যে শিবের পুরী।'

... ছাবিবশ ...

'ঠাকুরঝি মর্ক, ঠাকুরঝি মর্ক—' পাগলী স্বরবালা মাকে গাল দিচ্ছে। মা প্জায় বসেছেন, রইলেন ম্ক হয়ে।

প্রজা শেষে বললেন মা. 'ছোট বউ জানে না যে আমি মৃত্যুঞ্জয় হয়েছি।'
পাগলী আবার কখনো রসিকতাও করে। ঠাকুরের ছবি মা ফ্লা দিয়ে
সাজাচ্ছেন। পাগলী তা দেখে মৃচকে-মৃচকে হাসছে আর বলছে ভক্তদের,
'দেখ তোমাদের মা'র কান্ড। নিজের সোয়ামীকে নিজেই সাজাচ্ছে।'

মন্মথ, রাধ্বর স্বামী, জলে ডুবেছে—একদিন এমনি শোর তুলল স্বরবালা।

'ওগো ঠাকুরঝি গো, আমার জামাই বাঁড়্বো পর্কুরে ডুবে গেছে গো। কি হবে গো?'

মা বাইরে বেরিয়ে এসে দেখেন স্বরবালা ভিজে কাপড়ে উঠোনে আছাড় খেয়ে পড়েছে। জামাইকে খ্রেজতে সে নিজেও জলে নেমেছিল, একগাছা চুলও দেখতে পেল না। ঠাকুরবি, এ সব তোমার কাজ। আমার স্থ তোমার দ্বৈচাখের বিষ। চালাকি চলবে না, আমার জামাইকে ফিরিয়ে দাও। বাসত হয়ে মা সবাইকে ডাকাডাকি করতে লাগলেন।

কে এসে বললে, 'মন্মথ বেনেদের দোকানে তাশ খেলছে। দেখে এলাম এইমাত।' তাকে খবর দিয়ে নিয়ে এস শিগগির। জলজ্যান্ত মন্মথ এসে দাঁড়াল সশরীরে, শ্বকনো কাপড়ে। অপ্রস্তৃত হল পাগলী, কিন্তু ঠাণ্ডা হল না। বিষজিহনা সমানই লকলক করতে লাগল।

মাও তাশ খেলেছেন।

এই পাগলীই খেলিয়েছিল। মা কিছ্বতেই রাজী হন না তথন মার পা দ্খানি জড়িয়ে ধরল স্বরবালা। মা রাজী হলেই তো হল না, আরো দ্ভন তো চাই, পাবি কোথায়? কেন? নালনীকে আনছি আর আশ্ব আছে। মার ঘরের দাওয়ায় মাদ্র পেতে বসেছে চারজনে। আশ্ব আর মা এক দিকে, ও দিকে স্বরবালা আর নালনী। প্রাব্ খেলা হছে। সেই থাকতেত্র্পের খেলা। প্রথমেই একখানা ছকা পেলেন মা। পাগলী রাগে ফ্লতেলাগল। ক্রমে পর-পর পাঁচ বারে একখানি পঞ্জা। রাগের চোটে হাতের তাশ ফেলে দিল পাগলী। বললে, তোমরা ব্রিঝ খালি-খালি জিতবে ঠাকুর্রঝ, আর আমরা বারে-বারে হারব, না? মা হাসিম্বে বললেন, 'আমরা সংপথে. সাভিক, আমরা জিতবো না তো কি তোরা জিতবি?'

মা গ্রামোফোন শ্নছেন বালিগঞ্জে এক ভক্তের বাড়িতে। শ্ননে কী খ্নিশ! বালিকার মত আনন্দ করছেন, আর বলছেন, 'কি আশ্চর্য' কল করেছে মা।'

বিকেলে রাত্রের কুটনো কুটছেন মা, হঠাৎ পাগলী এসে বললে, 'তুমিই তো আফিং খাইয়ে রাধ্বকে বশ করে রেখেছ। আমার মেয়েকে, নাতিকে আমার কাছে পর্যক্ত যেতে দাও না।'

'নিয়ে যা না তোর মেয়েকে। ঐ তো পড়ে আছে।'

'দাঁড়াও দেখাচ্ছ।' পাগলী ছুটে বেরিয়ে গেল। বলে গেল, চেলা কাঠ নিয়ে আসছি। তোমারই একদিন কি আমারই একদিন।

ওগো কে আছ গো পাগলী আমায় মেরে ফেললে। মা চেচিয়ে উঠলেন।

কাঠ প্রায় মা'র মাথায় পড়ছে এমন সময় একটি ভক্ত মেয়ে এসে রুখে দিলে পাগলীকে। কাঠ ছিনিয়ে নিলে হাত থেকে। ঠেলে বাড়ির বার করে দিলে।

'পাগলী, কি করতে যাচ্ছিলি?' মা বলে ফেললেন, 'ঐ হাত তোর খসে পডবে।'

বলেই জিব কাটলেন। ঠাকুরের দিকে চেয়ে করজোড়ে বললেন, ঠাকুর

এ কি করলাম ! আমার মুখ দিয়ে শাপ তো কখনো বেরোয়নি। এ কি হল ? তুমি দেখো। রক্ষা কোরো।'

সামনের কুলি-বিচ্ততে এক মজ্বর তার স্থাকৈ মারছে। অপরাধ? সময়মত ভাত রে'ধে রাখেনি। আর যায় কোথা! প্রথমে চড়, ঘ্রিষ, শেষে এমন এক লাথি মারলে যে বউটা কোলের ছেলেশ্যুম্প ছিটকে গড়িয়ে পড়ল উঠোনে। পড়েও রেহাই নেই, আবার পদাঘাত। মা জপ করছিলেন, আর্তকণ্ঠের অসহায় কামায় জপ বন্ধ হয়ে গেল। উঠে দাঁড়ালেন রেলিঙ ধরে। অমন যে লজ্জাশীলা, অমন যে মৃদ্বকণ্ঠী, নিচে থেকে উপরে যার কথা শোনা যায় না তীব্রুস্বরে তিরুস্কার করে উঠলেন : 'বলি ও মিনসে, বউটাকে একেবারে মেরে ফেলবি নাকি?'

মজ্বর তাকালো একবার মা'র দিকে। যেন সাপের মাথার ধ্বলো পড়ল। অত যে আগ্বনের মত রাগ, জলের মত ঠান্ডা হয়ে গেল। রাগারাগির পর চলতে লাগল সাধাসাধি।

বিকেলে রাধ্ব ফিরেছে ইম্কুল থেকে। মা তার চুল বে'ধে দিচ্ছেন। কি খেয়াল হল রাধ্বর, বললে, আমি নিজেই বাঁধব। মা কেন তব্ব চুল বাঁধবে, তারই জন্যে চির্বুনি ছিনিয়ে নিয়ে চির্বুনি দিয়ে মাকে মারতে লাগল।

'সে কি ? আমাদের মাকে রাধ্ব কেন মারবে ?' যোগেন-মা তেড়ে এল। 'আমি ওকে মারব।'

ওরে, আর যে ব্যথা সইতে পারি না। মা কাংরে উঠলেন : 'এবার শরংকে ডাকি।'

শরং মহারাজকেই যা একটা ভয় করে রাধা। তার আওয়াজ পেতেই ভালোমানাবটির মত মাথা পেতে দিল। কুসাম তখন বে'ধে দিলে চুল।

'দেখ গো, তোমার কে-ছেলে যেন কি সব নিয়ে এসেছে!' বললে এসে স্ববালা, 'যদি কাপড় এনে থাকে, আমায় দিও, আমি মশারির চাঁদোয়া করব।'

সত্যি সেই ভক্ত ছেলে কাপড় নিয়ে এসেছে, সঙ্গে মিণ্টি আর ফল।
ও গোলাপ, এ-সব তুলে নিয়ে রাখে। ঠাকুর উঠলে ভোগ হবে।

একখানা নয়, দুখানা কাপড়। স্বরবালা একেবারে দ্ব হাত বাড়িয়ে দিলে। বললে, 'দাও না গো কাপডখানা, আমি মশারির চাঁদোয়া করব।'

মা গদ্ভীর হয়ে বললেন, 'তা কি হয়? তা হয় না। ছেলে মনে দ্বংখ পাবে।' কী সংসারেই মা বাস করছেন, কি-সব আত্মীয়স্বজনের সমাবেশে! ছোট মন, ছোট আকাৎক্ষা, ছোট-ছোট বন্ধনের সংসার। একটা কিছুকে ধরে মায়ায় অবস্থান করা! জীবজগতের শান্তির জন্যে, উম্থারের জন্যে। জল থাব,' 'তামাক খাব' বলে ঠাকুর যেমন মনকে নামিয়ে আনতেন বস্তু-ভূমিতে, মা'রও তেমনি রাধ্ব-রাধ্ব।

'খা, খা, এ গাঁদালের ঝোল, ঠাকুর খেতেন।' রাধ্কে সাধছেন মা।
'খাব না।'

'ওরে খা, ভালো জিনিস। তিনি ভালোবাসতেন, গাঁদাল, ডুমনুর, কাঁচকলা।'

'খাব না বর্লাছ।' ধমকে উঠল রাধ্ন। 'আচ্ছা, তবে এই দুধট্বকু খা।'

'না বলছি—' রাধ, আবার ঝামটা দিল।

রাধ্র একটি ছেলে হয়েছে। চারটের সময় দ্বধ খাওয়াবার কথা, রাধ্র জিদ সময় হবার আগেই তাকে খাওয়াতে হবে। মা বারণ করছেন। তেলে-বেগন্নে জনুলে উঠেছে রাধ্ন। গালাগাল শ্রু করে দিয়েছে। শেষকালে বলে ফেলেছে, 'তুই মর, তোর মূখে আগ্নন।'

মা চুপ করে রইলেন। ধৈর্য ধরে রইলেন। কিন্তু রাধ্ব কি থামবার মেয়ে ? আরো সব বলতে লাগল ধা-তা, যা তার মুখে আসে।

রোগে ভূগে-ভূগে মা তিতিবিরক্ত হয়ে উঠেছেন। বললেন, 'হাাঁ, টের পারি, আমি মলে তাের কি দশা হয়! কত লাথি ঝাাঁটা তাের অদুষ্টে আছে কে জানে। তব্ব তাের ভালাের জনাে বলছি তুই আগে মর, তারপর আমি নিশ্চিন্ত হয়ে চােখ ব্রজি।'

সেবিকা মেয়ে কে কাছে ছিল তাকে বললেন উদ্দেশ করে, 'বাতাস করে। মা, আমার হাড় জৱলে গেল ওর জৱালায়।'

আমি তো জন্মাবধি কোনো পাপ করেছি বলে মনে পড়ে না। মা বলছেন আপন মনে। ঠাকুরকে দপর্শ করে কত লোক মায়াম্বন্ধ হয়ে গেল। আর আমারই এত মায়া! আমিও তো তাঁকে ছইয়েছি। সেই পাঁচ বছর বয়সে ছইয়েছি। আমি না হয় তথন নিতাশত অবোধ কিশ্তু তিনি তো ছইয়েছেন! তবে আমার কেন এত জন্মলা? আমি তো আমার মন উচুতে তুলে রাখতে পারি, কিশ্তু জাের করে নিচে নামিয়ে রাখি কেন? নামিয়ে রেখে আমার এত যক্ষাণা?

মা'র একটি ভক্ত-মেয়ে রাধারানীর জন্যে একজোড়া শাঁখা কিনে এনেছে। কিন্তু রাধিকে পরাতে গিয়ে দেখে, শাঁখা ছোট হয়েছে। মোটেই হাতে উঠছে না। রাধি তো কে'দে আকুল। গালাগাল যে দিচ্ছে না তাই ঢের। শাঁখা হাতে উঠল না তাইতে ভক্ত-মেয়েরও চোখে জল। মা ডেকে শ্বধোলেন, কি হয়েছে?

রাধি কে'দে পড়ল, 'এমন স্বন্দর শাঁখা এনেছেন দিদিমণি, কিন্তু হাতে উঠছে না কিছুতেই। ছোট হয়েছে।'

'তোদের যেমন কথা! বৌমা শাঁখা এনেছে, আর সে শাঁখা লাগবে না?' মা আশ্চর্য হবার ভণ্ণি করলেন, বললেন, 'শাঁখা নিয়ে আগে আমার কাছে আসতে হয়! আয় তো দেখি কেমন লাগে না!'

মা শাঁখা নিয়ে বসলেন। ধরলেন রাধার হাত টিপে। সে স্পর্শে রাধার হাত নমু, দ্রব হয়ে গেল। সে স্পর্শ গভীর মমতার স্পর্শ। মায়ার স্পর্শ।

দেখতে-দেখতে রাধ্র দর্টি মণিবন্ধ বলয়িত হয়ে উঠল। চোখের জল নিয়েই হেসে ফেলল রাধ্য।

'স্কের শাঁখা পরেছ,' মা বললেন স্নেহস্বরে, 'ঠাকুরকে প্রণাম করো, আমাকে প্রণাম করো, বৌমাকে প্রণাম করো।'

ভন্ত-মেয়ে কুণিঠত হয়ে বললে, 'আমি নিচু জাত, আমাকে কেন প্রণাম করবে?'

মা জিভ কাটলেন। বললেন, 'ওসব বলতে নেই। ভত্তের শা্ব্যু এক জাত। উ'চু-নিচু বলে কিছ্ম নেই।' রাধিকে লক্ষ্য করলেন, 'যা, তোর দিদি-মণিকেও প্রণাম কর।'

ঠাকুর ও মাকে প্রণাম করে রাধ্ব দিদিমণিকে প্রণাম করল। ফেরা-ফিরতি ভক্ত-মেয়ে রাধ্বকে প্রণাম করল। মা হাসতে লাগলেন। বললেন, 'প্রণামটা ফিরিয়ে দিলে?'

এদিকে এই, ওদিকে নলিনীর শ্রচিবাই।

মনের মধ্যে কত পাপ সণ্ডিত থাকলে তবে মন সব অশান্ধ দেখে। কৃষ্ণ বোসের বোনের অমনি শানিচবাই ছিল। গণগায় ডুব দিচ্ছে, আর জিগগেস করছে, হ্যাঁ গা, টিকিটা ডুবল কি? বারে-বারে ডুব, বারে-বারে সংশয়, বারে-বারে জিজ্ঞাসা।

নলিনীও তর্ক করতে ছাড়ে না। বললে, 'সেদিন গোলাপ-দিদি ময়লা সাফ করে এসে শ্ব্দ্ কাপড় ছেড়েই ঠাকুরের ফল ছাড়াতে গেল। আমি ১৫৪ বলল্ম, গণগায় ডুব দিয়ে এস। শ্নালে না, উলটে বললে, তোর সাধ হয় তুই যা। এ কোন ধরনের শ্লেষতা?'

'গোলাপের কথা বলিসনে। অমন মন হতে আলাদা দেহ দরকার। ওই দেহে শ্বচিবাইয়ের ধার ধারতে হয় না।'

মা বললেন, 'এত রাতে স্নান কোরো না। হাত-পা ধ্রুয়ে এসে কাপড় ছাড়ো।'

'তাতে কি হয়?' রাঁধ্বনি খংৎ-খংৎ করতে লাগল। 'তবে গণ্গাজল নাও।' তাতেও রাঁধ্বনির মন ওঠে না।

তখন মা বললেন, 'তবে আমাকে ছোঁও।'

নিলনীও তেমন বিশেষ ভালো ঘরে পড়েন। শ্বশ্রবাড়ি থেকে চলে এসেছে, আর যাবে না কিছ্তেই। একদিন রাতে সবাই ঘ্রুড়েনে, নিলনীর স্বামী গর্র গাড়ি নিয়ে উপস্থিত। কি ব্যাপার? নিলনীকে নিয়ে যাবে। নিলনী ঘরে চুকে দরজায় খিল চাপিয়ে দিয়েছে। বলছে, আত্মহত্যা করবে।

এই নিয়ে আবার ঝঞ্চাট পোয়ানো। এ দরজায় সাধাসাধি, আবার ও-দরজায় ব্রঝ-প্রবোধ। তোকে পাঠাব না শ্বশ্রবাড়ি, কিছ্রতে না, এ প্রতিজ্ঞা করার পর নলিনী দরজা খ্রললে। তখন ভোর হয়েছে। সারা রাত সামনে লণ্ঠন জনালিয়ে তার দোরগোড়ায় বসে ছিলেন মা। লণ্ঠনটি এখন নেবালেন। বলতে লাগলেন, 'গণ্গা, গীতা গায়রী। ভাগবত ভক্ত ভগবান।' শেষে গ্রেপ্তরণ করতে লাগলেন, 'শ্রীরামকৃষ্ণ, শ্রীরামকৃষ্ণ।'

নলিনীরও মেজাজ কম নয়। সেদিন রাগ করে চারবেলা উপোস করে রইল। মা অনেক সাধ্যসাধনা করলেন, কিছুতে নরম হল না নিলনী। তখন মা বললেন, 'আমাকে তোমার পিসিমা মনে কোরো না। মনে করলে এ দেহ আমি এখুনি ছেড়ে দিতে পারি।'

রাধ্ব আবার মল পরেছে! একটা ঘটি-বাটি জোরে ফেললে পর্যন্ত মা বিরক্ত হন, তায় এই ঝমঝম মলের আওয়াজ!

ঝাঁট দিয়ে ঝাঁটাগাছটা ছুক্ত একদিকে ফেলে গেল এক ভন্ত-মেয়ে। মা বললেন, 'ও কি গো, কাজটি হয়ে গেল অমনি অশ্রন্থা করে ছুক্ত ফেললে? ছুক্ত রাখতেও যতক্ষণ, ধীর হয়ে আশ্তে রাথতেও ততক্ষণ। ছোট জিনিস বলে এত তাচ্ছিল্য? শোনো, যাকে রাখে। সেই রাখে। ভক্ত-মেয়ে দাঁডিয়ে রইল অপ্রস্কৃত হয়ে।

'যার যা সম্মান তাকে সেট্রকু দিতে হয়। ঝাঁটাটিকেও রাথতে হয় মান্য করে।'

মল-পায়ে দোতলা থেকে নামছে রাধারানী। জোরে শব্দ করতে-করতে নামছে। মা নিচে। ক্রুন্থ চোথে তাকালেন উপরের দিকে। সে চার্ডানতে আর সকলের ব্যুকের রন্ধ শত্তুকিয়ে যায় কিন্তু রাধি বেপরোয়া। মা তথন ঝলসে উঠলেন, 'রাধি, তোর লম্জা নেই? নিচে সব সম্রেসী ছেলেরা রয়েছে, আর তুই মল পায়ে উপর থেকে দৌড়ে নামছিস? পায়ের মল এখর্নি খুলে ফেল।'

খ্লে ফেলে মলগর্নি মা'র দিকে ছইড়ে মারল রাধ্। গায়ে যে মারেনি এই রক্ষে।

সেদিন আবার পরিপাটি করে চুল বাঁধছে। ভিজে গামছার চাপ দিয়ে চুলের পাতা নামাচ্ছে।

'ও সব কি করছিস? ও করলে ভাবিস বৃক্তি খুব স্কৃদর দেখাবে? আমি তো জীবনে চুলই বাঁধিনি। গোরদাসী এসে কখনো-কখনো বে'ধে দিত, তাও বেশি সময় রাখতে পারতুম না, খুলে ফেলতুম।

र्गानाथ-मा वनतन, 'कृमि य मा माइतकभी।'

আবার এই রাধ্ই মা'র বেতো পায়ে হাত বৃলিয়ে দিচছে। আর মা স্বর করে তাকে শেখাচ্ছেন, 'বল, ওরে রসনা রে, প্রা বাসনা রে, রাধা-গোবিন্দ গোবিন্দ বলে নে রে। জয় রাধাগোবিন্দ, শ্যামস্ক্রের, মদনমোহন, বৃন্দাবনচন্দ্র—'

... সাতাশ ...

ভোরবেলা উঠে এ-বাড়ি ও-বাড়ি ঘ্ররে আসেন মা—একট্র দ্রধ দিতে পারো? হয়তো কোনো ভক্ত এসে অস্বথে পড়েছে, তার জন্যে একট্র দ্রধ চাই। কিংবা কোনো ভক্তর একট্র চা না হলে চলে না, তারো তৃষ্ণাবারণ করতে হবে। কি করব বলো, শহুরে ছেলে, অভ্যেস করে ফেলেছে, আমি মা হয়ে কি করে তার মুখখানি শ্রুকনো দেখি? কার্ যদি অস্থ হয় মা ১৫৬

প্রাণ দিয়ে পড়েন, কে বলবে পেটে-ধরা মা নয়! একবার একজনের হাতে খোস হল, মা তাকে দিনের পর দিন নিজের হাতে খাওয়ালেন। দ্পুরে বদি কেউ এসে পড়ে, না খাইয়ে তাকে ছাড়বেন না। অসময়েও বদি কেউ আসে তবে তাকে দেবেন কিছ্র ফল-মিণ্টি, ফল-মিণ্টি না জর্টলে অন্তত দর্টি পান। কী বা জিনিস, তুচ্ছের চেয়েও তুচ্ছ, কিন্তু দেওয়ার মধ্যে হ্দয়ের সম্মাণটি এমন মিশে থাকবে, যে নেবে তার করপ্ট থেকে প্রাণপ্রট ভরে উঠবে অমৃতে। যখন-তখন যে-সে আসবে আর তার জন্যে তখ্নি খাবার যোগাড় করো—গোলাপ-মা ঝাজিয়ে ওঠে মাঝে-মাঝে। মর্থে একবার মা-মা বললেই হল! তা ছাড়া আবার কি! এমন মধ্র ধর্নি তুমি আর শর্নেছ কোথাও? ভোরবেলা পাখির ডাক, মাঝরাতে ব্লিট পড়ার শব্দ, শীতের দ্পুন্রে পাতা-ঝরার গান, পাড়ের কাছে নদীর চেউয়ের ছলছলানি, কোনো আওয়াজই কি এত মিণ্টি?

মা'র জন্যেও কেউ-কেউ নিয়ে আসে কিছ্ন-কিছ্ন। যদি খাবার জিনিস হয়, মা তা তুলে রাখেন—কখন কোন ছেলে এসে পড়ে তার ঠিক কি। কলকাতা থেকে শরং মহারাজ মিঘি পাঠান মাকে, মা তা বিলিয়ে দেন অকাতরে। কিছ্ন সিংহবাহিনীর মন্দিরে, কিছ্ন বা ধর্মঠাকুরের থানে। বাকি ভাগ আত্মীয়মহলে নয়তো কখন-কে-আসে ভক্তের জন্যে। নিজে এক কণা ম্থেও ঠেকান না। করবো কি বলো! আমি যে মা। আমি শ্বেদ্ব, নিজের জন্যে রাখব না কিছ্নই।

কিছন্ই রাখব না? তা কি হতে পারে? একটা জিনিস শ্ধ্ন রেখেছি। সে সন্তানের জন্যে ব্যাকুলতা। সন্তানের জন্যে শহুভাকাঞ্চা।

কাজ আছে, আমি একট্ব পাশের গাঁরে যাচ্ছি, মা। ফিরবে কখন? এই এল্বম বলে। ফিরতে-ফিরতে ছেলের সেই বিকেল। এসে দেখে, মা-ও সারাদিন খার্নান, পথ চেয়ে বসে আছেন। তোমার রোগা শরীর, আমি কোন-না-কোন বিদেশ-বিভূ'য়ের ছেলে, তুমি আমার জন্যে উপোস করে বসে থাকবে? মা আর ছেলের মধ্যে বিদেশ-বিভূ'ই নেই বাছা, শৃ্ধ্ব আঁতের টান।

বসনত হয়েছিল মা'র, এখন সেরে উঠেছেন। অল্পথা হয়নি, কিন্তু বড় ইচ্ছে ল্বিকয়ে একট্ব ডাঁটা-চচ্চিড় খান। একটি ভন্ত-ছেলেকে বললেন তা চুপি-চুপি। দেখো কেউ যেন টের না পায়। ভয় নেই, রাঁধ্বনি বাম্বনের থেকে আনছি আমি ল্বিকয়ে। শালপাতায় করে চচ্চড়ি আনলে ভক্ত। দ্ব- একটি ডাঁটা শন্ধ মনুখে দিয়েছেন, এমন সময় গোলাপ-মা উপস্থিত। ও কি হচ্ছে, মনুখ নড়ছে কেন? দনটো ডাঁটা চিব্,ছিছ। কে এনে দিলে? ভন্ত কাছেই দাঁড়িয়ে ছিল, চিনতে দেরি হল না। ওমা, ও এনে দিলে? ও তো শন্দন্ব, আর এ তো ভাতে-ছোঁয়া জিনিস, তুমি শন্দন্বের হাতে খাছ ? মা রোগনাশন হাসি হাসলেন। বললেন, 'ছেলে কি কখনো শন্দন্ব হয়?'

'আচ্ছা মা, আপনি মঠের সম্যাসীদের তাঁদের সম্যাস-নাম ধরে ডাকেন না কেন?' মাকে একদিন জিগগেস করল এক সম্যাসী ছেলে।

মা বললেন, 'আমি মা কিনা, ছেলের সন্ন্যাস-নাম ধরে ডাকতে আমার প্রাণে লাগে।'

কখন রওনা হয়েছ? কোথায় খেয়েছ রাস্তায়? কী খেয়েছ? চেনা-অচেনা যে ছেলেই আসে জয়রামবাটিতে, মা খোঁজ নেন। রাস্তায় কোনো কণ্ট হয়নি তো? এখানে আসতে বড় কণ্ট, তব্ব তুমি ছেলেমান্ব, একা-একা এসেছ এতদ্র। আর কী কাঠফাটা রোদ, মাঠের দিকে তাকানো যায় না, চোখ বিম-বিম করে।

কামারপ,কুর দেখে বাড়ি ফিরে যাচ্ছিল ভক্ত, মনের মধ্যে একটা কার্মা উঠে গেল, মাকে একবার দেখে আসি। হোক দ্বঃসহ রোদ, চলো জয়রাম-বাটি। খাড়া রোদের মধ্যে ধ্ব-ধ্ব মাঠ ভেঙে ছ্বটে আসছে ভক্ত, কতক্ষণে মিলবে মার আতপবারণ দ্বোহাণ্ডল। পেণ্ছব্বনো মাত্র ওখানকার ভক্তেরা অনুযোগ দিলে, এত রোদে কখনো আসতে হয়? মাকে কী ভীষণ কন্ট দিলে বলো দেখি। তুমি রোদে-রোদে আসছ, আর মা বলছেন, রোদের তাপে জবলে যাচ্ছি!

বরং গয়া-কাশী সহজ, ক্লেশকর তীর্থ হচ্ছে জয়রামবাটি। টিকিট কেটে ট্রেনে চড়ো, সোজা গিয়ে হাজির হও দরবারে। কিল্তু এখানে? ট্রেনে উঠেও শাল্তি নেই। গর্বুর গাড়ি, নৌকো, আবার পায়ে হাঁটো। হাজার রকম হ্যাণগাম। কিল্তু, যাই বলো, মার জন্যে ছেলে পথে-পথে ঘ্রের বেড়াবে, যতক্ষণ পর্যল্ত না জয়রামবাটিতে গিয়ে ওঠে। মা ফেলে ছেলে স্বর্গেও যেতে চায় না।

যখনই কেউ বিদায় নেয়, সে ক্ষণটি মার কাছে একটি পরম বেদনার বিন্দ্র হয়ে দেখা দেয়। কতটা পথ এগিয়ে দিয়ে যান, দ্নেহভারাতুর চোখ দর্টি জলে ছলছল করে ওঠে। যতক্ষণ না চোখের আড়াল হয়ে মর্ছে যায় একান্তে চোখ ফিরিয়ে নেন না। ব্লিট হলেও ব্লিটর মধ্যে দাঁড়িয়ে ১৫৮ থাকেন। অশ্রমতী প্রকৃতির মত। স্নেহচ্ছায়ানিবিড় সিম্ভ দ্রিটিট প্রসারিত করে।

তারপরে কত জনের কত রকম আবদার, কত রকম বেয়াড়াপনা। কত রকমের বিরম্ভিকর ব্যবহার। সব অম্লানমুখে সয়ে যান। মন্দ্র দাও, প্রসাদ দাও, প্রভা করব তোমাকে, তোমার পা ছোঁব, মাথা ঠুকে তোমার পায়ে ব্যথা করে দেব, ধুলোকাদা মেথে এসেছি, ত্রাণ করো।

অস্থের সমর অন্পায় হয়ে শুরে আছেন মা, কোখেকে এক সাধ্ এসে ঢুকে পড়ল। ঢুকেই পায়ে হাত দিয়ে প্রণাম। ভালো লার্গোন মার। সাধ্বকে কিছ্ব বললেন না, তার চলে যাবার পর বললেন সেবিকা মেয়েদের, 'আমার মাথায় কাপড় দেওয়া নেই, কাপড়টা দিয়ে দাওনি কেন? আমি কি মরে গেছি?'

একজন ভক্ত এসে মাকে ধরলে। 'এত তো জপ-তপ করলম, কিছুই তো হল না।'

যেন মা'র অপরাধ! বললেন, 'বাবা, একি শাক-মাছ যে দাম দিয়ে কিনল্ম? মনের ময়লা কাটাও। চন্দন ঘষে-ঘষে গন্ধ বার করো। ও কি দ্ব-চার দিনে হয়? ঠাকুরের কুপার জন্যে প্রার্থনা করো।'

সেদিন ব্রুড়ো-মতন কে একজন এসেছে, বলছে, মন্ত্র চাই। রামকৃষ্ণ নামে একজন মৃত্র সাধ্য ছিলেন, তাঁকে দেখিনি, কিন্তু শ্রুনেছি তাঁর স্ত্রীও নাকি কিছ্যু শক্তি পেয়েছেন তাঁর থেকে। তাই তাঁর স্ত্রীর থেকে মন্ত্র নিতে এসেছি।

ঠাকুর শুধু সাধু কি গো? তিনি যে ঠাকুর।

তা যখন দেখিনি, তখন কি করে বলব! যাঁকে দেখছি চোখের সামনে তাঁকে ধরাই বুন্দিমানের কাজ।

'ও যোগেন, এ যে ঠাকুরকে মানে না,' মা উদ্বিশ্ন হয়ে উঠলেন, 'কি করি বলো তো?'

'মন্দ্র দাও। ও জানে না তোমার মন্দ্রের ফল কি।' বললে যোগেন-মা। পাথরও তো মাটিই। কি মন্দ্র পায়, তার গ্রুণে মাটিও পাথর হয়, সাধনায় দৃঢ়ীভূত হয়। মন্দ্র দিলেন মা। মন্দ্রের গ্রুণে সমস্ত জীবনে একটি স্তব গ্রেজারিত হয়ে উঠল। মন্গলকথান্বিত প্রণামপ্রসম্ম স্তব। ধীরে-ধীরে চিনতে পারল রামকৃষ্ণকে। সর্বসংশয়নিমোন্তাকে। ছিল শ্রুকনো কাঠ হয়ে দাঁডাল ফলপ্রস্থাস্ত শাখা। কী হয় ঈশ্বরকে পেলে? বললেন একদিন মা। দুটো শিঙ বেরোয়, না, ল্যাজ গজায়? মনটা ফুলের মত হয়ে যায়, শিশ্বের মত হয়ে যায়, জ্যোৎস্নার মত হয়ে যায়। আর মন পবিত্র হয়ে গেলেই তাতে আলো জবুলে। জ্ঞানের আলো। সেই আলোতেই বিশ্বর্পদর্শন।

অমের মত মন্দ্র বিতরণ করছেন মা। সেই মন্দ্রই উপবাসী জীবনের পরমাম। জীবজীবনের বধির দেয়ালে কি করে একটি ফোকর ফোটাবেন, যা দিয়ে দেখা যাবে নবপ্রভাতের স্যোদিয়, পাওয়া যাবে ম্কিমলয়ের তৃশ্তিস্পর্শ।

যত্র-তত্র মন্ত্র দিয়েছেন। বারান্দায়, ছাঁচতলায়। স্বদেশী আন্দোলনে লিপ্ত থেকে পর্নলিশের নজরে পড়েছে, তাই সে মা'র বাড়িতে চনুকতে নারাজ, অথচ তার মন্ত্র চাই এখনি। সেই বন্দেমাতরং মন্ত্র। যা জননী জন্মভূমি তাই দশপ্রহরণধারিণী রিপ্রদলবারিণী দ্বর্গা। মা মাঠে এসেছেন ছেলের সপ্তে, আসন কোথার, খড় পেতে বসেছেন দ্বজনে। মৃত্যুতরণ মন্ত্র দিলেন ছেলেকে। একবার একজনকে মন্ত্র দিলেন ব্ছির মধ্যে, রেলক্ষণাউপ্তে—দ্বজনের মাথার উপর ছাতা ধরা। পাপপাবন জল কোথায়? গোজ্পদে যে জল জমে আছে তাই আঙ্বলে করে তুলে নিলেন মা। মা'র ছোঁয়া-লাগা সেই জল জবলদ্বিনর মত কাজ করবে।

কিন্তু যাই মন্ত্র দিই, আমার এই মন্ত্রণাটি নিও, ঠাকুরই সব। প্রধান-প্রব্রেষেশ্বর। সবই তাঁর, সবই তিনি।

তিনিই যদি সব, তবে আপনি কি? জিগগেস করলে একজন। মা বললেন, 'আমি কিছ্বই না, ঠাকুরই গ্রুর, ঠাকুরই ইন্ট।'

'কেমন আছ?' প্রণাম করছে একজন ভন্ত, তাকে জিগগেস করলেন মা। 'আপনার আশীর্বাদে ভালোই আছি।'

'তোমাদের ওই বড় দোষ। সব কথায় আমাকে টানো কেন? ঠাকুরের নাম বলতে পারো না? যা কিছু দেখছ সব ঠাকুরের।'

কিন্তু যাই বলো, কামার মত মন্ত্র কি! ভালোবাসার মত দীক্ষা কি। মাঝি-বউ অনেকদিন আসে না এদিকে। কি হলো তার কে জানে। সোদন মজ্বরনী সেজে এসেছে মাথার মোট নিয়ে। চুল র্ক্ষ, ম্থখানি বড় শ্বকনো। মাকে প্রণাম করল বিমনার মত। মা জিগগেস করলেন, কি হয়েছে রে? মাগো, আমার সেই রোজগারী জোয়ান ছেলেটা মারা গেছে।

বলিস কি? মা কে'দে উঠলেন। যে বোবা কাল্লা গ্রমরে উঠছিল মাঝি-

বউয়ের বাকের মধ্যে তাকে মা মাজি দিলেন। তার সমস্ত শোক টেনে নিলেন নিজের মধ্যে। বারান্দার খাটিতে মাথা রেখে ডাক ছেড়ে কাঁদতে লাগলেন। কি হল, কি হল, লোকজন ছাটে এল চার্রাদক থেকে। চির্নাপিতের মত দাঁড়িয়ে রইল স্থির হয়ে। মাঝি-বউও যেন স্তাম্ভিত। সংসারে পারহারা জননীর শোক যেন মা'র অজানা নয়, মর্মের অন্তম্থল থেকে উঠেছে সেই বেদনার উৎসার।

যেন মা'রই ছেলে নেই। যেন মাঝি-বউয়েরই এবার সান্থনা দেবার পালা। মা, কেন কাঁদছ? কার ছেলে? যিনি দিয়েছিলেন তিনিই নিয়ে গেছেন। সংসারে সবই তাঁর। আমার-তোমার বলে কেউ নেই।

অক্ষয় সেন সবজি পাঠিয়েছে একটি কুলি-মেয়ের হাত দিয়ে। সন্ধে হয়ে গেছে, এখন কোথায় আর যাবে, মা'র বাড়িতেই থাকো। ম্যালেরিয়ার র্নগাঁ, মাঝ রাতে প্রবল জন্তর, সঙ্গে বিঘ। মা ঠিক টের পেয়েছেন। নিজে গিয়ে সমস্ত বিম পরিজ্বার করে দিলেন, জল দিয়ে ধ্রয়ে দিলেন আগাগোড়া। এ কাজ করবার লোক ছিল বাড়িতে, সকাল পর্যন্ত অপেক্ষা করলেই হত, কিন্তু যে-ই ম্বন্ত করতে আসবে, মেয়েটাকে নির্ঘাত বকে নেবে একদফা। সেই বকুনির থেকে রেহাই দিলেন মেয়েটাকে।

নবন্দ্রীপ যাবে বলে কামারপ্রকুরে এসেছে একটি মেয়ে। নাম হরি-দাসী। কি ভাব হল, আর গেল না নবন্দ্রীপ। শৃর্ধরু মুঠো-মুঠো ঠাকুরের জন্মস্থানের ধ্রলো কুড়োতে লাগল। বললে, 'এই তো নবন্দ্রীপ। গোরাণগ তো এইখানেই এসেছিলেন। আবার কি করতে যাব ও-পাড়া?'

তারপরে তুমি আছ।

ধারাবারিসমা কর্ণা। শিবভাবিতা অনন্তমায়া।

একটি স্থাী-ভক্ত এসেছে, সংগ্যে একটি পরের ছেলে। এটি আবার কেন? স্থাী-ভক্ত বললে, এটিকে মানুষ করব। বড় মন পড়েছে।

'অমন কাজও কোরো না।'মা বারণ করে উঠলেন : 'এই দেখ না রাধ্বকে নিয়ে আমার কী দশা! যার উপর যেমন কর্তব্য তেমনি করে যাবে হাসি-মন্থে। ভালো এক ভগবান ছাড়া আর কাউকে বেসো না। ভালোবাসলেই অনেক দঃখ।'

বিষ্ণুপর থেকে গর্র গাড়িতে করে আসছেন মা। সঙ্গে রাধ্। কোতৃলপরে নামবেন। কাছাকাছি আসতেই রাধ্ পা দিয়ে মাকে ঠেলতে লাগল। বললে, 'সর্, সর্ বলছি, তুই গাড়ি থেকে নেমে যা।' গাড়ির পিছন দিকে সরে যেতে-যেতে মা বললেন, 'আমি যদি যাব তবে তোকে নিয়ে তপস্যা করবে কে?'

একবার তো সরাসরি মাকে লাথিই মেরে ফেলল।

'করাল কি, করাল কি রাধ্ ?' বলে নিজের পায়ের ধ্বলো মা রাধ্বর মাথায় বাবে-বারে ঠেকাতে লাগলেন।

সেই রাধ্বর ছেলে হয়েছে। কোয়ালপাড়ার মত ব্ননো জায়গায় হয়েছে বলে মা তার নাম রেখেছেন বনবিহারী। রোজ সকালে যখন সেই ছেলের ঘ্নম ভাঙান মা, গান ধরেন: 'উঠ লার্লাজ, ভোর ভায়, স্বর-নর-ম্নিহিতকারী। স্নান করে দান দেহি গো-গজ-কনক-স্বৃপারি। জানো, এ কোশল্যার গান। এই গান গেয়ে ঘ্নম ভাঙাতেন রামচন্দের।'

...আটাশ...

আমাকে ঠাকুর রেখে গিয়েছেন। কেন তা বলতে পারো? তিনি চলে যাবার পরও চৌত্রশ বছর বে'চেছি।

কেন তা তোমাকে বলি। ঈশ্বরের মধ্যে একটি মাতৃর্প আছে। সেইটিই জগতের সামনে প্রকাশ করে দেখাতে।

রাত্রে এসেছে নিবেদিতা। মা'র জন্যে যে কি করবে ভেবে পায় না।
মা'র চোখে আলো পড়ছে, একখানি কাগজ দিয়ে ঘরের আলোটি আড়াল
করে দিলে। প্রণাম করলে পায়ে হাত দিয়ে। যেন পায়ে হাত দিতেও
তার কত কুণ্ঠা। রুমালে করে সন্তপ্রণ কুডিয়ে নিল পায়ের ধুলো।

সরস্বতী পর্জার দিন খালি পায়ে ঘ্রের বেড়াল। কপালে হোমের ফোঁটা। সে কি গোরগোরব মর্তি! আগ্রন কি লাল? লাল তার বাইরের রঙ। তার ভেতরের রঙ শাদা। নিবেদিতা যেন সেই শ্বেতর্বান্থ।

খোলা জানলার সামনে দাঁড়িয়ে আছে নিবেদিতা। আকাশে ঝড় উঠেছে। কালির মত কালো করে এসেছে অন্ধকার। ঘন-ঘন বিদ্যুৎ চমকাচ্ছে। ফেটে পড়ছে বস্তু। চুল উড়ছে, স্পন্দনহীনের মত দাঁড়িয়ে আছে নিবেদিতা। যুক্মকর বুকের কাছে যুক্ত করা। জপ করছে অস্ফ্রটস্বরে: কালী, কালী।

মা নিবেদিতার জন্যে ছোট একটি উলের পাথা করেছেন। 'তোমার ১৬২ জন্যে আমি এটি করেছি।' হাত বাড়িয়ে নিল সেটি নিবেদিতা। সেটি নিয়ে কি যে করবে ভেবে পায় না। একবার মাথায় রাখে, একবার ব্বকে ঠেকায়, একবার মুখের কাছে বাতাস খায় মুদ্ব-মৃদ্ব। আর খেকে-খেকে বলে ওঠে, কি স্কলর, কি চমংকার। যত লোক আসে, সবাইকে দেখায় আনন্দ করে, 'কি স্কলর মা করেছেন দেখ।' পরে কথার স্বরে একটু গর্ব মেশায়: 'আর, আমাকে দিয়েছেন!'

সামান্য জিনিস নিয়ে অসামান্য খ্রিশ—এই না হলে ভব্তি!

'কি একটা সামান্য জিনিস পেয়ে ওর আহ্যাদ দেখেছ! আহা কি সরল বিশ্বাস। যেন সাক্ষাৎ দেবী।'

সেই দেবীম্তির বৈভব মার র্পেও প্রক্ষ্ট ছিল। যতদিন পর্যন্ত রাধ্বকে আঁকড়াননি ততদিন। ঠাকুর অপ্রকট হবার পর ষখন প্রেমানন্দের মা প্রথম দেখল মাকে, উল্লাস করে উঠল, বললে, 'মা, এত র্প এত লাবণ্য তুমি কোথা পেলে?'

যখনই রাধ্ব এল মায়া এসে ছায়া ফেললে। সেই ছায়ায় র্প মিলন হয়ে গেল। আগে তপস্যায় দেবী ছিলেন। সর্বসোল্দর্যনিলয়া সর্বেশ্বরী। এখন মায়ায় মা হয়েছেন। দীনবংসলা কর্ণাবর্ণালয়া।

কাশীতে যেবার গিয়েছিলেন, কটি স্থালোক এসেছেন মাকে দেখতে। মা আর গোলাপ-মা কাছাকাছি ব'সে, কোন জন যে দর্শনীয় ব্বেঝ উঠতে পারছে না। গোলাপ-মা'রই বেশ ভারিক্কি চেহারা, সবাই ভাবলে এই ব্বিঝ মা-ঠাকর্ব। গোলাপ-মাকে প্রণাম করতে এগ্বলো সকলে। পোড়া কপাল! কাকে ধরতে এসে কাকে ধরছে! ওগো ঐ যে, উনিই মা-ঠাকর্ব। দেখিয়ে দিল আঙ্বল দিয়ে। মাও অমনি দ্বভর্মি করে বললেন, না গোনা, তোমরা ঠিকই ধরেছিলে, উনিই মা-ঠাকর্ব। মেয়েরা দোটানায় পড়ল। শেষে সাহস করে সাবাসত করলে গোলাপ-মাই আসল মা—বেশ মোটা-সোটা ব্রেড়া-স্বড়ো যখন দেখতে। শেষ পর্যতে যখন তার দিকেই এগ্বছে, গোলাপ-মা ধমক দিয়ে উঠল, 'তোমাদের কি কার্ই ব্লিখ-বিবেচনা নেই? ওদিকে তাকিয়ে দেখছ না, ও কি মান্মের মৃখ, না, দেবতার মৃখ?'

সবাই তাকাল একদ্নেট। সত্যি, আরতির আলোকে প্রতিমার মন্থের মত দেখল এবার মার মন্থ, দেখল হ্দয়ের নির্জনে-জন্নালানো ভক্তির আলোতে। দেখল দেবতার মন্থ। ব্দুড়ো হবেন এ ঠাকুরের একেবারে মনঃপ্ত ছিল না। বলতেন, 'লোকে ঐ যে বলবে রানি রাসমণির কালীবাড়িতে একটা ব্দুড়া সাধ্ খাকে, সে কথা আমি সইতে পারবোনি।'

সারদা বললে, 'ও কথা কি বলতে আছে? ব ্ডো হয়ে থাকলেও লোকে বলবে, রাসমণির কালীবাড়িতে কেমন একজন পিরবীণ সাধ্ থাকেন।'

'হাাঁ,' পরিহাস করলেন ঠাকুর : 'লোকে তোমার অত পিরবীণ-ফিরবীণ বলতে যাচ্ছে আর কি। চণ্ডীদাসের গল্প জানো না?'

বলে গল্প শুরু করলেন:

'চন্ডীদাস লেখাপড়া কিচ্ছা করত না। ছেলেবেলায় বড় মাখু ছিল। বাপ একদিন রেগে-মেগে মাকে বললে, চন্ডেটাকে আর ভাত দিও না। চাট্টি-চাট্টি ছাই দিও।

চন্ডীদাস খেতে বসেছে, পাতের একধারে ছাই। মাকে জিগগেস করলে, একি? মা বললে, তুমি কিছ্ম পড়-টড় না, তোমার বাবা তোমাকে ছাই খেতে দিতে বলেছেন। আমি মা, শ্বং, ছাই দিই কি করে, তাই কটি ভাতও দিয়েছি।

অভিমান করে বাড়ি থেকে বেরিয়ে গেল চণ্ডীদাস। মনের দর্পথ মা-বাশ্বলীকে ডাকতে লাগল। বাশ্বলী দেখা দিলেন। বললেন, মুর্খতা ঘ্রচে যাবে। গান গাইতে পারবে।

চমৎকার গান গায় চন্ডীদাস। যে ঘাটে মেয়েরা চান করে তার কাছে বসে মিঘ্টি গলায় গান গায়। যে শোনে সেই অবাক হয়ে চেয়ে থাকে। শুখু নিন্দুকের দল বলে চন্ডীদাস বকে গিয়েছে।

রাজার কানে কথা উঠল। চম্ভীদাসের গানের কথা। সমাদর করে রাজা তাকে রাজবাড়িতে নিয়ে এলেন। তার দ্বঃখের রাত ভার হল। নামষশ হল, অপবাদের লেশও রইল না। কিন্তু দ্বঃখের মধ্যে, বেশি দিন বে'চে অবশেষে ব্রড়ো হয়ে গেল। তার মধ্র ভাব, মেয়েদেরও বিস্তর আনাগোনা। মেয়েরা আসে কিন্তু ব্রড়োকে বাপ বলে। তাতে চম্ভীদাস বড় বেজার। বলছে খেদ করে,

বাশ্বলী আদেশে কহে চণ্ডীদাসে, এ বড় বিষম তাপ, যুবতী আসিয়ে শিয়রে বসিয়ে আমারে কহিবে বাপ। তা আমি বৃড়ো-নাম সহ্য করতে পারবোনি বাপ্।' গল্প শ্বনে সকলের হাসি।

যত ভার আমার উপর চাপিয়ে দিয়ে দিব্যি চলে গেলেন। সাত্যটি বছর বাঁচলুম। নিলুম জরা, নিলুম ব্যাধি, সংসারজনালায় কালো হয়ে গেলুম। সকলের বিষ নিয়ে-নিয়ে আমার এ জীর্ণদশা।

কি করব, আমি যে ব্যথানাশিনী বিশল্যকরণী। আমি যে নিস্তার-দাতী।

মাকুর যে ছেলেটি মারা যায় ডিপথিরিয়ায় তার নাম ছিল নেড়া। সংসারীদের ছেলেমেয়ে মরলে কি কণ্ট তাও আমাকে ব্রুবতে হবে!

যেহেতু মাকুর পিসি সেই স্বাদে নেড়াও পিসি ডাকে। শ্বধ্ তাই নয়, ও ছোট ছেলের কি ভাব, সীতা বলে। দাঁত পড়ে গিয়েছে মা'র, সি'ড়িতে বসে পা দ্বলিয়ে-দ্বলিয়ে বললে, 'পিসিমা, আমার দাঁত দ্বিট নাও।'

নিবেদিতাও চলে গেল। তুই বিদেশিনী মেয়ে, তুই আবার কেন কাঁদাতে এলি? কেন এত ভালোবাসলি আমাকে? গিজেমি গিয়ে যীশ্-মাতা মেরীকে না দেখে তুই আমায় কেন দেখতে গেলি? আমি তোর কে?

নিবেদিতার জন্যে আক্ষেপ করে মা বলছেন : 'যে হয় সম্প্রাণী, তার জন্যে কাঁদে মহাপ্রাণী।'

যে ভালো লোক হয় তার জন্যে অন্তরাত্মা কাঁদে। আর, ভালো লোক কে? যে ভালোবাসে।

'স্বামী বলো, পত্র বলো, দেহ বলো, সব মায়া।' বলছেন মা ভন্তদের : 'এই সব নায়ার বন্ধন। কাটতে না পারলে রাণ নেই। কিসের দেহ মা, দেড় সের ছাই বই তো নয়—তার আবার গরব কিসের! যত বড় দেহখানিই হোক না, প্রভুলে ঐ দেড় সের ছাই! তাকে আবার ভালোবাসা!'

দেহের মধ্যে যিনি দেহী আছেন তাঁকে ভালোবাসো।

বলছেন আবার জের টেনে, 'দেহী সব শরীর জুড়ে রয়েছেন। যদি হাঁটু থেকে মন তুলে নিই তা হলে আর হাঁটুতে ব্যথা নেই।'

নিজের হাতে ফ্লের মালা গে'থেছেন। ঠাকুরের ছবিতে পরিয়ে দেবেন। কাপড় কেচে এসে বসলেন বিকেলের ভোগ দিতে। কে এক রহম্মচারী ছেলে রসগোল্লা এনে রেখে গেছে। তার রস গড়িয়ে লেগেছে ফ্লের মালায়। ফলে, পি'পড়ে ধরেছে। এ কি করেছ? মা বলে উঠলেন,

ঠাকুরকে যে পি'পড়ের কামড়াবে। ফ্রল থেকে পি'পড়ে ছাড়াতে লাগলেন। নিষ্কীট করে পরিয়ে দিলেন ফ্রলের মালা।

স্বামীকে সাজাচ্ছেন তাই দেখে স্বরবালা মুখ টিপে-টিপে হাসতে লাগল।

দ্ব গাছি গড়ে মালা পাঠিয়েছে কে এক সন্ন্যাসী। প্রজার সময় পরিয়ে দিলেন ঠাকুরের গলায়। পরে সেই সন্ন্যাসীকে লক্ষ্য করে বললেন, 'অত ভারী মালা দিও না, ঠাকুরকে বন্ধ লাগবে।'

ঠাকুর কি পট, ছারা, শ্না? ঠাকুর স্পষ্ট, প্রত্যক্ষ, পরিপূর্ণ। সর্ব-দ্রব্যে মহাদেব। জন্মজনুল করছেন চোথের সামনে। চলছেন ফিরছেন খাচ্ছেন ঘুমোচ্ছেন।

তাঁর ছবি দেখ। দেখ তাঁর এই বিশ্বপ্রকৃতি।

ছেলেরা পালা করে ঠাকুরের সেবা করছে কাশীপরের। গোপাল এক ফাঁকে ধ্যানে বসেছে। গিরিশ ঘোষ দেখে বলছে, কার ধ্যান করছিস রে চোখ বর্জে? যার ধ্যান করছিস তিনি রোগশয্যায় কণ্ট পাচ্ছেন। ওঠ তাঁর পা টিপে দে গে।

চোখ বন্জে যাকে দেখতে চাইছ তাকে যে চোখ মেলেই দেখা যায় অনায়াসে। তাকে তোমার ঘরের চারদিকে দেখ, দেখ তোমার প্রথিবীর দশ দিকে। ছবিতে-ছবিতে ভুবনের হাটে আনন্দমেলা বসিয়ে দাও।

ঠাকুরকে ভোগ দেবার সময় হয়েছে। চুপি-চুপি মা ঢ্কেলেন ঠাকুর-ঘরে। লাজমুখী বধ্টির মত বলছেন ঠাকুরের ছবিকে উদ্দেশ করে, এস খেতে এস।

গোপালের বিগ্রহ আছে পাশটিতে। তাকেও বলছেন বাৎসল্যবিহ্বল কণ্ঠে, এস খেতে এস।

কে একটি ভক্ত-মেয়ে দেখছিল এই অন্তর্গ্য দৃশ্যটি। তার উপরে চোখ পড়তেই মা বলে উঠলেন: 'সকলকে খেতে ডেকে নিয়ে যাচ্ছি।'

ভক্ত-মেরোটি অন,ভব করল মা এমনি ভাব করছেন যেন ঠাকুরর। চলেছেন তাঁর পিছনে।

কোয়ালপাড়াতে এসে মা জবুরে ভুগছেন।

সেদিন জনুর নেই, দুর্বল শরীরে বসে আছেন বারান্দায়। পাশে বসে নলিনী কি সেলাই করছে। বাইরে প্রচণ্ড রোদ, মাঠ-ঘাট খাঁ-খাঁ করছে।

হঠাৎ মা দেখতে পেলেন, সদর দরজা দিয়ে ঠাকুর ঢ্বকে পড়েছেন ১৬৬ বাড়িতে। দিব্যি এসে বসলেন বারান্দায়। শৃংধ্ তাই নয়, ঠাণ্ডা পেরে শৃংরে পড়লেন।

মা তাড়াতাড়ি নিজের আঁচল পেতে দিতে গেলেন। 'ঠাকুর' এই কথাটি বলতে-না-বলতেই টলে পড়লেন মাটিতে। কেদারের মা, আরো লোকজন সব ছুটে এল। চোখে-মাথায় জল দিতে লাগল। স্কুম্থ হলে পরে নলিনী জিগগেস করলে, 'অমন হল কেন, পিসিমা?'

মা চেপে গেলেন। বললেন, 'ও কিছ্ব না, ছ'বচে স্বতো দিতে গিয়ে মাথাটা কেমন ঘুরে গেল।'

মনের মধ্যেই কে'দে মরি। আমার হৃদয়ের ঘট ভগবদরসে ভরা হয়ে আছে। বাইরে বড় রোদ। এসো আমার হৃদয়কুঞ্জের শ্যামচ্ছায়ায়। তুমি আমাকে সরস করেছ নিজে তুমি স্নিশ্ধ হবে বলে। আমার মানসাঞ্জলে শোও, নাও আমার শ্রন্থাপতে সেবা, আমার সত্যপতে বাক্য, আমার উন্মের্যনিমের্যন্ত্য ক্রয়তা।

আমার প্জার ঘরটিতে এস। জ্ঞানদীপ জেবলোছ সেখানে, সত্যধ্পের স্কান্ধ উঠেছে। ভক্তিই সেখানে গণগাবারি, সেবাকর্মই প্রথপ। আর বিল্পপন্ন প্রেম, অন্রাগই চন্দন। অর্ঘ্য হচ্ছে মন, নৈবেদ্য শরীর। হে স্কুদ্রুভরাষ্মা, নাও আমার অন্তরের অমিয়।

'হাতখানি দাও তো মা, ধরে উঠি।' কলঘরে যাবেন, রোগশয্যা থেকে হাত বাড়ালেন মা। বললেন, 'প্রায়ই আজকাল জবর হয়। শরীরে আর জোর নেই।'

একটি মেয়ে এসে মা'র হাত ধরল। কন্টে উঠলেন বিছানা থেকে। এগিয়ে দোরগোড়া পর্যন্ত এসেছেন, সহসা খ্রিশ হয়ে বলে উঠলেন, 'এই দেখেছ গো, দোরগোড়ায় কে একগাছি লাঠি রেখে গেছে।'

বহুদিন থেকেই বলছিলেন, আপন মনে, একটা লাঠি পাই তো ভর দিয়ে একট্ হাঁটতে-চলতে পারি। কাঁহাতক আর পরের উপর ভর দিয়ে দাঁড়াব। পা দুখানি তো নিয়েছ, এখন একখানি লাঠি না যোগাতে পারো কিসের তুমি ক্রেশহারী জনার্দন!

ঠাকুর ঠিক যাগিয়ে দিয়েছেন লাঠি। কে ফেলে গেছে গো লাঠি, কখন ফেলে গেল? কার লাঠি এটি? কেউ জানে না। যেন নিজের থেকে চলে এসেছে হাঁটতে-হাঁটতে।

নিজেই বা কি কম হে'টেছি? যখন পা ছিল জয়রামবাটি থেকে

দক্ষিণেশ্বর হে'টে এসেছি। হে'টে-হে'টে কত কাশী-বৃন্দাবন দর্শন করেছি। এখন ধরে-ধরে নিতে হয়। দ্ব-হাত যেতে পালাক লাগে। তাই বলি শরীরে শক্তি থাকতে-থাকতে করে নাও সাধন-ভজন। শেষে একদিন দেখবে চোখ মেলে, সবই ঠিক আছে, শ্ব্ধ্ব তোমারই আর সময় নেই।

ঠাকুরের ছবি একখানি নিজের কাছে রাখবে সব সময়। তাঁর সঙ্গে কথা কইবে। যা কিছু খাবে তাঁকে আগে নিবেদন করে খাবে। দেহের রক্ত শান্ধ হয়ে যাবে।

ঠাকুর যেন ঘরের মান্ত্র। আত্মভোলা আশ্বতোষ। একেবারে সহজ-সত্মলভ শিব। সামান্য মাটিতে শিবের প্রজো। একট্ন গণগাজল আর কটি বেলপাতা। শংখ-ঘণ্টাও লাগে না, সামান্য একট্ন গালবাদ্য।

আর তুমি? 'তুমি অমপ্রেণ সদাপ্রেণ শঙ্করপ্রাণবল্পতে।' তুমি সহজের সহযায়ী।

ঠাকুর যেমন তাঁর ছেলেদের ভালোবাসতেন তেমনি করে তুমি কি বাসে আমাদের? তাঁর সে কী ব্যাকুলতা ছিল, তোমার কি তেমনি আছে?

'তা আর হবে না?' মা বললেন, 'ঠাকুর নিয়েছেন সব বাছা-বাছা ছেলে কটি। তাও, এখানে টিপে, ওখানে খোঁচা মেরে। আর আমার কাছে ঠেলে দিয়েছেন একেবারে পি°পড়ের সার।'

যত অধম আতুর অনাথ অবল। আমার তো ব্যাকুলতা নর আমার সহিষ্ণৃতা। আমি আবার ডাকব কাকে? সবাই যে আমার অঞ্চলছায়ায় বসে আছে। কার জন্যে অস্থির হব? সবাই যে রয়েছে আমার গণনার মধ্যে।

একটি নাথের ছেলে বারান্দায় এসে বসেছে।



১০১৬ সাল

अवस्थान है। है। है। अवस्थान

'ঘরে এসে বোসো।' 'না মা, বারান্দাতেই বিস। আমি হীনজাত।' 'কে বলেছে হীনজাত? আমার ছেলে কখনো হীনজাত হতে পারে? এসো, ঘরে এসো।'

...উনতিশ...

হরীশের বউ হরীশকে ওষ্ধ করেছে। হরীশ ত্যাগের পথে যাবে এ তার স্থান মনঃপ্ত নয়। ওষ্ধের ফল হল এই, হরীশ পাগল হয়ে গেল।

তার জন্যে তার উপরে মা'র অপার কর্ণা। সোভাগ্যাম্তবষী দ্বিট চোখে মুছে নিতে চান তার সমস্ত ক্লান্ত, সমস্ত কালিমা।

তার অনেক পাগলামি সহ্য করেন মা। কখনো-কখনো পাগল মাকে প্রকৃতি-র্পে সন্বোধন করে। বলে, প্রসাদ রেখে গেলাম তোমার জন্যে। ভূক্তাবশিষ্ট ফেলে রাখে খাবার থালায়। তার এই প্রচণ্ড অশিষ্টতাও মা গায়ে মাখেন না। ক্ষমাময় উদাসীন্যে নিরস্ত করে রাখেন।

সেবার কামারপ্রকুরের বাড়িতে মা একা আছেন। বলা নেই কওয়া নেই হঠাৎ তাঁর দিকে ছনুটে এল হরীশ। এ যে পাগলামির চেয়েও ভয়ানক। মাও ছনুটতে লাগলেন। হরীশও পিছনু নিল। উপায়? বাড়িতে আর কেউ নেই, কে রক্ষা করে? ধানের মরাই ছিল একটা উঠোনে, তার চারদিকে ঘ্রতে লাগলেন। পিছনে সেই হরীশ, তেমনি দ্র্দ্ম্য-উদ্যত। সাত-সাত বার ঘ্রলেন মা, পাগলের তব্ব নিব্তি নেই। তখন অন্তরীক্ষের দিকে তাকিয়ে অপ্রত্যক্ষকে না ডেকে নিজের স্কৃতশক্তিকে আহ্বান করলেন। মোন মাটির আন্তরণ সরিয়ে অভ্যুখান হল আন্মের্মাগরির। ঘ্রের দাঁড়ালেন, র্খে দাঁড়ালেন। ধরলেন তাকে সবলে, পেড়ে ফেললেন তাকে মাটিতে, হাঁট্র গেড়ে বসলেন তার ব্কের উপর। এক হাতে টেনে ধরলেন তার জিব, অন্য হাতে চড় মারতে লাগলেন অবিরল। হে'-হে' করে হাঁপাতে লাগল হরীশ।

হয়ে গেল বৃঝি। ছেড়ে দিলেন শেষকালে। হয়ে যায়নি, কিল্টু তরে গেছে। কেউ তরে মন্দ্রে, কেউ তরে মারে। প্রহারও মা'র উপহার। মা ১১(৭৯) যখন মারেন তখনও মাকেই আঁকড়ে ধরি, তখনও কারার ব্লি মা-মা। মান্য করে আম্বা, ঘটান জগদম্বা। হরীশের পাগলামি সেরে গেল। পালিয়ে গেল ব্ন্দাবন।

'আচ্ছা মা, তখন কি আপনি বগলা-ম্তি ধরেছিলেন?' জিগগেস করল ভক্তদল।

'কে জানে বাপ্র, তখন আমাতে আমি ছিল্মেন।'

তথন আমি সাকারশন্তিস্বর্পা। তথন আমি প্রবালকা হ্রন্কার-ঘোরাননা। প্রলয়ঘনঘটা-ঘোরর্পা প্রচন্ডা। কী জানি আমি তথন কে!

কেন ভাবছ? সকল মেয়ের মধ্যেই রয়েছে এই গ্রহ্যকালী। এই সাট্ট-হাসা বগলাম্তি। বাইরে দেখছ লাবণ্যবারিভরিতা মেঘগ্রেণী, কিন্তু অন্তরে আশ্নেরী বিদ্যুন্মালা। শ্ব্ধু মধ্মতী লক্ষ্মী নয়, জনালামালিনী কালী। শ্বধ্ব লাস্যের লীলাকমল নয় বৈরিমদ্দির আয়ুধ্বস্ক্র।

সকলের মা। বৈরীর মা, বান্ধবের মা। ভক্তের মা, বিমন্থেরও মা। সতের মা, অসতেরও মা। বর্তমানের মা, ভবিষ্যতেরও মা।

যে উপেক্ষা করে তারও মা, যে অপেক্ষা করে তারও মা।

একটি মায়ের একটি মাত্র সন্তান। সম্যাস নিয়ে গৃহত্যাগ করেছে। গৃহ শমশান হয়ে গেছে, তাই প্রহারা মা এসেছে শমশানবাসিনীর কাছে। পায়ের কাছটিতে বসে কাঁদছে নীরবে।

মা'র চোখও অশ্রুতে টলটল করছে। বলছেন, 'আহা, একটিমার ছেলে, মা'র প্রাণের ধন, এমন করে চলে গেল! আহা, এখন মা কী নিয়ে থাকে বলো দেখি।'

কিন্তু আরেকটি মায়ের দ্ব-দ্বটি ছেলে সম্ন্যাসী হয়েছে। মা'র কাছে এসেছে দ্বঃখ জানাতে নয়, আনন্দ জানাতে। বলছে সেই মা : 'বিধবা হবার পর ঐ দ্বটি ছেলের ম্বথের দিকে তাকিয়ে সংসার করছিল্ম। কিন্তু ওরা ভাবলে মান্বের কল্যাণের পথ সংসারে নয়, সম্ন্যাসে। ওরা যদি পরম কল্যাণের পথ তেমনি করে দেখে থাকে, আমি তাতে বাধা দেব কেন? সে তো গৌরবের কথা। সত্যি, কী আছে এই সংসারে?'

মা'র চোখ জনলজনল করে উঠল। মায়ের আনন্দে আনন্দ প্রকাশ করলেন। বললেন, 'ঠিক বলেছ মা, সন্তান যদি প্রমকল্যাণের পথ খ্রেজ পায় তাতে মা'র আনন্দ ছাড়া দঃখ কোথায়!'

কারণ এক জিয়া বিচিত্র। কারণস্বর্পে আছেন বলে জিয়ায়ও ১৭০ প্রতিবিশ্বিত হয়েছেন। জ্যোৎসনা একই আছে কিন্তু কখনো তা সাম্থনা কখনো বা বিষশর। অন্ধকার একই আছে, কখনো তা স্কৃনিদ্রা কখনো তা পাষাণ গ্রেন্থার। একই স্তম্খতা, কখনো তা বিষশ্ধ কখনো বা স্ব্য-সম্বুজ্বল।

একই সন্ন্যাস—যে মা কাঁদে তার সণ্গেও আছেন, যে মা তৃণ্ডি অন্ভব করে তার সণ্গেও আছেন। এবং সর্বক্ষেত্রেই আশ্তরিক। প্রসাদেও আছি বিষাদেও আছি। আমি যে কিছ্ম ফেলি না, কাউকে ফেলি না। আমি ষে সকলেরটা বর্নিঝ, সকলেরটা ভাগ করে নিই। আমি যে সকলের। আমি যে সংসারীরও মা, সন্ন্যাসীরও মা।

নানারকম প্রতুলখেলা খেলছেন মহামায়া। কতগ্রলাকে শাদা পোশাক পরিয়েছেন কতগ্রলাকে গের্য়া। কিন্তু, আসলে, যারা সংসারী তারা হল কালো কাপড়, যারা সম্যাসী তারা হল শাদা। তাই, ঠাকুর বলতেন, সাধ্ব সাবধান।

'কালো কাপড়ে কালি পড়লে অত ঠাওর হয় না।' বললেন মা, 'কিল্ডু শাদা কাপড়ে এক বিন্দ্ব পড়লেই সকলের চোখে পড়ে। তাই সব সময় হু'শিয়ার।'

সংসারীদের জন্যে ক্ষমা, সম্ম্যাসীদের জন্যে কুপা। আমি আছি বিশ্বজননী, সর্বশ্বন্দ্বক্ষয়ঙ্করী, সর্বসৌখ্যন্তর্পিনী। সকলে এসে আমার কোলে সমান হবে। যে পথেই যে হাঁট্কে কণ্টকে বা কুস্মে, কর্দমে বা কুষ্কুমে—সব এসে সমাণত হবে আমার অঙকাশ্রয়ে। তাই আমি ঘরে আছি মঠেও আছি, কেপ্লায়ও আছি, আবার আছি মৃত্ত প্রাণ্ডরে।

'সাধনুর রাশতা বড় পিছল।' বললেন আবার মা। পিছল পথে সর্বদা পা টিপে-টিপে চলতে হয়। লক্ষ্য রাখতে হয় পায়ের বন্ড়ো আঙ্বলের দিকে। মেয়েমানন্মের দিকে ফিরেও তাকাবে না। কুকুরের বখলসের মত গের্ব্বা তাকে রক্ষা করবে। গের্বা হচ্ছে জন্মশত আগন্ন। এ আগন্ন যে গায়ের উপর রাখতে পারে সে কি কম শক্তিমান?'

তাই সাধ্র সদর রাস্তা। তার পথ কেউ র্থতে পারে না।

এক ওড়িয়া সাধ্ এসেছে কামারপ্রকুরে। তার প্রতি মা'র কী প্রাণ-ঢালা সেবা! চাল-ডাল যা জোটান সব সাধ্বকে দিয়ে আসেন, আর জিগগেস করেন, 'সাধ্বাবা, কেমন আছ ?'

সাধ্বাবা ভাবে এ কণ্ঠস্বরটি কার? যার জন্যে সাধনা করছি সে

ষখন কাছে এসে কথা কইবে, তখন কেমন শোনাবে তার কলকণ্ঠ?

সাধ্বাবার মাথা গোঁজবার একট্ব জারগা দরকার। কাঠকুটো যোগাড় করে একখানি কু'ড়ে ঘর তুলে দেবে গাঁয়ের লোকেরা। কিন্তু তুলবে কি, যা আকাশ ভরে মেঘ করে রোজ, এই ব্রিঝ ব্লিট এসে গেল! হাওয়া উঠে উড়িয়ে নিল ব্রিঝ খড়-পাতার আস্তানাট্বকু। ঠাকুর, রাখো গো রাখো, হাতজোড় করে প্রার্থনা করেন মা, ঘরখানি আগে খাড়া হতে দাও। আগে হয়ে যাক কু'ড়েট্বকু তারপর যত পারো ঢেলো।

ঠাকুর শন্নলেন মনের কথাট্নুকু। কু'ড়েঘর তৈরি হল সাধ্র । শন্ধ্র মাথা গোঁজবার ঠাই নয়, দেহ রাখবার ঠাই। কদিন পরেই ঐ ঘরে দেহ রাখলেন সাধ্বাবা।

সাধ্বসম্যাসীকে ব্যাণ্গ করছে নলিনী। মা শ্বনতে পেয়ে তাকে তিরুম্কার করে উঠলেন। বললেন, প্রণাম কর, শ্বচি-শ্বন্থ হয়ে যা। যারা সং চিন্তা সং কর্মের আশ্রয়ে আছে তাদের প্রতি শ্রন্থার ভাবট্বকু আনতে পারলেও মন নির্মল হয়।

রাধ্বকে বলেন, প্রণাম কর সাধ্ব ভক্তদের।

কে এক সংসারী কোন এক সম্যাসীর সংগ্য ঝগড়া করেছে। শ্নেতে পেয়ে মা বললেন সেই সংসারীকে, 'এ রকম কাজও কোরো না। সম্যাসীর একটি কথায়, কথা কেন, একটি চিন্তায় মহা অনিষ্ট হয়ে যেতে পারে।'

এক সন্ন্যাসী-ছেলে বসে আছে মা'র কাছে। একটি ভক্ত-মেয়ে চলা-ফেরা করছে পাশ দিয়ে। হঠাৎ সেই মেয়ের আঁচলের ডগাটা লাগল সম্ম্যাসীর পিঠে। 'এ কী করলে?' মা ধমকে উঠলেন: 'আঁচল দিয়ে ছুঁয়ে গেলে সম্ম্যাসীকে? এ কী অন্যায় কথা! শিগগির ওর পায়ের ধ্লো নাও বলছি।' মেয়েটি তৎক্ষণাৎ প্রণত হল। কোথায় আমার আঁচল? হে তাপসকুমার, যদি দাও তোমার পদধ্লি, আঁচলে বে'ধে নিয়ে যাই।

নামজাদা ঘরের ভক্ত-দ্বী, উন্বোধন আপিসে এসে এক রহ্মচারীর সংগ্যে কি নিয়ে ঝগড়া করেছে। যাবার সময় শাসিয়ে গেছে, ঐ রহ্মচারী যদ্দিন আছে ততদিন আর হচ্ছি না এমুখো।

মা'র কানে উঠল। যাচাই করে দেখলেন ভক্তির চেয়েও আভিজাত্যের ভার বেশি স্থালোকটির। তাই বললেন, 'নাই বা এল! এ সব আমার সর্বত্যাগী ছেলে, এদের সঞ্চে ঝগড়া! এরা না হলে আমি কাদের নিয়ে থাকব?' ভগবানকে দেখব কোথায়? সাধুকে দেখি ভক্তকে দেখি। দর্শনেই ভববন্ধন ঘুচে যাবে, যেমন সুর্যদর্শনে তমসাবৃত দৃষ্টির বাধা দুর হয়। সাধুর দেহই ব্রহ্মজ্যোতিতে দীপ্যমান। কে জানে, ব্রহ্ম থেকেও হয়তো সাধ্ব সরস, যেমন সম্দ্রের থেকেও গণ্গা মধ্ব। সাধ্ব রুচি রামজপে, রামের রুচি সাধ্জপে।

তেমনি, দ্বটি তর্ণী বিধবা এসেছে মা'র কাছে। 'এ কি শাদাপেড়ে কাপড় কেন পরেছ?' মা বলে উঠলেন, 'তোমরা ছেলেমান্ষ, পাড়-দেওয়া কাপড় পরবে। নইলে মন যে ব্রুড়ো হয়ে যাবে। মন যদি ব্রুড়ো হয়ে যায় তবে কাজ করবার উৎসাহ পাবে কি করে?' শ্রুধ্ব কথা নয়, নিজের বাক্স থেকে দ্বজনকে দ্বখানি কাপড় বের করে দিলেন।

ভক্তকম্পলতিকা জনকজননীজননী সবাইকে বেষ্টন করে আছেন।

কিন্তু যে যাই বল্ক, সম্যাসী অপেক্ষা সংসারী ছেলেদের প্রতিই মা'র টান বেশি। কেন হবে না? মা বললেন, 'সম্রেসী ছেলেরা সব ছেড়েছ্র্ড়ে দিয়ে ধ্যান-জপ নিয়ে আছে, নিজের চেষ্টাতেই উঠবে। কিন্তু এদের, সংসারী ছেলেদের দেখবে কে? কচি অবোলা ছেলের মত সকলে আমার মুখের দিকে চেয়ে আছে। আমি ছাড়া ওদের আর কেউ নেই। কাজেই আমাকেই দেখতে হয়।'

চিরদিনের মত সংঘ ছেড়ে চলে যাচ্ছে এক সম্ন্যাসী-ছেলে। বোধহয় উপরওয়ালার হ,কুম, কোনো শাহ্নিতর ব্যবস্থা। কিন্তু মাতা-প্রদ্রের বিচ্ছেদ শাহ্নিতর থবর রাখে না, সান্ধনা পায় না আইনের বিচারে।

মা কাঁদছেন, ছেলে কাঁদছে।

কেউ ব্ বি চুপি-চুপি এসে দেখে ফেলবে হঠাং! আঁচলে চোথ মুছলেন মা, ছেলেকে বললেন, কলঘরে গিয়ে চোখ ধুয়ে এস।

আবার দেখা হল। এবার আর কামা নয়। ছেলে প্রণাম করল মাকে। মা বললেন, 'এস বাবা। যেখানে বলেছি সেখানে গিয়ে থাকো গে। জেনো, আমি সব সময় আছি তোমার কাছে-কাছে।'

শাস্তি যার দেবার সে দিক, কিন্তু মা দেন শান্তি।

বললেন, 'কোনো ভয় নেই। ছাড়া পেয়ে গেলে। এবার হেসে লেচে কু'লে লও।' যতদরে দেখা যায় জানলায় দাঁড়িয়ে-দাঁড়িয়ে দেখলেন ছেলেকে। চোখের আড়াল হলে আবার কাঁদতে বসলেন।

সাঁড়াসাঁড়ির বানে পড়ে একটি ছেলে প্রায় প্রাণ হারাতে বসেছিল।

ভান্তার কাঞ্চিলাল তাকে বাঁচিয়ে দিয়েছে কোনোক্রমে। জয়রামবাটিতে খবর এসেছে মা'র কাছে। মা তো ভেবে প্রায় দিশেহারা। কোথাকার কে ছেলে, তার জন্যে দ্বশ্চিক্তা। ঠাকুরকে তুলসী দিলেন; বললেন, আমার ছেলেকে ভালো রাখো। কলকাতায় চিঠি পাঠালেন, ছেলেকে বোলো, সেরে উঠে একবার যেন দেখা দিয়ে যায়।

ভগবান যে আমাকে অহেতুক কুপা করবেন, তাঁকে আমি কী দেব?
শুধ্ দেব না কেবল নেব এ দীনতা অসহনীয়। তাই আমাকেও দিতে
হবে। কিন্তু কী দিতে পারি, আমার সাধ্য কি! আমি দেব তাঁকে অহেতুক
ভালোবাসা। অহেতুক ভালোবাসা কার উপর হতে পারে? শুধ্ মা'র
উপর। তাই ভগবানকে মা-র্পে প্রতিষ্ঠিত করে গেছেন ঠাকুর। আর এই
মা-ই সারদা, সারভূতা, সংসারৈকসারা।

তাঁর অহেতুক কুপা আর আমার অহেতুক ভালোবাসা। ফ্রলের সঞ্চো মিলল এসে স্কান্ধ। সত্যের সঞ্চো মিলল এসে সরলতা। ভাবের সঞ্চো মিলল এসে রূপের স্কুল্ম।

আরেক ছেলের মঠের উপর বিরাগ হয়েছে। বললে, 'মা, যদি অনুমতি দেন, কিছুন্দিন বাইরে থেকে ঘুরে আসি। এখানে থেকে আমার মন বিগড়ে গেছে। বাইরে থেকে কিছুন্দিন ঘুরে এলে যদি ঠিক হয়।'

'কোথায় যাবে?'

'কাশী।'

'সঙ্গে টাকাকড়ি কিছ্ৰ আছে ?'

'না। গ্র্যান্ড ট্রান্ক রোড ধরে হাঁটতে-হাঁটতে চলে যাব।'

'কার্তিক মাস, লোকে বলে, যমের চার দোর খোলা। আমি মা, আমি কি করে বলি তুমি যাও। আবার বলছ হাতে টাকাকড়ি কিছ্ন নেই। খিদে পেলে কে খেতে দেবে বাবা?'

আর পা উঠল না যেতে। নিজের কি কণ্ট তার কথা কে ভাবে। কিল্তু মা যে কণ্ট পাবেন তাই যেন সহনাতীত!

সংসার থেকে নিল্কৃতি পাবার জন্যে এসেছে এক ছেলে। মা বললেন, 'ভগবান তোমাকে কতগ্রেলা পোষ্যের ভার দিয়েছেন—তাদের তুমি ফেলে যাবে কি! তুমি ফেলে গেলে তাদের জন্যে আমাকেই তখন ভেবে মরতে হবে। তোমার সংসার ছাড়বার দরকার নেই। আমার সংসার মনে করে তুমি থাকো।'

কিন্তু সেই যে একটি কচি বউ নিয়ে এল সেদিন অন্নপ্র্ণার মা, তাকে মা অন্য কথা বলে দিলেন। অন্নপ্র্ণার মা একজন স্থা-ভক্ত, বউটিকে নিয়ে এসেছে তার স্বামীকে যেন মা সন্ন্যাস-সংকল্প থেকে নিরুত্ত করেন। আপনি যদি অনুমতি না দেন সাধ্য নেই সে সংসার ছাড়ে। বউটি অনেক কাঁদাকাটা করল, অন্নপ্র্ণার মাও ফোড়ন দিল।

মা বললেন, 'আমি কি করে নিষেধ করব মা, ওর যে ভগবানের জন্যে ঠিক-ঠিক অনুরাগ হয়েছে।'

বউটি তাকিয়ে রইল সজল চোখে। তা হলে কি আমার কোনো উপায় নেই?

মা ছেলেকে ডাকিয়ে আনলেন। বললেন, 'শোনো, যাবে তো বাঙলা দেশ ছেড়ে যেও না। আর, বউ যদি চিঠিপত্র লেখে উত্তর দিও। আর যদি দেখবার জন্যে খ্ব ব্যাকুল হয়, দেখা দিও মাঝে-মাঝে।' পরে বউয়ের দিকে তাকিয়ে বললেন, 'তুমি ইচ্ছে করলে তো আমার কাছেই থাকতে পারো। থাকবে?'

এক দিকে ঈশ্বরবিরহীর অন্রাগ, আরেক দিকে স্বামীবিরহিণীর কান্না। মা দ্বেররই মা। দ্বই বিরহের সেতু। একে দেন খাদ্য ওকে দেন পানীয়। একে দেন অভয়, ওকে দেন আশ্রয়। এক হাত থেকে আরেক হাত। ওকে সান্নিধ্য একে সন্ধান।

...বিশ...

আরো কবার তীর্থে গিয়েছেন মা।

প্রথম গরার, ব্র্ড়ো গোপালকে সঙ্গে নিরে। আমি তো পারল্ম না, তুমি আমার হরে মা'র পিল্ড দিরে এস। ঠাকুর বলে রেখেছিলেন। সেইটি প্রেণ করলেন।

তারপর সে বছরই প্রী গেলেন। কলকাতা থেকে চাঁদবালি বড় জাহাজে, চাঁদবালি থেকে কটক ক্যানাল-স্টিমারে। আর কটক থেকে গর্র গাড়িতে গ্রীক্ষেত্র। সঙ্গে রাখাল, শরং, যোগেন, যোগেন-মা।

বলরাম বস্বর ভাই হরিবল্পভ বস্ব সে অণ্ডলের মস্ত উকিল। খ্ব রবরবা। মন্দিরের প্রোতরা খ্ব মানে-গোনে। প্রোতদের মধ্যে একজন প্রধান হচ্ছে গোবিন্দ শিশ্যারী। হরিবল্পভের অতিথি—মাকে খাতির দেখাতে এল গোবিন্দ। বললে, 'মন্দিরে নিয়ে যাবার জন্যে পার্লাক নিয়ে আসব।'

'না গোবিন্দ, আমি হে'টে যাব মন্দিরে।' মা বললেন মধ্র আর্তির সঙ্গে, 'তুমি শর্ধে আমাকে আগে-আগে পথ দেখিয়ে নিয়ে যেও। আমি দীনহীন কাঙালের মত যাব আমার প্রভুর মন্দিরে, জগৎপতি জগন্নাথকে দেখে আসব।'

কিন্তু মন্দিরে ঢ্বকে মা'র চোখ বোজা। জগল্লাথের দিকে মুখ করে আছেন বটে, কিন্তু দেখছেন না, চোখ বন্ধ করে আছেন।

'ও কি, দেখ,' যোগেন-মা ঠেলা দিলেন, 'তোমার চোখের সামনে জগমাথ। ও কি, চোখ বুজে আছ কেন?'

'উনি আগে দেখন—'

লক্ষ্য করে দেখল যোগেন-মা, আঁচলের তলা থেকে কি-একটা বের করছেন মা। কি ওটা ? ওমা, একটা ফোটো। কার ? ঠাকুর রামকুম্বের।

মা বললেন, 'উনি আগে দেখুন। কোনোদিন আসেননি দক্ষিণ। আসবার সুযোগ হয়নি। উনি না দেখলে আমার দেখায় তৃণ্তি নেই।'

আঁচলের মধ্যে ছবি নিয়ে এসেছেন কিন্তু ব্বেকর মধ্যে কতখানি মমতা! যে চিরদিন দ্বে-দ্বে রেখেছে তাকে নিয়ে এসেছেন ব্বেকর নিবিড়ে। যারা বলে তুমি দ্বে আছ, তারা নিজেরাই দ্বে আছে। তুমি যে আমার চোখের মধ্যে চোখের মণিটি হয়ে রয়েছ। হার, চোখ নিজেকে দেখে না। দর্পণ পেলে দেখে। জগলাথ আমার সেই দর্পণ। সেই দর্পণে আমি আজ আবার তোমাকে দেখব।

ছবিকে আগে দর্শন করালেন। পরে উন্মীলিত করলেন চোথ।

দেখলেন জগন্নাথ প্রুষ্ সিংহ হয়ে রন্ধবেদীতে বসে রয়েছেন আর মা দাসী হয়ে তাঁর সেবা করছেন। কে এই প্রুষ্ সিংহ? ভালো করে চেয়ে দেখ দেখি। রন্ধবেদীতে বসে আছেন সেই নিষ্কিণ্ডন সন্ন্যাসী। সেই দক্ষিণ-ঈশ্বর।

ঠাকুর আর দ্ববার আসবেন বলেছেন। একবার বাউল সেজে। গায়ে আলখাল্লা, মাথায় ঝর্নটি, দাড়ি এতখানি।

একশো বছর পরে আসবেন। এই একশো বছর থাকবেন ভক্তহ্দয়ে। ঘনীভূত ম্তিতে। তারপর আবার বিগলিত হবেন। 'আমি আর আসতে পারব না।' বললেন মা।

লক্ষ্মী বললে, 'আমাকে তো তামাককাটা করলেও আর আসব না।'

ঠাকুর হাসলেন। বললেন, 'যাবে কোথা? সব কলমির দল, এক জায়গায় বসে টানলেই সব এসে পড়বে।' এ সামান্য কথাট্বুকু বলতেও ঠাকুর একটি উপমার আগ্রয় নিলেন—কলমির দল।

মা'র দিকে তাকিয়ে আবার বললেন, 'তোমার হাতে থাকবে হ'কো-কলকে, আমার হাতে ভাঙা পাথরের বাসন। হয়তো ভাঙা কড়ায় রাস্না হবে। যাচ্ছি তো যাচ্ছি, খাচ্ছি তো খাচ্ছি—দিকবিদিক খেয়াল নেই।' একট্ব থেমে বললেন, 'ঐ দিক থেকে আসব।' গোল-বারান্দা থেকে বালি-উত্তর-পাড়ার দিক দেখিয়ে দিলেন। হয়তো বা বর্ধমানের দিক।

রত্নবেদীতে প্রন্থসিংহ দেখলেন—আবার দেখলেন, লক্ষ শালগ্রাম-শিলার উপর শিব বসে রয়েছেন। স্বর্গলোকে দেবদেব, মর্তলোকে সদা-শিব। ভক্তমধ্যে আশ্বতোষ, দীনমধ্যে দীননাথ।

পর্রী থেকে ফিরে কিছ্কোল পরে মা ভাইদের নিয়ে আবার যান কাশী-বৃন্দাবন। কিছ্কাল পরে আবার যান প্রত্তী। সঙ্গে যত রাজ্যের আত্মীয় আর ভক্ত-সেবক। দলপতি প্রেমানন্দ।

ধনুলোপায়ে রোজ যান জগমাথদর্শনে, আবার দর্শনান্তে আঁচলের গুলিথতে বে'ধে নেন রাধনুকে। ভিড়ের মধ্যে সে না হারায়। একবার অখণ্ড-লোকে মহামায়া, আবার জীবলোকে মায়াবিনী। একবার রাধা, আরেকবার রাধা।

মা'র পায়ে ফোড়া হয়েছে। তীর যন্ত্রণা। পেকে উঠেছে কিন্তু ফ্'ড়তে দেবেন না। অথচ এই পা নিয়ে মন্দিরে যাবেন। ভিড়ের চাপে ব্যথা পাবেন, চীংকার করে উঠবেন, অথচ চ্ডান্ত ব্যবন্ধা করতে দেবেন না।

এও একরকম দ্বঃসহ কন্ট, অন্তত প্রেমানন্দের পক্ষে। সে একটি ভক্ত ডাক্তার ডেকে আনল। বললে, 'হাতে করে ছর্রির নাও। মাকে প্রণাম করো গিয়ের নুয়ে পড়ে। আর অর্মান—'

'ষদি দেখতে পান?'

'भारतन ना। हामरत भा एएक मन्त्य खामहा एएन तमरतन।'

যেমনি ষড়যন্ত্র তেমনি শর-যন্ত্র। ডাক্তার নারে পড়ে মাকে প্রণাম করলে আর সংগ্য-সংগ্র চিরে দিলে ফোড়া। 'মা, আমার অপরাধ নেবেন না—' বলেই পালিয়ে গেল ঘর থেকে।

তীক্ষ্য আর্তনাদ করে উঠলেন মা। প্রেমানন্দ আগে থেকেই সরে রয়েছে, সামনে যাকে পেলেন যন্দ্রণার প্রাবল্যে তাকেই বকতে লাগলেন অনর্গল।

ভঙ্ক ছের্লোট, যে কাছে থাকার দর্ন ধরা পড়ে গেছে, বললে আর্দ্র-কেন্ঠ, 'মা, আমারই দোষ। আমি নিজের চোথে দেখল্ম এই দ্বঃখের দৃশ্য। আপনি আমাকে শাপ দিন।'

শাপ দেব? না, এখন যে বেশ আরাম লাগছে। প'্জ-রম্ভ বেরিয়ে গিয়েছে, বেরিয়ে গিয়েছে যক্ত্রণা-ভর্ৎসনা। নিমপাতার জলে ধ্রের নিয়ে বাঁধা হল ব্যাপ্ডেজ। যক্ত্রণা প্রায় আর নেই বললেই হয়।

যাকে বকোছলেন তাকে এখন আদর করলেন চিব্রক ধরে।

মা'র ক্রোধ এমনি করেই শোধ হয়। তখন মা'র মুখের সেই তিরুক্তার পুরুক্তারের মত পুণোর জিনিস বলে বে'চে থাকে।

মা'র খুড়োমশাই গিরেছিলেন সঙ্গে, কলকাতায় ফিরে এসে মারা গেলেন। মা শুধু ঠাকুরের পুজো আর ভোগের সময় ওঠেন, নয়তো মা সব সময় বসে আছেন খুড়োর পাশে। যেদিন যাবেন, দুপ্রবেলা, সেদিন মাকে অনেক ভূলিয়ে-ভালিয়ে পাঠানো হল খেতে। আর, মাও গেছেন খুড়োমশাই তিরোভাব করলেন। সবাই চুপ করে রইল, মা'র খাওয়া সমাধা হোক শান্তিতে। মা কিছু ব্রুতে পারলেন কিনা কে জানে, কোনোরকমে হাতে-মুখে করেই চলে এলেন। মাথা নিচু করে সব চুপচাপ বসে আছেন দেখে মা চেচিয়ে উঠলেন, 'তবে কি খুড়ো নেই?'

'কেন তোমরা আমায় ও ছাইপাঁশ খেতে পাঠালে? একবার শেষ দেখা দেখতে পেল্ম না,' বলে উচ্চনাদে কে'দে উঠলেন। পরে আবার অপ্র্ সোম্যাণীতল অবস্থা ধারণ করলেন। শবদেহের মাথায় ও ব্রকে করজপ করে দিলেন। মোক্ষাবারের কপাট যেন উৎপাটিত হল।

একটি কায়স্থের ছেলে কাঁধ দিয়েছে শবের খাটে। গোলাপ-মা নালিশ করে উঠল : 'শুন্দুর হয়ে বামুনের মড়া ছুইলে ?'

'শ্বেদ্বর কে? ছেলে?' কর্ণার্দ্র চোথে তাকালেন ছেলের দিকে দ বললেন, 'ভক্তের কি জাত আছে, গোলাপ?'

ভন্তদের এক জাত, এক জল। তারা সকলেই ছেলে, সকলেরই তাদের চোখের জল।

ঠাকুর বলেছিলেন মাকে, একবার বিষ্পৃত্রে ষেও। বিষ্পৃত্র হচ্ছে ১৭৮ গ্রুণত বৃন্দাবন। ঠাকুরের কথা রাখতে মা একবার গেলেন বিষ্ণুপ্রে। 'যেখানে-যেখানে আমি যাইনি, সব জায়গায় তুমি যাবে।'

কত হ্দরতীথেও হরতো স্পর্শ পড়েনি আমার, তুমি সেখানে রেখো তোমার অমিয়দ্দিট। তোমার মর্ম-মন্ত্র। আমার যা মন্ত্র, তারই মর্ম তুমি। আমি বাক্য তুমি ব্যাখ্যা। আমি ভাষা তুমি ভাষ্য। আমি অন্বয় তুমি অর্থ।

সকলকে তুমি নিমণন করো তোমার অপরিচ্ছিন্ন সন্তায়।

পরে থেকে এসে গর্র গাড়িতে করে গেলেন তারকেশ্বর। তারপর মাহেশে যান মোটরে করে। রথরজ্জতে টান দিয়ে আসেন।

ঠাকুরকে একবার রথে চড়ানো হল। মা বসে-বসে অনিমেষ নয়নে তাঁকে দেখতে লাগলেন। 'তাঁকে কোনোদিন নিরানন্দে দেখিন।' এই কথাটিই আবার প্রত্যক্ষ করলেন চোখের সামনে। রাস্তায় নিয়ে গিয়ে গণগাপর্যন্ত টেনে আনা হল। তারপর রথ উপরে তুললে। রাধ্ব নিলনীকে নিয়ে মা টানলেন, ভন্ত-মেয়েরাও হাত মেলাল। একটি আনন্দচপলা কিশোরীর মত হয়ে গেলেন মা।

যখন রাস্তায় টানা হচ্ছিল, মা বললেন, 'সকলে তো আর জগমাথ যেতে পারে না। যারা এখানে থেকে ঠাকুরকে রথে দেখলে তাদেরও হবে।'

যেট্কু হবার তাই হবে। প্রীতে যথন দেখলেন, এত লোক জগন্নাথ দর্শন করছে, তথন মা কাঁদলেন আনন্দে। আহা, এত লোক মৃত্ত হয়ে যাবে! শেষে দেখেন, মৃত্তি কি এতই সোজা? শৃধ্য যারা বাসনাশ্না তারাই মৃত্তি পাবে। তাদের সংখ্যা আর কটি? কোটিতে গোটিক মেলা ভার। চক্রের মত সৃত্তি চলছে। যে জন্মে মন বীতকাম সেইটিই তার শেষ জন্ম।

আমি লক্ষ জন্ম চাই—সে এক বলেছিল নরেন। ভয় কিসের? নরেন হল রোদ্দ্রের তলোয়ার—সংতর্ষি থেকে এসেছে। সে হল প্রজ্বলত জ্ঞানী। জ্ঞানীর আবার জন্ম নিতে ভয় কি? তাদের তো আর পাপ হয় না। তারা তো সমস্ত বন্ধনের বাইরে।

ঠাকুর কি রথে উঠে বসলেন, না, নেমে বসলেন?

পরীতে প্রথম দিন যখন জগন্ধাথ দর্শনে যান, ঠাকুরের পরজো একট্ব তাড়াতাড়ি সেরে নিয়েছিলেন মা। একটা ঘিয়ের টিনের উপর ঠাকুরের ছবি ঠেসান দিয়ে রেখে পর্জো করেছিলেন। ঘর-দোর তালা-দেওয়া। মন্দির থেকে ফিরে এসে ঘর খ্লো দেখেন ঠাকুরের ছবি নিচে নেমে বসেছে। সকলে মনে করলে, চোর ঢ্বেকছিল, জিনিসপত্র নাড়াচাড়া করতে গিয়ে উপরের ফোটো নিচে নামিয়ে বসিয়েছে। কিন্তু চোর কোথার? বাইরে থেকে ঘর বন্ধ, ভিতরের জিনিসের কোথাও এতট্বকু নড়চড় হর্মান—চোর ঢ্বেকলেই হল? শেষকালে ঠাহর করে দেখে সকলে, বড়-বড় লাল পি'পড়ে ধরেছে টিনে, ঘিয়ের টিনে। তারই জন্যে আলগোছে ঠিক নেমে বসেছেন।

কে জানে অভিমান করেছেন কিনা। জগন্নাথদর্শনের তাড়ার আমার প্জা আজ একট্ব সংক্ষেপে করলে? বা, তাই বৃঝি? তোমাকে অণ্ডলে চেপে নিয়ে গেলাম বৃকে করে। ঘিয়ের টিনের উপর না দেখে তোমাকে দেখে এলাম রক্ষসিংহাসনে।

তোমার কৃপা ছাড়া তো তোমাকেও দেখা যায় না। তোমার আবার অভিমান কি, তোমার শত্বে কৃপা।

একটি স্থা-ভন্ত বললেন মাকে, 'মা, ভগবানের যদি কুপা হয় তথন তো আর সময়ের বাছবিচার করে না। যাকে বলে, আলটপকা এসে পড়ে। অসাধ্যও সুসাধ্য হয়ে যায়।'

'তা বটে। কিন্তু কালের মত কি মিষ্টি হয়?' মা বললেন গদভীর মুখে, 'মানুষ অকালে ফলাবার চেষ্টা করছে। আশ্বিন মাসেও তো আম মেলে, কিন্তু জষ্টি মাসের মতো কি মিষ্টি হয়? ঈশ্বরলাভের পথও তেমনি। এ জন্মে হয়তো জপ-তপ, পরের জন্মে ভাব, তার পরের জন্মে সমাধি—এই ভাবে আর কি।'

কিন্তু যাই বলো কৃপার পাত্র হওয়া চাই। রস যে ধরবে ভাব চাই। কৃষ্ণরস ধরতে শ্রীমতীভাব।

কৃপার আবার পাত্রাপাত্র কি। স্থের আলো তো সকলের উপর সমান।

কিন্তু ঘরে রোদ আনতে হলে জানলাটিকে মেলে ধরতে হবে। কৃপার হাওয়া তো বইছে চারদিকে, কিন্তু পালটি তো খুলে দিতে হবে আকাশে। মাছ তো রয়েইছে সরোবরে, কিন্তু ছিপটি ফেলে তো বসে থাকা চাই।

'তাই বাল,' মা বললেন, 'নদীর ক্লে বসে ডাকো, সময়ে তিনি পার করবেন।'

তা হলে কৃপাতেও বিচার আছে? না ডাকলে পার করবেন না? করতে দেরি হবে। যার যেমন কর্ম তার তেমনি কৃপা।

'এই দেখ না, আমার যখন অসমুখ তখন যদি কেউ আসে দেখা পাবে ১৮০ না। তখন সে আসে কেন? বলবে, ভাগ্য। আমি বলব, কর্ম। বার যেমন কর্ম তার তেমনি স্বুযোগ-স্বিধে। কতবার করে আসছে, বাতারাতে বহর্ খরচ, তব্ব যতবারই আসে, ততবারই আমার অস্থ। আবার কেউ হয়তো রাস্তা দিয়ে বাছে, দেখা পেল না-চাইতেই। বার পারে বাবার সময় হবে সে দড়ি ছি'ড়ে আসবে, সাধ্য নেই, তাকে কেউ বে'ধে রাথে।'

সে-দড়ি ছি'ড়ব কি দিয়ে?

শাধ্র কর্ম দিয়ে। কর্ম দিয়ে কর্মক্ষয়। কাঁটা দিয়ে কাঁটা তোলা। দড়ির সঙ্গে দড়ি ঘষে-ঘষে আগ্রন করে বন্ধন প্রভিয়ে ফেলা।

এই দেখ না একটি ভক্ত-ছেলে আমাকে দর্শন করে হ্যীকেশ গেল। আমাকে দেখেছে, এখন ঠাকুরকে দেখাও। আমি বলল্ম, সময়ে দর্শন পাবে। এখন হ্যীকেশ গিয়েই চিঠি লিখেছে, কই, দর্শন তো পেল্ম না এখনো? ভাবখানা এই, যেহেতু সে হ্যীকেশ গিয়েছে, ঠাকুর তার জন্যে সেখানে এগিয়ে থাকবেন। সাধ্ব হলে কি হয়, ভগবানকে ডাকতে হবে তো? সাধ্ব হওয়া তো এই নয় যে সাধন-ভজন আর করব না।

ঈশ্বরকে না ডাকলে কী হয়? কী হবে! কিছুই হয় না। কত লোকই তো তাঁকে ডাকছে না, তার উপর তুমিও একজন না ডাকলে! তাতে তাঁর কী! তাঁর অনন্ত আছে। মাঝখান থেকে তুমিই একটা আনন্দের স্বাদ পেলে না, জানলে না কাকে বলে অমুতের পিপাসা! তুমি বেশ আছো তো তাই থাকো। তাঁর এমনি মায়া তোমাকে তিনি ভুলিয়ে রেখেছেন। আশ্চর্য, এমন আপনজনকে তুমি ভুলতে দিলে?

...একবিশ...

বালেশ্বর জেলার কোঠারে বলরাম বোসের জমিদারি। রামেশ্বর যাবার পথে মা নামলেন কোঠারে, থাকলেন প্রায় দুমাস।

দেবেন চাট্ডেজ কোঠারের পোস্টমাস্টার। পাকে-চক্রে প'ড়ে খৃস্টান হয়েছিল—এখন আবার মাকে দেখে ইচ্ছে হয়েছে স্ববাসে ফিরে আসতে। মা অনুমতি দিলেন। যথাবিধি কর্মকরণ শেষ করে গায়ত্রীসহ যজ্ঞোপবীত ধারণ করলে। মাকে এসে প্রণাম করে দাঁড়াল। মা তাকে দীক্ষা দিলেন, প্রসাদরূপে দিলেন একখানি নিজের কাপড়।

মা'র কাছে কার্র কোনো দেরি নেই। যখন হোক চলে এলেই হল। জানবে আমিই তোমার জন্মমৃত্যুর সাধী, তোমার স্খদ্থেরে সিগনী, তোমার অনন্তবাত্রার একমাত্র সহচরী। একবার 'মা যাব' বলো, মাতৃ-অন্বেষী শিশ্র মত ব্যাকুল হয়ে ওঠো, ঠিক আমাকে পাবে।

খ্রদা-রোড পেরিয়ে চিলকা-হ্রদ চোখে পড়ল। সবে ভোর হয়েছে। উড়ে চলেছে বকের পাঁতি। আবার ঝাঁক বে ধেছে নীলকণ্ঠের দল। পাখি দেখে মা ছোট বালিকার মত উছলে উঠলেন খ্রিশতে। নীলকণ্ঠ পাথি দেখে প্রণাম করলেন যুক্তকরে।

বহরমপরে হয়ে মাদ্রাজ হয়ে এলেন মাদ্রা। মাদ্রায় 'স্কর' নামে শিব ও মীনাক্ষীর মন্দির। পাশেই শিবগণ্গা নামে সরোবর। মা স্নান করলেন। স্থীলোকেরা দীপ জেবলে রেখে যায় শিবগণ্গার পারে। মাও দীপ জেবলে রেখে গোলেন।

চারদিকে সব দেবালয় দেখছেন, আর বলছেন, ঠাকুরের কী লীলা! রামনাদের রাজা স্বামী বিবেকানদের শিষ্য। মন্দিরের কর্তৃপক্ষকে চিঠি দিয়ে পাঠিয়েছেন, আমার গ্রুর্র গ্রুর্ পরম গ্রুর্ যাচ্ছেন, সব ব্যবস্থা করে দিও।

দ্বন্ধার জলধির উপর সেতু বে'ধেছেন রামচন্দ্র। লংকা থেকে উন্ধার পেয়ে অযোধ্যায় ফেরবার পথে স্বামীর কীর্তি দেখে বিক্ষয়ে ও আনন্দে অভিপল্বত হলেন সীতা। ভাবলেন এ কীর্তি এখানে শাশ্বত করে রেখে যেতে হবে। এখানে প্রতিষ্ঠিত করতে হবে শিবমূর্তি।

रन्यानरक वनरानन, भिव निरा अत ।

জানকীর আদেশ, হন্মান তখুনি মহাবলভরে যাত্রা করল শ্ন্য-পথে। সমস্ত ভারতবর্ষ ঘুরে নানা জাতের শিব নিয়ে এল। কিন্তু আসল শিব, কাশীর বিশ্বনাথকেই আনেনি।

'করেছ কি? আসল শিবই যে নেই।' বললেন সীতা, 'যাও কাশী থেকে বিশ্বনাথকে ধরে নিয়ে এস।'

হন,মান আবার ছুটল বায়,বেগে।

কখন যে গেল আর ফিরছে না। সীতা অস্থির হয়ে উঠলেন। অম্নপিণ্ড তৈরি করেছিলেন তাই ঢেলে দিলেন। দেখতে-দেখতে সেই পিণ্ড জমে-জমে পাথরের মত শন্ত হয়ে উঠল, আর লিণ্ডেগর আকার নিলে। সীতা তার নাম রাখলেন রামেশ্বর। এদিকে, কিছ্ম পরেই ফিরেছে হন্মান। ফিরেছে কাশীর বিশ্বনাথকে সংগ্য নিয়ে, একেবারে ল্যান্ডে বে'ধে। এসে দেখে, এই অবস্থা। আগে-ভাগেই শিব প্রতিষ্ঠা হয়ে গেছে।

শ্বভাবতই, অভিমান হল হন্মানের। অভিমান ক্রমশ ক্রোধে পরিণত হল। সীতার ঐ অমপিশেডর শিব উৎপাটিত করবার জন্যে তার গায়ে ল্যাজ জড়াল। ল্যাজ দিয়ে টেনেই তাকে সম্লে উপড়ে ফেলবে। বল-প্রয়োগ করামাত্র উলটো ফল হল। শিবের জায়গায় শিব রইল অচল হয়ে, হন্মান ছিটকে পড়ল এক মাইল দ্রে, রামঝরকায়।

ভক্তবংসল রাম হতাভিমান হন্মানকে সান্থনা দিলেন। বললেন, তোমার আনা শিবও ফেলা হবে না। হন্মান তখন উঠে বসল। আর ভক্তের মান বাড়াবার জন্যে বললেন, আগে হন্মানের শিবের প্জা হবে, পরে রামেশ্বরের।

ভগবান চিরকালই ভক্তের কাছে হেরেছেন। প্রহ্মাদের কাছে ধেমন হেরেছিলেন। হিরণ্যকশিপরে হাত দিয়ে কত মারই না মারলেন তাকে, তব্ সে হটল না। শেষে স্তম্ভ বিদীর্ণ করে বের্তে হল। তারপর যথন বর দিতে চাইলেন, তখন আবার তাঁকে হারাল প্রহ্মাদ, বললে, এ তোমার কেমন কথা? আমি কি বণিক? আমি কি তোমাকে নিয়ে ব্যবসা করতে বসেছি?

শশী মহারাজ প্রজার ব্যবস্থা সব করে রেখেছে। গড়িয়ে রেখেছে একশো আটটি সোনার বেলপাতা। বাল্রকামর পাষাণের মর্তি রামেশ্বর কুন্ডের মধ্যে আছেন। আধ হাতটাক শ্রহ্ম উ'চ্তে, তাও সোনার মর্কুটে ঢাকা। মর্কুট সরানো হয় সকালবেলা, গণগাজলে স্নান করবার সময়। গণগাজলের ব্যবস্থা করে দিয়েছেন অহল্যাবাঈ। তুমি-আমিও গণগাজল ঢালতে পারি শিবের মাধার, তার জন্যে মন্দিরের আফিসে ফি জমা দিয়েছাড়-পত্র আদায় করতে হয়। তবে মা'র জন্যে অন্য কথা। মা হচ্ছেন গ্রের গ্রহ্ম পরমগ্রহ্ম।

মা মন্দিরে ত্তে বসলেন কুল্ডের পাশে। মৃকুট সরিয়ে গণেগান্তীর জল ঢালা হবে, মা বলে উঠলেন অস্ফ্রটেস্বরে, আপন মনে : 'তোমাকে যে ভাবে রেখে গিয়েছিলাম তুমি দেখছি সেই ভাবেই আছ—'

কথাটা ব্রিঝ কানে ঢ্রকল গোলাপ-মা'র। সমস্ত গা রোমাণ্ডিত হয়ে উঠল। উৎস্কুক হয়ে ঝ্রুকে পড়ে জিগগেস করলে, 'কি বললে, মা?' আর কী বলে! নিজেরও অলক্ষ্যে কখন বেরিয়ে পড়েছে মুখ থেকে
আর কি ন্বিরুদ্ধি করেন!

সেই দ্রেতার সীতা নবর্প ধরেছেন কলিতে। কলিকল্মহরা সেজেছেন। ঠাকুরের যখন সীতাদর্শন হয়েছিল, দেখেছিলেন তার হাতের বালা ডায়মনকাটা। তেমনি গড়িয়ে দিয়েছিলেন সারদাকে। বলেছিলেন, 'ও র্প ঢেকে এসেছে। কিন্তু সাজতে-গ্রুতে ভালোবাসে।'

হার, সাজ, আমার সাজ দিয়ে কী হবে? আমি আছি আভরণহীনতার, অভিমানহীনতার। আগে ঘরের মেঝেতে শৃতেন, এখন ভঙ্কেরা পালভ্কে এনে শোয়াচ্ছে। 'কই আমি তো কোনো তফাত বৃঝি না।' তফাত কিজিনিসে? তফাত মনে। আসলে, ঘৃমের মতন বিছানা নেই, খিদের মতন তরকারি নেই। যদি আমার অভাববোধেরই অভাব হয় তবে আমার কিসের দৈন্য? যদি শত দৃঃখেও আমি দৃঃখ না পাই তবে দৃঃখ নিজেই দৃঃখিত হয়ে চলে যাবে।

মনের প্রসন্নতাই বিষ্কার পরম পদ। আমার মধ্যে যখনই জাগবে প্রসন্নতা তখনই জানবে আমি পরমপদলীনা।

কিসের অভাব আমার? ভূমিতল থাকতে শয্যার কি দরকার? কি হবে উপাধানে, আমার বাহাই তো স্বাভাবিক উপাধান। যখন অঞ্জলি আছে তখন কি হবে ভোজনপাত্রে? বৃক্ষ কি আর ভিক্ষা দেয় না? সরোবর কি শানিকয়ে গেছে? পাহাড়ের গা্হা কি রান্ধ? আর, ভগবান শ্রীহারি কি শরণাগতকে রক্ষা করা ছেড়ে দিয়েছেন? তা যদি না হয় আমার তবে কিসের অপ্রতুল?

মন্দিরের মণিকোঠা মা'র জন্যে খুলে দিল একদিন। সামান্য একটি দীপ জবলছে, তারই ক্ষীণ আলোকে ঝকঝক করছে সমস্ত ঘরখানি।

রামনাদের দেওয়ান বললেন, যদি কোনো অলৎকার আপনার পছন্দ হয়, নিতে পারেন অনায়াসে।

আমার কী হবে অলংকারে? আমার হাতে যে হোগলাপাকের বালা আছে, যা ঠাকুর হাত চেপে ধরে খ্লতে দেননি, এই তো আমার চরম অলংকার। অলংকার আমার শ্রিচতা, নির্মালতা, সরলতা। ত্যাগ, তিতিক্ষা, সহিষ্মৃতা। সমুখে দৃঃখে উদাসীনা, ক্লান্তিহীন কর্ম, সর্বজীবে সমপ্রেম। দরা ক্ষমা ব্রত নিষ্ঠা সত্য আর সাম্য। অলংকারের চ্ডামণি হচ্ছে সন্তোষ। যদ্ছোলাভ।



প্রনাপ্তকৃতি শ্রীশ্রীসারদার্মাণ



১৩১৯ সাল

শ্বীশ্বীনা ও বধ

কিন্তু রাধ্বর প্রতি বড় মায়া। বললেন, 'আচ্ছা, রাধ্বর যদি কিছ্ব দরকার হয়, নেবে এখন।' বলে রাধ্বর দিকে ঝ(কে এলেন। 'দ্যাখ, তোর যদি কিছ্ব দরকার হয় নিতে পারিস।'

কি সর্বনাশ! এ যে সব হীরে-জহরৎ ঝলমল করছে। মার বুক দ্রদ্রর করতে লাগল। রাধ্ব যদি তেমন কিছু একটা চেয়ে বসে! ঠাকুরের কাছে কাতরমনে প্রার্থনা করতে লাগলেন, 'ঠাকুর, রাধ্বর মনে যেন কোনো আকাষ্ট্রনা জাগো।'

রাধ্বও তেমনি মেয়ে, বললে, 'এ সব আবার কী নেব? আমার পেন্সিলটা হারিয়ে গেছে, আমাকে একটা পেন্সিল কিনে দাও।'

মা হাঁপ ছেড়ে বাঁচলেন। রাস্তায় বেরিয়ে একটা পেন্সিল কিনিয়ে দিলেন রাধুকে।

যত তীর্থ করে আস্ক্রন মা'র কাছেও জননী-জন্মভূমি হচ্ছে শ্রেষ্ঠ তীর্থ।

জয়রামবাটি থেকে কলকাতা যাচ্ছেন মা, তাঁর খ্রাড় বললেন, 'সারদা, আবার এস।'

মা বললেন, 'আসবো বৈ কি।' ঘরের মেঝেয় হাত দিয়ে বার-বার সেই হাত মাথায় ঠেকাতে লাগলেন। আর বলতে লাগলেন, 'জননী জন্মভূমিশ্চ স্বর্গাদপি গরীয়সী।'

... বহিশ ...

সূর্য থাকে আকাশে, আর জল থাকে মাটিতে। উপরে সূর্য নিচে জল। জলকে কি ডেকে বলতে হয়, ওগো সূর্য আমাকে তুমি টেনে তুলে নাও উপরে? সূর্য নিজের স্বভাব থেকেই টেনে নেয়। নিজের স্বভাব থেকেই জলকে বাষ্প করে টেনে নেয়। তেমনি আমি সকলের মা। সকলকে স্বভাববলেই টেনে নেব। তোমাদের কাউকে কিছ্ন করতে হবে না।

কত অযোগ্য লোক আসে। দর্নিয়ায় না করেছে এমন কাজ নেই, তারাও। যা প্রাপ্য নয় তারও বেশি আদায় করে নিয়ে য়য়। শৃধ্র মা বলে ডেকে। শৃধ্র মা বলে আমাকে ভুলিয়ে দিয়ে। কেউ পায়ে হাত দেয় ১২(৭৯)

প্রাণটা ঠাণ্ডা হয়। আবার কেউ ষেন হাতে বোলতা নিয়ে আসে। পায়ে হাত রাখা মাত্রই বোলতা দংশন করে।

'ভালো ছেলের মা তো সকলেই হতে পারে, মন্দটিকে কে নেয়?' বললেন মা, 'আমার ছেলে যদি ধ্বলোকাদা মাখে, আমাকেই তা মার্জনা করে নিতে হবে।'

আমার অঞ্চল বিস্তীর্ণ কেন? আবর্জনাকে মার্জনা করবার জন্যে।

'যে বিষ নিজেরা হজম করতে পারি না, চালান দিচ্ছি মা'র কাছে।' বললেন প্রেমানন্দ : 'সকলকেই মা কোলে তুলে নিচ্ছেন। অনন্ত শক্তি, অপার কর্ণা। সকলকে স্থান দিচ্ছেন সকলের দ্রব্য খাচ্ছেন, আর সব বেমালমে হজম হয়ে বাচ্ছে।'

'আমরা না নিলে নেবে কে?' বললেন মা, 'আমরাই তো পাপ-তাপ হজম করতে পারি। সেই জনোই তো এসেছি আমরা।'

খোকা-মহারাজ আর বাব্রাম-মহারাজ খাচ্ছে পাশাপাশি বসে। একটা বেড়াল অতিলোভে মুখ বাড়িয়েছে খোকা-মহারাজের পাতে। খোকা-মহারাজ এক চড় বসিয়ে দিলে।

'মারলি?' বাব্রাম আঁংকে উঠল : 'করলি কি? মা'র বাড়িতে কোন দেবদেবী কি বেশে আছে ঠিক কি।'

খোকা-মহারাজ তো অপ্রস্তুত। ভয়ে মুখ পাংশ, হয়ে গেল।

মা সব শন্নেছেন। খোকার শ্লান মৃথও দেখলেন বোধহয়। বললেন, 'বেড়ালটাকে মেরেছে, বেশ করেছে। বড় দুভটু হয়েছে ও আজকাল।'

সামনাসামনি মারও ভালো, কিল্পু কার, নিন্দা কোরো না, ঠাকুর বলেছেন, পি°পড়েটিরও না। 'খোসা আর চাল, নিন্দা হল খোসা। আমার নরেনকেই লোকে কত নিন্দা করেছে। লোকে কাপড় ময়লা করে, খোপা সেই কাপড় সাফ করে দেয়। লোকে খারাপ কাজ করে, আর যারা সেই কাজের চর্চা করে তারাই তাদের পাপের ভাগী হয়। কোথায় সাফ করবে, তা না, নিজেরাই কালো হয়ে যায়।'

এ তো হচ্ছে পিছনে থেকে নিন্দা. মুখের উপরও কার্ মনে দ্বেখ দিয়ে কথা বোলো না। ঠাকুর বলতেন, 'একজন খোঁড়াকে যদি বলতে হয় তুমি খোঁড়া হলে কি করে, তাহলে বলা উচিত, তোমার পা-টি অমন মোড়া হল কি করে?'

ঠাকুর বললেন, উপোস করবে না। উপোস করলে মন সর্বক্ষণ পেটের ১৮৬ দিকে পড়ে থাকবে, ভগবানের দিকে বাবে না। আর মা বললেন, ভোগ দেবার আগে চেখে দেখবে।

দর্টিই সরলতার কথা। অনুরাগের কথা। বৈধী ভব্তিকে নস্যাৎ করলেন দর্জনে। সমস্বরে বললেন, বৈধী ভব্তি ভব্তিই নয়। ভব্তি হচ্ছে কিছুন্না-মানা কিছুনা-জানা ভালোবাসা। অনিমিন্তা, অহেতুকী।

একটি ছেলে মাকে সরবত করে দিছে। বললে, 'আমি তো আপনার সরবত চেখে দেখেছি।'

'ঠিক করেছ। ভালোবাসার পাত্রকে ঐ ভাবেই দিতে হয়। গ্রীকৃষ্ণকে ফল খেতে দেবার আগে চেখে দিত রাখালেরা।'

শ্রীকৃষ্ণকে রন্কিনুপী চামর দিয়ে বীজন করছে। তুমি আমাকে বরণ করলে কেন? জিগগেস করলেন শ্রীকৃষ্ণ। কত মহাবলী রাজা তোমাকে প্রার্থনা করেছিল, তোমাকে সংকল্পিতা করে দিয়েছিল তোমার বাপ-ভাই। তব্ব আমাকে তুমি পছন্দ করলে কি দেখে? আমি জরাসন্থের ভয়ে সমনুদ্রাশ্রত। আমি অকিঞ্চন, শৃধ্ব নিষ্কিগুনেরই প্রিয়। আমি স্থা-প্রের অভিলাষী নই, দেহে ও গেহে আমি উদাসীন, আত্মলাভে তুষ্ট আর গৃহদ্যাপের মত অক্রিয়। হে সনুমধ্যমে, আমি তোমার উপবন্ধ নই। অধম আর উত্তমের মৈত্রী প্রশঙ্ক নর। তুমি আর কাউকে ভজনা করো যাতে তোমার ইহ-পর দ্ব কালই সার্থক হবে, ফলান্বিত হবে।

র্নিক্মণী জানত সে-ই শ্রীকৃষ্ণের প্রিয়তমা। এই দার্ণ বাক্যে তার সমস্ত গর্ব ধ্লিসাং হল। হাত থেকে খসে পড়ল পাখা, অধাম,খে পদাঙ্গন্ত দিয়ে হর্ম্যতল বিলেখন করতে লাগল। আর সহ্য করতে পারল না, ম্ছিত্ত হয়ে পড়ে গেল মাটিতে।

পরিহাস ব্রুতে পারেনি র্নিরাণী। শ্রীকৃষ্ণ তাড়াতাড়ি তাকে ভূজ-বন্ধনে তুলে নিলেন। বললেন, 'বৈদন্তি', তোমার কোপকুটিল বিপাণ্ডুর মন্থখানি দেখবার জন্যেই ঐ কথা বলেছিলাম। তুমি যে পরিহাস ব্রুবেনা তা কে জানত! তুমি তো জানো ঘরে ফিরে এসে প্রিয়ার সংগ্র নর্মনিলার কিছ্মুক্ষণ কালহরণ করা গৃহুস্থের পরম লাভ।'

আশ্বসত হল রুকিমুণী, কিন্তু উত্তর দিল। সেই উক্তিটিই হচ্ছে রাগানুগা ভব্তির চিত্রলেখা।

বললে, 'আপনি যে অসম মৈত্রীর কথা বললেন তা ঠিক। কোথার আপনি ত্রিগুণাধীশ্বর আর কোথার আমি গুণাগ্রয়া প্রকৃতি! আপনি শার্ত্রে সমন্ত্রে শরণ নিয়েছেন তার মানে আপনি বহিম্থ ইন্দিয়ের থেকে রাণ পাবার জন্যে অন্তর্গুরে অচলর্পে বিরাজ করছেন। আপনি নিম্পিন সন্দেহ কি, কিন্তু তা আপনি নির্ধন বলে নয়, আপনি ছাড়া আর অন্য কিছ্ নেই সেই কারণে। অন্য কোন প্রের্ষের ভজনা করব? যে একবার আপনার পাদপন্মের দ্বাণ পেয়েছে সে কোন জীবন্ত শবের ভজনা করবে? আপনি উদাসীন যেহেতু আপনি নিরপেক্ষ। তব্ও আপনার প্রতি আমার অনুরাগ স্থির। আপনার কৃপাকম্পিত দ্ভিপাতই আমার সর্ব আকাঞ্কার উপশ্য।

'অনঘে, আমার প্রতি তোমার অন্রাগ কামশ্ন্য।' শ্রীকৃষ্ণ রন্কিনুগীকে অভিনন্দন করলেন, 'তুমি মায়াম্প্ধ মন্দভাগ্য নও, তুমি ব্রত-তপস্যার বিনিময়ে বিষয়কামনা করোনি। তুমি উদারকীতি তপস্বিনী।'

মা'র প্রেম যেন আরো গাঢ়, আরো পরিপক্ক, আরো শর্ম্ব-শর্চি।
'মা, তুমি ঠাকুরকে কি ভাবে দেখ?'

পরিপূর্ণ সমপ্ণের সঙ্গে বললেন মা, 'সম্তানের মতো দেখি।'

ভক্ত যখন সত্যি-সত্যি শরণাগত তখন সে মা'র কোলে নবজাত শিশ্ব। তার মুখে কালা ছাড়া ভাষা নেই, আর তার সমস্ত কালা মা'র জন্যে। যখনই তার মুখে কথা ফুটবৈ তখন থেকেই সে অভিযোগ করতে শুরু করবে। জানতে চাইবে অথচ মানতে চাইবে না। এখন, তার এই নির্ভাষ-নির্বাক অবস্থায় তার কিছু জানাও নেই মানাও নেই। তাকে রাখতে চাও তো রাখো, ফেলতে চাও তো ফেল। সে এখন সম্পূর্ণ পরনির্ভার, সর্বতোভাবে সমপিত। তার কিছু বলবার নেই কইবার নেই জানাবার নেই বোঝাবার নেই। আছে শুধু একটি কালা। এই তার একমাত্ত মন্ত্র, মাত্যমন্ত্র।

তুমি অণিনর্পে মা, হবির্পে মা। হোতাও তুমি, অর্পণও তুমি। ভোগেও তুমি অপবর্গেও তুমি। বন্ধনেও তুমি মোচনেও তুমি। সংসারেও তুমি সম্যামেও তুমি। 'প্রকৃতিস্ফণ্ড সর্বস্য।'

হলেই বা তুমি চীরবাসা র্ক্ষকেশী ভিখারিনী। রোগশীণা র্প-হীনা। তব্ তুমি আমার মা। যে মৃহ্তে মা বলে তোমার পায়ে নিজেকে অঞ্জলি দেব সেই মৃহ্তেই তুমি রাজ্যেশ্বরী ম্তিতে সমার্ঢ় হবে। তুমি 'পরাপরাণাং পরমা।'

'ঠাকুরের আবির্ভাবের থেকে সত্যয**়**গ আরম্ভ হয়ে গেছে।' বললেন ১৮৮ মা। 'ঠাকুর বলেছেন, আমি ছাঁচ করে গেল্বেম, তোরা সব ছাঁচে ঢেলে তুলে নে।'

ছাঁচে ঢালা মানে ধ্যান-চিম্তা করা। অভ্যাসযোগে ঠাকুরের ভাবকে আয়ত্ত করবার চেম্টা করা। তাঁকে ভাবো তা হলেই তাঁর ভাব আসবে।

তা কি পারব? তাঁর ভাব কি ধরতে পারব এই ভণ্ন দেহে, রুণ্ন জীবনে? মাগো, আরো সহজ করে দাও।

কর্ণাময়ী সহজ করে দিলেন।

দীক্ষার পর এক ছেলে জিগগেস করল মাকে, 'কতবার জপ করব?'

মা বললেন, 'তোমরা সংসারী, তোমরা বেশি করতে পারবে না, একশো আট বার করলেই হবে।'

মোটে? ভক্ত যেন আরো বেশি আশা করেছিল।

মা বললেন, 'হ্যাঁ বাবা, আমার কাছে ওরকম বোলো না।' বেশি পারবে না বলেই তো একশো আট দিয়েছি, এখন দেখ, এই একশো আটই বা হয় কিনা।

'মা, আমার?' আরেকজন এল এগিয়ে।

'তোমার দ্বাদশ বার।'

একজন এল, তার হাতে বাত। আঙ্বল নাড়তে পারে না।

'তোমার তো বাবা করজপ হবে না। প'চিশটে রুদ্রাক্ষ দিয়ে মালা করিয়ে নিও। দিনে শুখ্ একবার স্পর্শ করে জপ করবে। আর—আর ঠাকুরকে ভক্তি করবে।'

'আমার?'

'তোমার শ্বধ্ স্মরণ-মনন।'

'মা, আমি তো কিছনুই করতে পারি না।' বললে এসে আরেক ছেলে। 'আমার কী হবে?'

'তুমি কী করবে? তুমি কী করতে পারো? তোমার জন্যে আমিই সব করছি।'

আমি তোমার মা, শৃংধু এইটাকু জেনে থাকো। তুমি অনাথ অনাশ্রম্ব নও, মা তোমার সব দেখছেন-শ্বনছেন রাখো শৃংধু এইটাকু নির্ভারতা। তোমার যে প্রাণ আছে, জেনো সেই তোমার মা। যদি পরের কাছে কৃপা না চেয়ে নিজের কাছে কৃপা চাও, সেই আত্মকৃপাই জেনো মা'র কৃপা। জগন্ময় সমস্ত পদার্থ ই মা'র প্রাণমা্তি, মাকে দাও তোমার প্রাণভিক্ষা। তোমার সমস্ত আর্তির অবসান হবে। তোমার মা-ই আর্তিহন্দ্রী পরমা।
শুধু ধরে থাকো, লেগে থাকো, ছেড়ে দিও না। তোমার মাকে ছেড়ে
দিও না।

সেই পতুর কথা মনে আছে? পতু আর মণীন্দ্র? দশ-এগারো বছরের দর্টি ছেলে। যেন শ্রীদাম-স্বদাম। কাশীপ্ররের বাগানে, আসে ঠাকুরের কাছে। বলে, তোমার সেবা করব।

দোলের দিন সব বাইরে গেছে রঙ খেলতে। ওরা গেল না। ঠাকুরের তখন কাশি, মাথায় বড় যন্ত্রণা। তাই হাওয়া করতে হত মাথায়। দুটি ছেলে একের পর এক হাওয়া করতে লাগল। একবার এর হাত ব্যথা হয় তো ও, ওর হাত ব্যথা হয় তো এ। ঠাকুর বলছেন, 'যা-যা তোরা নিচে যা, আবির খেলগে যা।'

পতু বললে, 'না মশাই, আমরা যাব না।' মণীন্দু বললে, 'আমরা এইখানে আছি। এইখানেই থাকব।'

পতু আবার বললে, 'আপনি এখানে রয়েছেন আমরা কি ফেলে যেতে পারি আপনাকে?'

শোনো কথা! দশ-এগারো বছরের ছেলে, কোথায় রঙ খেলে স্ফ্রতি করবে, তা না, ঠাকুরকে আঁকড়ে আছে। ঠাকুরকে সেবা করাই তাদের ফাগ-রাগ, তাদের মাধবোৎসব।

কিছ,তেই গেল না। শত সাধাসাধিতেও না।

তথন ঠাকুর কে'দে ফেললেন। বললেন, 'ওরে, এরাই আমার সেই রামলালা। আমার কে ওরা, তব্ব আমার সেবা করতে এসেছে। ছেলেমানুষ, তব্ব আমোদ-আহ্মাদের দিকে মন নেই। আমাকে ফেলে কিছ্বতেই যাবে না খেলাধ্বলোয়।' জল পড়তে লাগল চোখ বেয়ে।

এরকম ভাবে পারবে ধরে থাকতে? ঈশ্বরসেবায় লেগে আছ, সংসার ডাকছে তোমাকে তার ক্ষণবসন্তের উৎসবে, আবিরকুৎকুম যেখানে অবসিত হবে পঞ্চেকদর্শমে—সাড়া দিচ্ছ না কিছ্মতেই—পারবে সেই সাধনা?

তার চেয়ে, সামান্য মান্য, সহজে চলে এস। ভগবানের মন্ত্র জপ করো। একশো আটবার না পারো স্বাদশবার করো। স্বাদশবার নর তো একবার। একবারও না পারো তাঁতে লেগে থাক, ডুবে থাকো।

'আঙ্বল দিয়েছেন কেন?' বললেন মা, 'আঙ্বল দিয়েছেন মন্দ্র জপ করে এর সার্থকতা করতে।' আর যে ছেলে পারে, যে ছেলে প্রকুরপাড়ে বসতে জানে ছিপ ফেলে, সে কত সংখ্যা জপ করবে? মা বললেন, দশ হাজার, বিশ হাজার—এক লক্ষ। যতক্ষণ না মনের ময়লা কাটে! যখনই সময় পাও তখ্নি। শ্ধ্ মন্ত্রজপ। শ্ধ্ব গভীরগ্রজন।

মা যত ঠাকুরকে ধরিয়ে দিতে চান, সবাই এসে মাকে ধরে। বলে, 'মা, আমরা তো ঠাকুরকে দেখিনি, আমরা আপনাকে জানি, আপনাকে দেখেছি।'

আমার সেই গ্রের্র মতন হবে আর কি। এক শিষ্য গ্রের্নামে বিশ্বাস করে 'জয় গ্রের্' বলে নদী পার হয়ে গেল চোখের সামনে। গ্রের্ভাবলেন, আমার নামের এত জোর! তখন তিনি 'আমি' 'আমি' বলতে-বলতে পের্তে গেলেন নদী। সিধে ভূবে মরলেন। তোমরা কি আমাকে তেমনি ভূবে মরতে বলো?

কিন্তু, আমরা, যারা মাকেও দেখিনি? আমাদের কী হবে? আমরা কাকে ধরব?

মা হাসছেন। দেখনি নাকি? তবে কী দেখছ তোমার চারদিকে? অন্ধকার? নৈরাশ্য? নিজ্ফলতা? মা, যখন তোমার হাসিট্কু দেখতে পাচ্ছি তখন কার নাম বা অন্ধকার, কার নাম বা নৈরাশ্য! আর নিজ্ফলতা তো তখন ফলসিন্ধি।

কুলতীর প্রার্থনা মনে করো। হে গোবিন্দ, তুমি বার-বার আমাকে ও আমার প্রক্রেদের বহু বিপদ থেকে উন্ধার করেছ। তবু, প্রভু, নিয়ত আমাকে বিপদই তুমি দাও যাতে নিয়তই তোমার দর্শন পাই। যে দর্শন পেলে 'অপ্রনর্ভবদর্শনম্'—আর সংসারদর্শন হবে না।

... তেহিশ ...

শেফালিকা গাছের তলায় একটি শাদা চাদর বিছিয়ে রাখে। শেষ রাতের দিকে ট্প-ট্প করে ঝরে পড়া শ্রুর হয়। যে ছেলেটি এমনি করে ফ্ল কুড়োয়, তার নামও সারদা—উত্তরকালে স্বামী চিগ্ণাতীতানন্দ। ফ্ল কুড়িয়ে মাকে প্রজো করে।

ছেলে-সারদার সঙ্গে মা-সারদা চলেছেন জয়রামবাটিতে, বর্ধমান হয়ে। দামোদর পোরিয়ে পালকি মিলল না, অগত্যা গর্মে গাড়ি। মা গাড়িতে আর ছেলে লাঠি-কাঁধে গাড়ির আগে-আগে। রাত প্রায় তিন প্রহর, মা ঘ্রমিয়ে পড়েছেন। হঠাৎ ছেলে দেখতে পেল, বানের জলে রাস্তায় ফাট ধরেছে। আর এ সামান্য ফাটল নয়, দিবিয় একটি খানা। সাধ্য নেই যে গাড়ি বায়। গাড়ির চাকা তো বসে ভেঙে পড়বেই, মা'রও আহত হবার সম্ভাবনা। আর গাড়ি বিদ থামিয়ে রাখা হয়, তা হলেও তাল কেটে যাবার দয়্রন মা'র ঘ্রম ভেঙে যাবে। এখন উপায়? গাড়িও থামবে না মাও জাগবেন না—িক এর সমাধান? ছেলে-সারদা সেই খানার উপরে উপ্রড় হয়ে পড়ল, গাড়োয়ানকে বললে, আমার পিঠের উপর দিয়ে চালিয়ে নিয়ে যাও।

গাড়োয়ানের দ্বিধা কাটবার আগেই মা জেগে উঠলেন। চাঁদের আলোয় পলকের মধ্যেই ব্বেঝ নিলেন ব্যাপারটা। চীৎকার করে গাড়ি থামাতে বললেন গাড়োয়ানকে। গাড়ি থামতেই নেমে পড়লেন। ছেলে-সারদাকে উঠে আসতে বললেন খানা থেকে। 'তুমি কি মরবে আমার জন্যে? তারপর, তুমি না থাকলে এই রাত্রে এই নির্জান জায়গায় আমাকে কে দেখত?' মধ্বর মমতায় ভর্ণসনা করলেন: 'তোমার কী ব্রদ্ধি!'

মা হে°টে পার হলেন খানা। ছেলে-সারদা আর গাড়োয়ান ঠেলাঠেলি করে খালিগাড়ি পার করে দিলে।

একটি ভক্ত-মেয়ে স্বপন দেখেছে মাকে লালপেড়ে শাড়ি দিতে হবে।
মার জন্যে কিনে এনেছে শাড়ি। স্বপেনর কথা বললে সে মেয়ে। মা হেসে
হাতে করে নিলেন কাপড়খানি ও মেয়েকে খ্রিশ করবার জন্যে পরলেন।
অলপক্ষণ পরে ফের ছেড়ে ফেললেন। বললেন, 'কি করে পরে থাকি মা!
লোকে বলবে পরমহংসের স্ত্রী লাল পেড়ে কাপড় পরেছে।'

তব্ব, মেয়ের মূখ ম্লান দেখে, আরো কদিন পরেছিলেন। পরে নাইতে যেতেন গণগায়। শেষে দিয়ে দিলেন একজনকে।

এক মহান্টমীর দিন বহু মেয়ে মাকে পুজো করছে। প্রায় সকলেই নববন্দ্র দিছে মাকে। মার গায়ে জড়িয়ে দিছে কাপড়খানা, যেমন কালীকে দেয় কালীঘাটে। সকলের পুজার শেষে আরেকটি মেয়ে এসেছে কাপড় নিয়ে। সকলে কত ভালো কাপড়, দামী কাপড় দিয়েছে, আর এর কাপড়খানা নিরেস। একট্বা কুন্ঠিত হয়ে আছে মেয়ে, গায়ব মেয়ে। পুজা-আন্তে কাপড়খানি মায়ের গায়ে দিতে যেতেই মা খুন্দি হয়ে বলে উঠলেন, স্বন্দর পাড়িটি তো! এই শাড়ি আমি আজ পরব। একখানি তো পরতেই হবে আজ।

মেরেটির দারিদ্রালম্জা হরণ করলেন মা। দারিদ্রাকে ঐশ্বর্যবান করলেন চিত্তের সম্পূতিতে। সম্পূতি লোকের যে সূথ লোভধাবিত লোকের সে সূথ কোথার? ঈশ্বরের কাছে দীন হও, তা হলে মান্ব্যের কাছে আর দরিদ্র থাকবে না।

'মা গো, প্রারশ্বের কি ক্ষর নেই?' আকুল হয়ে প্রশ্ন করল এক ভক্ত : 'ভগবানের নাম করলেও কি হবে না ক্ষয়?'

যা করে এসেছ তার ফল ভোগ করাই প্রারশ্ব। যেমন টিকিটটি কেটে এসেছ তেমনি তোমার আসন। প্রারশ্বের ভোগ না ভূগে তাই উপায় নেই। কিন্তু একেবারে কি জয় করা যায় না প্রান্তনকে? যায়। সেই জয়ের পর্থাটই হচ্ছে তপস্যা। প্রাক্তন প্রনুষকারকে বর্তমান প্রবুষকার দিয়ে জয় করো। কি ভাবে, কোন তপস্যায়? কোন দঃসাধ্য যোগসাধনে?

অরণাগহনে শশিকলাটির মত হাসলেন মা। বললেন, 'শা্ধ্র ভগবানের নাম করে। ধরো পর্বজন্মের কর্মের দর্ন, একজনের পা কেটে যাবার কথা। নামের গালে সেখানে একটা কাঁটা ফাটে ভোগ হল।'

রাধ্ব অস্বস্থ, তার পাশে তার মা, 'পাগলী-মামী', এসে বসেছে। রাধ্ব বিরক্ত হচ্ছে, চায় না যে তার পাগলী-মা এসে বসে। 'সত্যিই তো, তুমি এখন যাও না'—মা তাকে সরিয়ে দেবার জন্যে তার গায়ে হাত দিলেন। তাড়াতাড়িতে হাত গা থেকে ফস্কে পাগলীর পায়ে লাগল। পাগলী তখন আর্তনাদ করে উঠল: 'কেন তুমি আমার পায়ে হাত ঠেকালে? আমার কী হবে গো?'

মা তো হেসে খুন। এদিকে এত গালাগালি করে, জবলন্ত চেলাকাঠ নিয়ে মারতে আসে, অথচ পারে হাত লেগেছে বলে ভয়! বাইরে পাগল, অন্তরের গভীরে কোথায় স্থিরজ্ঞান।

তা, পায়ে হাত লাগলে কি হয়? পা তো স্ভিছাড়া কিছ্ নয়, এ স্ভির ভিতরে পা দ্বটোও তো আছে। আসল হচ্ছে মন। হাত-পা চোথ-ম্থ কিছ্ নয়। মন যদি বলে, তুমি, অন্ধকারে, অদ্শ্যলোকেও তুমি। আর মন যদি বলে তুমি নও, শত স্পর্শ-দ্রাণ স্বাদ-গন্ধ সত্ত্বেও তুমি নিঃসাড়, তুমি নিঞ্জীর।

ঈশ্বর, আমার মন রাখব তোমার পাদপন্মে, বাক্যকে নিযুক্ত করব তোমার গুণকথনে, হাতকে তোমার মন্দিরমার্জনায়, কানকে তোমার সং-কথাশ্রবদে, চোখকে তোমার বিশ্রহদর্শনে, স্পর্শকে তোমার ভক্তগালসভগনে, দ্বাণকে তোমার পদকমলের সোরভভোগে, পদম্বরকে তোমার তীর্থপ্রমণে, আর মাথাকে তোমার পদবন্দনায়। আর কোনো কাম্যবস্তুতে আমার আকাক্ষা নেই। আমার সমস্ত কামনা তোমার দাস্যেই সহাস্য থাক। তোমার ধারা ভক্ত তাদের প্রতি আমার রতিই তোমার প্রতি আমার একমাত্র আরতি।

এক দন্দী সম্যাসী এসেছে মা'র কাছে। পশ্চিম ভারতের অধিবাসী, প্রকান্ড পন্ডিত, শাস্ত্র-কাব্য সব মুখসত। দন্ডীরা গুরু ছাড়া আর কার্য কাছে প্রণত হয় না, নারী তো কোন ছার। আমি কেউকেটা নই, আমি শাস্ত্রজ্ঞ পন্ডিত, আমি ভগবদ্ভিক্তিতে আর্ ড়—চেয়ে দেখ আমার দিকে—এই বিজ্ঞাপনের ধনজাই হচ্ছে তার হাতের ঐ দন্ড। লোকের মনে ভয় ও সম্ভ্রম উৎপাদনের উদ্যত অস্ত্র। দ্রের রহো, নত হও আমার পদতলে, সর্ব-ক্ষণ তাই যেন বলছে লাঠি ঠাকে।

কিন্তু আসল দল্ডের অর্থ কি? তাৎপর্য কি দন্ডধারণের?

'দন্ডগ্রহণমান্তেন নমো নারারণো ভবেং।' আমি কার্ প্রতি দন্ডবিধান করব না, সকলের দন্ড আমি মাথা পেতে নেব, তারই সাক্ষীস্বর্প এই দন্ড। এই দন্ডই আমার জাগ্রত, উদ্যত, প্রবৃদ্ধ নারায়ণ। কার্র প্রতি দ্রোহ না করে মনোবাকদেহের দন্ডসাধনেরই এ প্রতীক। শৃধ্ব গ্রিখন্ড যন্তি হাতে নিলেই গ্রিদন্ডী সম্যাসী হয় না। গ্রিদন্ড মানে শম দম আর ক্ষমা। ক্ষমাই হচ্ছে সর্বধর্মনমস্কৃত প্রমধ্ম। আর শম-দম হচ্ছে তার নিত্য সখা।

মা'র পায়ের কাছে আভূমি প্রণত হয়ে লর্নিটয়ে পড়ল সম্যাসী। অর্থাৎ সে তার দন্ড ত্যাগ করলে—অভিমানের দন্ড, অহংকারের দন্ড, পান্ডিত্য-পিন্ডের দন্ড, ক্ষুদ্র সম্প্রদায়বর্নান্ধর ধ্বজপট।

মা সম্পূচিত হলেন। পা দুখানি সরিয়ে নিতে চাইলেন। বললেন, আপনি কেন প্রণাম করবেন?

কে শোনে! আহা, কী শান্তি, বৈভবের বোঝা কাঁধ থেকে ফেলে দিতে।
নামিয়ে দিতে এই গবের পর্ব তভার। 'চলে গেলে জাগবি যবে, ধন-রতন
বোঝা হবে।' তোমাকে চলে ষেতে দেব না, তার আগেই সমস্ত সঞ্চয়্লান্তির
বোঝা তোমার পায়ের তলায় নামিয়ে দেব। আহা কী শান্তি, নিজেকে
এমনি সম্পূর্ণভাবে নামিয়ে নিয়ে আসা, নিজেকে নিপাত করে দেওয়া।
তারই নাম তো প্রণাম, তারই নাম তো প্রণিপাত।

'সম্তশতী' থেকে স্তোৱ পাঠ করতে লাগল সম্ম্যাসী।

বললে, 'মা, আশীর্বাদ দাও। শুখু ইহকালের নয়, পরকালেরও।' একটি ভক্ত ছিল কাছে দাঁড়িয়ে। মা বললেন, 'সম্যাসীকে ফল দাও।' খুজে-পেতে তিনটি আম পেল ভক্ত। তাই উপহার দিল সম্যাসীকে। আম তিনটি মাথায় ঠেকিয়ে ঝুলির মধ্যে পুরল সম্যাসী। সমস্ত হৃদয়

অমৃতরসে ভরে নিয়ে চলে গেল।
শ্ন্য হতে পেরেছিল বলেই পূর্ণ হতে পারল। প্রমাদ থেকে শ্ন্য
করতে পারলেই পূর্ণ হবে প্রসাদে।

সম্যাসী চলে গেলে ভক্তকে মা জিগগেস করলেন, 'আর ফল ছিল না ?' ভক্ত বললে, 'না।'

'দেখ আরো খুঁজে। পাবে।'

সত্যি, আরো একটি আছে। কোথায় লাকিয়ে ছিল বোধহয়, পাওয়া গেল।

মা বললেন, 'সঙ্গেসীকে দিয়ে এস।'

সম্ন্যাসী তখন রাস্তায় নেমে পড়েছে। ছুটে গিয়ে ভক্ত তার সংগ ধরল। বললে, 'মা আপনাকে আরো একটি আম পাঠিয়ে দিয়েছেন।'

'আরো একটি?' রাস্তার উপরেই সম্ম্যাসী উল্লাসে নৃত্য করে উঠল : 'মা'র কী অসীম কর্বা! আমাকে তিনটি ফল দিয়েছিলেন—ধর্ম', অর্থ আর কাম—এখন চতুর্থ ফল, মোক্ষ পাঠিয়ে দিলেন। স্বর্গাপবর্গদে দেবি নারায়ণি নমস্তুতে—'

কিন্তু কেন মা এই চতুর্থ ফল মোক্ষ দিলেন তাকে, তা কি জানে সেই সম্যাসী? কেন মা যোগক্ষেম বহন করে নিয়ে এলেন? ভন্তকে ছ্র্টিয়ে পেণছিয়ে দিলেন রাস্তায়? কেন? কিসের জন্যে?

সম্যাসী তার সেই অহৎকারের দণ্ড ত্যাগ করেছিল বলে। নিজেকে সম্যক নত ও নিপাতিত করতে পেরেছিল বলে। আদিভূতা সনাতনীর কাছে ভূল্বণিঠত হতে পেরেছিল বলে। যে মৃহ্তে অহৎকার থেকে বিমৃত্ত হতে পারবে সেই মৃহ্তেই তুমি মোক্ষফলের অধিকারী হবে।

কিন্তু, আরো এক প্রশ্ন, কিসের আকর্ষণে সম্ন্যাসী পড়ল পায়ে ল্বিটিয়ে? কিসের টানে মোচন করল দোর্দণ্ড অহঙ্কারের দণ্ড?

সেই সর্বশাক্তা সারদা, মৃতিমিতী সরলতার কাছে কে অহৎকারে স্ত্পীভূত হয়ে বসে থাকবে? মা'র ডাক যে নিভূষণ হবার ডাক, নিরভিমান নিরভিযোগ হবার ডাক। শৃথু আভরণ ছাড়লে হবে না,

অভিযোগ ছাড়তে হবে। আর, আমাদের যত অভিযোগ সব এই আভরণের জন্যে।

অঞ্জাল শ্ন্য করে প্রসাদ নাও মা'র। ঠিক-ঠিক প্রণাম করতে পারলেই ঠিক-ঠিক প্রসাদ পাবে।

একটি মেয়ে প্রসাদের জন্যে ডান হাত বাড়াল।

মা বললেন, 'ওরকম করে বৃথি প্রসাদ নেয়? দুই হাত পেতে অঞ্জলি করে প্রসাদ নাও। প্রসাদে আর হরিতে তফাত নেই। হরিকে পেলে কি এক হাতে ধরবে? না, দুহাতে ধরবে?'

অন্তরে দীনতা আনো। দুর্টি হাত অঞ্জালবন্ধ করতে গেলেই অন্তরে দীনতা আসবে। এক হাত নিজের এত্তিয়ারে রেখে আরেক হাত ঈশ্বরের দিকে বাড়িয়ে দিলে সম্পূর্ণ সমপ্রণ হল না। দীনতা মানে হীনতা বা দুর্বলতা নয়। ভগবানে সর্বসমপ্রণের যজ্ঞে পূর্ণ আহ্বতির নামই দীনতা। মার জন্যে আর্তনাদই দীনতা। সান্দ্রানন্দা মা। আর তাঁর জন্যে পরমান্তায়মান আর্তনাদ।

'ঠাকুর নানান জনকে নানান ভাবে খেলাচ্ছেন, টাল সামলাতে হয় আমাকে।' মা বলছেন একদিন মেয়েদের, 'কিন্তু সব নিজের জিনিস, ফেলতে পারি না কাউকে—'

আমি যে সামঞ্জস্যবিধায়িনী। আর, পরিণামপ্রদায়িনীও তো আমিই। 'দ্বিতীয়া কা মুমাপরা।'

'আপনি যখন থাকবেন না তখন কী নিয়ে থাকব?'

भा रामलन। वनलन, 'नाभ निरा थाकरा, जभ निरा थाकरा।'

জপই হচ্ছে শ্রেণ্ঠ স্বাধ্যায়। আর নামমন্ত্র হচ্ছে ভেলা। নাম তো করি, কিন্তু আনন্দ পাই কই? বলো কি? বেশ তো, বদি আনন্দ না পাও, নামের কাছে প্রার্থনা করো। হে নাম, হে চিন্তামণি, আমার হৃদয়ে তোমার প্রসন্ত্রাভা প্রকাশ করো।

'আর, বলে যাই আরেক কথা, বেশি জিগগেস কোরো না। যেট্রকু পেরেছ তাইতে ডুবে থাকো। সংসধ্যে থাকবে, অহৎকারকে মাথা তুলতে দেবে না, আর জীবনের স্থিগণী করে নেবে লম্জা আর সরম্বতাকে—'

আরেক সাধ্ব দেখেছিলাম কাশীতে, নাম চামেলী প্রী। গোলাপ জিগগেস করলে সাধ্বেক, 'কে থেতে দেয়?' সাধ্ব হৰ্ণকার দিয়ে উঠল, 'এক দুর্গা মাঈ দেতী হ্যায়. অউর কোন দেতা?' বন্ড়ো সাধার মনুষটি মনে পড়ছে। একেবারে শিশার মত মনুষ। যদি নিরুতর সংভাবনায় নিমুগন থাকো, মনুষে আসবে এই শিশার লাবণ্য।

কৃষ্ণনাম হচ্ছে পারক, রামনাম হচ্ছে তারক।

দ্ব' অক্ষর নামও যেন আমাদের কাছে কঠিন। দাও আমাদের একের মন্দ্র, একাক্ষর মন্দ্র। সেই মন্দ্র তুমি। তোমাকে ডাকলেই সেই মন্দ্রোচ্চারণ। ন্যাস-প্রাণায়াম ব্বিঝ না, ব্বিঝ না ভক্তি-ম্বিক, না বা রত-তীর্থা, শ্ব্ধ্ব কাদতে পারলেই তোমার মন্দ্র বলা হল। স্থেও মা বলি দ্বথেও মা বলি, ভয়েও বলি জয়েও বলি। তুমি আমাদের সর্বভাবিনী সর্বব্যাপিনী মা।

জানিনা কণ্টকৈ আছি না কুস,মে আছি, কর্দমে আছি না কুৎকুমে আছি—আছি তোমার কোলের মধ্যে।

...চৌত্রিশ...

মা আরো সহজ করে দিলেন। বললেন, 'কলিতে মনের পাপ পাপ নয়।'

আর কী চাই, আর কত অভয় চাও? কটা আর কুকার্য করো, কুচিন্তাই পর্বতপ্রমাণ। চিতার আগন্ন নেভে, চিন্তার আগন্ন নেভে না। বনের নির্জনে গেলাম সেখানেও কুবাসনা উচ্ছিন্ন হয় না মন থেকে। এই তো প্রাপর দ্বন্দ্ব। কি করে সদ্ভাবনা মনের মধ্যে রোপণ করব! কি করে তা অঙ্কুরিত, পল্লবিত, মুকুলিত, কুসুন্মিত, সফলীকৃত হবে?

ঘর-বন দুই সমান হল, কুবাসনা রইল প্রচ্ছার হয়ে। যদি ঈশ্বরকে না আনতে পারি নিমল্রণ করে, তা হলে আমার ঘরও মর্ভুমি, বনও মর্ভূমি। বৈরাগী বনের মোহে ঈশ্বরকে দ্রে রাথল, গৃহীও দ্রে রাথল ঘরের মোহে। ঈশ্বরকে আনব কি করে, হৃদয়ে যে কামনা-কণ্টকের আবর্জনা, সেখানে যে ফোনল ভৃষার আবিলতা। যদি অমলাশ্র্র সরোবরে শতদল না প্রক্র্টিত করতে পারি শ্রীহরি এসে বসবেন কোথায়?

শ্বভাননা মা অভয় দিলেন। বললেন, 'কিছ্ব ভয় কোরো না। আমি বলছি—'

'আমি বলছি'—এইখানেই সমস্ত কথার জোর।

'আমি বলছি, কলিতে মনের পাপ পাপ নয়। তুমি নিশ্চিন্ত থাকো। তোমার কোনো ভয় নেই।'

কুকার্য করার কত বাধা। প্রথমত অসাহস, দ্বিতীয়ত অপযশ। একমাত্র
শান্ত হচ্ছে কুবাসনা। কিছ্কতেই পারছি না পরাস্ত করতে। কোথা চরণার্চনচিন্তা করব, তা নয়, পরের সর্বনাশের চিন্তা করছি। যা কামনা করবার
নয় তাকেই আরতি করছি, যা স্বন্দেরও অসিম্ধ তাকেই বাস্তবরেখায়
ম্ব্রুক্তে ফিরছি এখানে-সেথানে। এমন খেলোয়াড় তো নই যে ঢিল পড়লে
তলোয়ারে লেগে ঠিকরে যাবে। আর কাঁহাতক লড়াই করব মনের সঙ্গে?
এক বাসনা যায় তো আরেক বাসনা ভেসে ওঠে। এক ছায়া মেলায় তো
দেখা দেয় আরেক অপচ্ছায়া। কী গতি হবে আমাদের?

'ও সব বাসনায় তোমাদের কিছু হবে না।' সর্বকল্যাণকারিণী মা বললেন, 'যদি ঈশ্বরে আশ্রয় নাও তিনিই রক্ষা করবেন। চিন্তা ষখন কু বলে ব্যুবতে পারছ, তখন আর ভাবনা নেই। যে ভালো হতে চায় তাকে যদি ঈশ্বর রক্ষা না করেন তবে সে পাপ ঈশ্বরের।'

কেমন জগদীশ্বরীর মত কথা! মা যে পঞ্চাশংবর্ণ র্পিণী তাতে আর সন্দেহ কি।

বললেন, 'আর কিছ্ম নয়, তাঁকে ডাকো, নির্ভার করে থাকো তাঁর উপর। তিনি ভালো করতে হয় কর্মন, ডোবাতে হয় ডোবান।'

ভালো হতে চাও—ইচ্ছার এই শ্রুকধর্মে, এই নৈর্মাল্যশিক্ততেই তুমি জয়ী হবে। ইচ্ছাময়ই চলে আসবেন তোমার সাহায্যে।

সংগ্রামই তো সাধনা। জয়ী হবার ইচ্ছাই তো জয়মাল্য।

এক সন্তান এসে বললে মাকে সরলের মত। 'মা, মন বড় চণ্ডল। কিছুতেই ঠিক হয় না।'

অভয়দা বিজয়দা মা বললেন, 'কি এসে যায় চাণ্ডল্যে? ঝড় যেমন মেঘ উড়িয়ে নেয় তেমনি তাঁর নামে বিষয়মেঘও উড়ে যাবে।'

'কিন্তু মা, কাম কিছুতেই যায় না।'

সকল সন্তানের রোগব্যাধির খবর নেন মা। সেই সরলতার কাছে সকলে অবারিত।

প্রসম গশ্ভীর স্নেহে মা বললেন, 'কাম কি একেবারে যায় গা? দেহ থাকলেই কিছু না কিছু থাকে। তবে কি জানো?' মা আরো অল্ডরণগ হলেন, 'সাপের মাথায় ধ্লোপড়া পড়লে যেমনটি হয় তেমনটি হয়ে যাবে।' ১৯৮ কাম না থাকলে যে ঈশ্বরকামনাও থাকবে না। কাম না থাকলে অকাম হবে কি করে? ক্ষ্মা না থাকলে অম্তভোজের আনন্দ পাবে কি করে? ধ্লো না থাকলে স্থ কি করে প্রতিভাত হত? থাক না পঞ্চ, পঞ্চের মধ্য থেকে ফোটাও পঞ্চজকে। থাক না কন্টক, কন্টকে বিশ্ব করে ফোটাও আরম্ভ গোলাপ।

কামকে প্রেম করে। 'ম' ঠিকই আছে, 'কা'-কে 'প্রে' করে। আমি-কে তুমি করে। 'মি' ঠিকই আছে, 'আ'-কে 'তু' করে। জীবকে শিব করে। 'ব' ঠিকই আছে, 'জী'-কে 'শি' করে। অর্থাৎ ভূমি বা ভিত্তি ঠিকই আছে, নতুন করে সৌধ নির্মাণ করে। সংসারের সঙ্গ, মানে ছলনা বা তামাশাকে ফেলে দিয়ে সারট্বকু নাও। যেমন হাঁস জল ফেলে দ্বেধ নেয়। পি'পড়ে বালি ফেলে চিনি নেয়। আর, সারট্বকু দান করি বলেই তো আমি সারদা।

আর কিছ্ নাম মনে না পড়ে, আমাকে ডাকো। মাকে ডাকো। বলো, যে মা সে-ই সন্তান, যে সন্তান সে-ই মা। বলো, মা-ই বন্ধন, মা-ই মৃত্তি। যা এখন ভাবছ বন্ধন, দেখবে সে-ই বন্ধনমৃত্তির উপায়। বলো, আনন্দ মা, কাতরতা মা; যন্থা মা, সৃত্থতা মা; জ্ঞান মা, অজ্ঞান মা; জীবন মা, মৃত্যু মা। জীবন-মৃত্যু শিব-শক্তি। হরগোরী। রামসীতা। রাধাকৃষ্ণ।

তবে আর ভয় কি, কুণ্ঠা কিসের? আমাদের মা আছেন।

রাত তিনটের সময় ওঠেন। ভোরের প্রথম আলোটি ফ্রটে উঠতেই ছবিতে দেখেন ঠাকুরের মুখ। তাঁর সমস্ত আরন্ডের স্থিরভূমি। বিছানায় বসে-বসেই ছটা পর্য ক মালা ফেরান, জপ করেন। পরে ঠাকুরকে প্রণাম করে বলেন, ওঠো। তারপরে, জয়রামবাটিতে হলে, ঘর ঝাঁট দেন, কাপড় কাচেন, বসেন তরকারি কুটতে। তরকারি কুটতে-কুটতে কত কথা, কত গল্প, কত স্নেহবরিষণ। যতদিন শরীর স্কুথ ছিল, বাসন মেজেছেন, জল টেনেছেন, ধান কুটেছেন। প্রজার ফ্ল তোলা বা ফল কাটা বরাবর রেখেছেন নিজের হাতে। একশোটি করে পান সাজেন রোজ। আটটা থেকে নটার মধ্যে প্রজো করেন। পরে ভক্তসম্তান কেউ এলে দীক্ষা দেন। দীক্ষান্তে খান একট্র মিছরির পানা। তারপরে রায়াঘরে ঢ্বকে বাম্নকে রেহাই দেন।

ঠাকুরের দ্বপরের যা ভোগ হবে রাধেন নিজের হাতে। ঠাকুর বলেছেন, 'রাধলে মেয়েদের মন ভালো থাকে। সীতা রাধতেন, পার্বতী রাধতেন, দ্রোপদী রাধতেন। রেধে সবাইকে খাওয়াতেন স্বয়ং লক্ষ্মী।' যা-যা ঠাকুর ভালোবাসতেন খেতে তাই রাঙ্গা হত বেশির ভাগ। ঝাল-মশলা নেই বললেই হয়।

এগারোটার পরে স্নান সারেন, বারোটার মধ্যে দ্বপ্রের ভোগ হয়ে যায় ঠাকুরের। সবাইকে খাইয়ে নিজে খেতে বসেন। বন্ড দেরি হয়ে যায়, সবাই বলে, এরই জন্যে অস্থ। তাই শেষ দিকে সবাইকে খেতে বসিয়ে তবে নিজে বসেন। দ্বটো থেকে তিনটে পর্যক্ত একট্র শোন। চারটের সময় জাগান ঠাকুরকে। জাগিয়ে কোণের ঘরে গিয়ে জপে বসেন। এবার করজপ। যদি কেউ ভক্ত আসে ওরি মধ্যে কথা কন। বিকেলের শেষে বসেন একট্র বারান্দায়। সন্ধ্যায় আরতি হয়ে যাবার পর একট্র প্রসাদ খান। তারপর বিছানায় গিয়ে জপে বসেন। রাত নটায় আবার খেতে দেন ঠাকুরকে। সাড়ে নটার মধ্যেই বাড়ির রাতের খাওয়া শেষ হয়। মা খান দ্ব তিনখানা ল্বচি, একট্র তরকারি, আর খানিকটা দ্বধ। এগারোটা নাগাদ শ্বতে যান।

কলকাতায়ও প্রায় এমনি। একদিন অন্তর যান গণগাসনানে, গোলাপ-মাকে সংগ করে। সংসারের খাট্বনি এখানে কম, কেননা সব ভার গোলাপ-মা আর যোগেন-মা নিয়েছে। কিন্তু এখানে অন্যরক্ষের দেহক্রেশ। সময়ে-অসময়ে, সারা দিনমান ভরে, ভত্তের ভিড়। দীক্ষা দাও ভিক্ষা দাও— এই অশান্ত কোলাহল। দ্বপুর দ্বটোর পরও একট্ব নিরিবিলি হয় না, যেহেতু চারটের মধ্যেই আমাদের বাড়ি ফিরতে হবে, এক্ষ্বনি দীক্ষা চাই। এমন অব্বুঝ, এত স্বার্থপর!

সকাল-দ্বপ্রর মেয়েরা, বিকেল সাড়ে-পাঁচটার পরে প্র্র্য-ভন্তের দল—
এমনি বাঁধা আছে সময়। কিন্তু বিকেল হয়ে গেলেও মেয়েরা কি ওঠে!
তখন তাদের পাশের একটা ঘরে প্রের রাখে। আসে প্র্র্য-ভন্তের শোভাধারা। শ্ধ্ব পা দ্বানি মৃত্ত রেখে মা বসেন তন্তপোশের উপর, সর্বাণ্গ
চাদরে ঢেকে। যদি কথা কইতে হয় বলেন অতি মৃদ্বস্বরে, মধ্বস্বরে,
কখনো বা ছোট্ট একটি মাথা-নাড়া দিয়ে। আর যদি কেউ অন্তরণ্গ প্রসংগ
ভূলতে চাও, অপেক্ষা করো, ভিড় কম্বুক, হোক একট্র নিরিবিলি।

একখানি বসনেই মা'র আকাশ-আচ্ছাদ। জামা নেই জনতো নেই, জটা নেই গের্রা নেই—এই হচ্ছেন শ্বেতপদ্মাসনা সারদা। ঘামাচি হলে পাউভার মাখেন, আর দিনে চারবার করে দাঁত মাজেন গলে দিয়ে। এই গলে গোলাপ-মা তৈরি করে দেন। শন্কনো তামাক-পাতার সংখ্য বিচালি ২০০ পোড়ার ছাই মিশিরে। আর সকালবেলা আফিং খান সর্বে দানার মত। এই আমাদের মা। রাজরাজেশ্বরী। আমরা সকলে রাজরাজেশ্বরীর সল্তান।

আমর্ল শাক থেতে ভালোবাসেন। আর মিণ্টি-মিণ্টি টক-টক আমের প্রতি পক্ষপাত।

কে এক ভক্ত না চেখে আম কিনে এনেছে। দ্বপ্রবেলা খেতে বসে কেউ মুখে দিতে পারল না। শ্বধু মা বললেন, 'চমৎকার আম তো! কেমন সুন্দর টক!'

যেখানে যান সঞ্জে ঠাকুরের ছবি তো আছেই, আছে একটি ছোট কোটো। তাতে সিংহবাহিনীর মাটি। নিত্য প্জার পর একট্-একট্, খান সেই মাটি।

বিষ্ণুপর স্টেশনে গাড়ির অপেক্ষায় বসে আছেন মা, কোখেকে এক হিন্দুস্থানী কুলি ছুটে এসে তাঁর পায়ের তলায় বসে পড়ল। বসে কাঁদতে লাগল অঝোরে। তারই মধ্যে বললে, 'তু মেরী জানকী, তুঝে মায় নে কিতনে দিনোঁসে খোঁজা থা। ইতনে রোজ তু কাঁহা থী?'

কবে স্বপেন দেখেছিল ব্রিঝ জানকীকে। এখন দেখল সেই স্বান চোখের সামনে মূর্তিমতী। তার শরীরী মনোবাঞ্ছা।

মা বললেন, একটি ফুল নিয়ে এস।

পারলে ব্রেকর হ্রপিন্ড উপড়ে দেয়। ছ্রটে ফ্রল নিয়ে এল কুলি। এনে মা'র পায়ের উপর রাখলে। মুক্ত দিলেন মা।

মা মক্রময়ী। সর্বমন্তপ্রণেত্রী।

প্রান্তশ্

'রাধ্ব বললে পাঁজিতে লিখেছে এবার নাকি আশ্বিন মাসে খ্ব মারামারি হবে।' মা মুখ গশ্ভীর করে বললেন।

পাশে কে বর্সেছিল, শা্বরে দিল। বললে, 'মারামারি নর, মহামারী।' সরলা বালিকার মত হেসে উঠলেন মা। তব্ রাধ্র মুখের কথা, ভুল হলেও মিণ্টি। ভক্তের আনা আম, টক হলেও চমংকার।

সবাই বলে কিনা আমি রাধ্-রাধ্ব বলে অস্থির। তার উপর আমার ১০ (৭৯) ভীষণ আসন্তি। কে জানে হয়তো তাই। কিন্তু কেন এই আসন্তিট্কুকে শিকড় করে আঁকড়ে আছি সংসারের মাটি, তা কে বোঝে!

র্যদি এই আর্সন্তিট্রকু না থাকত তাহলে ঠাকুরের শরীর যাবার পর এই দেহটা আর থাকত না।' বললেন মা : 'তাঁর কাজের জন্যেই না রাধ্বকে দিয়ে বে'ধেছেন এই দেহটাকে। যখন রাধ্বর উপর থেকে মন চলে যাবে তখন এ দেহ আর থাকবে না।'

রাধ্বর ছেলে হয়েছে। তারপর থেকে রাধ্বর নানান রোগ। সব সামাল দিতে হচ্ছে মাকে, জয়রামবাটিতে। ছেলে একট্ব শন্ত-সমর্থ না হবার আগে কি করে ফেরেন কলকাতা।

একবছরের উপর রইলেন সেই গাঁ-ঘরে, রাধ্বর ছেলেকে কোলে-পিঠে করে। শেষ তিন মাস নিজেই রইলেন রোগ নিয়ে। জনুরের পর জনুর। শরং-মহারাজ লিখলেন, কলকাতায় চলে আস্কুন।

রাধ্র প্রামী মন্মথ, সে পর্যন্ত মন্ত্র চায়। মা বললেন, 'তোমাকে মেয়ে দিয়েছি, তোমাকে আবার মন্ত্র দিই কি করে? কুলগ্রের যে তাহলে চটে বাবেন, আর কুলগ্রের চটলে আমার মেয়েরই অকল্যাণ। তুমি আমাকে জ্ঞানগ্রের করো।'

মন্মথ তা কানেও তোলে না। মন্ত্র চাই, চাই সমাহিত মতি। তোমার এত কাছে এসে আমি ছেড়ে দেব তা ভেবো না। শ্বধ্ব মেয়ে নিয়ে ভূলব এত মূর্খ আমি নই।

শেষ পর্যন্ত মন্দ্র দিলেন মা। বললেন জনান্তিকে, 'রাধ্বর কুন্ঠিতে বৈধব্যযোগ আছে। মন্মথকে মন্দ্র দিল্বম—ঠাকুরের নামে বিধির বিধান কাটা যায়। আমার নরেন বলতো অবতার কপালমোচন।'

বিবেকানন্দ চিঠি লিখছেন বেল্ড মঠ থেকে: 'প্রভু মাকে ষের্প চালান সের্পেই চলা উচিত। আমরা শ্ব্য পরামর্শ দিতে পারি, আর সে পরামর্শ একেবারেই বাজে। মায়ের ইচ্ছাই প্রণ হোক—আমি তো এইট্কু ব্রিথ।'

এবার লিখছেন শশী-মহারাজকে, শ্রীমা এখানে আছেন। ইউরোপীয়ান ও আর্মেরিকান মহিলারা সেদিন তাঁকে দেখতে গিরেছিলেন। ভাবতে পার, মা তাঁদের সঙ্গে বসে খেরেছিলেন। এ কি অম্ভূত ব্যাপার নয়? কোনো ভয় নেই, প্রভূ আমাদের উপর দ্ভিট রেখেছেন—সাহস হারিও না, খানিকক্ষণ জোরে দাঁড় টেনে তারপর দম নাও—' ২০২ মন্মথর খ্রেড়া ভোলানাথ চাট্রেজ কম যায় না। মাকে বেয়ান না বলে মা বলে ডাকে।

ভোলানাথকে চিঠি লেখাচ্ছেন মা। বলছেন, 'লেখ, বাবাজীবন—'

শন্নতে পেয়েছে স্বরবালা। ঝঙ্কার দিয়ে বললে, 'সে কি গো? সে যে তোমার বেয়াই।'

'হলোই বা। সে আমাকে মা বলে আনন্দ পায়। তার কাছেও আমি তাই।'

আমি সর্বানন্দনন্দিতা। সর্বসামাজ্যদায়িনী। সর্বৈশ্বর্ষসমস্ত-বাঞ্চিতকরী।

মাগো, আমি পাড়াগাঁয়ের ছেলে, সব সময়ে তোমাকে আপনি বলতে পারি না, মূখ দিয়ে তুমি বেরিয়ে আসে। কত অপরাধ করি কে জানে!

মা হাসলেন। 'কিসের অপরাধ। তোমার মন যা চায় তাই বলো, তাই ডাকো। মা'র সঙ্গে ছেলে কি হিসেব-কিতেব করে কথা কইবে?'

জনুর যখন যায় না কিছুতে স্বামী সারদানন্দ মাকে কলকাতায় আনবার ব্যবস্থা করলেন। ওমা, এ কি চেহারা হয়ে গিয়েছে! যোগেন-মা আর গোলাপ-মা আঁৎকে উঠলেন। কঙকালের উপর শ্বধ্ব চামড়ার পোঁচ, গায়ের রঙ রাম্বাঘরের ঝুলের মত! এ তুমি কী হয়ে গিয়েছ!

स्थित्रानना राजलन । वनलन, 'छत्र त्नरें, जाला रख याव।'

এর আগে গোলাপ-মা'র যখন ভারী-হাতে অস্থ করেছিল মা ঠাকুরের কাছে প্রার্থনা করেছিলেন আকুল হয়ে, ঠাকুর, আমার গোলাপকে সারিয়ে দাও। যদি আমার গোলাপ-ষোগেন না থাকে তা হলে আমি থাকব কি করে?

জনুর আর যায় না। কবিরাজ শ্যামাদাস বাচম্পতি চিকিৎসা শ্রুর্ করলেন। কিছুটা ভালো হয়ে অসুখ আবার বাঁকা পথ ধরল। ডাকো নীলরতন সরকারকে। বললেন কালাজনুর হয়েছে। ইনজেকশান দিতে হবে।

কিছ্বতেই কিছ্ব হয় না, সমস্ত গা জবলে বাচছে। অহোরাত্র পাখার হাওয়া চলেছে। হাতের তাল্বতে বরফ ধরে থাকলে কিছ্বটা ভালো লাগে। যোগেন-গো, আমার গা ঘে'ষে বোসো, তোমায় জড়িয়ে ধরলে কিছ্বটা ঠাণ্ডা হই।

পথা চলেছে দ্বধ-ভাত, কখনো বা তরকারি। দেহে রক্ত নেই তাই বা ২০০ চান খেতে দিও। য়্যালোপেথিতে কুলোল না বলে এলো এবার হোমিও-পাথি। ডাক্টার জ্ঞান কাঞ্জিলাল। এসে দেখেন ভক্ত-সেবিকা মাকে ভাত খাওয়াতে চলেছে। ভাতের পরিমাণ বেশি মনে হল ডাক্টারের। রেগে ধমকে উঠলেন। বেশি খাইয়ে মাকে মেরে ফেলবে দেখছি তোমরা। সেবিকাকে বললেন, কী ছাই তুমি সেবা করছ, বিকেলে আমি দন্টো পাশ-করা নাস নিয়ে আসব।

ডাক্টার চলে গেলে মা তাঁর কাছে ডাকলেন সেবিকাকে। বললেন, 'তুই মনে কিছু দুঃখ করিসনে, সরলা। ও ডাক্টারের বাড়াবাড়ি। ও ভেবেছে আমি ওই বুট-পরা মেয়েগুলোর সেবা নেব? ও কী জানে? ও ভেবেছে ভাত বেশি আনলেই আমি বেশি খেতে পারব?'

সেই থেকে মা'র ভাত-খাওয়া চলে গেল। আর খিদে নেই, রুচি নেই।
'কাঞ্জিলাল কেন আমার ভাত খাওয়া নিয়ে চটে গিয়েছিল সেদিন?
তাই তো উঠে গেল আমার ভাত-খাওয়া।'

অস্বথে ভূগে-ভূগে আখখনটে শিশ্ব মতন হয়ে গিয়েছেন মা। রাত বারোটার সময় সরলা এসেছে মাকে খাওয়াতে। মা, একট্ট খাও।

'আমি খাব না, কিছুতে খাব না।' মা ঝামটা দিয়ে উঠলেন, 'তোর শুধু ঐ এক কথা, মা একট্ খাও, আর বগলে কাঠি লাগাও। আমি আর পারবোনি বাপ্র।'

'তবে কি মা, মহারাজকে ডাকব?' সরলা বললে শাসনের স্বরে।
'ডাক শরংকে, ডাক। আমি খাব না তোর হাতে।'

মহারাজ চলে এলো তাড়াতাড়ি। চিরকাল ঘোমটার আড়াল থেকে কথা বলেছেন, আজ স্পন্ট ইশারা করলেন পাশে বসতে। আশ্চর্য, তার চিব্দুক ধরে দ্ব আঙ্বলে চুম্ব খেলেন, তারপর তার হাত দ্বটি নিজের হাতের মধ্যে টেনে নিয়ে বললেন, 'ওরা আমাকে কেবল বিরম্ভ করে। শাধ্ব খাও-খাও, নয়তো বগলে কাঠি লাগাও। তুমি ওকে বলে দাও ও যেন আমাকে বিরম্ভ না করে।'

'না মা, আর ওরা বিরম্ভ করবে না।' সাম্থনা দিল শরং। পরে অলপ কিছ্মুক্ষণ বাদে মমতামাখানো স্বরে বললে, 'মা, এখন কি একট্র খাবেন?'

ঠান্ডা মেয়েটির মত মা বললেন, 'দাও।' পরক্ষণেই বাস্ত হয়ে উঠলেন, 'না, না, সরলা নয়, তুমি আমাকে খাইয়ে দাও। ওর হাতে আমি খাব না।' ফিডিং কাপে দুব খাওয়াতে লাগল শরং। এক-আধ ফোঁটা দিতে না দিতেই থামল। বললে, 'মা, একট্ব জিরিয়ে খান।'

'আহা, দেখতো কী স্কুন্দর কথা! মা, একট্ব জিরিয়ে খান।' মা স্ক্রেছে দুবীভূত হয়ে গেলেন। 'এ কথাটা ওরা একট্ব বলতে পারে না? ওদের দিখিয়ে দিতে পারো না এমন গলার স্বর?'

দ্বধ একট্ব মা খেলেন কি না-খেলেন, বলে উঠলেন, 'যাও বাবা, শোও গিয়ে। বাছাকে এত রাতে কণ্ট দিলে অকারণে।'

যতদিন জ্ঞান ছিল অস্থের মধ্যে, ডাপ্তার যারা এসেছে তাদের পর্য প্রসাদ দেবার ব্যবস্থা করেছেন। বেশিক্ষণ কাউকে এক নাগাড়ে পাখা করতে দেন না। হাত ব্যথা হয়ে যাবে যে। আর, তোমার হাত বাথা হচ্ছে এ ভাবনা ধরলে আমার চোখে আর ঘুম কই? জয়রামবাটির মেয়ে রমণী কি-কটা ফল নিয়ে এসেছিল মার জন্যে। মা তখন জরে বেহংস, টের পাননি। জানাতে পারেননি তাঁর অন্তরের কৃতজ্ঞতা। জ্ঞান হয়ে রমণীকে খবর পাঠালেন, আমাকে ক্ষমা করিস দিদি, তোকে তখন জানাতে পারিনি ধনবাদ।

ঠাকুরের ছবি আমার ঘর থেকে পাশের ঘরে সরিয়ে নিয়ে যাও। এর পর আমি তো আর কল-ঘরে যেতে পারব না, তখন এ-ঘর আর ঠাকুরের মন্দির থাকবে কি করে? আর, আমার বিছানা খাট থেকে নামিয়ে দাও মেঝের উপর।

মা'র দিন কি তবে ফ্র্রিয়ে এল? 'মাগো, কবে তুমি ভালো হবে?'

'ঠাকুর জানেন আদৌ ভালো হব কিনা। ঠাকুরের স্লোতে আমি গা ভাসিয়ে দিয়েছি, যেখানে নিয়ে যাবেন সেই আমার ক্ল, আমার অক্লের ক্ল।'

আশ্চর্য', কদিন থেকে রাধ্রে আর কোনো খোঁজ নিচ্ছেন না। রাধ্রে তো নয়ই, রাধ্রে ছেলেরও নয়। এ একেবারে অশ্ভূত ব্যাপার মনে হচ্ছে। যারা হচ্ছে মা'র নিশ্বাস আর প্রশ্বাস, দুই নয়নের তারা, তাদের প্রতি এমন উদাসীন!

একদিন রাধ্বকে ডেকে আনলেন পাশটিতে। বললেন, 'জয়রামবাটিতে জলে যা।'

রাধ্ব তো আকাশ থেকে পড়ল : 'কেন?'

'আমি বলছি, চলে যা। আর এখানে থাকিসনি।'

রাধ্ব বিহর্বলের মত তাকিয়ে রইল। কিন্তু তার এই অসহায় ভাব মা লক্ষ্য করেও করলেন না। কঠোরকন্ঠে বললেন সরলাকে, 'শরংকে বল ওদের জয়রামবাটি পাঠিয়ে দিতে।'

সরলাও ব্রুতে পারছে না ব্যাপারটা। অবাক হয়ে বললে, সে কি কথা? রাধ্বকে ছেড়ে থাকতে পারবেন?

'খ্ব পারব।' মা বললেন স্প্হাহীন শ্ব্তককণ্ঠে, 'আমি মন তুলে নিয়েছি।'

মারা কাটিয়ে দিয়েছি। মুখ ফিরিয়ে নিয়েছি। ভেঙে দিয়েছি খেলাঘর। যতক্ষণ মারায় আছি ততক্ষণই লিম্ত, আচ্ছয়, দ্রবীভূত হয়ে আছি। যেই মায়া কাটিয়ে দিয়েছি অমনি আমি বীতত্ঞ্ব, বীতশোক। হৃদিহীন উদাসীন।

সরলা যোগেন-মা আর শরং-মহারাজকে খবর দিলে।

যোগেন-মা ছনটে এল মা'র কাছে। বললে, 'এ তুমি কী বলছ মা? কেন রাধনের পাঠিয়ে দেবে?'

'এর পর ওদের সেখানেই থাকতে হবে যে। আমি মন তুলে নির্মেছ। আর নয়, চাইনে।'

রাধ্র দ্ব চোথ ছলছল করে উঠল। দাঁড়িয়ে রইল কিংক্তর্কার্ক্তর মত।

'ও কথা বোলো না, মা।' যোগেন-মা কাছে এসে ঝ্লৈ পড়ল : 'তুমি মন তুলে নিলে আমরা বাঁচব কি করে?'

'হাতের তাশ এবার জনলে গিয়েছে। আর নয়।' কেমন নিষ্ঠার শোনাল মাকে: 'কি করবে বলো, মায়া কাটিয়ে দিয়েছি সম্লে। রাধ্ব আমার কেউ নয়, ওর ছেলে আমার কেউ নয়।'

যোগেন-মা সব বললে গিয়ে শরং-মহারাজকে। শরং-মহারাজের মুখ অব্ধকার হয়ে গেল। বললে, 'তবে আর মাকে রাখা গেল না। কী হবে! রাধ্বের থেকে মন যখন তুলে নিয়েছেন তখন আর আশা নেই।'

আশা নেই! রাধ্বর ব্বকে লাগল যেন হাহাকারের করাঘাত। পিসি আর ভাববে না, ভালোবাসবে না, শত অত্যাচার নীরবে সহ্য করবে না, সহ্য করে ফের পরম ক্ষমায় আশীর্বাদ করবে না। এমন কথা বলতে পারল পিসি? ভাবতে পারল? সরলাকে শরং-মহারাজ ডাকলেন নিভূতে। বললেন, 'তোমরা সব সময় আছ মা'র কাছে, যে করে পারো রাধ্বর উপর মা'র মন ফেরাও। যাতে রাধ্বকে ডাকেন, রাধ্বকে খোঁজেন, রাধ্বকে ধরেন হাত বাড়িয়ে। এই এখন মা'র একমাত্র চিকিংসা। বলো, পারবে?'

'পারবে না।' সরলা কাছে আসতেই বললেন মা, 'যে মন একবার তুলে নিয়েছি তা পারবে না নামাতে।'

দেখি একবার আমি চেণ্টা করে। এই আমার শেষ চেণ্টা। শেষ পাশ।
পাঠিয়ে দিলে ছেলেকে। মা'র বিছানা নিচে, হামাগ্র্ডি দিতে-দিতে
ছেলে প্রায় চলে এল বিছানার কাছাকাছি। রাধ্র দেখতে লাগল আড়াল থেকে, চৌকাঠের ওপিঠে দাঁড়িয়ে। যা, আরেকট্র যা, বোকা ছেলে, ঠাকুমা
ঘ্রমুচ্ছে, ঠাকুমার গলা আঁকড়ে ধর গে যা।

মা ঘ্রুম্চিছলেন, হঠাৎ চোখ চাইলেন। দেখলেন রাধ্র ছেলে। মমতাশ্নোর মত বললেন, 'আর এগোসনে। আমি তোর মারা কাটিয়ে দিরেছি। আর আমাকে পারবি না জড়াতে।'

ছেলেটা শ্তব্ধ হয়ে রইল। একজন ভক্ত-মেয়ে ছিল ঘরে, তাকে মা বললেন, 'ওকে নিয়ে যা। ওকে আর আমি চাই না।'

ঝরঝর করে কে'দে ফেলল রাধ্। ছেলেও কাঁদল। ছেলেকে ব্রক ধরল রাধ্য। কিন্তু রাধ্বকে কে ব্রকে ধরে।

আমপ্রণার মা এসেছে দেখতে। ঘরে কার্ ঢোকবার অন্মতি নেই বলে দ্বারের কাছে বসে আছে। মার চোখ পড়তেই মা তাকে ডাকলেন ইশারায়। বললেন কাছে বসতে। কাছে বসবে কি, মার শরীরের দশা দেখে ফ্রণিয়ে-ফ্রণিয়ে কাঁদতে লাগল।

भा, তুমি যখন থাকবে না তখন আমাদের কী হবে?'

মা'র গলার স্বর বসে গিয়েছে, ভালো শোনা যায় না। তব্ বললেন মুখের কাছে ওর কান এনে, 'কোনো ভয় নেই অল্লপূর্ণার মা। একটি কথা শুখু বলে যাই, যদি শান্তি চাও, অন্যের দোষ দেখো না। শুখু নিজের দোষ দেখো। কেউ তোমার পর নয় বাছা, সব তোমার আপনার লোক। স্বাইকে আপনার করো।'

দৈবী চিকিৎসাও কম হল না। পাঁচ মহাবিদ্যার অর্চনা হল, পাঁচটি গ্রহপ্জা হল। বাগবাজারে সিন্ধেশ্বরীতলায় শত চণ্ডীপাঠ হল। স্বস্ত্যয়ন হল বারাসতের শ্মশানে। মা ফিরলেন না। শুধু শরং-মহারাজকে বলে গেলেন, 'শরং, এরা সব রইল। আমার যোগেন, গোলাপ, আমার সকলে।'

ঐ মা'র শেষ কথা। চৌঠা শ্রাবণ মণগলবার, ১৩২৭ সাল, রাত দেড়টার সময় মা মহাসমাধিতে নিম'ন হলেন। মর্ত্যদীপ নির্বাপিত হবার আগে মা'র মরদেহ কালো ও কুণ্ডিত হয়ে ছিল। এখন, আশ্চর্য, দীপাবসানের সংগে-সংগে এল এক অপ্রে দিব্যজ্যোতি। আড়গ্ট-কুণ্ডিত দেহ আন্তে-আন্তে নরম হতে-হতে প্রসারিত হল, ম্বের ফোলা কমে গেল একদম, আর সমস্ত আননমন্ডলে এল এক লোহিত লাবণ্য। প্রতিমার ম্বেথ যেমন রম্ভন্মিত থাকে তেমনি। যারা-যারা কাছে দাঁড়িয়ে ছিল, যাদের ছিল সেই অমেয় সৌভাগ্য, তারা দেখল, ঠিক আশ্বিন মাসের ভগবতীর ম্তি, সেই নম্ভবর্ণাভা, সেই স্থির-নিমল প্রশালিত।

সকাল হলে শোভাষাত্রা করে নিয়ে যাওয়া হল বেল ড্ মঠে। তার আগে মার কথামত স্নান করানো হল গণগায়। শোভাষাত্রার বাহক সারদানন্দ, শিবানন্দ, মাস্টারমশাই—আরো অগণন মার সন্ততি। ধ্বলো-কাদা মাখা ময়লা-কাপড়-পরা ছন্নছাড়া বাউত্তলের দল।

বেল, ড় মঠের নির্ধারিত স্থানে মার চিতানির্মাণ হল। বেলা প্রায় দুটোর সময় জনলল প্রথম অণিনশিখা।


এই আমাদের দক্ষিণাকালী। দক্ষিণেশ্বরের পাশে দক্ষিণাকালী। দক্ষিণেশ্বর-রামকৃষ্ণ দক্ষিণাকালী সারদা। একজন দক্ষিণাময়, আরেকজন স্বদক্ষিণা।

দক্ষিণেশ্বর তাই শন্ধন রামকৃষ্ণের পীঠম্পান নয়, সতীস্করী সারদার্মাণর সিম্পতীর্থ। এখানে তপস্যা শন্ধন রামকৃষ্ণই করেননি, সারদার্মাণও করে গেছেন। পার্বতীর জন্যে ধ্রুটির শিবশঙ্করের জন্যে অপর্ণার।

মাধ্রময়ী কৃপাসাগরী। লক্ষ্মী, লজ্জা, বিদ্যা, শ্রন্থা, কান্তি, প্রনিষ্ট বিনিষ্টলা। শ্বধ্য কি তাই? সর্বকামদা স্বর্থরাজ্যসাধিকা? সদাশিবকরী আনম্র মেঘচ্ছায়া? শ্বধ্য তাই নয়। আবার শক্তিসারা, শক্তিসিংহসমন্বিতা। ঠাকুর বলেন, 'ও কি যে-সে? ও আমার শক্তি।' অস্বসংহল্মী, বৈরিবিমদিনী। সর্বভৃতভয়ঞ্করী।

অতশত জানি না আমরা। আমরা জানি আমাদের মা। পাতানো মা নর, সং-মা নয়, নকল-ডাকের মা নয়, সত্যিকার মা, জলজীয়নত মা। ২০৮ দরার্দ্রহ্ দরা সর্বদ্বংখহা সর্বদোষবিখাতিনী বস্বন্ধরা। মারলে মারবেন রাখলে রাখবেন। মারলেও মা ডাকি, ধরলেও মা ডাকি। মা ডেকেই আমাদের স্ব্ধ। সম্পদে রেখেছেন না বিপদে রেখেছেন তা জানি না। শ্ব্ব জানি মা'র কোলে শ্ব্রে আছি। কোথায় ফেলবেন? সর্ব ই মা'র কোল। কোলের বাইরে আর জারগা কোথায়? কত দৈন্য আর রাখবেন? আমাদের যে মা আছেন এই ঐশ্বর্য তিনি মা হয়ে হরণ করবেন কি করে?

মাকে যে পায় সে আর চায় কী সংসারে?



॥ সমাণ্ড।

এই রচনার উপাদান নিশ্নলিখিত গ্রন্থাবলী থেকে সংগ্রহ করেছি:

"গ্রীশ্রীমায়ের কথা" প্রথম ও ন্বিতীয় খণ্ড (উন্বোধন)
স্বামী সারদানন্দক্ত "গ্রীশ্রীরামকৃষ্ণ লীলাপ্রসঙ্গা"
রহমুচারী অক্ষয়চৈতন্যকৃত "গ্রীশ্রীসারদা দেবী"
Sri Sarada Devi, the Holy Mother (Ramkrishna Math, Madras)
শ্রীআশন্তোষ মিত্রকৃত "শ্রীমা"
অক্ষয়কুমার সেনকৃত "শ্রীশ্রীরামকৃষ্ণ পর্নাথ"
চন্দ্রশেখর চট্টোপাধ্যায়কৃত "গ্রীশ্রীলাট্র মহারান্ধের স্মৃতি-কথা"
স্বামী বিবেকানন্দের "পত্রাবলী"
শ্রীকৃষ্ণচন্দ্র সেনগ্রুতকৃত শ্রীশ্রীলক্ষ্মীর্মাণ দেবী"
ক্ষমীর্মাণ দেবী ও যোগীন্দ্রমোহিনী বিশ্বাসকৃত শ্রীরামকৃষ্ণের স্মৃতিকৃথা"
স্বামী গদ্ভীরানন্দকৃত শ্রীরামকৃষ্ণ ভক্তমালিকা"
"গোরীমা" (শ্রীশ্রীসারদেশ্বরী আশ্রম)

्रिमामरिके क्षातार का

কবি খ্রীরামকৃষ্ণ ॥ অভিমতালুক্রার প্রণীত

উপমা রামকৃষ্ণস্য। শ্রীরামকৃষ্ণের যত রসাত্মক বাক্য ও গলপ আছে তার একটি সযত্ন চরন ও আলোচনা। কিংবা, যিনি একাধারে আলোক ও লোচনা, তাঁর বন্দনা। ব্যাখ্যা করতে করতে বন্দনা। সংসারাশ্রম, সত্যকথা, সরলতা, বিশ্বাস, ব্যাকুলতা, সাকার-নিরাকার, কর্মযোগ, জ্ঞানযোগ, ভক্তিযোগ ও সর্বধর্ম সমন্বয় — নানা বিষয়ে নানা কাব্যকথা। তা ছাড়া সেই সব আশ্চর্য গল্প — বাইরের বেয়ানের সন্তো লন্কানো, বর্ড়ি গয়লানির নদীপার, কৌপীনকা ওয়ান্তে গৃহস্থালী, জটিল বালকের পাঠশালা, ন্বাতী নক্ষণ্রের ব্রিটের জল, গাছের উপর বহ্রুপী। শর্ধ্ব আবিষ্কারের দিক থেকে নয়, উদ্ঘাটনের দিক থেকে অন্বিতীয়। বাংলা সাহিত্যে অগ্রন্তপ্র্ব । কবি শ্রীরামকৃষ্ণ। (দাম চার টাকা)

'শ্রীরামকৃষ্ণের বাণী তত্ত্বের দিক থেকে যেমন গভীর, কাব্যের দিক থেকে তেমনি স্কুদর,' ভূমিকায় বলেছেন অচিন্ত্যকুমার। 'তত্ত্বের তাৎপর্য না-বৃন্ধি কাব্যের আনন্দট্কু আহরণ করি। তত্ত্বের অর্থোপলম্পিতে সমাহিত না-হতে পারি কাব্যরসাম্বাদে বিমোহিত হই। স্কুদরের চোখ দিয়ে দেখেছেন শ্রীরামকৃষ্ণ, আনন্দময়ের সন্তা দিয়ে জেনেছেন, সীমাহীন সরলের ভাষায় বলেছেন স্কুমান্বিত করে।

'গ্রামের পাঠশালায় পড়েছিলেন কিছ্বকাল, শব্ধ্ব নাম দস্তথং করতে পারতেন, একছত্র রচনা করেননি নিজের হাতে, তাঁরই কাব্যর্প উদ্ঘাটন করবার জন্য আহ্বান করলেন কলকাতা বিশ্ববিদ্যালয়। ১৯৫১ সালের শবংচন্দ্র-স্মৃতি-বক্তৃতার বিষয় হল কবি শ্রীরামকৃষ্ণ। সংসারের অনেক অলোকিক ঘটনার মধ্যে এ একটা। সেই বক্তৃতামালার গ্রন্থনই এই গ্রন্থ।'

পরমপ্রেষ শ্রীশ্রীরামকৃষ্ণ ॥ আক্রের কুরার প্রণীত

তোমার অল্তর-উৎস থেকে শ্রীরামকৃষ্ণ ঠাকুরের কথা ও রুপ্ধারণ সম্বন্ধে যে অপূর্ব বাণী ও তত্ত্ব উঠেছে তা যেমন অভাবনীয় তেমনি মধ্র। বাংলার প্রতিভা এখনও বিশ্বকে বহু কিছু দেবে এই মীরাক্ল্ হচ্ছে তারই প্রমাণ।... বারীদ্যকুমার ঘোষ, ৩৭ রাজা মণীদ্য রোড, পাইকপাড়া

এই ধর্মবিম্থ জাতীয় সংস্কৃতিবিম্খ ভোগসর্বস্ব লোকায়ত সমাজ, এই ধর্মবিম্ব রাষ্ট্রে এই পাশ্চাত্য জীবনাদশের দূষিত ভাবের দ্বারা বিভক্ত পরিবেষ্টনীর মধ্যে প্রয়োজন হয়েছিল বাংলাসাহিত্যের গন্ডলিকাপ্রবাহকে উজান বহাবার। আমাদের ক্ষীণ চেন্টায় কোনো ফল হয়নি। কেবল মনে হয়েছিল ঠাকুর কি ধর্মান্তানির এই যুগে নিশ্চেণ্ট হয়ে থাকবেন? তাঁর কুপা সম্পূর্ণ অপ্রত্যাশিত পাত্রে নেমে এল। তোমাকে আগ্রয় করে তিনি ধর্মবিমুখ তরুণ সমাজে একটা আলোডন এনেছেন। আমি জানি তুমি ঠাকুরকে যেভাবে রেপ্রেজেণ্ট করেছ — বিজাতীয়ভাবাপন্ন দূষিত সমাজ সৈ ভাবে গ্রহণ করতে পারবে না। তব্ মনে হয় থীসিসএর জন্যে একটা এ্যাণ্টিথীসিসএর দরকার হয়েছিল সাহিত্য মারফতে। একটা কি সিনথেসিস হবে না? যখন মানব সমাজ এক এক্সট্রীম্-এ চলে যায় তখন আর একটা এক্সট্রীম্ দেখানোরই প্রয়োজন হয় — তথন মীনএর দিকেই দুইে এক্সট্রীম হতে টান পড়ে। ভারতীয় মতে যাকে शरेराम कानात वना रय रहामा रहाँना। याक शरेराम कानात मान करहन তুমি তাই পরম হ্রেয়গ্রাহী ও মর্মস্পর্শী ভাষায় ব্যক্ত করেছ। বাংলাসাহিত্যের দিক হতে এটা দেখাবার প্রয়োজন ছিল।...কালিদাস রায়, সম্থ্যার কুলায়, টালিগঞ্জ, কলকাতা

'পরমপ্রেষ শ্রীশ্রীরামকৃষ্ণ' নামক প্রতক্ষানির প্রথম খণ্ড পাঠ করিয়া অতিশয় প্রীত হইলাম। বহুদিন প্রে রোমা রোল্যা মহাশয় বলিয়াছিলেন পাশ্চাত্যদেশে প্রচলিত হইবার মত পরমহংসদেবের একটি জীবনচরিত বাহির হওয়া একান্ত প্রয়োজন। ভবিষাতে যদি কোনো মনীষী কন্ট স্বীকার করিয়া আপনার প্রতক্ষানির ইংরাজি অন্বাদ করেন তাহা হইলে উহার ন্বারা সেই অভাব পূর্ণ হইতে পারিবে। কিন্তু আমার মনে হয় পাশ্চাত্য দেশের বস্তুতান্ত্রিক অধিবাসীগণ বাইবেলের অলৌকিক কাহিনীগুলি নির্বিচারে বিশ্বাস করিলেও প্রাচ্যের একজন অবতার সম্বন্ধে ঐর্প ধারণাই করিতে চাহিবেনা।...ভারার অমলেন্দ্র ক্যুন্ত, দানাপ্রে ক্যুন্টনমেন্ট, পাটনা

আপনার 'পরমপ্রেষ শ্রীশ্রীরামকৃষ্ণ' জনসাধারণকে গভীরভাবে মৃশ্ধ করিয়াছে। আপনার লেখার নিপ্ণতা ঠাকুরের আদর্শ ও ভাবধারার প্রতি বাংলার জনসাধারণের আগ্রহকে বিশেষভাবে উন্দ্র্ম করিয়াছে। কলিকাতা বিশ্ববিদ্যালয়ে আপনার 'শরংস্মৃতি' বস্তুতা শ্রীরামকৃষ্ণদেবের জীবনের প্রতি সকলকে বের্প আকৃষ্ট করিয়াছে তাহা সতাই অতুলনীয়। ঠাকুর ষধার্থ হি তাহার ভাবপ্রচারের জন্য আপনাকে যল্কবর্প করিয়া তুলিয়াছেন।... শ্বামী নিত্যস্বর্পানশ্দ, রামকৃষ্ণ ইনস্টিটেউট অফ কালচার, কলকাতা ২৬

তোমাকে শ্রীশ্রীঠাকুরই সাহাষ্য করিতেছেন নতুবা লেখনী হইতে এমন অমৃতধারা নিঃস্ত হইত না। তোমার 'পরমপ্র্র্ব শ্রীশ্রীরামকৃষ্ণ' বইরের দ্রুটি ভাগ আমি বহুবার পাঁড়য়াছি এবং পাঁড়ব। তুমি অম্তবর্ষণ করিতেছ। আমি খ্ব কঠোর সমালোচকের দ্গিটতে পড়িয়াছি, কোনও ঘটনা তোমার স্বকপোলকলিপত নহে। সবই প্রে নানা গ্রন্থে ও মাসিকপারকায় প্রকাশ পাইয়াছে। তুমি ঘটনা ও কথাবার্তা বেশ সাজাইয়া লিখিয়াছ। ভাষা অপ্রে । তুমি ষে অমৃত পরিবেশন করিতেছ তাহাতে তুমি অমরত্ব অর্জন করিবে। সরল প্রাণে ভঙ্তিপ্রেমের দান বৃথা যায় না।...কুমুদ্বব্ধ সেন, ১ ভোভার লেন, কলকাতা

'পরমপ্রেষ শ্রীগ্রীরামকৃষ্ণ' পড়ে ভারি চমংকার লাগলো। পড়তে পড়তে মনের মধ্যে ঠাকুরের দিব্যজীবনের সমসত ঘটনাগর্নল সব যেন দেখতে পেল্ম। মনে হল চোখের সামনেই সব ঘটছে। শ্রীশ্রীঠাকুর ও শ্রীমা'র বিশেষ কৃপা না হলে এটি সম্ভব হত না। এই বই রচনায় মনশ্চক্ষে কল্পনায় যা দেখলেন বাস্তবজীবনে আপনার কাছে প্রত্যক্ষ অন্ত্তির অপাধিব জ্যোতিঃপ্রকাশে সে সব র্পায়িত হয়ে উঠ্ক।... শ্রামী বেদানন্দ, ১৯বি রাজকৃষ্ণ শ্রীট, কলকাতা

এইমার 'পরমপ্রের শ্রীশ্রীরামকৃষ্ণ' পাঠ করা শেষ করিলাম। শ্রীশ্রীভগবান রামকৃষ্ণের সেবা অন্য দশজনের মত শ্ব্র ফ্বলে শ্ব্র জলে এমন কি নন্দন-কাননজাত পারিজাত ন্বারা আপনি শেষ করেন নাই। আপনার প্জার উপচার লোকিক নয়। আপনি তল্পের মন্দ্র ন্বারা প্জা করেন নাই সত্য কিন্তু 'মন তোর' ন্বারা যে প্জা করিয়াছেন তাহা অভূতপ্র । এখানে থাকিয়া পারিকার মন্তব্যের উপর নির্ভার করিয়া অনেক বই কিনয়া ক্ষতিগ্রন্ত হইয়াছি কিন্তু এবার জিতিয়াছ।...হরিপ্রসম্ম চক্রবর্তী, জামালপ্রের, মৈমনাসংহ

বিজ্ঞানের ছাত্র আমি। চিত্ত শা্বক। ভক্তি কাকে বলে জানি না তব্ব আপনার অন্তরের শ্রন্থা এবং ভক্তি আমারও মনে যেন সংক্রমিত হল। আপনার শা্ব, ভক্তি আছে তা নর আপনার অন্তুতি আছে।...প্রমোদরঞ্জন গা্বক, হ্বালী কলেজ, চুক্তা সাহিত্যিক খ্যাতি তর্ণ বয়েসেই আপনি লাভ করিয়াছেন, আপনার অন্রাগী পাঠক-পাঠিকার সংখ্যা অলপ নহে। কিন্তু বর্তমান ভব্ত সাহিত্যিক-র্পে যে খ্যাতিলাভ আপনার ভাগ্যে ঘটিয়াছে ভাহার তুলনা নাই। বাজালীর ঘরে ঘরে আপনার 'পরমপ্রের্বের' কথা ও ভাহার প্রশংসায় লোক শতম্ব। আপনার সাহিত্যসাধনা সার্থক হইয়াছে।...নরেন্দ্রনাথ বস্ত্র, আমহান্ট ভার্টী, কলকাতা

নমন্কার। পরমপ্রের্য'-এর মর্শ্ধ অভিভূত পাঠক হিসাবে অতলান্তিকের পর্ব উপক্লের এক সহর হইতে বন্ধ্র অভিনন্দন গ্রহণ কর্ন। সাহিত্যিকের সোনার কাঠি দিয়া কত মনে দেলা দিবার ক্ষমতা ও জাগরণীর শক্তি আপনি আনিলেন। কয়েক মাস প্রেব যথন ভারতবর্ষ ছাড়ি তখনও বই প্রকাশিত হয় নাই। গত সংতাহে আমার স্বী কন্যা এখানে আসিবার সময় আপনার বই নিয়া আসিয়াছে।...বিনয়েশ্রনাথ বন্দ্যোপাধ্যায়, মনরোভিয়া, লাইবেরিয়া, পশ্চিম আফ্রিকা

আপনার 'পরমপ্রের্য শ্রীশ্রীরামক্ষের' সমাদর আমাদের কর্ষার বক্ষুহ্রেছে। এত ভালো লেখা আর এতো তার চাহিদা! আপনি বাস্তবিক বাদক্ষর। সেই তো বাংলা ভাষা আর শব্দ। কিন্তু কী চমংকার পরিবেশন-ক্ষমতা আপনার, কি স্ক্রেই না চিরপ্রোতন বাংলা শব্দের নতুন ব্যবহার হলো শ্বাপনার হাতে। পড়ি আর মৃশ্ধ হই। এতো ভালো, বিশ্বাস হয় না।...কাজি আফসারউদ্দিন আহমদ, রমনা, ঢাকা

আপনার 'পরমপ্রেব্ধ শ্রীশ্রীরামকৃষ্ণ' আদ্যোপানত বহুবার পড়িয়াছি। এখনও দৈনিক প্রায়ই পড়িয়া থাকি। বইখানি পড়িয়া পরম পরিতোষ লাভ করিয়াছি। বলিতে কি ইহা আমার জীবনসন্ধ্যায় একমাত অবলন্বন হইয়া দাঁড়াইয়াছে।...বিশ্বনাধ গৃহ রায়, চিত্তরঞ্জন এডিনিউ, কলকাতা

আপনার 'পরমপ্রেষ' থেকে থানিকটা সেদিন কবি কর্ণানিধান বন্দ্যোপাধ্যার মশায়কে পড়ে শোনাচ্ছিলাম। খ্ব প্রশংসা করলেন। বললেন, 'অচিন্ত্যবাব পঞাশ পেরিয়েছেন নিশ্চয়ই, না হলে এমন হ্দয়৽গম হয় না। আর হ্দয়৽গম না হলে এমন জিনিস কলম দিয়ে বেরতে পারে না।' সিত্যি বয়স আপনার বাই হক, এই বই লেখার পর আপনার বনে না গিয়ে উপায় নেই। ...রবীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যয়, মধ্স্দেন বিশ্বাস লেন, হাওড়া

......১ম, ২য় ও ৩য় খণ্ড প্রকাশিত হয়েছে। দাম ৫, ৪, ৫,....

সিগনেট ব্কশপ। ১২ বিধ্কম চাট্জো স্টিট। ১৪২-১ রাসবিহারী এভিনিউ

